শান্তিনিকেতন

উপনিষৎ সংগ্রহ

অর্থাৎ

প্রধান প্রধান উপনিষৎ হইতে সংগৃহীত

মহাবাক্যনিচয়

মূল সংস্কৃতের সহিত

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য

বিরচিত

সরল সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গানুবাদ

প্রথম খণ্ড

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

সম্পাদিত

বৈশাখ, ১৩১৭

প্রকাশক
শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়
ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস
২২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

কান্তিক প্রেস
২০, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা
শ্রীহরিচরণ মান্না দ্বারা মুদ্রিত।

পরমসাধক কর্ম্মবীর

৺যাদবনাথ ভট্টাচার্য্য আগমচূড়ামণি

পিতামহদেব

ও

যথার্থ উচ্চশিক্ষিত সকলহিতৈষী

৺চন্দ্রশেখর ভট্টাচার্য্য

অগ্রজদেবের

শ্রীচরণকমলে

সূচী

নিবেদন

যে ব্যক্তি কখনো নন্দনবনের পারিজাত কুসুমের সৌন্দর্য্য সন্দর্শন করে নাই, সে কিরূপে তাহা বর্ণনা করিয়া অন্যকে বুঝাইতে সমর্থ হইবে। একে ত নিপুণ বর্ণনা করিলেও কোন সৌন্দর্য্যই কাহাকেও অনুভব করাইয়া দিবার শক্তি কাহারো থাকে না; চিনি-মধু-গুড়ের মাধুর্য্য কিরূপ, তাহা স্বয়ং সরস্বতীও পৃথক্ পৃথক্ বর্ণনা করিয়া বুঝাইতে পারেন না; এ সমস্তকেই নিজ হৃদয়ে বুঝিতে হয়। উপদেশ বা বর্ণনা এ বিষয়ে কিঞ্চিৎ সহায়তা-মাত্র করে। কিন্তু তাঁহারই উপদেশ ও তাঁহারই বর্ণনায় ঐ সহায়তা পাওয়া যাইতে পারে, যিনি স্বয়ং নিজের উপদেশনীয় ও বর্ণনীয় বিষয়কে অনুভব করিয়াছেন। উপ-নিষদের ঋষিগণ কিরূপ কঠোর ব্রহ্মচর্য্য তপস্যা,

ও উপাসনা করিয়াছিলেন, তাহা উপনিষদেই দেখা যায়। এই দীর্ঘ সাধনায় তাঁহারা যাহা যথার্থ অনুভব করিয়াছিলেন,—যাহা সুস্পষ্টভাবে তাঁহাদের নিকট প্রকাশিত হইয়াছিল,—যাহাতে তাঁহারা ঋষি হইয়াছিলেন,—তাহাই লোক-হিতের জন্য উপনিবদ্ধ করিয়া গিয়াছেন। তাঁহারা নিজে অনুভব করিয়া বর্ণনা করিয়াছেন, কিন্তু তথাপি সেই ঔপনিষদ পুরুষকে তাঁহারা বাক্য ও মনের অগোচর বলিতে বাধ্য হইয়াছেন; বর্ণনার দ্বারা তাঁহারা তাঁহাকে বুঝাইতে সমর্থ হন নাই। উপনিষদেই দেখিতে পাই কোন ঋষিকে ব্রহ্মতত্ত্ব জিজ্ঞাসা করা হইলে তিনি কেবল মৌনাবলম্বনের দ্বারাই তাহার প্রকাশ করিয়াছিলেন। তাঁহাদের সম্বন্ধেই যখন এই কথা, তখন যাহার কোনো সাধনা নাই কোনো তপস্যা নাই, যাহার সেই পরমতত্ত্ব বিষয়ে প্রত্যক্ষ-অনুভব বহুদূরে, সামান্য পরোক্ষ জ্ঞানও নাই, কিরূপে সে ঐ সমস্ত গম্ভীর বাক্যের ব্যাখ্যা লিখিয়া অন্যকে বুঝাইতে

সাহস করিতে পারে! অন্ধ অন্যকে পথ দেখা-
ইবে! আমি নিশ্চয়ই সেই পূজ্যপাদ ঋষিগণের
নিকট অপরাধী; আমি তাঁহাদের পবিত্র
বাক্যের ব্যাখ্যা করিতে গিয়া নিশ্চয়ই তাঁহাদের
অবমাননা করিয়াছি। তাঁহারা চপলমতি
আমাকে ক্ষমা করুন!

শ্রীভগবদর্পণমস্তু।

ব্রহ্মচর্য্যাশ্রম,
শান্তিনিকেতন,
বোলপুর,
বৈশাখ, ১৩১৭। } শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য।

শান্তি

শান্তি

১

ওঁ বাঙ্ মে মনসি প্রতিষ্ঠিতা, মনো মে বাচি প্রতিষ্ঠিতম্, আবিরাবীর্ম এধি, বেদস্য ম আণী স্থঃ, শ্রুতং মে মা প্রহাসীঃ, অনেনাধীতেনাহোরাত্রান্ সন্দধামি, ঋতং বদিষ্যামি, সত্যং বদিষ্যামি, তন্মামবতু, তদ্ বক্তারমবত্ববতু মামবতু বক্তারমবতু বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

তত্ত্ববিদ্যাপ্রতিপাদকগ্রন্থপাঠে 'মে' মম বাক্ মনসি প্রতিষ্ঠিতা ভবতু, মনশ্চ মে বাচি প্রতিষ্ঠিতং ভবতু। হে 'আবিঃ' স্বপ্রকাশ ব্রহ্ম, 'মে' মম সম্বন্ধে 'আবিরেধি' আবির্ভব প্রকটীভব; হে বাঙ্মনসে, যুবাং 'মে' মম বেদস্য 'আণী' আনয়নসমর্থে 'স্থঃ' ভবতম্, যথাহং বেদং সম্যগ্ অধিকরোমি তথা কুরুতমিতি ভাবঃ। মে ময়া শ্রুতং তত্ত্বং মা 'প্রহাসীঃ' পরিত্যজতু, বিস্মৃতং মা ভবত্বিত্যর্থঃ। অনেন 'অধীতেন' অধ্যয়নেন অহোরাত্রান্ 'সন্দধামি' সংযোজয়ামি, অহনি রাত্রৌ চ আলস্যং পরিত্যজ্য নিরন্তরং পঠামীত্যর্থঃ। 'ঋতং' মানসং

সত্যং বদিষ্যামি, 'সত্যং' বাচিকং সত্যং বদিষ্যামি। 'তৎ' ব্রহ্মতত্ত্বং মাং 'অবতু' রক্ষতু, তদ্ 'বক্তারং' আচার্য্যং অবতু। অভ্যাসঃ প্রার্থনাতিশয্যদ্যোতনার্থঃ। শান্তিরিতি ত্রিরুক্তিঃ আধ্যাত্মিকাদিত্রিবিধোপদ্রবপ্রশমনসূচিকা।

আমার বাক্য মনে প্রতিষ্ঠিত হউক, এবং মন বাক্যে প্রতিষ্ঠিত হউক! হে স্বপ্রকাশ (ব্রহ্ম), আমার নিকটে প্রকাশিত হও! (হে বাক্য ও মন), তোমরা আমার নিকট বেদকে আনয়ন করিতে সমর্থ হও! আমি যাহা শ্রবণ করি, তাহা যেন আমাকে পরিত্যাগ না করে। আমি এই অধ্যয়নের দ্বারা দিবা ও রাত্রিকে সংযুক্ত করিব (অর্থাৎ দিবা রাত্রি অবিচ্ছেদে অধ্যয়ন করিব), আমি ঋত (বাচিক সত্য) বলিব, ও সত্য (মানসিক সত্য) বলিব! তাহা আমাকে রক্ষা করুক, তাহা বক্তাকে (আমার আচার্য্যকে) রক্ষুক! আমাকে রক্ষা করুক! বক্তাকে রক্ষা করুক! বক্তাকে রক্ষা করুক! শান্তি, শান্তি, শান্তি!

২

আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলম্ ইন্দ্রিয়াণি চ সর্ব্বাণি, সর্ব্বং ব্রহ্মৌপনিষদং, মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং, মা মা ব্রহ্ম নিরাকরোদ্, অনিরাকরণমস্তু, অনিরাকরণং মেহস্তু তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

বাক্, প্রাণঃ, চক্ষুঃ, শ্রোত্রং, 'অথো' অপি 'বলং' ওজঃ, ইহানুক্তানি অন্যানি চ সর্ব্বাণি ইন্দ্রিয়াণি ঘ্রাণাদীনি 'অপ্যায়ন্তু' মম অঙ্গানি আপ্যায়য়ন্তু প্রীণয়ন্তু। তাদৃশানি চ তানি—সর্ব্বং ইদং জগৎ 'ঔপনিষদং' উপনিষৎপ্রতিপাদ্যং ব্রহ্ম—ইত্যস্মিন্ জ্ঞানে সহায়ীভবন্তিতি ভাবঃ। অহং ব্রহ্ম মা নিরাকুর্য্যাং নিরাকরণং কুর্য্যাং, নিরাকরণং নাম প্রত্যাখ্যানং অস্বীকারঃ। ব্রহ্ম চ 'মা' মাং মা 'নিরাকরোৎ' নিরাকরণং করোতু ইত্যর্থঃ। মৎকর্ত্তৃকং ব্রহ্মণঃ অনিরাকরণমস্তু, 'তৎ' তস্য ব্রহ্মণঃ, কর্ত্তরি ষষ্ঠী, ব্রহ্মকর্ত্তৃকঞ্চ মম অনিরাকরণমস্তু। যে ধর্ম্মা উপনিষৎসু সন্তি, তে, 'আত্মনি' পরমাত্মনি 'নিরতে'

সংযতবুদ্ধৌ ময়ি সন্তু। দ্বিরভ্যাসঃ প্রার্থনাতিশয্য-দ্যোতনার্থঃ।

বাক্, প্রাণ, চক্ষু, শ্রোত্র, বল ও (অন্যান্য) সমস্ত ইন্দ্রিয় আমার (হৃদয়াদি) অঙ্গসমূহকে আপ্যায়িত করুক, (এবং) সমস্তই উপনিষৎপ্রতিপাদ্য ব্রহ্ম (—এই জ্ঞানের সহায় হউক)! আমি ব্রহ্মকে অস্বীকার করিব না, এবং ব্রহ্মও যেন আমাকে অস্বীকার না করেন। (আমা দ্বারা ব্রহ্মের) অপ্রত্যাখ্যান হউক! অপ্রত্যাখ্যান হউক! উপনিষদে যে সকল ধর্ম্ম (উক্ত) হইয়াছে, তৎসমুদয় পরমাত্মায় সমাহিত আমাতে বর্ত্তমান হউক! তৎসমুদয় আমাতে বর্ত্তমান হউক! শান্তি শান্তি শান্তি!

যজুর্ব্বেদীয়

ঈশোপনিষৎ

ঈশোপনিষৎ

১

ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্য স্বিদ্ ধনম্ ॥১॥

জগত্যাং 'যৎ কিঞ্চ' যৎ কিমপি 'জগৎ' স্থাবর-জঙ্গমাত্মকং অস্তি, ইদং সর্ব্বম্, 'ঈশা' ঈশ্বরেণ, 'বাস্যম্' আচ্ছাদনীয়ং ব্যাপ্তমিত্যর্থঃ, অতঃ 'তেন' ঈশ্বরেণ যৎ কিঞ্চিৎ ত্যক্তং দত্তং ভবতি, তেনৈব 'ভুঞ্জীথাঃ' ভোগান্ অনুভবেঃ, ততোঽধিকং লব্ধুং 'মা গৃধঃ' আকাঙ্ক্ষাং মা কার্ষীঃ, সংসারে 'কস্য স্বিৎ' কস্য নাম ধনম্? বস্তুতস্তু ন কস্যাপীতি ভাবঃ ॥ ১ ॥

ব্রহ্মাণ্ডে যাহা কিছু স্থাবর বা জঙ্গম আছে তৎসমুদয়ই ঈশ্বর দ্বারা ব্যাপ্ত, অতএব তিনি যাহা প্রদান করেন, তাহা দ্বারা উপভোগ করিবে, তাহার অধিক লাভ করিবার জন্য আকাঙ্ক্ষা করিও না; সংসারে ধন কাহার। ॥১॥

২

কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥২॥

'ইহ' সংসারে কর্ম্মাণি কুর্ব্বন্নেব শতং 'সমাঃ' বৎসরান্, 'জিজীবিষেৎ' জীবিতুমিচ্ছেৎ; এবমেব 'ত্বয়ি' তবেত্যর্থঃ, পুরুষার্থসিদ্ধিঃ স্যাৎ, ইতঃ 'অন্যথা' প্রকারান্তরেণ কিমপি নাস্তি, কর্ম্ম 'নরে' মনুষ্যে, ন 'লিপ্যতে' লিপ্তং ভবতি ॥ ২ ॥

এই সংসারে কর্ত্তব্য কর্ম্মসমূহ অনুষ্ঠান করিয়াই শত বৎসর পর্য্যন্ত বাঁচিয়া থাকিতে ইচ্ছা করিবে; এইরূপেই তোমার (পুরুষার্থ সিদ্ধি) হইবে, ইহার অপর প্রকারে নহে; কর্ম্ম মানবে লিপ্ত হয় না ॥ ২ ॥

৩

অসুর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ॥৩॥

যে 'কে চ' কেঽপি জনাঃ 'আত্মহনঃ' আত্মানং ঘ্নন্তি, যথার্থস্য ঈশ্বরতত্ত্বস্য অনববোধো নাম আত্মহত্যা-স্বরূপ এবেতি ভাবঃ, তে 'প্রেত্য' মৃত্বা, তান্ লোকান্

অভিগচ্ছন্তি, যে খলু অন্ধেন তমসাবৃতা লোকা 'অসুর্য্যা নাম' অসুরসম্বন্ধিন ইতি প্রসিদ্ধা ভবন্তি। ৩॥

যে সকল লোক আত্মহত্যা করে (অর্থাৎ যথার্থ ঈশ্বরতত্ত্ব না বুঝিয়া নিজেকেই নিজে হত্যা করে), তাহারা মৃত হইয়া অন্ধতমসাবৃত অসুরসম্বন্ধীয় লোকসমূহে গমন করে॥ ৩॥

৪

অনেজদেকং মনসো জবীয়ো,
নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ।
তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠৎ
তস্মিন্নপো মাতরিশ্বা দধাতি॥ ৪॥

কীদৃশং তদীশ্বরতত্ত্বমিত্যুচ্যতে—'একম্' অদ্বিতীয়ম্, 'অনেজদ্' অচলম্ অপি, মনসোঽপি 'জবীয়ো' বেগবত্তরং; 'দেবা' ইন্দ্রিয়াণি অপি 'এনৎ' ইদং,'ন আপ্নুবন্' ন প্রাপ্তাঃ, প্রাপ্তুং ন শক্তা ইত্যর্থঃ, যতস্তৎ মনসোঽপি পূর্ব্বং 'অর্ষৎ' গচ্ছতি, তৎ খলু ধাবতোঽন্যান্ জনান্ 'অত্যেতি' অতিগচ্ছতি, 'তিষ্ঠৎ' তিষ্ঠতি চেদং সর্ব্বত্র, কিঞ্চ তস্মিন্ বিদ্যমান এব 'মাতরিশ্বা' বায়ুঃ, 'অপঃ' কর্ম্মাণি স্বকীয়ানি 'দধাতি' বিদধাতি॥ ৪॥

তিনি এক, এবং তিনি অচল হইলেও মন অপেক্ষা অধিকতর বেগশালী; ইন্দ্রিয়সমূহও তাঁহাকে প্রাপ্ত হয় না, কেননা, তিনি মনেরও পূর্ব্বগামী; তিনি ধাবিত অপর ব্যক্তিকেও অতিক্রম করিয়া গমন করেন; তিনি সর্ব্বত্রই বিদ্যমান; এবং তিনি আছেন বলিয়াই বায়ু নিজের কর্ম্ম সম্পাদন করিতে পারে ॥ ৪ ॥

৫

তদেজতি তন্নৈজতি তদ্ দূরে তদ্বন্তিকে।
তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্য বাহ্যতঃ ॥ ৫ ॥

তৎ খলু 'এজতি' চলতি, তদেব চ ন 'এজতি' চলতি, তদ্ দূরে তিষ্ঠতি, তদেব চ 'অন্তিকে' সমীপে, 'অস্য সর্ব্বস্য' জগতঃ 'অন্তঃ' অভ্যন্তরে তদেব বিদ্যতে, তদেব চ সর্ব্বস্য বাহ্যতোঽপি ॥ ৫ ॥

তিনি চল, তিনি অচল; তিনি দূরে, তিনি নিকটে; তিনি এই সমস্তের অভ্যন্তরে, এবং তিনি ইহার বহির্ভাগে ॥ ৫ ॥

৬

যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিচিকিৎসতি॥ ৬॥

যো জনঃ সর্ব্বাণি ভূতানি আত্মন্যেব 'অনুপশ্যতি, সর্ব্বেষু চ ভূতেষু আত্মানং অনুপশ্যতি, স জনঃ তস্মাদেব দর্শনাৎ 'ন বিচিকিৎসতি' বিচিকিৎসাং সন্দেহং ন করোতি, মুক্তসংশয়ঃ স ভবতীতি ভাবঃ॥ ৬॥

যে ব্যক্তি সমস্ত ভূতকে আত্মাতেই, এবং সমস্ত ভূতের মধ্যে আত্মাকে দর্শন করেন, তিনি তাহাতেই মুক্তসংশয় হন॥ ৬॥*

৭

যস্মিন্ সর্ব্বাণি ভূতানি আত্মৈবাভূদ্ বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ॥ ৭॥

যস্মিন্ কালে (সর্ব্বেষু ভূতেষাত্মানং, সর্ব্বাণি ভূতানি চাত্মনি পশ্যতঃ) বিজানতো জনস্য সর্ব্বাণি ভূতানি আত্মৈব 'অভূৎ' সংবৃত্তঃ, তস্মিন্ কালে একত্ব-

---

* মূলে 'বিচিকিৎসতি' স্থানে 'বিজুগুপ্সতে' পাঠও আছে; সে পক্ষে তাহার অর্থ—'তিনি কাহাকেও ঘৃণা করেন না।'

মনুপশ্যতস্তস্য খলু বিজানতো জনস্য কো মোহঃ। কো বা শোকঃ। ন তস্য মোহশোকৌ বিদ্যেতে ইতি ভাবঃ॥ ৭॥

(যিনি সমস্ত ভূতে আত্মাকে, এবং সমস্ত ভূতকে আত্মায় দর্শন করেন, সেই) তত্ত্বজ্ঞান-শালী ব্যক্তির নিকট যখন সমস্ত ভূতই আত্মা বলিয়া প্রকাশিত হয়, তখন সেই একত্ব-দর্শনকারীর মোহ ও শোক কি! (—তাঁহার মোহ বা শোক কিছুই থাকে না)॥ ৭॥

৮

স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণ-
মস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।
কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূ-
র্যাথাতথ্যতোঽর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ॥৮॥

য এবমাত্মানমুপাস্তে স বক্ষ্যমাণস্বরূপমীশ্বরং 'পর্য্যগাৎ' পরিগচ্ছতি সর্ব্বতোভাবেন লভতে। কীদৃশম্? 'শুক্রম্' শুক্রং দীপ্তিমন্তং, 'অকায়ং' অশরীরম্, 'অব্রণং' অক্ষতম্, 'অস্নাবিরং' শিরারহিতম্, 'শুদ্ধং' নির্ম্মলম্, 'অপাপবিদ্ধং' অপাপম্। সঃ খলু 'কবিঃ' অতীতদর্শী,

মনীষী, 'পরিভূঃ' সর্ব্বপ্রভুঃ, স্বয়ম্ভূশ্চ, যশ্চ 'শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ' অনন্তবৎসরার্থমিত্যর্থঃ, 'যাথাতথ্যতঃ' যথানুরূপং, জনানাং 'অর্থান্' পদার্থান্ আবশ্যকান্ 'ব্যদধাৎ' বিহিতবান্ ॥ ৮ ॥

(যিনি এইরূপে তাঁহার উপাসনা করেন), তিনি সেই দীপ্তিমান্, অশরীর, অক্ষত, শিরা-রহিত, নির্ম্মল ও নিষ্পাপ (ঈশ্বরকে) লাভ করিতে পারেন,—যিনি অতীতদর্শী, মনীষী, সর্ব্বপ্রভু ও স্বয়ম্ভূ, এবং যিনি অনন্ত বৎসরের জন্য (প্রাণিগণের) প্রয়োজনীয় পদার্থ সকলকে যথাযথভাবে বিধান করিয়া রাখিয়াছেন ॥৮॥

৯

অন্ধন্তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে ।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ ॥৯॥

যে নরাঃ কেবলম্ 'অবিদ্যাং' কর্ম্ম উপাসতে, তে অন্ধং তমঃ প্রবিশন্তি, যে তু কেবলং 'বিদ্যায়াং' জ্ঞানে রতাঃ, তে খলু ততোঽপি 'ভূয় ইব' অধিকতরমিব তমঃ প্রবিশন্তি ॥ ৯ ॥

যাঁহারা কেবল 'অবিদ্যা'কে (অর্থাৎ কর্ম্মকেই) উপাসনা করেন, তাঁহারা অতিগাঢ় অন্ধকারের মধ্যে প্রবেশ করেন; আবার যাঁহারা কেবল 'বিদ্যা'কে (অর্থাৎ জ্ঞানকেই) উপাসনা করেন, তাঁহারা তাহা হইতেও যেন অধিকতর অন্ধকারে প্রবিষ্ট হন ॥ ৯ ॥

১০

অন্যদেবাহুর্বিদ্যয়ান্যদাহুরবিদ্যয়া ।
ইতি শুশ্রুম পূর্ব্বেষাং যে নস্তদ্ বিচচক্ষিরে ॥১০॥

যে খলু 'নঃ' অস্মান্ তদ্ 'বিচচক্ষিরে' ব্যাখ্যাতবন্তঃ, তেষাং পূর্ব্বেষাং আচার্য্যাণাং সকাশাৎ, তেভ্য আচার্য্যেভ্য ইত্যর্থঃ, ইদং বয়ং 'শুশ্রুম' শ্রুতবন্তো, যৎ বিদ্যয়া 'অন্যৎ এব' পৃথগেব ফলং ক্রিয়তে, অবিদ্যয়াপি 'অন্যৎ এব' পৃথগেব ফলং ক্রিয়ত ইতি 'আহুঃ' বদন্তীতি ॥ ১০ ॥

যাঁহারা আমাদের নিকটে তাঁহা ব্যাখ্যা করিয়াছেন, সেই পূর্ব্ব (আচার্য্য)-গণের নিকট আমরা শুনিয়াছি, তাঁহারা বলিতেন, বিদ্যার

দ্বারা পৃথক্, এবং অবিদ্যার দ্বারা পৃথক্ (ফল সাধিত হয়) ॥১০॥

১১

বিদ্যাং চাবিদ্যাং চ যস্তদ্বেদোভয়ং সহ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥ ১১

যো জনঃ তদুভয়ং বিদ্যাঞ্চ অবিদ্যাঞ্চ সহ বেদ, জ্ঞানঞ্চ কর্ম্ম চ ইত্যুভয়ং সহকৃতং সৎ ফলং দদাতীতি জানাতি, স অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্ত্বা বিদ্যয়া অমৃতং 'অশ্নুতে' প্রাপ্নোতি ॥ ১১ ॥

যিনি সেই বিদ্যা ও অবিদ্যা উভয়কে এক সঙ্গে জানেন, (অর্থাৎ জ্ঞান ও কর্ম্ম সহানুষ্ঠিত হইলেই ফল দান করে বলিয়া জানেন), তিনি অবিদ্যা দ্বারা মৃত্যু অতিক্রম করিয়া বিদ্যার দ্বারা অমৃত লাভ করেন ॥১১॥

কেনোপনিষৎ

১

ওঁ কেনেষিতং পতিত প্রেষিতং মনঃ
কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ।
কেনেষিতাং বাচমিমাং বদন্তি
চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি ॥ ১-১ ॥

কেন 'ইষিতং' অভিপ্রেতং, কেন 'প্রেষিতং' প্রেরিতং চ সৎ মনঃ স্ববিষয়ং 'পতিত' গচ্ছতি? বায়ুরূপাণাং সর্ব্বেষাং প্রাণানাং মধ্যে 'প্রথমঃ' প্রধানঃ,'প্রাণঃ' প্রাণো বায়ুঃ, কেন 'যুক্তঃ' নিযুক্তঃ সন্ 'প্রৈতি' গচ্ছতি? লোকাঃ কেন 'ইষিতাম্' অভিপ্রেতাম্ ইমাং বাচং বদন্তি? কো নাম দেবঃ চক্ষুঃ শ্রোত্রঞ্চ নিযুনক্তি? ॥ ১ ॥

কাহার ইচ্ছায় কাহার দ্বারা প্রেরিত হইয়া মন (স্ববিষয়ে) গমন করিতেছে? (প্রাণাপানাদিরূপ সমস্ত বায়ুর মধ্যে) প্রধান প্রাণ কাহার দ্বারা নিযুক্ত হইয়া গমন করে? লোকসমূহ কাহার ইচ্ছায় কথা বলে?

কোন্ দেব চক্ষু ও কর্ণকে (দর্শন ও শ্রবণের জন্য) নিযুক্ত করেন ?॥ ১ ॥

২

শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো যদ্
বাচো হ বাচং স উ প্রাণস্য প্রাণঃ।
চক্ষুষশ্চক্ষুরতিমুচ্য ধীরাঃ
প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি ॥ ১·২ ॥

শৃণু ত্বং কঃ স দেবঃ;—যৎ 'শ্রোত্রস্য শ্রোত্রং', যৎপ্রভাবাৎ শ্রোত্রং স্ববিষয়স্য শব্দস্য গ্রহণে সমর্থং ভবতীতি ভাবঃ, এবমন্যত্রাপি, মনসো মনঃ, বাচশ্চ 'বাচং' বাক্, অয়মেব স ত্বয়া পৃষ্টো দেবঃ। স খলু প্রাণস্য প্রাণঃ, চক্ষুষশ্চ চক্ষুঃ। (শ্রোত্রাদীনাং স্বতঃসিদ্ধৈব শক্তিরিতি বুদ্ধিং) 'অতিমুচ্য' পরিত্যজ্য, ধীরা জনা 'অস্মাদ্' বর্ত্তমানাল্লোকাৎ 'প্রেত্য' প্রস্থায় অমৃতা ভবন্তি ॥ ২ ॥

যিনি শ্রোত্রের শ্রোত্র, (অর্থাৎ যাহার প্রভাবে শ্রোত্র-ইন্দ্রিয় স্ববিষয় শব্দকে গ্রহণ করিতে পারে), মনের মন, ও বাক্যের বাক্য, (সেই দেব তিনিই); তিনি প্রাণের প্রাণ ও চক্ষুর চক্ষু। (শ্রোত্র প্রভৃতির শক্তি স্বতঃসিদ্ধ,

এই বুদ্ধি) পরিত্যাগ করিয়া ধীর ব্যক্তিগণ এই বর্ত্তমান লোক হইতে প্রস্থান করিয়া অমৃত হইয়া থাকেন ॥ ২ ॥

৩

ন তত্র চক্ষুর্গচ্ছতি, ন বাগ্ গচ্ছতি, নো মনো।
ন বিদ্মো ন বিজানীমো যথৈতদনুশিষ্যাৎ ॥
অন্যদেব তদ্ বিদিতাদথো অবিদিতাদধি।
ইতি শুশ্রুম পূর্ব্বেষাং যে নস্তদ্ ব্যাচচক্ষিরে ॥১-৩

ন 'তত্র' তস্মিন্ শ্রোত্রাদীনাং শ্রোত্রাদিরূপে দেবে চক্ষুর্গচ্ছতি, ন বাগ্ গচ্ছতি, ন চ মনো গচ্ছতি; 'নো' ন বয়ং 'বিদ্মো' বুধ্যামহে,নচ বিজানীমঃ' যথা' যেন প্রকারেণ, (শিষ্যায়) এতৎ 'অনুশিষ্যাৎ' উপদিশেদিতি। তদ্ হি 'বিদিতাদ্' জ্ঞাতাৎ অন্যৎ, অবিদিতাদপি চ 'অধি' উপরি, অন্যদিতি ভাবঃ। যে খলু 'নঃ' অস্মভ্যং তদ্ 'ব্যাচচক্ষিরে' ব্যাখ্যাতবন্তঃ, তেভ্যঃ পূর্ব্বাচার্য্যেভ্যঃ সকাশাদিদমেব বয়ং 'শুশ্রুম' শ্রুতবন্তঃ ॥ ৩ ॥

তাঁহার নিকটে চক্ষু গমন করে না, বাক্য গমন করে না, এবং মনও গমন করে না; আমরা বুঝি না ও জানিনা যে, কিরূপে ইহা

(শিষ্যকে) উপদেশ দিতে হইবে। যাঁহারা আমাদের নিকট ইহা ব্যাখ্যা করিয়াছিলেন, সেই পূর্ব্ব (আচার্য্য)-গণের নিকট আমরা শ্রবণ করিয়াছি যে, তিনি বিদিত হইতে অন্য, আবার অবিদিত হইতেও অন্য ॥ ৩ ॥

৪

যদ্ বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥১-৪॥

যৎ বাচা ন 'অভ্যুদিতং' প্রকাশিতং, অপিতু বাগেব যেন 'অভ্যুদ্যতে' প্রকাশ্যতে, তদেব (প্রসিদ্ধং বাচোঽপি বাগ্রূপং) ত্বং ব্রহ্ম বিদ্ধি, তদন্যৎ যৎ পুনরিদং লৌকিকাঃ উপাসতে, ন তদ্ ব্রহ্ম ভবতি ॥ ৪ ॥*

যাঁহাকে বাক্য প্রকাশ করিতে পারে না, কিন্তু বাক্যকেই যিনি প্রকাশ করিয়াছেন,

---

* অথবা—লোকেন যদ্ বাচা ন 'অভ্যুদিতং' অভ্যুক্তং প্রকাশিতং, অপিতু বাগ্ এব যেন 'অভ্যুদ্যতে, প্রকাশ্যতে, তদেব ত্বং ব্রহ্ম বিদ্ধি ; তদন্যৎ যৎ পুনরিদং লৌকিকাঃ উপাসতে, ইদং ব্রহ্ম ন ভবতি ॥ ৪ ॥

তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই যাহা তাঁহারা উপাসনা করিতেছেন, তাহা ব্রহ্ম নহে ॥৪॥*

৫

যন্মনসা ন মনুতে যেনাহুর্ম্মনো মতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥১-৫॥

যৎ মনসা ন কিঞ্চিৎ 'মনুতে' অবগচ্ছতি, অপিতু মন এব যেন 'মতং' জ্ঞাতম্—ইতি ব্রহ্মবিদ আহুঃ, তদেব (প্রসিদ্ধং মনসোঽপি মনোরূপম্) ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৫ ॥†

যিনি মনের দ্বারা জানেন না, কিন্তু যিনি মনকেই জানেন বলিয়া (ব্রহ্মবিদ্‌গণ) বলিয়া

---

* অথবা—(লোক) বাক্য দ্বারা যাঁহাকে প্রকাশ করিতে পারে না, কিন্তু বাক্যকেই যিনি প্রকাশ করিয়াছেন···॥ ৪ ॥

† অথবা—লোকো মনসা যৎ ন 'মনুতে' জানাতি, অপিতু মন এব যেন 'মতং' জ্ঞাতম্ ইতি ব্রহ্মবিদ 'আহুঃ' কথয়ন্তি, তদেব ব্রহ্মেতি পূর্ব্ববৎ ॥ ৫ ॥

থাকেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান ; এই যাহা তাঁহারা উপাসনা করিতেছেন, তাহা ব্রহ্ম নহে ॥ ৫ ॥*

৬

যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষূংষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥১-৬॥

যৎ চক্ষুষা ন কিঞ্চিৎ পশ্যতি, অপিতু যেন হেতুনা বর্ত্তমানেন লোকঃ চক্ষূংষি জনানামিতি ভাবঃ পশ্যতি, তদেব (প্রসিদ্ধং চক্ষুষোঽপি চক্ষূরূপম্) ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৬॥ †

যিনি চক্ষু দ্বারা দর্শন করেন না, কিন্তু যাঁহার থাকা হেতুই লোকেরা চক্ষুকে দেখিতে পায়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান ; এই

* অথবা—(লোক) যাঁহাকে মনের দ্বারা জানিতে পারে না, কিন্তু মনকেই যিনি জানেন বলিয়া (ব্রহ্মবিদ্‌গণ) বলিয়া থাকেন... ॥ ৫ ॥

† অথবা—লোকঃ চক্ষুষা যৎ ন পশ্যতি, অপিতু 'চক্ষূংষ্যেব' চক্ষুষঃ কার্য্যাণি এব যেন পশ্যতি, তদেব ব্রহ্মেত্যাদি পূর্ব্ববৎ ॥ ৬ ॥

যাহা তাঁহারা উপাসনা করিতেছেন, তাহা ব্রহ্ম নহে ॥ ৬ ॥*

৭

যচ্ছোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতং।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥১-৭॥

যৎ শ্রোত্রেণ ন শৃণোতি, ইদং শ্রোত্রমেব তু যেন শ্রুতং, তদেব (প্রসিদ্ধং শ্রোত্রস্য শ্রোত্ররূপম্) ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৭ ॥ †

যিনি শ্রোত্র দ্বারা শ্রবণ করেন না, কিন্তু যিনি এই শ্রোত্রকেই শ্রবণ করেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই যাহা তাঁহারা উপাসনা করিতেছেন, তাহা ব্রহ্ম নহে ॥ ৭ ॥ ‡

---

* অথবা—লোক যাঁহাকে চক্ষুর দ্বারা দেখিতে পারে না, কিন্তু যিনি আছেন বলিয়া (লোকে) চক্ষুর কার্য্য-সমূহ দেখিতে পায়... ॥ ৬ ॥

† অথবা—লোকঃ শ্রোত্রেণ যন্ন শৃণোতি, অপিতু শ্রোত্রমেব যেন 'শ্রুতং' স্বকার্য্যক্ষমং কৃতমিতি ভাবঃ, তদেব ব্রহ্মেত্যাদি পূর্ব্ববৎ। ৭ ॥

‡ অথবা—লোক যাঁহাকে শ্রোত্র দ্বারা শ্রবণ করিতে পারে না, কিন্তু শ্রোত্রকেই যিনি শ্রবণ করিয়াছেন

৮

যৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৮ ॥

যৎ 'প্রাণেন' বায়ুনা ন 'প্রাণিতি' জীবতি, অপিতু প্রাণ এব যেন 'প্রণীয়তে' পুরস্তান্নীয়তে উৎপাদ্যতে ইতি ভাবঃ, তদেব (প্রসিদ্ধং প্রাণস্য প্রাণরূপম্) ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৮ ॥ *

যিনি প্রাণবায়ুর দ্বারা জীবন ধারণ করেন না, কিন্তু প্রাণকেই যিনি উৎপাদন করিয়াছেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; এই যাহা তাঁহারা উপাসনা করিতেছেন, তাহা ব্রহ্ম নহে ॥ ৮ ॥

৯

যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং
ত্বং বেত্থ ব্রহ্মণো রূপং যদস্য ত্বং যদস্য দেবেষথ
নু মীমাংস্যমেব তে মন্যে বিদিতম্ ॥ ২-১ ॥

(অর্থাৎ স্বকার্য্যক্ষম করিয়াছেন) বলিয়া (ব্রহ্মবিদ্‌গণ) বলেন... ॥ ৭ ॥

* অথবা—লোকঃ 'প্রাণেন' ঘ্রাণেন্দ্রিয়েণেতি ভাবঃ যৎ ন 'প্রাণিতি' বিষয়ীকরোতীতি ভাবঃ; অপিতু প্রাণ এব যেন 'প্রণীয়তে' স্ববিষয়ং নীয়তে, তদেবেত্যাদি পূর্ব্ববৎ ॥৮॥

অস্য ব্রহ্মণো যৎ রূপম্ অস্তি তদ্ অহং 'সুবেদ' সুষ্ঠু জানামি ইতি যদি ত্বং মন্যসে, তদা নূনং ত্বং 'দভ্রম্' অল্পম্ এব তদ্ 'বেত্থ' জানীষে; যদপি দেবেষু ত্বমস্য ব্রহ্মণো রূপং বেত্থ, তদপি অল্পমেব বেত্থ। 'অথ নু' তস্মাৎ ব্রহ্ম তে অধুনাপি 'মীমাংস্যমেব' বিচার্য্যমেব।—ইত্যেবমাচার্য্যেণোপদিষ্টঃ শিষ্যঃ মীমাংসাং কৃত্বা কথয়তি—মন্যে ইদানীং ময়া ব্রহ্ম বিদিতম্॥ ৯॥

তুমি যদি মনে কর—এই ব্রহ্মের যে রূপ আছে, তাহা আমি ভাল করিয়া জানিয়াছি, তবে নিশ্চয়ই তুমি তাহা অল্পই জানিয়াছ; দেবগণের মধ্যে তুমি ইহার যে রূপ জানিয়াছ, তাহাও অল্পই জানিয়াছ; অতএব এখনো তোমাকে ব্রহ্মের বিচার করিতেই হইবে। (আচার্য্য এইরূপ উপদেশ প্রদান করিবার পর শিষ্য বিচার করিয়া বলিতেছেন)—মনে করি, (এখন) আমি জানিয়াছি ॥ ৯ ॥

১০

মাহং মন্যে সুবেদেতি, নো ন বেদেতি বেদ চ।
যো নস্তদ্বেদ তদ্বেদ নো ন বেদেতি বেদ চ ॥২-২॥

অহং তদ্ ব্রহ্ম 'সুবেদেতি' সুষ্ঠু জানামীতি, ন মন্যে ;'নো' ন চ মন্যে—অহং তৎ 'ন বেদ' ন জানামীতি, 'বেদ চ' জানামীতি চ। 'নঃ' অস্মাকং মধ্যে যো জনঃ 'তদ্' বচনং—অহং তন্ন জানামীতি জানামীতি চ ন—ইত্যেবংরূপং জানাতি, স এব তদ্ ব্রহ্ম বেদ ॥ ১০ ॥

আমি মনে করি না যে, আমি (সেই ব্রহ্মকে) সুন্দররূপে জানি; এবং ইহাও আমি মনে করি না যে—তাঁহাকে আমি জানি না, ও তাঁহাকে আমি জানি। "আমি মনে করি যে,—তাঁহাকে আমি জানি না, ও তাঁহাকে আমি জানি"—এই কথার অর্থ যে ব্যক্তি আমাদের মধ্যে জানেন, তিনিই তাঁহাকে জানেন ॥ ১০ ॥

১১

যস্যামতং তস্য মতং, মতং যস্য ন বেদ সঃ।
অবিজ্ঞাতং বিজানতাং,বিজ্ঞাতমবিজানতাম্ ॥২-৩॥

তদ্ ব্রহ্ম যস্য জনস্য 'অমতং' অবিদিতং, ন ময়া জ্ঞায়তে ব্রহ্মেতি যেন মন্যতে, তস্য জনস্য ব্রহ্ম 'মতং' বিদিতং, তেন তজ্জ্ঞায়তে। যস্য পুনর্জনস্য তৎ 'মতং' বিদিতং, জ্ঞাতং ময়া ব্রহ্মেতি নিশ্চয়ঃ, স তৎ ন 'বেদ'

জানাতি। তৎ হি 'বিজানতাং' সম্যগ্‌দর্শিনাং বিজানাং জনানাং অবিজ্ঞাতং, 'অবিজানতাং' অসম্যগ্‌দর্শিনামবিজ্ঞানাস্ত তদ্‌ বিজ্ঞাতম্‌ ॥ ১১ ॥

যিনি মনে করেন—আমি ব্রহ্ম জানিতে পারি নাই, তিনি তাঁহাকে জানিয়াছেন; আর যিনি মনে করেন—আমি তাঁহাকে জানিয়াছি, তিনি তাঁহাকে জানেন না। তিনি সম্যগ্‌দর্শী বিজ্ঞগণের নিকট অবিজ্ঞাত এবং অসম্যগ্‌দর্শী অবিজ্ঞগণের নিকট বিজ্ঞাত ॥ ১১ ॥

১২

প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে।
আত্মনা বিন্দতে বীর্য্যং বিদ্যয়ামৃতমশ্নুতে ॥ ২·৪ ॥

'প্রতিবোধবিদিতং' বোধং বোধং প্রতি বিদিতং এব তদ্‌ ব্রহ্ম সম্যক্‌ 'মতং' বিজ্ঞাতং ভবতি; সর্ব্বেষু বিষয়েষু জ্ঞাতেষু সর্ব্বব্যাপকত্বাদ্‌ তদেব ব্রহ্ম যদি জ্ঞায়তে তদৈব তৎ সম্যগ্‌ বিদিতং,—সর্ব্ববিষয়েষু তদ্দর্শনমেব সম্যগ্‌দর্শনম্‌ ইতি ভাবঃ। 'হি' যতঃ, তেন জনঃ অমৃতত্বং 'বিন্দতে' লভতে। লোক আত্মনা অমৃতত্ব-

লাভোচিতং 'বীর্য্যং' সামর্থ্যং লভতে, বিদ্যয়া চ ব্রহ্ম-বিষয়িণ্যা অমৃতং 'বিন্দতে' লভতে ॥ ১২ ॥

প্রতিবুদ্ধিতে যদি সেই ব্রহ্মকে জানা যায়, তবেই তাঁহাকে ঠিক জানা হয়, কেননা, লোক সেইরূপ জ্ঞানেই অমৃতত্ব লাভ করিতে পারে। লোক আত্মা দ্বারা (অমৃতত্বলাভোচিত) বীর্য্য লাভ করিতে পারে, এবং (ব্রহ্মবিষয়ক) বিদ্যা দ্বারা অমৃত পাইয়া থাকে ॥১২॥

১৩

ইহ চেদবেদীদথ সত্যমস্তি
ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।
ভূতেষু ভূতেষু বিচিত্য ধীরাঃ
প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি ॥ ২-৫ ॥

স চেন্মনুষ্য ইহ সংসারে যথোক্তলক্ষণং ব্রহ্ম 'অবেদীৎ' বিদিতবান্, 'অথ' তদা তস্য সার্থক্যং সত্যম্ অস্তি; ন চেদ্ ইহ অবেদীৎ, তদা তস্য 'মহতী বিনষ্টিঃ' মহান্ বিনাশঃ। অতএব ধীমন্তঃ 'ভূতেষু ভূতেষু' সর্ব্বেষু চরাচরাত্মকেষু ভূতেষু তদ্ ব্রহ্ম 'বিচিত্য' বিজ্ঞায় অস্মাল্লোকাৎ প্রেত্য অমৃতা ভবন্তি ॥১৩॥

মানুষ যদি এই সংসারে সেই ব্রহ্মকে জানিয়া থাকিতে পারে, তবেই তাহার যথার্থত সার্থকতা আছে; আর যদি না জানিতে পারে, তবে তাহার মহাবিনাশ! এই জন্য ধীমদ্‌গণ সমস্ত ভূতের মধ্যে তাঁহাকে উপলব্ধি করিয়া এই লোক হইতে প্রস্থানপূর্ব্বক অমৃত হইয়া থাকেন ॥১৩॥

১৪

উপনিষদং ভো ব্রূহীতি, উক্তা ত উপনিষদ্,
ব্রাহ্মীং বাব ত উপনিষদমব্রূমেতি ॥ ২-৩২ ॥

উপদিষ্টোপনিষদপি সম্যগনধিগতার্থঃ শিষ্যঃ কথয়তি—হে ভগবন্ উপনিষদং মে ব্রূহীতি। প্রতিবোধয়ন্ আচার্য্য আহ—উক্তা তে বৎস উপনিষৎ, ননু 'ব্রাহ্মীম্' ব্রহ্মসম্বন্ধীয়াম্ উপনিষদং তে বয়মব্রূমেতি ॥ ১৪ ॥

(পূর্ব্বোক্ত উপনিষৎ উপদিষ্ট হইলেও সম্যক্ অবধারণ করিতে না পারিয়া শিষ্য প্রার্থনা করিতেছেন—) "হে (ভগবন্), আমাকে উপনিষৎ বলুন!" (আচার্য্য উত্তর করিতে-

ছেন—) "বৎস, তোমাকে ত উপনিষৎ বলা হইয়াছে, তোমাকে যে আমি ব্রহ্মবিষয়ক উপনিষৎ বলিয়াছি!" ॥ ১৪ ॥

১৫

তস্যৈ তপো দমঃ কর্ম্মেতি প্রতিষ্ঠা বেদাঃ
সর্ব্বাঙ্গাণি সত্যমায়তনম্ ॥ ২-৩৩ ॥

'তস্যৈ' তস্যাঃ উপনিষদঃ 'তপঃ' শরীরেন্দ্রিয়মনসাং সমাধানং, 'দমঃ' বিষয়েভ্য উপরমঃ, কর্ম্ম চেতি 'প্রতিষ্ঠা' আশ্রয়ঃ, বেদাঃ তস্যাঃ সর্ব্বাঙ্গাণি, সত্যঞ্চ 'আয়তনং' নিবাসঃ ॥ ১৫ ॥

তপস্যা (শরীর, ইন্দ্রিয় ও মনের সমাধান), দম (বিষয় হইতে নিবৃত্তি), ও কর্ম্ম তাহার (সেই উপনিষদের) আশ্রয়, বেদসমূহ তাহার অঙ্গপ্রত্যঙ্গ, ও সত্য তাহার নিবাস ॥১৫॥

১৬

যো বা এতামেবং বেদাপহত্য পাপ্মানমনন্তে
স্বর্গে লোকে জ্যেয়ে প্রতিতিষ্ঠতি
প্রতিতিষ্ঠতি ॥ ২-৩৪ ॥

'যো জন 'এবম্' ঈদৃশীম্ এতাং উপনিষদং 'বেদ' বেত্তি, স 'পাপ্মানং' পাপং অবধূয় অনন্তে 'জ্যেয়ে' মহতি স্বর্গে লোকে 'প্রতিতিষ্ঠতি' প্রতিষ্ঠিতো ভবতি। দ্বিরুক্তিগ্রন্থসমাপ্তিং সূচয়তি ॥ ১৬ ॥

যে ব্যক্তি এতাদৃশ ইহাকে (উপনিষৎ) জানেন, তিনি পাপকে অবধূত করিয়া অনন্ত মহান্ স্বর্গলোকে প্রতিষ্ঠিত হন ॥ ১৬ ॥

যজুর্ব্বেদীয়

কঠোপনিষৎ

১

অন্যচ্ছ্রেয়োঽন্যদুতৈব প্রেয়ঃ
তে উভে নানার্থে পুরুষং সিনীতঃ।
তয়োঃ শ্রেয় আদদানস্য সাধু ভবতি
হীয়তেঽর্থাদ্ য উ প্রেয়ো বৃণীতে ॥ ১-২-১ ॥

'শ্রেয়ঃ' নিঃশ্রেয়সম্ মঙ্গলং 'অন্যৎ' পৃথক্, 'প্রেয়ঃ' প্রিয়তরং প্রীতিকরতয়ো বিষয় ইতি ভাবঃ, তদপি অন্যদেব; তে উভে 'নানার্থে' ভিন্নপ্রয়োজনে সতী পুরুষং 'সিনীতঃ' বধ্নীতঃ। তয়োর্মধ্যে শ্রেয় 'আদদানস্য' গৃহ্নতঃ 'সাধু' শোভনং ভদ্রং ভবতি, 'য উ', যস্তু প্রেয়ঃ 'বৃণীতে' প্রার্থয়তে, সঃ 'অর্থাৎ' পরমার্থাৎ 'হীয়তে' প্রচ্যবতে ॥ ১ ॥

শ্রেয় (মঙ্গল) পৃথক্, এবং প্রেয়ও (প্রিয়তর বিষয়ও) পৃথক্; তাহারা উভয়ে

বিভিন্ন প্রয়োজনে পুরুষকে বন্ধন করে; ইহাদের মধ্যে যে ব্যক্তি শ্রেয় গ্রহণ করেন, তাঁহার ভাল হয়, আর যে ব্যক্তি প্রেয়কে প্রার্থনা করেন, তিনি (পরম) অর্থ হইতে চ্যুত হইয়া থাকেন ॥ ১ ॥

২

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেত-
স্তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ।
শ্রেয়ো হি ধীরোঽভি প্রেয়সো বৃণীতে
প্রেয়ো মন্দো যোগক্ষেমাদ্ বৃণীতে ॥ ১-২-২ ॥

শ্রেয়শ্চ প্রেয়শ্চ উভে মনুষ্যং 'এতঃ' আগচ্ছতঃ; 'ধীরঃ' ধীমান্ জনঃ 'তৌ' শ্রেয়ঃপ্রেয়ঃপদার্থৌ 'সম্পরীত্য' সম্যক্ পরিগম্য পর্য্যালোচ্য 'বিবিনক্তি' পৃথক্ করোতি, বিবিচ্য চ স ধীরো জনঃ প্রেয়সঃ অপেক্ষয়া উৎকৃষ্টতরত্বাৎ শ্রেয় এব 'অভিবৃণীতে' প্রার্থয়তে। মন্দস্তু জনঃ 'যোগক্ষেমাৎ' যোগক্ষেমনিমিত্তং (অপ্রাপ্তস্য বস্তুনঃ প্রাপ্তির্যোগঃ, প্রাপ্তস্য চ বস্তুনঃ রক্ষণং ক্ষেমঃ) প্রেয়ঃ প্রার্থয়তে ॥ ২ ॥

শ্রেয় ও প্রেয় উভয়ে মনুষ্যের নিকট আগমন করে, এবং বুদ্ধিমান্ ব্যক্তি সম্যক্ পর্য্যালোচনা করিয়া তাহাদিগকে পৃথক্ পৃথক্ করিয়া দেখেন; অনন্তর বুদ্ধিমান্ ব্যক্তি প্রেয় অপেক্ষা (উৎকৃষ্টতর মনে করিয়া) শ্রেয়কেই প্রার্থনা করেন, আর অধম ব্যক্তি যোগক্ষেমের (অর্থাৎ অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি ও প্রাপ্ত বস্তুর রক্ষণের) জন্য প্রেয়কে প্রার্থনা করে ॥ ২ ॥

৩

স ত্বং প্রিয়ান্ প্রিয়রূপাংশ্চ কামা-
নভিধ্যায়ন্ নচিকেতোঽত্যস্রাক্ষীঃ।
নৈতাং সৃঙ্কাং বিত্তময়ীমবাপ্তো
যস্যাং মজ্জন্তি বহবো মনুষ্যাঃ ॥ ১-২-৩ ॥

হে নচিকেতঃ, স ত্বং প্রিয়ান্ পুত্রাদীন্ 'প্রিয়রূপান্' রমণীয়রূপবিশিষ্টান্ অপ্সরঃপ্রভৃতীন্ 'কামান্' কাম্য-পদার্থান্ চ 'অভিধ্যায়ন্' সর্ব্বতশ্চিন্তয়ন্ গুণদোষৌ চিন্তয়িত্বেতি ভাবঃ, 'অত্যস্রাক্ষীঃ' পরিত্যক্তবানসি; এতাং বিত্তময়ীং 'সৃঙ্কাং' সরণিং পন্থানং ত্বং ন

'অবাপ্তঃ' প্রাপ্তবানসি, যস্যাং সৃঙ্কায়াং বহবো মনুষ্যা মজ্জন্তি ॥ ৩ ॥

হে নচিকেতা, তুমি প্রিয়সমূহ (অর্থাৎ পুত্রপ্রভৃতিকে) ও প্রিয়রূপবিশিষ্ট কাম্য বস্তু-সমূহকে সর্ব্বতোভাবে চিন্তা করিয়া পরিত্যাগ করিয়াছ; মনুষ্যগণ যাহাতে মগ্ন হইয়া থাকে, তুমি সেই বিত্তময় পথকে গ্রহণ কর নাই! ॥৩॥

৪

দূরমেতে বিপরীতে বিষূচী
অবিদ্যা যা চ বিদ্যেতি জ্ঞাতা।
বিদ্যাভীপ্সিনং নচিকেতসং মন্যে
ন ত্বা কামা বহবোঽলোলুপন্ত ॥ ১-২-৪ ॥

যা অবিদ্যা যা চ বিদ্যা ইতি বিদ্বদ্ভিঃ জ্ঞাতা, তে এতে 'দূরং' দূরেণ মহতা অন্তরেণ বিপরীতে, 'বিষূচী' নানাগতী ভিন্নফলে চ। অহং ত্বাং নচিকেতসং বিদ্যাভীপ্সিনং মন্যে, যতঃ বহবোঽপি কামাঃ ত্বাং ন 'অলোলুপন্ত' বিচ্ছেদং কৃতবন্তঃ, প্রচ্যাবিতবন্তঃ শ্রেয়োমার্গাদিতি ভাবঃ। ৪।

বিদ্যা ও অবিদ্যা নামে যাহা (পণ্ডিতগণের) জ্ঞাত আছে, তাহারা উভয়ে পরস্পর অত্যন্ত বিপরীত ও ভিন্ন ভিন্ন ফল প্রসব করে। নচিকেতা, আমি তোমাকে বিদ্যাভিলাষী মনে করিতেছি, কেননা, বহুল কাম্য বস্তুও তোমাকে (শ্রেয়ঃপথ হইতে) বিচ্ছিন্ন করিতে পারে নাই ॥ ৪ ॥

৫

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
দন্দ্রম্যমাণাঃ পরিযন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ ॥ ১-২-৫ ॥

যে খলু অবিদ্যায়াং 'অন্তরে' মধ্যে বর্ত্তমানা অপি স্বয়ং 'ধীরাঃ' প্রজ্ঞাবন্তঃ, 'পণ্ডিতম্মন্যমানাঃ' আত্মানং পণ্ডিতং মন্যন্ত ইতি তথোক্তাঃ ভবন্তি, তে মূঢ়াঃ অন্ধেন নীয়মানা অন্ধা ইব 'দন্দ্রম্যমাণাঃ' বিবিধাং কুটিলাং গতিং গচ্ছন্তঃ 'পরিযন্তি' পরিভ্রমন্তি ॥ ৫ ॥

যাঁহারা অবিদ্যার মধ্যে বর্ত্তমান থাকিয়াও

স্বয়ং আপনাকে প্রজ্ঞাবান্ ও পণ্ডিত বলিয়া মনে করেন, তাঁহারা অন্ধ দ্বারা নীয়মান অন্ধের ন্যায় নানা কুটিল গতি প্রাপ্ত হইয়া পরিভ্রমণ করেন ॥ ৫ ॥

৬

ন সাম্পরায়ঃ প্রতিভাতি বালং
প্রমাদ্যন্তং বিত্তমোহেন মূঢ়ম্।
অয়ং লোকো নাস্তি পর ইতিমানী
পুনঃ পুনর্বশমাপদ্যতে মে ॥ ১-২-৬ ॥

'প্রমাদ্যন্তং' প্রমাদং অনবধানতাং কুর্ব্বন্তং, বিত্তমোহেন মূঢ়ং 'বালং' অবিবেকিনং জনং প্রতি 'সাম্পরায়ঃ' সম্পরায় এব সাম্পরায়ঃ পরলোকঃ ন 'প্রতিভাতি' প্রকাশতে। অয়ং দৃশ্যমানঃ লোকঃ অস্তি, পরঃ অদৃষ্টঃ লোকো নাস্তি 'ইতিমানী' ইতি যো মন্যতে, স পুনঃ পুনঃ মম মৃত্যোঃ 'বশং' অধীনতাং 'আপদ্যতে' প্রাপ্নোতি। ৬ ॥

অনবহিত ও ধনমোহে মূঢ় অবিবেকীর নিকট পরলোক প্রকাশ পায় না; যে ব্যক্তি মনে করে যে, এই লোকই আছে, পরলোক নাই,

সে পুনঃ পুনঃ আমার (মৃত্যুর) অধীন হইয়া থাকে ॥ ৬ ॥

৭

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ
শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা
আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ ॥ ১-২-৭ ॥

'শ্রবণায়াপি' শ্রোতুমপি যঃ আত্মা বহুভির্ন 'লভ্যঃ' লব্ধুং শক্যঃ, দুরং তাবদাত্মাং তজ্জ্ঞানমিতি ভাবঃ, শৃণ্বন্তোঽপিচ যং বহবো জনা ন 'বিদ্যুঃ' বিজানীয়ুঃ, অস্য বক্তা আশ্চর্য্যঃ, 'লব্ধা' চাস্য লাভকারী 'কুশলঃ' নিপুণঃ, 'কুশলেন' নিপুণেন আচার্য্যেণ 'অনুশিষ্টঃ' উপদিষ্টঃ জ্ঞাতাপি অস্য আশ্চর্য্যঃ। মনুষ্যেষু কশ্চিদেব হি অস্য নিপুণো বক্তা, নিপুণো লব্ধা, নিপুণশ্চ জ্ঞাতা অস্তীতি তাৎপর্য্যম্ ॥ ৭ ॥

যাহাকে বহুলোক শ্রবণ করিতেও পার না, এবং শ্রবণ করিলেও যাহাকে বহুলোক জানিতে পারে না, তাহার বক্তা আশ্চর্য্য,

লাভকারী নিপুণ, এবং নিপুণ আচার্য্যের দ্বারা উপদিষ্ট তাহার জ্ঞাতাও আশ্চর্য্য ! ॥৭॥

৮

ন নরেণাবরেণ প্রোক্ত এষ
সুবিজ্ঞেয়ো বহুধা চিন্ত্যমানঃ।
অনন্যপ্রোক্তে গতিরত্র নাস্তি
অণীয়ান্ হ্যতর্ক্যমণুপ্রমাণাৎ ॥ ১-২-৮ ॥

'অবরেণ' হীনেন নরেণ প্রোক্ত এষ আত্মা সুবিজ্ঞেয়ো ন ভবতি, যতঃ 'বহুধা চিন্ত্যমানঃ' অস্তি নাস্তীত্যাদিনা বহুধা হি এষ জনৈশ্চিন্ত্যতে; অতঃ 'অনন্যপ্রোক্তে' যস্ত্বেব অন্যেন হীনাদপরেণ উৎকৃষ্টেন জনেন প্রোক্তো ন ভবতি, তদা অস্মিন্ বিষয়ে গতির্নাস্তি, ন কোঽপ্যেনং জ্ঞাতুং প্রভবেদিতি ভাবঃ, 'অণুপ্রমাণাৎ' অণুপরিমাণাদপি হি এষ অণীয়ান্, 'অতর্ক্যং' অতর্ক্যশ্চ।

হীন ব্যক্তির দ্বারা কথিত হইলে ইহাকে ভাল করিয়া জানিতে পারা যায় না, কেননা (আছে, বা নাই ইত্যাদি) বহুপ্রকারে

লোকে ইহাকে চিন্তা করিয়া থাকে; অতএব অপর (অর্থাৎ নিপুণ) ব্যক্তি বলিয়া না দিলে ইহাতে আর কোনো গতি নাই, কারণ ইহা অণুপ্রমাণ হইতে অণুতর এবং তর্কের অগম্য ॥ ৮ ॥

৯

নৈষা তর্কেণ মতিরাপনেয়া
প্রোক্তান্যেনৈব সুজ্ঞানায় প্রেষ্ঠ।
যাং ত্বমাপঃ সত্যধৃতির্বতাসি
ত্বাদৃঙ্ নো ভূয়ান্নচিকেতঃ প্রষ্টা ॥১-২-৯॥

এষা আত্মবিষয়া মতিঃ তর্কেণ ন 'আপনেয়া' প্রাপ্যা, অপনেয়া বা; হে 'প্রেষ্ঠ' প্রিয়তম, 'অন্যেন' অভিজ্ঞেন আচার্য্যেণ প্রোক্তা সত্যেব ইয়ং মতিঃ 'সুজ্ঞানায়' সুখবোধায় ভবতি, যাং খলু মতিং ত্বং 'আপঃ' প্রাপ্তবান্। 'বত' অহো ত্বং 'সত্যধৃতিরসি' সত্যা অবিতথা তে ধৃতিঃ ধৈর্য্যম্! হে নচিকেতঃ, 'নঃ' অস্মাকং ত্বাদৃশঃ 'প্রষ্টা' প্রশ্নকারী 'ভূয়াৎ' ভবতু, ইতি প্রার্থয়ে।

তুমি যে বুদ্ধিকে প্রাপ্ত হইয়াছে, তর্কের দ্বারা তাহা লাভ করা যায় না (অথবা—তর্কের দ্বারা ইহা অপনীত করা উচিত নহে); হে প্রিয়তম, অপর ব্যক্তি (অর্থাৎ নিপুণ আচার্য্য) বলিয়া দিলেই ইহা সুগম হইয়া থাকে। অহো নচিকেতা, তোমার ধৈর্য্য সত্য! আমাদের যেন তোমার ন্যায় প্রশ্নকারী হয়! ॥ ৯ ॥

১০

জানাম্যহং শেবধিরিত্যনিত্যং
ন হ্যধ্রুবৈঃ প্রাপ্যতে হি ধ্রুবং তৎ ॥১-২-১০॥

'শেবধিঃ' নিধিঃ ইতি যৎ লোকে প্রসিদ্ধং তদনিত্যং ইত্যহং জানামি, জানামি চেদং যৎ 'অধ্রুবৈঃ' অনিত্যৈর্দ্রব্যৈঃ তৎ হি ধ্রুবং বস্তু নৈব প্রাপ্যত ইতি ॥ ১০ ॥

আমি জানি যে, নিধি অনিত্য এবং অধ্রুব-সমূহের দ্বারা সেই ধ্রুবকে পাওয়া যায় না ॥১০॥

১১

কামস্যাপ্তিং জগতঃ প্রতিষ্ঠাং
ক্রতোরনন্ত্যমভয়স্য পারং।
স্তোমমহদুরুগায়ং প্রতিষ্ঠাং
দৃষ্ট্বা ধৃত্যা ধীরো নচিকেতোঽত্য-
স্রাক্ষীঃ ॥ ১-২-১১ ॥

হে নচিকেতঃ, 'কামস্য' কামনায়াঃ 'আপ্তিং' সমাপ্তিং, জগতঃ 'প্রতিষ্ঠাং' আশ্রয়ং, 'ক্রতোঃ' যজ্ঞস্য 'অনন্ত্যং' আনন্ত্যং অনন্তং ফলমিতি ভাবঃ, অভয়স্য 'পারং' পরাং নিষ্ঠাং শেষং স্থানং, 'স্তোমমহদুরুগায়ং' স্তুত্যাং মহতীং বিস্তীর্ণাঞ্চ কীর্ত্তিং, 'প্রতিষ্ঠাং' স্থিতিং চাত্মনো দৃষ্ট্বাপি 'ধীরঃ' প্রজ্ঞাবান্ ত্বং, 'ধৃত্যা' ধৈর্য্যেণ 'অত্যস্রাক্ষীঃ' পরিত্যক্তবানসি ॥ ১১ ॥

হে নচিকেতা, কামনার সমাপ্তি, জগতের আশ্রয়, যজ্ঞের অনন্ত ফল, অভয়ের পার, স্তবার্হ বিশাল ও বিস্তীর্ণ কীর্ত্তি এবং নিজের স্থিতিকে দর্শন করিয়াও প্রজ্ঞাবান্ তুমি এই সকলকে ধৈর্য্যের দ্বারা পরিত্যাগ করিয়াছ। ॥১১॥

১২

তং দুর্দ্দশং গূঢ়মনুপ্রবিষ্টং
গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণং।
অধ্যাত্মযোগাধিগমেন দেবং
মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি ॥ ১-২-১২ ॥

'ধীরঃ' প্রজ্ঞাবান্ জনঃ 'দুর্দ্দর্শং' দুঃখেন দ্রষ্টুং শক্যং, 'গূঢ়ম্' গহনম্, 'অনুপ্রবিষ্টং' প্রচ্ছন্নং', অতএব 'গহ্বরেষ্ঠং' গহ্বরস্থিতং অতিদুর্গমস্থানে স্থিতমিবেতি ভাবঃ, এবমপি 'গুহাহিতং' গুহায়াং বুদ্ধৌ স্থিতং, 'পুরাণং' পুরাতনং দেবম্ 'অধ্যাত্মযোগাধিগমেন' বিষয়েভ্যঃ প্রতিসংহৃত্য চেতস আত্মনি সমাধানং অধ্যাত্মযোগঃ, তস্য অধিগমেন প্রাপ্ত্যা 'মত্বা' জ্ঞাত্বা হর্ষশোকৌ 'জহাতি' ত্যজতি। ১২॥

তাঁহাকে দুঃখে জানিতে পারা যায়, কেননা তিনি গূঢ় ও প্রচ্ছন্ন, এবং গহ্বরে অবস্থিত (অর্থাৎ অতিদুর্গম); কিন্তু তাহা হইলেও তিনি বুদ্ধিতে অবস্থিত; প্রজ্ঞাবান্ ব্যক্তি অধ্যাত্মযোগলাভে (অর্থাৎ চিত্তকে বিষয় হইতে নিবারণ পূর্ব্বক আত্মায় সমাহিত

করিয়া) সেই পুরাতন দেবকে জানিয়া হর্ষ ও শোক উভয়ই পরিত্যাগ করেন।

১৩

এতচ্ছ্রুত্বা সংপরিগৃহ্য মর্ত্ত্যঃ
প্রবৃহ্য ধর্ম্ম্যমণুমেতমাপ্য।
স মোদতে মোদনীয়ং হি লব্ধ্বা
বিবৃতং সদ্ম নচিকেতসং মন্যে ॥ ১-২-১৩ ॥

মর্ত্ত্যঃ এতৎ বক্ষ্যমাণং আত্মতত্ত্বং শ্রুত্বা, 'সংপরিগৃহ্য' সম্যক্ অবধার্য্য, তথা 'প্রবৃহ্য' পৃথক্কৃত্য চ শরীরাদেঃ, 'ধর্ম্ম্যং' ধর্ম্মাদনপেতং ধর্ম্মযুক্তং 'অণুং' সূক্ষ্মম্ এতম্ আত্মানং 'আপ্য' প্রাপ্য বর্ত্ততে; লব্ধ্বা চৈতং 'মোদনীয়ং' আনন্দনীয়ং আত্মানং স মোদতে 'হি' এব। ত্বাং নচিকেতসং প্রতি 'সদ্ম' ব্রহ্মরূপং ভবনং 'বিবৃতং' অপাবৃতদ্বারং মন্যে ॥১৩॥

মানব ইহা (আত্মতত্ত্বকে) শ্রবণ ও সম্যক্‌রূপে গ্রহণ করিয়া, এবং (শরীরাদি হইতে ইহাকে) পৃথক্ করিয়া ধর্ম্মযুক্ত এই সূক্ষ্ম (আত্মাকে) লাভ করিয়া থাকে ; এবং সে সেই

আনন্দনীয়কে লাভ করিয়া নিশ্চয়ই আনন্দিত হয়। হে নচিকেতা, আমি মনে করি, তোমার (ব্রহ্মরূপ) ভবনের দ্বার উন্মুক্ত হইয়াছে !॥১৩॥

১৪

অন্যত্র ধর্মাদন্যত্রাধর্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ।
অন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ যৎ তৎ
পশ্যসি তদ্বদ ॥ ১-২-১৪ ॥

নচিকেতা আহ—তৎ খলু যৎ বস্তু হে ভগবন্, ত্বং ধর্ম্মাদ্ 'অন্যত্র' পৃথক্‌ভূতং, অধর্ম্মাদ্ অন্যত্র, অস্মাৎ 'কৃতাকৃতাৎ' কৃতং কর্ম্ম, অকৃতং অকর্ম্ম, তত অন্যত্র, 'ভূতাৎ' অতীতাৎ চ অন্যত্র, 'ভব্যাৎ' ভবিষ্যতশ্চ অন্যত্র পশ্যসি, তৎ মে বদ ॥ ১৪ ॥

(নচিকেতা বলিলেন)—সেই যে বস্তুকে ধর্ম্ম হইতে পৃথক্ আবার অধর্ম্ম হইতেও পৃথক্, এই কর্ম্ম হইতে পৃথক্ আবার অকর্ম্ম হইতেও পৃথক্, এবং অতীত হইতেও পৃথক্ আবার ভবিষ্যৎ হইতেও পৃথক্ বলিয়া আপনি দেখিতেছেন, তাহা আমাকে বলুন ॥ ১৪ ॥

১৫

সর্বে বেদা যৎপাদমামনন্তি
তপাংসি সর্বাণি চ যদ্বদন্তি।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তৎ তে পদং সংগ্রহেণ
ব্রবীম্যোমিত্যেতৎ ॥ ১-২-১৫ ॥

সর্ব্বে বেদা যৎ 'পদং' গন্তব্যং আশ্রয়মিতি ভাবঃ 'আমনন্তি' প্রতিপাদয়ন্তি, সর্ব্বাণি তপাংসি চ যদ্ বদন্তি, যচ্চ ইচ্ছন্তঃ জনাঃ ব্রহ্মচর্য্যং চরন্তি, তৎ পদং সংগ্রহেণ' সংক্ষেপেণ 'তে' তুভ্যম্ অহং ব্রবীমি, এতৎ ওঁ ইতি ॥ ১৫ ॥

সমস্ত বেদ যে পদকে প্রতিপাদন করে, সমুদয় তপশ্চর্য্যা যাহাকে বলিয়া থাকে, এবং লোকেরা যাহাকে ইচ্ছা করিয়া ব্রহ্মচর্য্য অনুষ্ঠান করে, আমি তোমাকে সংক্ষেপে সেই পদ বলিতেছি, ইহা ওঁ ॥১৫॥

১৬

এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্ম এতদেবাক্ষরং পরং।
এতদ্ধ্যেবাক্ষরং জ্ঞাত্বা যো
যদিচ্ছতি তস্য তৎ ॥ ১৬ ॥

এতৎ হি এব অক্ষরং ব্রহ্ম, এতদেব চ অক্ষরং 'পরং' পরমং, এতৎ হি এব অক্ষরং জ্ঞাত্বা যো জনঃ যৎ ইচ্ছতি, তস্য তৎ ভবতি ॥ ১৬ ॥

এই অক্ষরই ব্রহ্ম, এবং এই অক্ষরই পরম; এই অক্ষরকেই জানিয়া যে ব্যক্তি যাহা ইচ্ছা করে, তাহার তাহাই হইয়া থাকে ॥ ১৬ ॥

১৭

এতদালম্বনং শ্রেষ্ঠমেতদালম্বনং পরম্।
এতদালম্বনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে ॥১৭ ॥

এতৎ শ্রেষ্ঠং আলম্বনং, এতৎ পরং আলম্বনং, এতৎ আলম্বনং জ্ঞাত্বা জনো ব্রহ্মলোকে 'মহীয়তে' পূজ্যতে ॥ ১৭ ॥

ইহা শ্রেষ্ঠ অবলম্বন, ইহা পরম অবলম্বন;

এই অবলম্বনকে জানিয়া লোক ব্রহ্মলোকে পূজিত হয় ॥ ১৭ ॥

১৮

ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিন্-
নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ১-২-১৮ ॥

'বিপশ্চিৎ' মেধাবী অবিপরিলুপ্তচৈতন্যস্বরূপ আত্মেত্যর্থঃ ন জায়তে ন বা ম্রিয়তে; অয়মাত্মা কুতশ্চিৎ কারণাৎ ন বভূব, ন চাস্মাৎ স্বস্মাদ্ আত্মনঃ 'কশ্চিৎ' অর্থান্তরভূতঃ পদার্থঃ বভূব। অতএব অয়ং অজঃ, নিত্যঃ, 'শাশ্বতঃ' অপক্ষয়রহিতঃ, পুরাণশ্চ। তস্মাৎ শরীরে হন্যমানেঽপি অয়ং ন হন্যতে ॥ ১৮ ॥

মেধাবী (চৈতন্যস্বরূপ আত্মা) জাত বা মৃত হয় না; ইহা কোথা হইতে হয় নাই, এবং (ইহা হইতেও) কোনো পদার্থ হয় নাই; ইহা অজ, নিত্য, শাশ্বত, (অপক্ষয়হীন) ও পুরা-

তন; শরীরকে হনন করিলেও ইহা হত হয় না ॥ ১৮ ॥

১৯

হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতং।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং
হন্তি ন হন্যতে ॥ ১-২১৯ ॥

হন্তা চেৎ এনং হনিষ্যামীতি হন্তুং মন্যতে, হতোঽপি চ অন্যো যদি আত্মানং হতোঽহম্ ইতি মন্যতে, তর্হি তৌ উভাবপি স্বং আত্মানং ন বিজানীতঃ, যতঃ অয়ং কমপি ন হন্তি, ন চ্যান্যেন কেনাপি হন্যতে ॥ ১৯ ॥

হন্তা যদি মনে করে যে, আমি ইহাকে হনন করিব, এবং যাহাকে হনন করা হইয়াছে সেও যদি মনে করে যে, আমি হত হইয়াছি, তবে তাহারা উভয়েই (নিজেকে আত্মাকে) জানে না, কেননা তাহা হননও করে না, এবং হতও হয় না ॥ ১৯ ॥

২০

অণোরণীয়ান্ মহতো মহীয়ান্
আত্মাস্য জন্তোর্নিহিতো গুহায়াম্।
তমক্রতুঃ পশ্যতি বীতশোকো
ধাতুপ্রসাদান্ মহিমানমাত্মনঃ ॥ ১-২-২০ ॥

অয়ম্ আত্মা অণোরপি 'অণীয়ান্' অণুতরঃ, মহতোঽপিচ 'মহীয়ান্' মহত্তরঃ, কিঞ্চায়মাত্মা অস্য 'জন্তোঃ' প্রাণিনঃ 'গুহায়াং' হৃদয়ে 'নিহিতঃ' স্থিতঃ। তং আত্মনঃ মহিমানং 'অক্রতুঃ' নিষ্কামো জনঃ 'ধাতুপ্রসাদাৎ' শরীরধারিণাং ইন্দ্রিয়াণাং সংযমেন প্রসন্নতায়াঃ, ইন্দ্রিয়েষু সংযমেন প্রসন্নেষু নির্ম্মলেষু সৎসু ইতি ভাবঃ, পশ্যতি, ততশ্চ বীতশোকো ভবতি ॥ ২০ ॥

এই আত্মা অণু হইতেও অণুতর, ও মহান্ হইতেও মহত্তর, এবং ইহা লোকের হৃদয়ে অবস্থিত; (ইন্দ্রিয়রূপ) ধাতুসমূহ নির্ম্মল হইলে নিষ্কাম ব্যক্তি আত্মার সেই মহিমাকে দর্শন করিয়া থাকেন, এবং তাহার পর বিগত-শোক হন ॥ ২০ ॥

২১

আসীনো দূরং ব্রজতি শয়ানো যাতি সর্ব্বতঃ।
কস্তং মদামদং দেবং মদন্যো জ্ঞাতুমর্হতি॥১-২-২১॥

স আত্মা আসীনোঽপি দূরং ব্রজতি, শয়ানোঽপি চ সর্ব্বতঃ যাতি, তং 'মদামদং' হর্ষাহর্ষোভয়বিশিষ্টং দেবং আত্মানং মদন্যঃ কো জনঃ জ্ঞাতুমর্হতি ॥ ২১ ॥

তাহা (আত্মা) আসীন হইয়াও দূরে বিচরণ করে, এবং শয়ান হইয়াও সর্ব্বত্র গমন করে; সেই হর্ষ-অহর্ষ উভয়বিশিষ্ট দেবকে আমি ভিন্ন আর কে জানিতে পারে? ॥২১॥

২২

অশরীরং শরীরেষু অনবস্থেষ্ববস্থিতং।
মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি॥
১-১-২২ ॥

ধীরো জনঃ 'অনবস্থিতেষু' অনিত্যেষু শরীরেষু বর্ত্তমানং 'অবস্থিতং' নিত্যং অশরীরং মহান্তং 'বিভুং' ব্যাপকং আত্মানং 'মত্বা' জ্ঞাত্বা ন শোচতি ॥ ২২ ॥

ধীর ব্যক্তি অনিত্য শরীরসমূহে বর্ত্তমান নিত্য অশরীর মহান্ ও ব্যাপক আত্মাকে জানিতে পারিয়া শোকহীন হইয়া থাকেন ॥২২॥

২৩

নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুধা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বাম্ ॥ ১-২-২৩ ॥

অয়মাত্মা 'প্রবচনেন' বেদাধ্যয়নেন ন লভ্যঃ, ন মেধয়া লভ্যঃ, ন চ বহুধা 'শ্রুতেন' শ্রবণেন; কিন্তু যমেব সাধকং এষ আত্মা 'বৃণুতে' প্রার্থয়তে অনুগৃহ্লাতীতি ভাবঃ, তেন লভ্যঃ, তস্য সমীপে এষ আত্মা স্বাং তনুং 'বিবৃণুতে' প্রকাশয়তি ॥ ২৩ ॥

বেদাধ্যয়নের দ্বারা এই আত্মাকে লাভ করিতে পারা যায় না, মেধা দ্বারা লাভ করিতে পারা যায় না, এবং বহুরূপে শ্রবণ দ্বারাও লাভ করা যায় না; যাঁহাকে ইহা বরণ করে,

তিনিই ইহাকে লাভ করিতে পারেন, এবং তাঁহারই নিকটে ইহা নিজের তনুকে প্রকাশিত করিয়া থাকে ॥ ২৩ ॥

২৪

নাবিরতো দুশ্চরিতান্নাশান্তো নাসমাহিতঃ।
নাশান্তমানসো বাপি প্রজ্ঞানে-
নৈনমাপ্নুয়াৎ ॥১-২-২৪॥

দুশ্চরিতাৎ অবিরতো জনঃ 'প্রজ্ঞানেন' প্রজ্ঞয়া এনং আত্মানং ন 'আপ্নুয়াৎ' লভেত, ন অশান্তঃ, ন অসমাহিতঃ, ন বা অশান্তমানসো জনঃ এনম্ আপ্নুয়াৎ ॥ ২৪ ॥

অসদাচরণ হইতে অনিবৃত্ত ব্যক্তি প্রজ্ঞার দ্বারা ইহাকে লাভ করিতে পারে না, অশান্ত ব্যক্তি ইহাকে লাভ করিতে পারে না, অসমাহিত ব্যক্তি ইহাকে লাভ করিতে পারে না, বা অশান্তচিত্ত ব্যক্তিও ইহাকে লাভ করিতে পারে না ॥ ২৪ ॥

২৫

আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু।
বুদ্ধিং তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ॥১-৩-৩॥

'প্রগ্রহং' রশনাং রজ্জুং, 'বিদ্ধি' জানীহি। অন্যৎ সুগমম্॥২৫॥

নিজেকে রথী বলিয়া জান, শরীরকে রথ বলিয়া জান, বুদ্ধিকে সারথি বলিয়া জান, এবং মনকে রজ্জু বলিয়াই জান॥২৫॥

২৬

ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্।
আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তে-
ত্যাহুর্মনীষিণঃ॥১-৩-৪॥

মনীষিণঃ ইন্দ্রিয়াণি পূর্বোক্তস্য রথস্য 'হয়ান্' অশ্বান্ 'আহুঃ' ব্রুবন্তি, তেষু চ ইন্দ্রিয়েষু অশ্বত্বেন কল্পিতেষু তে মনীষিণঃ রূপরসাদীন্ বিষয়ান্ 'গোচরান্' মার্গান্ আহুঃ, 'আত্মেন্দ্রিয়মনোযুক্তং' শরীরেন্দ্রিয়-মনঃসহিতং আত্মানং চ 'ভোক্তা' ভোগকর্তা সংসারীতি আহুঃ॥২৬॥

মনীষিগণ ইন্দ্রিয়সমূহকে (সেই রথের) অশ্ব, ও (রূপরসাদি) বিষয়সমূহকে তাহাদের পথ বলিয়া থাকেন; এবং শরীর, ইন্দ্রিয় ও মনের সহিত বর্ত্তমান (আত্মাকে) তাঁহারা ভোক্তা বলেন ॥২৬॥

২৭

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যযুক্তেন মনসা সদা।
তস্যেন্দ্রিয়াণ্যবশ্যানি দুষ্টাশ্বা ইব সারথেঃ ॥১-৩-৫॥

যস্তু জনঃ 'অবিজ্ঞানবান্' অবিবেকী, সদা চ 'অযুক্তেন' অসমাহিতেন মনসা ভবতি, সারথেঃ দুষ্টা অশ্বা ইব তস্য ইন্দ্রিয়াণি 'অবশ্যানি' অবশীভূতানি ভবন্তি ॥২৭॥

যে ব্যক্তি বিবেকহীন, ও যাহার মন সর্ব্বদা অসমাহিত, সারথির দুষ্ট অশ্বের ন্যায় তাহার ইন্দ্রিয়সমূহ বশীভূত থাকে না ॥২৭॥

২৮

যস্তু বিজ্ঞানবান্ ভবতি যুক্তেন মনসা সদা।
তস্যেন্দ্রিয়াণি বশ্যানি সদশ্বা ইব সারথেঃ ॥১-৩-৬॥

যঃ পুনর্জনঃ 'বিজ্ঞানবান্' বিবেকী, সদা চ 'যুক্তেন' সমাহিতেন মনসা ভবতি, সারথেঃ সাধবঃ অশ্বা ইব তস্য ইন্দ্রিয়াণি বশ্যানি ভবন্তি ॥২৮॥

কিন্তু যে ব্যক্তি বিবেকী ও যাহার মন সর্ব্বদা সমাহিত, সারথির উত্তম অশ্বের ন্যায় তাহার ইন্দ্রিয়সমূহ বশীভূত থাকে ॥২৮॥

২৯

যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যমনস্কঃ সদাশুচিঃ।
ন স তৎ পদমাপ্নোতি সংসারং
চাধিগচ্ছতি ॥১-৩-৭॥

যস্তু জনঃ 'অবিজ্ঞানবান্' অবিবেকী, সদা 'অমনস্কঃ' অসংযতমনস্কঃ, তত এব চ 'অশুচিঃ' অপবিত্রঃ, স তৎ পূর্ব্বোক্তং পদং ন আপ্নোতি, অধিগচ্ছতি চ সংসারম্ ॥২৯॥

যে ব্যক্তি অবিবেকী, অসংযতচিত্ত, ও সর্ব্বদা অশুচি, সে সেই পদকে প্রাপ্ত হয় না, এবং সংসার প্রাপ্ত হইয়া থাকে ॥২৯॥

৩০

যস্তু বিজ্ঞানবান্ ভবতি সমনস্কঃ সদা শুচিঃ।
স তু তৎ পদমাপ্নোতি যস্মাদ্ ভূয়ো
ন জায়তে ॥১-৩-৮॥

যঃ পুনর্জনঃ বিজ্ঞানবান্, সমনস্কঃ, সদা শুচিশ্চ ভবতি, স তৎ পদং আপ্নোতি, যস্মাৎ স ভূয়ো ন জায়তে। ৩০॥

কিন্তু যে ব্যক্তি বিবেকী ও শুচি, এবং যাহার মন সংযত, সে সেই পদ লাভ করে—যাহাতে আর তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না ॥৩০॥

৩১

বিজ্ঞানসারথির্যস্তু মনঃপ্রগ্রহবান্ নরঃ।
সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ
পরমং পদম্ ॥১-৩-৯॥

যস্তু নরঃ 'বিজ্ঞানসারথিঃ' বিজ্ঞানং বিবেক-বুদ্ধিঃ সারথির্যস্য স তথোক্তঃ, 'মনঃপ্রগ্রহবান্'

মনোরূপঃ প্রগ্রহঃ রসনা অস্য অস্তীতি সঃ, সঃ 'অধ্বনঃ' সংসারমার্গস্য 'পারং' পাররূপমিতি ভাবঃ, 'বিষ্ণোঃ' ব্যাপনশীলস্য, তৎ পরমং পদং আপ্নোতি ॥ ৯ ॥

বিবেকবুদ্ধি যাহার সারথি, ও মন যাহার রজ্জু, সেই মানব (সংসার-) পথের পার-স্বরূপ বিষ্ণুর সেই পরম পদকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩১ ॥

৩২

এষ সর্ব্বেষু ভূতেষু গূঢ়োত্মা ন প্রকাশতে।
দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভিঃ॥১-৩-১২

সর্ব্বেষু ভূতেষু গূঢ় এষ আত্মা সর্ব্বস্য জনস্য ন প্রকাশতে, 'তু' কিন্তু 'অগ্র্যয়া' একাগ্রতাযুক্তয়া সূক্ষ্ময়া বুদ্ধ্যা সূক্ষ্মদর্শিভিঃ পণ্ডিতৈঃ দৃশ্যতে ॥ ৩২ ॥

সমস্ত ভূতের মধ্যে গূঢ়ভাবে অবস্থিত এই আত্মা (সকলের নিকট) প্রকাশিত হয় না; কিন্তু সূক্ষ্মদর্শিগণ একাগ্রতাযুক্ত সূক্ষ্ম বুদ্ধির দ্বারা ইহাকে দেখিতে পারেন ॥ ৩২ ॥

৩৩

উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া
দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি ॥ ১-৩-১৪ ॥

হে জীবাঃ, উত্তিষ্ঠত 'জাগ্রত' প্রবুদ্ধা ভবত, 'বরান্' শ্রেষ্ঠান্ আচার্য্যান্ 'প্রাপ্য' উপগম্য 'নিবোধত' অবগচ্ছত আত্মানং; যথা 'নিশিতা' :তীক্ষ্ণা ক্ষুরস্য ধারা 'দুরত্যয়া' দুঃখেন অত্যেতুং শক্যা দুর্গমা, তথৈব 'তৎ' আত্মতত্ত্বলক্ষণং 'পথঃ' পন্থানং 'কবয়ঃ' মেধাবিনো 'দুর্গং' দুর্গমং বদন্তি ॥ ১৪ ॥

(হে জীবগণ), উত্থিত হও ! জাগৃত হও ! শ্রেষ্ঠগণের নিকট গমন করিয়া (আত্মাকে) অবগত হও ! ক্ষুরের তীক্ষ্ণ ধারা যেমন দুরতিক্রমণীয়, মেধাবিগণ সেই (আত্মতত্ত্বরূপ) পথকেও সেইরূপ দুর্গম বলিয়া থাকেন ॥ ৩৩ ॥

৩৪

অশব্দমস্পর্শমরূপমব্যয়ং
তথারসং নিত্যমগন্ধবচ্চ যৎ ।

অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং
নিচায্য তন্মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে ॥১-৩-১৫ ॥

যৎ অশব্দং অস্পর্শং অরূপং অরসং অগন্ধবৎ 'অব্যয়ং', অক্ষয়ং অনাদি অনন্তং চ, তৎ 'মহতঃ' বুদ্ধেঃ পরং ধ্রুবং 'নিচায্য' অবগম্য জনো মৃত্যুমুখাৎ 'প্রমুচ্যতে' প্রমুক্তো ভবতি ॥ ৩৪ ॥

যাহা অশব্দ অস্পর্শ অরূপ অরস ও অগন্ধ, এবং যাহা অক্ষয় অনাদি ও অনন্ত, বুদ্ধিরও পরস্থিত সেই ধ্রুবকে জানিতে পারিয়া লোক মৃত্যুমুখ হইতে প্রমুক্ত হইয়া থাকে ॥ ৩৪ ॥

৩৫

পরাচঃ কামাননুযন্তি বালা-
স্তে মৃত্যোর্যন্তি বিততস্য পাশং ।
অথ ধীরা অমৃতত্বং বিদিত্বা
ধ্রুবমধ্রুবেষ্বিহ ন প্রার্থয়ন্তে ॥২-১-২॥

'বালাঃ' অল্পপ্রজ্ঞা জনাঃ 'পরাচঃ' বাহ্যান্ 'কামান্' কাম্যবিষয়ান্ 'অনুযন্তি' অনুসরন্তি, অতএব তে 'বিততস্য' সর্ব্বতো ব্যাপ্তস্য মৃত্যোঃ পাশং 'যন্তি'

গচ্ছন্তি' পাশেন বধ্যন্তে ইতি ভাবঃ, ধীরাঃ পুনঃ ধ্রুবং অমৃতত্বং বিদিত্বা 'ইহ' সংসারে অধ্রুবেষু পদার্থেষু ন কিমপি প্রার্থয়ন্তে ॥ ৩৫ ॥

অল্পবুদ্ধি মানবেরা বাহ্য কাম্যবস্তুসমূহ অনুসরণ করে ও তাহাতে সর্ব্বব্যাপী মৃত্যুর পাশে আবদ্ধ হয়; কিন্তু মেধাবিগণ ধ্রুব অমৃতত্বকে জানিতে পারিয়া সংসারে অধ্রুব পদার্থের মধ্যে কিছুই প্রার্থনা করেন না॥ ৩৫ ॥

৩৬

যতশ্চোদেতি সূর্য্যোঽস্তং যত্র চ গচ্ছতি।
তং দেবাঃ সর্ব্বে অর্পিতাস্তদু নাত্যেতি কশ্চন॥
এতদ্বৈ তৎ ॥২-১-৯॥

সূর্য্যো 'যতঃ' যস্মাৎ উদেতি, যত্র চৈবঃ অস্তং গচ্ছতি, সর্ব্বে দেবাঃ 'তং অর্পিতাঃ' তস্মিন্ স্থাপিতাঃ, ন কশ্চিৎ তৎ 'অত্যেতি' অতিক্রামতি, এতদ্ এব চ 'তৎ' আত্মা ॥ ৩৬ ॥

যাঁহা হইতে সূর্য্য উদিত হন, ও যাহাতে অস্ত যান, সমস্ত দেবগণ তাঁহাতেই স্থাপিত;

তাঁহাকে কেহ অতিক্রম করিতে পারে না; এবং ইনিই সেই (আত্মা) ॥ ৩৬ ॥

৩৭

যদেবেহ তদমুত্র যদমুত্র তদন্বিহ।
মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব
পশ্যতি ॥২-১-১০॥

যদ্ এব ইহ (অবিবেকিনাং সংসারধর্ম্মবৎ অবভাস-
ং), তদ্ এব 'অমুত্র' অমুষ্মিন্ (বিবেকিনাং
সারধর্ম্মবর্জ্জিতং ব্রহ্ম), যচ্চ অমুত্র তদেব ইহ 'অমু'
বিভাব্যমানং ভবতি, অতঃ যো জনঃ ইহ ব্রহ্মণি
না ইব' পৃথক্ পৃথক্ ইব পশ্যতি, সঃ মৃত্যোঃ সকাশাৎ
ং আপ্নোতি ॥ ৩৭ ॥

যাহা এখানে তাহাই ওখানে, এবং যাহা
খানে তাহাই এখানে; অতএব যে ব্যক্তি
খানে নানাভাব দর্শন করে, সে মৃত্যুর
কট হইতে মৃত্যু প্রাপ্ত হয় ॥ ৩৭ ॥

৩৮

মনসৈবেদমাপ্তব্যং নেহ নানাস্তি কিঞ্চন।
মৃত্যোঃ স মৃত্যুং গচ্ছতি য ইহ নানেব
পশ্যতি ॥২-১-১১॥

মনসৈব ইদং প্রাপ্তব্যং, ইহ ব্রহ্মণি 'কিঞ্চন' কিমপি নানা নাস্তি; যস্তু জন ইহ নানেব পশ্যতি স মৃত্যোঃ সকাশাৎ মৃত্যুং 'গচ্ছতি' প্রাপ্নোতি ॥ ৩৮ ॥

মনের দ্বারাই ইঁহাকে পাওয়া যায়; ইঁহাতে নানাভাব কিছুই নাই; যিনি ইঁহাতে নানাভাবের ন্যায় দর্শন করেন, তিনি মৃত্যুর নিকট হইতে মৃত্যুপ্রাপ্ত হন ॥ ৩৮ ॥

৩৯

যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি।
এবং মুনের্বিজানত আত্মা ভবতি
গৌতম ॥২-১-১৪॥

হে গৌতম, যথা শুদ্ধে উদকে 'আসিক্তং' প্রক্ষিপ্ত শুদ্ধং উদকং তাদৃক্ এব একরসং ভবতি, একত্ব বিজানতঃ মুনেঃ আত্মাপ্যেবং ভবতি ॥ ৩৯ ॥

হে গৌতম, যেমন নির্ম্মল সলিলে প্রক্ষিপ্ত নির্ম্মল সলিল সেই (এক) রূপই হইয়া যায়, (একত্ব-) জ্ঞানশালী মুনির আত্মাও এইপ্রকার হইয়া থাকে ॥ ৩৯ ॥

৪০

অস্য বিস্রংসমানস্য শরীরস্থস্য দেহিনঃ।
দেহাদ্ বিমুচ্যমানস্য কিমত্র পরিশিষ্যতে ॥
এতদ্বৈ তৎ ॥২-২-৪॥

অস্য শরীরস্থস্য বিস্রংসমানস্য দেহাদ্ বিমুচ্যমানস্য 'দেহিনঃ' দেহবতঃ আত্মনঃ অত্র দেহে কিং পরিশিষ্যতে? এতৎ তদেব আত্মেতি ভাবঃ ॥৪০॥

এই শরীরস্থ দেহী (আত্মা) যখন চলিয়া যায়, যখন ইহা দেহ হইতে বিমুক্ত হয়, তখন ইহাতে (দেহে) কি অবশিষ্ট থাকে? ইহাই সেই (আত্মা) ॥৪০॥

৪১

ন প্রাণেন নাপানেন মর্ত্ত্যো জীবতি কশ্চন।
ইতরেণ তু জীবন্তি যস্মিন্নেতাবুপাশ্রিতৌ ॥২-২-৫॥

'কশ্চন' কোঽপি 'মর্ত্ত্যঃ' মনুষ্যঃ ন প্রাণেন বায়ুনা জীবতি, ন চ অপানেন জীবতি, 'তু' কিন্তু জীবা 'ইতরেণ' প্রাণাপানাভ্যাং ভিন্নেনৈব পদার্থেন জীবন্তি, যস্মিন্ পদার্থে এতৌ প্রাণাপানৌ 'উপাশ্রিতৌ' কৃতাশ্রয়ৌ স্থিতৌ॥ ৪১ ॥

কোন মনুষ্যই প্রাণ-বায়ুর দ্বারা বাঁচিয়া থাকে না, বা অপান-বায়ুর দ্বারা বাঁচিয়া থাকে'না; কিন্তু লোকেরা অপর এক পদার্থে জীবনধারণ করে—যাহাতে (প্রাণ ও অপান) এই উভয়ই আশ্রিত হইয়া রহিয়াছে ॥৪১॥

৪২

হন্ত ত ইদং প্রবক্ষ্যামি গুহ্যং ব্রহ্ম সনাতনং।
যথা চ মরণং প্রাপ্য আত্মা ভবতি গৌতম ॥৪২॥

'হন্ত' অহো (হর্ষে) হে গৌতম, তুভ্যমহং পুনরপীদ 'সনাতনং' চিরন্তনং গুহ্যং ব্রহ্ম প্রবক্ষ্যামি; আত্ম চায়ং মরণং প্রাপ্য মরণোত্তরমিতি ভাবঃ, 'যথা' যেন প্রকারেণ ভবতি, তদপি চ অহং তুভ্যং প্রবক্ষ্যামি ॥৪২।

হে গৌতম, আমি তোমাকে এই সনাতন গুহ্য ব্রহ্ম বিশেষরূপে বলিব, এবং মৃত্যু প্রাপ্ত হইলে আত্মা যেরূপ হইয়া থাকে, তাহাও বলিব ॥৪২॥

৪৩

যোনিমন্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ।
স্থাণুমন্যেঽনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্ ॥২-২-৭॥

'অন্যে' কেচন 'দেহিনঃ' দেহবন্তঃ আত্মানঃ 'শরীরত্বায়' শরীরগ্রহণার্থং 'যথাকর্ম্ম' স্বস্বকৃতকর্ম্মানুসারেণ 'যথাশ্রুতং' যাদৃশং বিজ্ঞানমুপার্জ্জিতং তদনুসারেণ চ যোনিং 'প্রপদ্যন্তে' প্রাপ্নুবন্তি, অন্যে পুনঃ কেচন আত্মানঃ 'স্থাণুং' স্থাণুত্বং স্থাবরত্বমিতি ভাবঃ 'অনুসংযন্তি' অনুগচ্ছন্তি ॥ ৪৩ ॥

নিজ নিজ কর্ম্ম ও বিজ্ঞান অনুসারে কোন কোন আত্মা শরীরগ্রহণের জন্য যোনিতে গমন করে, এবং কোন কোন আত্মা স্থাবরত্ব প্রাপ্ত হয় ॥ ৪৩ ॥

৪৪

য এষ সুপ্তেষু জাগর্ত্তি কামং কামং
পুরুষো নির্ম্মিমাণঃ।
তদেব শুক্রং তদ্ ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন
এতদ্বৈ তৎ ॥২-২-৮ ॥

জীবেষু সুপ্তেষু সৎসু য এষ পুরুষঃ 'কামং কামং' জীবানাং তৎ তৎ অভিপ্রেতং বস্তু 'নির্ম্মিমণাঃ' নিষ্পাদয়ন্ জাগর্ত্তি, তদেব 'শুক্রং' শুক্লং শুভ্রং নির্ম্মলং, তদেব ব্রহ্ম, তদেব চ অমৃতং উচ্যতে, তস্মিন্নেব সর্ব্বে লোকা 'শ্রিতাঃ' আশ্রিতাঃ, ন কশ্চন তৎ 'অত্যেতি' অতিক্রাম্যতি, এতদ্ এব চ 'তৎ' ত্বয়া পরিপৃষ্ট আত্মা ॥ ৪৪ ॥

(জীবগণ) সুপ্ত হইলে যে পুরুষ (জীবগণের) কাম্যবস্তুসমূহ নির্ম্মাণ করিয়া জাগিয়া থাকেন, তিনিই নির্ম্মল, তিনিই ব্রহ্ম, এবং তাঁহাকেই অমৃত বলা হয়; সমস্ত লোক তাঁহাতেই অবস্থিত, কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারে না, এবং ইনিই সেই (আত্মা) ॥৪৪॥

৪৫

অগ্নির্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভূব।
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ ॥২-২-৯॥

যথা এক এব প্রকাশস্বরূপঃ অগ্নিঃ ভুবনমিদং প্রবিষ্টঃ সন্ 'রূপং রূপং' দার্বাদিদাহ্যবস্তুরূপভেদেন ইতি ভাবঃ 'প্রতিরূপঃ' তত্তৎপ্রতিরূপধারী তত্তৎসদৃশরূপঃ বভূব, তথা এক এবায়ং সর্ব্বেষাং ভূতানাং অভ্যন্তর আত্মা রূপং রূপং প্রতি প্রতিরূপঃ জাতঃ, বহিশ্চায়ং আকাশাদিবৎ স্বেন রূপেণ অবস্থিতঃ ॥ ৪৫ ॥

যেমন একই অগ্নি ভুবনে প্রবিষ্ট হইয়া (কাষ্ঠপ্রভৃতি) প্রত্যেক রূপের সদৃশরূপ ধারণ করিয়াছে, সেইরূপ একই সর্ব্বভূতের অন্তরাত্মা (দেহপ্রভৃতি) প্রত্যেক রূপের সদৃশরূপ ধারণ করিয়াছেন, ও বহির্দ্দেশেও বিদ্যমান আছেন॥ ৪৫ ॥

৪৬

সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষু-
র্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ।
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ ॥২-২-১১॥

যথা সর্ব্বলোকস্য চক্ষুঃস্বরূপঃ সূর্য্যঃ 'চাক্ষুষৈঃ' চক্ষুর্গ্রাহ্যৈঃ 'বাহ্যদোষৈঃ' বহিঃস্থিতৈঃ অশুচ্যাদিসংসর্গদোষৈঃ ন লিপ্যতে, তথা একঃ সর্ব্বভূতান্তরাত্মা লোকদুঃখেন ন লিপ্যতে, যতঃ স 'বাহ্যঃ' তাদৃশদুঃখসংসর্গকারণাদ্ বহির্দেশেঽবস্থিতঃ ॥ ৪৬ ॥

যেমন সর্ব্বলোকের চক্ষুস্বরূপঃ সূর্য্য চক্ষুগ্রাহ্য বহিস্থিত (অশুচিপ্রভৃতি পদার্থের সংসর্গ) দোষে লিপ্ত হন না, সেইরূপ এক সর্ব্বভূতের অন্তরাত্মা লোকের (অর্থাৎ সংসারের) দুঃখে লিপ্ত হন না, কেননা তিনি (তাদৃশ দুঃখসম্বন্ধকারণের) বাহিরে ॥৪৬॥

৪৭

একো বশী সর্ব্বভূতান্তরাত্মা
একং রূপং বহুধা যঃ করোতি।

তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-

স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥২-২-১২ ॥

যঃ খল্বেকঃ 'বশী' বশীকৃতনিখিললোকঃ সর্ব্বভূতান্তরাত্মা একং স্বকীয়ং রূপং বহুধা করোতি, যে ধীরাঃ জনাঃ তম্ 'আত্মস্থং' স্বস্থ আত্মনি হৃদয়ে স্থিতং অনুপশ্যন্তি, তেষাং এব শাশ্বতং সুখং ভবতি, ন তু ইতরেষাম্ ॥ ৪৭ ॥

যিনি এক ও (সকলের) বশীকর্ত্তা; যিনি সমস্ত ভূতের অন্তরাত্মা ও (স্বকীয়) এক রূপকে বহুপ্রকার করেন, যে মেধাবিগণ তাঁহাকে (নিজের) হৃদয়াবস্থিত দর্শন করেন, তাঁহাদেরই শাশ্বত সুখ হইয়া থাকে, অপরের নহে ॥ ৪৭ ॥

৪৮

নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানা-

মেকো বহূনাং যো বিদধাতি কামান্।

তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা-

স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥২-২-১৩ ॥

যঃ অনিত্যানাং মধ্যে নিত্যঃ, চেতনানাং চ 'চেতনঃ' চৈতন্যসম্পাদকঃ, যশ্চ এক এব 'বহূনাং' অনেকেষাং 'কামান্' কাম্যপদার্থান্ 'বিদধাতি' প্রযচ্ছতীতি ভাবঃ, যে ধীরা ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৪৮ ॥

যিনি অনিত্যসমূহের মধ্যে নিত্য, যিনি চেতনগণের চেতন (অর্থাৎ চেতনত্বসম্পাদক), ও যিনি এক হইয়া অনেকের কাম্যবস্তুসমূহ বিধান করেন, যে মেধাবিগণ তাঁহাকে (নিজের) হৃদয়াবস্থিত দর্শন করেন, তাঁহাদেরই শাশ্বত সুখ হইয়া থাকে, অপরের নহে ॥৪৮॥

৪৯

তদেতদিতি মন্যন্তেঽনির্দ্দেশ্যং পরমং সুখং।
কথং নু তদ্বিজানীয়াং কিমু ভাতি
বিভাতি বা ॥২-২-১৪॥

যৎ আত্মরূপং 'অনির্দ্দেশ্যং' নির্দ্দেষ্টুং অশক্যং পরমং সুখং ব্রহ্মবিদঃ 'তদেতৎ' ইতি প্রত্যক্ষং 'মন্যন্তে' জানন্তি, কথং নু অহং তৎ 'বিজানীয়াং' অনুভবেয়মিতি ভাবঃ, তৎ কিং 'ভাতি' প্রকাশতে, 'বিভাতি বা' বিস্পষ্টং দৃশ্যতে বা ॥ ৪৯ ॥

(ব্রহ্মবিদ্গণ যে) অনির্দ্দেশ্য পরম সুখকে 'তাহা এই' এইরূপে (প্রত্যক্ষভাবে) অনুভব করিয়া থাকেন, কি প্রকারে আমি তাঁহাকে জানিব? তিনি কি প্রকাশ পাইতেছেন? তাঁহাকে কি বিস্পষ্টভাবে দেখা যায়? ॥ ৪৯ ॥

৫০

ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তমনু ভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥২-২-১৫॥

'তত্র' তস্মিন্ ব্রহ্মণি সূর্য্যো ন ভাতি, ন খলু সূর্য্যস্তদ্ ব্রহ্ম প্রকাশয়িতুং শক্নোতীতি ভাবঃ, এবমুত্তরত্রাপি, ন চন্দ্রঃ ন চ তারকা ভাতি, ন ইমা বিদ্যুতো ভান্তি, কুতোঽয়ং তুচ্ছঃ অগ্নিঃ। তমেব পরমেশ্বরং ভান্তং অনু সর্ব্বং ভাতি, তস্যৈব চ ভাসা সর্ব্বমিদং বিস্পষ্টং ভাতি ॥ ৫০ ॥

তাঁহার নিকটে সূর্য্য প্রকাশ পায় না, চন্দ্র-তারকা প্রকাশ পায় না, এই বিদ্যুৎসমূহ

প্রকাশ পায় না, (অতএব) অগ্নি আর কোথায়? তিনি প্রকাশ পাইতেছেন বলিয়াই তদনুসরণে সমস্ত প্রকাশ পাইয়া থাকে, তাঁহার প্রকাশেই এই সমস্ত বিস্পষ্টভাবে প্রকাশিত হইতেছে ॥১৫॥

৫১

ঊর্দ্ধমূলোঽবাক্‌শাখ এষোঽশ্বত্থঃ সনাতনঃ।
তদেব শুক্রং তদ্‌ ব্রহ্ম তদেবামৃতমুচ্যতে।
তস্মিঁল্লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন।
এতদ্বৈ তৎ ॥২-৩-১১॥

এষ 'সনাতনঃ' অনাদিত্বাৎ চিরপ্রবৃত্তঃ সংসাররূপঃ অশ্বত্থো বৃক্ষঃ 'ঊর্দ্ধমূলঃ' ঊর্দ্ধং বিষ্ণোঃ পরমপদরূপং মূলং যস্য স তথোক্তঃ, 'অবাক্‌শাখঃ' অবাচ্যঃ নিম্নগামিন্যঃ নীচস্থিতাঃ শাখা যস্য সঃ। অস্য সংসারবৃক্ষস্য মূলস্বরূপং তদেব 'শুক্রং' শুক্রং নির্ম্মলং, তদেব ব্রহ্ম, তদেব চ অমৃতমুচ্যতে, তস্মিন্নেব সর্ব্বে লোকা আশ্রিতাঃ, ন কশ্চন তৎ অতিক্রামতি, এতদেব চ 'তৎ' আত্মা ॥৫১॥

এই চিরন্তন (সংসাররূপ) অশ্বত্থবৃক্ষের মূল ঊর্দ্ধে (অর্থাৎ বিষ্ণুর সেই পরম পদই

ইহার মূলস্বরূপ), এবং শাখা নিম্নে ; (যিনি এই সংসার বৃক্ষের মূলস্বরূপ) তিনিই নির্ম্মল, তিনিই ব্রহ্ম, এবং তাঁহাকেই অমৃত বলা হইয়া থাকে ; সমস্ত লোক তাঁহাতেই আশ্রিত, কেহই তাঁহাকে অতিক্রম করিয়া যাইতে পারে না ; এবং ইনিই সেই (আত্মা) ॥৫১॥

৫২

ভয়াদস্যাগ্নিস্তপতি ভয়াৎ তপতি সূর্য্যঃ।
ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ ॥২-৩-৩॥

অস্য ভয়াৎ অগ্নিস্তপতি, অস্য ভয়াৎ সূর্য্যস্তপতি, অস্য ভয়াৎ ইন্দ্রশ্চ বায়ুশ্চ এষাং পঞ্চমো মৃত্যুশ্চ 'ধাবতি' স্বস্বকর্ম্মসু প্রবর্ত্ততে ॥ ৫২ ॥

অগ্নি ইঁহার ভয়ে তাপ প্রদান করিতেছেন! সূর্য্য ইঁহার ভয়ে তাপ প্রদান করিতেছেন! এবং ইন্দ্র, বায়ু ও ইঁহাদের পঞ্চম মৃত্যু ধাবিত হইতেছেন! ॥৫২॥

৫৩

न সন্দৃশে তিষ্ঠতি রূপমস্য
ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং।
হৃদা মনীষা মনসাভিক্লৃপ্তো
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ২-৩-৯ ॥

অস্য রূপং 'সন্দৃশে' সন্দর্শনবিষয়ে ন তিষ্ঠতি, অতএব ন কশ্চন এনং চক্ষুষা পশ্যতি; 'হৃদা' হৃদয়-স্থিতয়া 'মনীষা' সঙ্কল্পাদিরূপস্য মনসঃ ঈষ্টে নিয়ন্তৃ-ত্বেনেতি মনীট্ তয়া বুদ্ধ্যা অবিকল্পিতয়া বিকল্পরহিতয়া অসন্দিগ্ধয়েতি ভাবঃ, 'মনসা' মননেন চ এষ 'অভিক্লৃপ্তঃ' অভিপ্রকাশিতো ভবতি। যে জনা এতদ্ আত্মরূপং ব্রহ্ম 'বিদুঃ' জানন্তি, তে অমৃতা ভবন্তি ॥৫৩॥

ইহার রূপ দর্শনগোচর হয় না, চক্ষুর দ্বারা কেহ ইহাকে দেখিতে পায় না; হৃদয়স্থিত অসন্দিগ্ধ-স্থির বুদ্ধি ও মননের দ্বারা ইনি প্রকাশিত হন; এবং যাঁহারা ইহাকে জানেন, তাঁহারা অমৃত হইয়া থাকেন ॥৫৩॥

৫৪

যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ।
বুদ্ধিশ্চ ন বিচেষ্টতি তামাহুঃ পরমাং গতিম্ ॥
২-৩-১০॥

যদা পঞ্চ 'জ্ঞানানি' জ্ঞানেন্দ্রিয়াণি মনসা সহ 'অবতিষ্ঠন্তে' অবস্থিতানি স্থিরাণি ভবন্তি, বুদ্ধিশ্চ ন 'বিচেষ্টতি' স্বব্যাপারেষু ব্যাপ্রিয়তে, তদা যোগিনঃ তাং অবস্থাং পরমাং গতিমাহুঃ ॥ ৫৪ ॥

যখন মনের সহিত পঞ্চ জ্ঞানেন্দ্রিয় স্থির হইয়া থাকে, এবং বুদ্ধিও (নিজ কার্য্যে) ব্যাপৃত হয় না, তখন (যোগিগণ সেই অবস্থাকে) পরম গতি বলিয়া থাকেন ॥৫৪॥

৫৫

তাং যোগমিতি মন্যন্তে স্থিরামিন্দ্রিয়ধারণাম্।
অপ্রমত্তস্তদা ভবতি যোগো হি
প্রভবাপ্যয়ৌ ॥২-৩-১১॥

তাং স্থিরাং ইন্দ্রিয়ধারণাং যোগিনঃ 'যোগমিতি' যোগঃ ইতি মন্যন্তে ; তস্মিন্ সময়ে যোগী অপ্রমত্তো

ভবতি, যতঃ যোগঃ 'প্রভবাপায়ৌ' উৎপত্তিক্ষয়ধর্ম্মকঃ, অতঃ অপায়পরিহারায় অপ্রমাদ আবশ্যকঃ ॥ ৫৫

(যোগিগণ) সেই স্থির ইন্দ্রিয়ধারণাকে যোগ বলিয়া মনে করেন; এবং (যোগী) তখন অপ্রমত্ত হইয়া থাকেন, কেননা যোগের উৎপত্তি ও ক্ষয় আছে ॥৫৫॥

৫৬

নৈব বাঁচা ন মনসা প্রাপ্তুং শক্যো ন চক্ষুষা।
অস্তীতি ব্রুবতোঽন্যত্র কথং তদুপলভ্যতে ॥
২ ৩-১২॥

এষ আত্মা পরমেশ্বরঃ নৈববাচা ন মনসা ন চ চক্ষুষা প্রাপ্তুং শক্যঃ; 'অস্তীতি ব্রুবতঃ' অস্তি জগতো মূলং পরমেশ্বর ইতিবাদিনঃ আস্তিকাৎ 'অন্যত্র' অন্যস্মিন্ নাস্তিকবাদিনি কথং তৎ উপলভ্যতে? ন কথঞ্চন উপলভ্যত ইতি ভাবঃ ॥ ৫৬ ॥

বাক্যের দ্বারা ইঁহাকে প্রাপ্ত হওয়া যায় না, মনের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, এবং চক্ষুর দ্বারাও প্রাপ্ত হওয়া যায় না; যিনি বলেন যে,

তিনি আছেন,' তাঁহা ভিন্ন অন্যের নিকটে তিনি কিরূপে প্রকাশিত হন ? ॥৫৬॥

৫৭

যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ॥

২-৩-১৪॥

যদা অস্য জীবস্য সর্ব্বে কামাঃ, যে হি কামাঃ অস্য হৃদয়ে অবস্থিতাঃ, 'প্রমুচ্যন্তে' বিনশ্যন্তীতি ভাবঃ, 'অথ' অনন্তরং মর্ত্ত্যঃ অমৃতো ভবতি, 'সমশ্নুতে' প্রাপ্নোতি চ অত্রৈব ব্রহ্ম ॥ ৫৭ ॥

ইহার (মর্ত্ত্য-জীবের) যে সকল কামনা হৃদয়ে অবস্থিত রহিয়াছে, তাহারা যখন সমস্তই বিনষ্ট হইয়া যায়, মর্ত্ত্য তখন অমৃত হয় ও এইখানেই ব্রহ্মকে লাভ করিতে পারে ॥৫৭॥

৫৮

যদা সর্ব্বে প্রভিদ্যন্তে হৃদয়স্যেহ গ্রন্থয়ঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো, ভবত্যেতাবদ্ধ্যনুশাসনম্ ॥

২-৩-১৫॥

ইহ লোকে যদা হৃদয়স্য সর্ব্বে 'গ্রন্থয়ঃ' গ্রন্থিবদ্ দৃঢ়বন্ধনরূপা অবিদ্যাপ্রত্যয়াঃ—অহমিদং শরীরং, মমেদং ধনং, সুখী দুঃখী চাহমিত্যাদিলক্ষণাঃ 'প্রভিদ্যন্তে' বিনশ্যন্তি, অথ মর্ত্ত্যঃ অমৃতো ভবতি। এতাবদ্ এব 'অনুশাসনং' উপদেশঃ ॥ ৫৮ ॥

যখন হৃদয়ের সমস্ত গ্রন্থি বিনষ্ট হইয়া যায়, মর্ত্ত্য তখন অমৃত হইয়া থাকে। উপদেশ এই পর্য্যন্তই ॥৫৮॥

অথর্ব্ববেদীয়

প্রশ্নোপনিষৎ

প্রশ্নোপনিষৎ

১

ওঁ সুকেশা চ ভারদ্বাজঃ, শৈব্যশ্চ সত্যকামঃ, সৌর্য্যায়ণী চ গার্গ্যঃ, কৌশল্যশ্চাশ্বলায়নঃ, ভার্গবো বৈদর্ভিঃ, কবন্ধী কাত্যায়নঃ, তে হৈতে ব্রহ্মপরা ব্রহ্মনিষ্ঠাঃ পরং ব্রহ্মান্বেষমাণা এষ হ বৈ তৎ সর্ব্বং বক্ষ্যতীতি তে হ সমিৎপাণয়ো ভগবন্তং পিপ্পলাদম্ উপসন্নাঃ ॥১-১॥

'ভারদ্বাজঃ' ভরদ্বাজস্য অপত্যং সুকেশা নাম,'শৈব্যঃ' শিবেরপত্যং সত্যকামো নাম, 'গার্গ্যঃ' গর্গগোত্রোৎপন্নঃ 'সৌর্য্যায়ণী' সূর্য্যস্যাপত্যং সৌর্য্যঃ, তস্য অপত্যং সৌর্য্যায়ণিঃ, ছান্দসং দীর্ঘত্বং, সৌর্য্যায়ণির্নাম, অশ্বলস্যাপত্যং আশ্বলায়নঃ কৌশল্যো নাম, 'ভার্গবঃ' ভৃগোর্গোত্রাপত্যং 'বৈদর্ভিঃ' বিদর্ভে ভবঃ তন্নামা, 'কাত্যায়নঃ' কত্যস্যাপত্যং কবন্ধী নাম চ। তে হ এতে ব্রহ্মপরা ব্রহ্মনিষ্ঠাশ্চ পরং ব্রহ্ম 'অন্বেষমাণাঃ' অম্বিষ্যন্তঃ এষ হ ভগবান্ পিপ্পলাদঃ সর্ব্বং বক্ষ্যতীতি মত্বা পাণিনা সমিধং গৃহীত্বা তৎসমীপমুপস্থিতাঃ ॥ ১ ॥

ভারদ্বাজ সুকেশা, শিবিপুত্র সত্যকাম, গর্গগোত্রীয় সৌর্য্যায়ণি, আশ্বলায়ন কৌশল্য, ভৃগুগোত্রীয় বৈদর্ভি, ও কাত্যায়ন কবন্ধী,—ইঁহারা সকলেই ব্রহ্মপর ও ব্রহ্মনিষ্ঠ। ইঁহারা পরম ব্রহ্মের অনুসন্ধানের জন্য 'ইনিই আমাদিগকে সেই সমুদয় বলিয়া দিবেন'—এই মনে করিয়া হস্তে সমিৎ গ্রহণপূর্ব্বক ভগবান্ পিপ্পলাদের নিকট উপস্থিত হইয়াছিলেন ॥১॥

২

তান্ হ স ঋষিরুবাচ ভূয় এব তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া সংবৎসরং সংবৎস্যথ, যথাকামং প্রশ্নান্ পৃচ্ছত, যদি বিজ্ঞাস্যামঃ সর্ব্বং হ বো বক্ষ্যাম ইতি ॥১-২॥

'তপসা' ইন্দ্রিয়সংযমেন। অন্যৎ স্পষ্টম্ ॥২॥

সেই ঋষি তাঁহাদিগকে বলিলেন—তোমাদিগকে আরও সংবৎসর কাল তপস্যা, ব্রহ্মচর্য্য ও শ্রদ্ধা অবলম্বন করিয়া বাস করিতে হইবে। তাহার পর তোমরা ইচ্ছানুসারে

প্রশ্ন কর, আমি যদি জানি তোমাদিগকে সমস্তই বলিব ॥২॥

৩

অথ হৈনং সৌর্য্যায়ণী গার্গ্যঃ প্রপচ্ছ—ভগবন্, এতস্মিন্ পুরুষে কানি স্বপন্তি? কান্যস্মিঞ্জাগ্রতি? কতর এষ দেবঃ স্বপ্নান্ পশ্যতি? কস্যৈতৎ সুখং ভবতি? কস্মিন্নু সর্ব্বে সংপ্রতিষ্ঠিতা ভবন্তীতি?॥ ৪-১॥

হে ভগবন্, অস্মিন্ শিরোহস্তাদিমিতি পুরুষে কানি করণানি ইন্দ্রিয়াণি স্বপন্তি? কানি চ করণানি অস্মিন্ পুরুষে 'জাগ্রতি' জাগরণং কুর্ব্বন্তি অনিদ্রা-বস্থায়াম্? কার্য্যকারণলক্ষণয়োঃ দ্বয়োর্মধ্যে কতরো দেবঃ স্বপ্নান্ পশ্যতি? জাগ্রৎস্বপ্নোপরমে সতি সুষুপ্ত্যবস্থায়াং কস্যৈতৎ সুখং ভবতি? তস্মিন্ কালে জাগ্রৎস্বপ্নব্যাপারাদ্ উপরতাঃ সন্তঃ সর্ব্বে ইন্দ্রিয়রূপাঃ দেবাঃ কস্মিন্ নু প্রতিষ্ঠিতা ভবন্তি? ॥ ৩ ॥

অনন্তর গর্গগোত্রীয় সৌর্যায়ণি প্রশ্ন করিলেন—ভগবন্, এই পুরুষের মধ্যে কাহারা (অর্থাৎ কোন ইন্দ্রিয়গুলি) নিদ্রা যায় এবং

কাহারা জাগিয়া থাকে? কোন দেব ইহার মধ্যে স্বপ্ন দর্শন করেন? (সুষুপ্তি-অবস্থায়) এই সুখ কাহার হয়? এবং (সেই সময়ে) ইহারা সকলে (ইন্দ্রিয়সমূহ) কাহাতে প্রতিষ্ঠিত থাকে? ॥৩॥

৪

তস্মৈ স হোবাচ—যথা গার্গ্য, মরীচয়োঽর্কস্যাস্তং গচ্ছতঃ সর্ব্বা এতস্মিংস্তেজোমণ্ডল একীভবন্তি, তাঃ পুনঃ পুনরুদয়তঃ প্রচরন্তি, এবং হ বৈ তৎ সর্ব্বং পরে দেবে মনস্যেকীভবতি। তেন তর্হ্যেষ পুরুষো ন শৃণোতি ন পশ্যতি ন জিঘ্রতি ন রসয়তে ন স্পৃশতে নাভিবদতে নাদত্তে নানন্দয়তে ন বিসৃজতে নেয়ায়তে, স্বপিতীত্যাচক্ষতে ॥৪-২॥

'প্রচরন্তি' বিকীর্য্যন্তে, 'তৎ সর্ব্বং' ইন্দ্রিয়জাতং, 'পরে দেবে' দ্যোতনাদ্ ইন্দ্রিয়াণি দেবাঃ, সর্ব্বেষাঞ্চ ইন্দ্রিয়াণাং মনোঽধীনত্বাৎ মনঃ পরো দেবঃ, তস্মিন্। 'নানন্দয়তে' উপস্থেন্দ্রিয়স্য কার্য্যমিদং, রেতোবিসর্গেণ নানন্দমনুভবতীত্যর্থঃ। 'বিসৃজতে' মলমিতিভাবঃ, পায়ুিন্দ্রিয়স্য

কার্য্যমিদং। 'নেয়ায়তে' ন গচ্ছতি। 'আচক্ষতে' ব্রুবন্তি লৌকিকাঃ॥ ৪॥

তিনি তাঁহাকে বলিয়াছিলেন—হে গার্গ্য, সূর্য্য যখন অস্তগমন করে, তখন কিরণসমূহ যেমন সেই তেজোমণ্ডলেই মিশিয়া এক হইয়া যায়, এবং সূর্য্য উদিত হইলে আবার তাহারা ছড়াইয়া পড়ে, তৎসমুদয়ও (ইন্দ্রসমূহও) এইরূপ শ্রেষ্ঠ দ্যুতিমান্ মনে এক হইয়া যায়, এবং সেইজন্যই লোক তখন শ্রবণ করে না, দর্শন করে না, ঘ্রাণ করে না, আস্বাদ করে না, স্পর্শ করে না, কথা বলে না, গ্রহণ করে না, আনন্দ পায় না, (মল) ত্যাগ করে না, এবং গমনও করে না; লোকেরা এই অবস্থায় বলে যে "এ সুপ্ত হইয়াছে" ॥২॥

৫

প্রাণাগ্নয় এব এতস্মিন্ পুরে জাগ্রতি ॥৪-৩॥

অত্রৈষ দেবঃ স্বপ্নে মহিমানমনুভবতি যদ্ দৃষ্টং দৃষ্টমনুপশ্যতি, শ্রুতং শ্রুতমেবার্থ-

মনুশৃণোতি, দেশদিগন্তরৈশ্চ প্রত্যনুভূতং পুনঃ পুনঃ প্রত্যনুভবতি, দৃষ্টঞ্চাদৃষ্টঞ্চ শ্রুতং চাশ্রুতং চানুভূতঞ্চানমনুভূতঞ্চ সচ্চাসচ্চ সর্ব্বং পশ্যতি সর্ব্বঃ পশ্যতি ॥৪-৫॥

তদানীং মনসি বিলীনেষু সর্বেষু ইন্দ্রিয়েষু এতস্মিন্ 'পুরে' দেহে 'প্রাণাগ্নয়ঃ এব' প্রাণাঃ প্রাণাদয়ঃ পঞ্চ বায়বঃ এব অগ্নয় ইবেতি অগ্নয়ঃ, ত এব দেহরক্ষার্থং জাগ্রতি।

'অত্র' অস্যামবস্থায়াং স্বস্বব্যাপারাদ্ উপরতেষু মনোবিলীনেষু ইন্দ্রিয়েষু, দেহরক্ষার্থং জাগ্রৎসু চ প্রাণাগ্নিষু 'এষ দেবঃ' মনঃ স্বপ্নে 'মহিমানং' বিভূতিং পশ্যতি। তদেব মহিমদর্শনং প্রপঞ্চয়তি—'যদ্ দৃষ্টং দৃষ্টং' যদ্ যদ্ দৃষ্টং জাগরাদ্যবস্থায়াম্, তৎ 'অনুপশ্যতি' পূর্ব্বদর্শনাৎ পরং পুনঃ পশ্যতি, শ্রুতং শ্রুতমেবার্থং অনুশৃণোতি, দেশৈশ্চ দিগন্তরৈশ্চ নিমিত্তভূতৈঃ প্রত্যনুভূতং পুনঃ পুনঃ তৎ প্রত্যনুভবতি। এবং দৃষ্টঞ্চ 'অদৃষ্টঞ্চ' নয়নসংযোগমন্তরেণ। স্বপ্নাদিবদ্ দৃষ্টং, নতু সর্ব্বথা অদৃষ্টং, তাদৃশস্য স্বপ্নে সন্দর্শনাসম্ভবাদিতি বদন্তি, শ্রুতঞ্চাশ্রুতঞ্চ, অনুভূতঞ্চানমনুভূতঞ্চ, 'সচ্চ' সত্যভূতমুদকাদিকং, 'অসচ্চ' মরুমরীচিকো-

দকোদিকং সর্ব্বং পশ্যতি, 'সর্ব্বঃ' সর্ব্বশ্চ সন্ নিখিল-দেবতির্য্যগাদিরূপঃ পশ্যতি ॥ ৫ ॥

(সেই সময়ে) এই শরীরে প্রাণবায়ুরূপ অগ্নিসমূহই জাগরিত থাকে ॥

এই অবস্থায় (অর্থাৎ ইন্দ্রিয়সমূহ যখন বিলীন হইয়া যায় ও প্রাণবায়ুরূপ অগ্নিসমূহ জাগরিত থাকে, তখন) এই মনোরূপ দেব বিভূতি অনুভব করে—ইহা তখন পূর্ব্বে যে যে পদার্থ দেখিয়াছিল আবার তাহাদিগকে দর্শন করে, পূর্ব্বে যাহা যাহা শ্রবণ করিয়াছিল আবার তৎসমুদয় শ্রবণ করে, দেশান্তর ও দিগন্তরে যাহা যাহা অনুভব করিয়াছিল আবার তৎসমুদয়কে অনুভব করে ; এবং দৃষ্ট-অদৃষ্ট শ্রুত-অশ্রুত অনুভূত-অননুভূত ও সৎ-অসৎ সমস্তকেই দর্শন করে ও সমস্ত হইয়া দর্শন করে ॥৫॥

৬

স যদা তেজসাভিভূতো ভবতি, অত্রৈষ

:দেবঃ স্বপ্নান্ ন পশ্যতি, অথ তদৈতস্মিঞ্ছরীর
এতৎ সুখং ভবতি ॥৪-৬॥

'যদা' যস্মিন্‌কালে স মনোরূপো দেবঃ 'তেজসা' নাড়ীস্থিতেন পিত্তাখ্যেন সৌরেণ ব্রহ্মরূপেণ বা তেজসা 'অভিভূতো ভবতি' তিরস্কৃতবাসনাদ্বারো ভবতি, (অস্মিন্ সময়ে ইন্দ্রিয়ৈঃ সহ মনাসো রশ্ময়ো হৃদ্যুপসংহৃতা ভবন্তি, মনশ্চ কাষ্ঠাগ্নিবৎ অবিশেষবিজ্ঞানরূপেণ কৃৎস্নং শরীরং ব্যাপ্যাবতিষ্ঠতে, ইয়মেবাস্য সুষুপ্তিঃ), অস্মিন্ কালে এষ মনো দেবঃ স্বপ্নান্ ন পশ্যতি (দর্শনদ্বারস্য তেজসা নিরুদ্ধত্বাৎ), অথ তদানীং এতস্মিন্ শরীরে 'এতৎ' শরীরব্যাপকং প্রসন্নং সুখং ভবতি ॥ ৬ ॥

তাহা (মন) যখন (নাড়ীস্থিত পিত্তনামক, অথবা ব্রহ্মরূপ) তেজের দ্বারা অভিভূত হয়, তখন এই মনোরূপ দেব আর স্বপ্ন দর্শন করে না, এবং তখন এই শরীরে সুখ উৎপন্ন হইয়া থাকে ॥৬॥

৭

স যথা সোম্য বয়াংসি বাসোবৃক্ষং সংপ্রতিষ্ঠন্তে।
এবং হ বৈ তৎ সর্ব্বং পর আত্মনি
সংপ্রতিষ্ঠতে ॥৪-৭॥

'স' ইত্যনর্থকো বাক্যালঙ্কারভূতঃ শব্দঃ, বহুষু বৈদিক-প্রযোগেষু তথৈবোপলম্ভাৎ। হে সৌম্য, যথা 'বয়াংসি' বিহঙ্গমাঃ, 'বাসোবৃক্ষং' বাসার্থং বৃক্ষং প্রতি 'সম্প্রতিষ্ঠন্তে' গচ্ছন্তি, এবমেব বক্ষ্যমাণং তৎ সর্ব্বং পরে আত্মনি সংপ্রতিষ্ঠন্তে ॥ ৭ ॥

হে সৌম্য, বিহঙ্গগণ যেমন বাসবৃক্ষের প্রতি প্রস্থান করে, ইহারাও সেইরূপ পরমাত্মায় প্রস্থান করে ; যথা— ॥ ৭ ॥

৮

পৃথিবী চ পৃথিবীমাত্রা চ, আপশ্চাপোমাত্রা চ, তেজশ্চ তেজোমাত্রা চ, বায়ুশ্চ বায়ুমাত্রা চ, আকাশশ্চাকাশমাত্রা চ, চক্ষুশ্চ দ্রষ্টব্যং চ, শ্রোত্রং চ শ্রোতব্যং চ, ঘ্রাণং চ ঘ্রাতব্যং চ,

রসশ্চ রসয়িতব্যং, ত্বক্ চ স্পর্শয়িতব্যং চ, বাক্ চ বক্তব্যং চ······॥৪-৮॥

কিং তৎ সর্ব্বমিতি ক্রমেণাহ পৃথিবী চ পৃথিবীমাত্রা-চেত্যাদি, তত্র পৃথিবী স্থূলা, পৃথিবীমাত্রা সূক্ষ্মা, গন্ধ-তন্মাত্রেতি ভাবঃ। এবং সর্ব্বত্র ॥ ৮ ॥

পৃথিবী ও পৃথিবীমাত্রা (গন্ধতন্মাত্র), জল ও জলমাত্রা (রসতন্মাত্র), তেজ ও তেজো-মাত্রা (রূপতন্মাত্র), বায়ু ও বায়ুমাত্রা (স্পর্শতন্মাত্র), আকাশ ও আকাশমাত্রা (শব্দতন্মাত্র), চক্ষু ও দ্রষ্টব্য, শ্রোত্র ও শ্রোতব্য, ঘ্রাণ ও ঘ্রাতব্য, রস (রসনা) ও রসয়িতব্য, ত্বক্ ও স্প্রষ্টব্য, এবং বাক্ ও বক্তব্য···ইত্যাদি ॥৮॥

৯

এষ হি দ্রষ্টা শ্রোতা ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ, স পরেঽক্ষর আত্মনি সম্প্রতিষ্ঠতে ॥৪-৯॥

'বিজ্ঞানাত্মা' বিজ্ঞানস্বভাবঃ, অক্ষরে পরমাত্মনি, অন্যৎ স্পষ্টম্ ॥ ৯ ॥

এই যে দর্শনকারী, স্পর্শকারী, শ্রবণকারী, ঘ্রাণকারী, আস্বাদকারী, মননকারী, বোদ্ধা, কর্ত্তা, বিজ্ঞাতা-রূপ পুরুষ, ইনি অনশ্বর পরমাত্মায় প্রস্থান করেন ॥৯॥

১০

পরমেবাক্ষরং প্রতিপদ্যতে স যো হ বৈ তদচ্ছায়মশরীরমলোহিতং শুভ্রমক্ষরং বেদয়তে যস্তু সোম্য, স সর্ব্বজ্ঞঃ সর্ব্বো ভবতি, তদপ্যেষ শ্লোকঃ—॥৪-১০॥

সঃ যঃ খলু 'তৎ' পূর্ব্বোক্তং বিজ্ঞানাত্মরূপং পুরুষং শরীরে বিদ্যমানং, 'অচ্ছায়ং' ছায়াবর্জ্জিতং তমোবর্জ্জিতং অবিদ্যাবিহীনং, 'অশরীরং' শরীরহীনং, 'অলোহিতং' লোহিতাদিসর্ব্বগুণবর্জ্জিতং, অথবা লৌহিত্যং রাগঃ কামতৃষ্ণা তদ্‌হীনং, অতএব 'শুভ্রং' নির্ম্মলং, 'অক্ষরং' অনশ্বরং সত্যং 'বেদয়তে' জানাতি, স পরমেব অক্ষরং 'প্রতিপদ্যতে' লভতে, কিঞ্চ হে সোম্য, যঃ পুনস্তাদৃশো ভবতি, স সর্ব্বজ্ঞো ভবতি,

ভবতি চ সর্ব্বস্বরূপঃ। তস্মিন্নেব বিষয়ে এষ বক্ষ্যমাণঃ শ্লোকো ভবতি :—॥ ৪·১০ ॥

যিনি তমোবর্জ্জিত, শরীরবর্জ্জিত, লোহিত·(প্রভৃতি·) গুণবর্জ্জিত, নির্ম্মল ও অনশ্বর তাঁহাকে জানেন, তিনি সেই পরম অনশ্বরকে (পরমাত্মাকে) প্রাপ্ত হন। হে প্রিয়দর্শন, যিনি এইরূপ হইতে পারেন, তিনি সর্ব্বজ্ঞ হন ও সর্ব্বস্বরূপ বলিয়া নিজেকে জানিতে পারেন। এই বিষয়েই (বক্ষ্যমাণ) শ্লোকটি উক্ত হইয়াছে—॥১০॥

১১

বিজ্ঞানাত্মা সহ দেবৈশ্চ সর্ব্বৈঃ
প্রাণা ভূতানি সংপ্রতিষ্ঠন্তি যত্র।
তদক্ষরং বেদয়তে যস্তু সোম্য
স সর্ব্বজ্ঞঃ সর্ব্বমেবাবিবেশেতি ॥৪·১১॥

'বিজ্ঞানাত্মা' বিজ্ঞাতৃস্বরূপঃ পুরুষঃ সর্ব্বৈঃ 'দেবৈঃ' দীব্যদ্ভিরিন্দ্রিয়ৈঃ যত্র সংপ্রতিষ্ঠতে, 'প্রাণাঃ' বায়বঃ,

'ভূতানি' পৃথিব্যাদীনি পঞ্চ স্থূলানি চ সূক্ষ্মাণি চ মহা-
ভূতানি প্রাগুক্তরীত্যা যত্র সম্প্রতিষ্ঠন্তে, হে সোম্য,
তদক্ষরং যঃ পুনর্জনো 'বেদয়তে,' বিজানাতি, স সর্ব্বজ্ঞো
ভবতি, সর্ব্বমেব চ পদার্থং 'আবিবেশ' আবিশতি ॥ ১১ ॥

বিজ্ঞাতৃস্বরূপ পুরুষ সমস্ত ইন্দ্রিয়ের সহিত
যেখানে প্রস্থান করেন, এবং যেখানে প্রাণবায়ু-
সমূহ ও মহাভূতবৃন্দ প্রস্থান করিয়া থাকে,
হে প্রিয়দর্শন, যে ব্যক্তি সেই অক্ষরকে
জানিতে পারেন, তিনি সর্ব্বজ্ঞ হন ও সমস্তের
মধ্যে প্রবেশ করেন ॥১১॥

১২

স যথেমা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রায়ণাঃ
সমুদ্রং প্রাপ্যাস্তং গচ্ছন্তি, ভিদ্যেতে তাসাং
নামরূপে, সমুদ্র ইত্যেব প্রোচ্যতে, এবমেবাস্য
পরিদ্রষ্টুরিমাঃ ষোড়শ কলাঃ পুরুষায়ণাঃ পুরুষং
প্রাপ্যাস্তং গচ্ছন্তি, ভিদ্যেতে চাসাং নামরূপে,
পুরুষ ইত্যেবং প্রোচ্যতে। স এষোঽকলোঽ-
মৃতো ভবতি, তদেষ শ্লোকঃ—

অরা ইব রথনাভৌ কলা যস্মিন্ প্রতিষ্ঠিতাঃ।
তং বেদ্যং পুরুষং বেদ যথা মা বো মৃত্যুঃ
পরিব্যথা ইতি ॥৬-৫।৬॥

'সমুদ্রায়ণাঃ' সমুদ্রগামিণ্যঃ, 'অস্তং গচ্ছন্তি' বিলীয়ন্তে, 'নামরূপে ভিদ্যেতে' নাম চ রূপঞ্চ নশ্যতঃ, সমুদ্র এব হি কেবলং ইতি লোকৈঃ প্রোচ্যতে, এবমেব অস্য 'পরিদ্রষ্টুঃ' সম্যগ্ দ্রষ্টুঃ প্রাগুক্তস্য পুরুষস্য ইমাঃ 'পুরুষায়ণাঃ' পুরুষ এব অয়নং গতির্যাসাং পুরুষগামিণ্য ইতি ভাবঃ, 'ষোড়শ কলাঃ' প্রাগুক্তাঃ, যথা—প্রাণঃ, প্রাণাদুৎপন্না শ্রদ্ধা, আকাশং, বায়ুঃ, জ্যোতিঃ, আপঃ, পৃথিবী, ইন্দ্রিয়ং, মনঃ, অন্নং, অন্নাচ্চোৎপন্নং বীর্য্যং সামর্থ্যং, তপঃ বিশুদ্ধিসাধনং, মন্ত্রাঃ ঋগ্বেদাদিরূপাঃ, কর্ম্ম অগ্নিহোত্রাদিলক্ষণং, লোকাঃ কর্ম্মফলভূতাঃ, লোকেষু চ অয়ং দেবদত্ত ইত্যাদি নাম চেতি ষোড়শ কলাঃ অংশা পুরুষং প্রাপ্যাস্তং গচ্ছন্তি। অন্যৎ সমানম্। ততশ্চ স এষ পুরুষঃ কলানামস্তময়নাদ্ হেতোঃ অকলঃ সন্ অমৃতো ভবতি। অতএবায়ং বক্ষ্যমাণঃ শ্লোকঃ—যথা 'রথনাভৌ' রথচক্রস্য নাভিদেশে মধ্যদেশে 'অরাঃ' চক্রমধ্যাদ্ আরভ্য নেমিং যাবৎ স্থাপিতানি সূক্ষ্মকাষ্ঠানি প্রতিষ্ঠিতানি ভবন্তি, এবমেব

যস্মিন্ তাঃ পূর্ব্বোক্তাঃ কলাঃ প্রতিষ্ঠিতাঃ, 'বেদ্যং' বেদনীয়ং তং পুরুষং 'বেদ' জানীয়াৎ, যথা হে শিষ্যাঃ, 'বঃ' যুষ্মান্ মৃত্যুঃ মা 'পরিব্যথাঃ' পরিব্যথয়তু। ১২॥

সমুদ্রগামিনী নদীসমূহ যেমন বহিতে বহিতে সমুদ্রকে প্রাপ্ত হইয়া বিলীন হইয়া যায়, ও তাহাদের নাম ও রূপ উভয়ই বিনাশ প্রাপ্ত হয়, এবং সমুদ্র বলিয়াই তখন উক্ত হইয়া থাকে, সেইরূপ এই সম্যগ্দর্শনকারী পুরুষের পুরুষগামিনী এই ষোড়শ কলা* পুরুষকে প্রাপ্ত হইয়া বিলীন হইয়া যায়, ইহাদের নাম ও রূপ বিনাশ প্রাপ্ত হয়, এবং পুরুষ বলিয়াই তখন উক্ত হইয়া থাকে। এবং এই সেই পুরুষ তখন কলাহীন হইয়া অমৃত হয়। সেইজন্যই এই শ্লোকটি বলা হইয়াছে—

যেমন রথচক্রের নাভিতে (মধ্যদেশে)

* প্রাণ, তদুৎপন্ন শ্রদ্ধা, আকাশ, বায়ু, জ্যোতি, জল, পৃথিবী, ইন্দ্রিয়, মন, ও অন্ন, অন্নোৎপন্ন বীর্য্য, তপ, মন্ত্র, কর্ম্ম, লোক ও লোকসমূহের নাম।

অর-সমূহ (অর্থাৎ চাকার মধ্য হইতে যে সরু ও লম্বা কাঠগুলি ফাঁক ফাঁক ভাবে চাকার ধার পর্য্যন্ত স্থাপিত হয়) প্রতিষ্ঠিত থাকে, সেইরূপ কলাসমূহ যাঁহাতে প্রতিষ্ঠিত, সেই পুরুষকেই জ্ঞাতব্য বলিয়া জানিবে, মৃত্যু যাহাতে তোমাদিগকে পরিব্যথিত না করে ॥১২॥

১৩

তান্ হোবাচৈতাবদেবাহমেতৎ পরং ব্রহ্ম বেদ, নাতঃ পরমস্তি ॥৬·৭॥

'তান্' শিষ্যান্ ভগবান্ পিপ্পলাদ উবাচ ॥ ১৩ ॥

(ভগবান্ পিপ্পলাদ) তাঁহাদিগকে বলিয়াছিলেন—এই পরব্রহ্মকে আমি এই পর্য্যন্তই জানি, ইহার পর আর নাই ॥১৩॥

১৪

তে তমর্চ্চয়ন্তঃ—ত্বং হি নঃ পিতা যোঽস্মাকমবিদ্যায়াঃ পরং পারং তারযসীতি। নমঃ পরমঋষিভ্যঃ নমঃ পরমঋষিভ্যঃ ॥৬·৮॥

'তে' সুকেশাদয়ঃ শিষ্যাঃ, 'তং' ভগবন্তং পিপ্পলাদং অর্চ্চয়ন্তঃ ঊচুঃ ॥ ১৪ ॥

সেই শিষ্যগণ তাঁহাকে অর্চ্চনা করিয়া বলিলেন—'আপনি আমাদের পিতা, আপনি আমাদিগকে অবিদ্যার পরপার উত্তীর্ণ করাইয়া দিতেছেন!' পরম ঋষিগণকে নমস্কার! ঋষিগণকে নমস্কার! ॥১৪॥

অথর্ব্ববেদীয়

মুণ্ডকোপনিষৎ

মুণ্ডকোপনিষৎ

১

শৌনকো হ বৈ 'মহাশালোঽঙ্গিরসং বিধি-বদুপসন্নঃ পপ্রচ্ছ কস্মিন্ নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি ॥১-১-৩॥

'মহাশালঃ' মহাগৃহস্থঃ, 'বিধিবৎ' যথাবিধি, 'উপসন্নঃ' উপস্থিতঃ, 'ভগবঃ' ভগবন্। অন্যৎ স্পষ্টম্ ॥১॥

মহাগৃহস্থ শৌনক অঙ্গিরার নিকটে যথাবিধি উপস্থিত হইয়া প্রশ্ন করিলেন—ভগবন্, কি জানিলে এই সমস্ত জানা হয়?॥১॥

২

তস্মৈ স হোবাচ—দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হ স্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি, পরা চৈবাপরা চ॥ তত্রাপরা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষর-মধিগম্যতে ॥১-১-৪।৫॥

'শিক্ষা' বৈদিকস্বরোচ্চারণাদিপ্রতিপাদকং বেদাঙ্গং, 'কল্পঃ' বৈদিকক্রিয়াকলাপানাং বিধানপ্রদর্শকং বেদাঙ্গং, 'নিরুক্তং' বৈদিকশব্দানাং নির্ব্বচনপ্রকাশকং বেদাঙ্গং। 'তৎ' বক্ষ্যমাণং, 'অক্ষরং' ক্ষয়রহিতং নিত্যং, ব্রহ্ম 'অধিগম্যতে' প্রাপ্যতে ॥ ২ ॥

তিনি তাঁহাকে বলিলেন—ব্রহ্মবিদ্‌গণ বলিয়া থাকেন যে, দুইটি বিদ্যা জ্ঞাতব্য আছে, পরা বিদ্যা ও অপরা বিদ্যা।

ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ, ইহা অপরা বিদ্যা; আর যাহা দ্বারা সেই অক্ষরকে (নিত্যকে) পাওয়া যায়, তাহা পরা বিদ্যা ॥ ২ ॥

৩

যৎ তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃশ্রোত্রং
তদপাণিপাদং।
নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং
যদ্ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ ॥১-১-৬॥

তৎ যৎ 'অদ্রেশ্যং' অদৃশ্যং, অগ্রাহ্যং, 'অগোত্রং' গোত্রহীনং অমূলং, অবর্ণং, অচক্ষুঃশ্রোত্রং, তৎ অপাণি-পাদং, নিত্যং; তৎ যৎ 'বিভুং' সর্ব্বগতং সুসূক্ষ্মং অব্যয়ং 'ধীরাঃ' ধীমন্তঃ 'ভূতযোনিং ভূতানাং কারণং পরিপশ্যন্তি; তদ্ যয়াধিগম্যতে সা পরা বিদ্যা ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ৩ ॥

সেই যিনি অদৃশ্য ও অগ্রাহ্য, অগোত্র ও অবর্ণ, অচক্ষু ও অশ্রোত্র, অপাণি ও অপাদ, এবং নিত্য ; সেই যিনি বিভু ও সর্ব্বগত, সুসূক্ষ্ম ও অব্যয়, এবং ধীর ব্যক্তিগণ যাঁহাকে ভূত-সমূহের কারণ বলিয়া পরিদর্শন করিয়া থাকেন, (সেই অক্ষরকে যাহা দ্বারা লাভ করা যায়, তাহার নাম পরা বিদ্যা) ॥ ৩ ॥

৪

যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্লতে চ
যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।
যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি
তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্ ॥১-১ ৭॥

'সৃজতে' সৃজতি তন্তূন্ বহিঃ প্রসারয়তি, 'গৃহ্লতে'

উপসংহরতি, 'সতঃ' বিদ্যমানাৎ জীবতঃ। অন্যৎ স্পষ্টম্ ॥ ৪ ॥

উর্ণনাভ যেমন (তন্তুসমূহকে) সৃষ্টি করে ও উপসংহৃত করে, পৃথিবীতে যেমন ওষধি-সমূহ সম্ভূত হয়, এবং জীবিত পুরুষ হইতে যেমন কেশ ও লোমসমূহ সম্ভূত হয়, সেইরূপ অক্ষর হইতে এখানে বিশ্ব সম্ভূত হইয়া থাকে ॥ ৪ ॥

৫

অবিদ্যামন্তরে বর্ত্তমানাঃ।
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
জঙ্ঘন্যমানাঃ পরিযন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ ॥ ১-২-৮ ॥

'জঙ্ঘন্যমানাঃ' ভৃশং হন্যমানাঃ জরারোগাদ্যনেকানর্থব্রাতৈঃ পীড্যমানাঃ। অন্যৎ সর্ব্বং কাঠকে (৩৫ পৃঃ) ব্যাখ্যাতম্ ॥ ৫ ॥

যাঁহারা অবিদ্যার মধ্যে বর্ত্তমান থাকিয়াও নিজকে প্রজ্ঞাবান্ পণ্ডিত বলিয়া মনে করেন, তাঁহারা নিরতিশয় পীড়া প্রাপ্ত হন, ও অন্ধের

দ্বারা নীয়মান অন্ধের ন্যায় পরিভ্রমণ করিয়া বেড়ান ॥ ৫ ॥

৬

অবিদ্যায়াং বহুধা বর্ত্তমানাঃ
বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ।
যৎ কর্ম্মিণো ন প্রবেদয়ন্তি রাগাৎ
তেনাতুরাঃ ক্ষীণলোকাশ্চ্যবন্তে ॥১-২-৮॥

'বহুধা' বহুপ্রকারেণ, 'বালাঃ' অজ্ঞানিনঃ; 'যৎ' যেন হেতুনা কর্ম্মিণঃ 'রাগাৎ' কামাৎ ন 'প্রবেদয়ন্তি' জানন্তি তত্ত্বং, তেন হেতুনা 'আতুরাঃ' দুঃখার্ত্তাঃ 'ক্ষীণ-লোকাঃ' ক্ষীণঃ ক্ষয়গতো লোকঃ স্বর্গাদিকর্ম্মফলরূপঃ যেষাং তে, স্বর্গলোকাৎ 'চ্যবন্তে' ভ্রশ্যন্তি ॥ ৬ ॥

অবিদ্যার মধ্যে বহুপ্রকারে বর্ত্তমান থাকিয়াও অজ্ঞানীরা মনে করে যে, আমরা কৃতার্থ হইয়াছি। কর্ম্মিগণ আসক্তিবশত (তত্ত্ব) জানিতে পারে না, এবং সেই জন্যই লোক (অর্থাৎ কর্ম্মফল স্বর্গাদি) ক্ষয় হইয়া গেলে আতুর হইয়া (স্বর্গলোক হইতে) চ্যুত হইয়া থাকে ॥ ৬ ॥

৭

পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্বেদমায়ান্ নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥ ১-২-১২ ॥

ব্রাহ্মণঃ 'কর্ম্মচিতান্' কর্ম্মলব্ধান্ লোকান্ পরীক্ষ্য 'নির্ব্বেদং' বৈরাগ্যং 'আয়াৎ' আগচ্ছেৎ প্রাপ্নুয়াৎ কুর্য্যাদিত্যর্থঃ, যতঃ 'কৃতেন' কর্ম্মণা 'অকৃতঃ' ক্রিয়য়া নির্বৃত্তো ন ভবতীতি তথোক্তঃ, নিত্য ইতি ভাবঃ, লোকো নাস্তি। স 'তদ্বিজ্ঞানার্থং তস্য অকৃতস্য নিত্যস্য বিজ্ঞানার্থং সমিৎপাণিঃ সন্ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং গুরুমেব অভিগচ্ছেৎ॥ ৭ ॥

কর্ম্মলব্ধ লোকসমূহকে পরীক্ষা করিয়া ব্রাহ্মণ নির্বেদ প্রাপ্ত হইবেন; কেননা, কৃত (অর্থাৎ অনিত্য কর্ম্ম) দ্বারা অকৃত (অর্থাৎ নিত্য লোক) হয় না। তিনি তাহা জানিবার জন্য সমিৎ-হস্তে ব্রহ্মনিষ্ঠ শ্রোত্রিয় গুরুর নিকটেই গমন করিবেন॥ ৭ ॥

৮

তস্মৈ স বিদ্বানুপসন্নায় সম্যক্-
প্রশান্তচিত্তায় শমান্বিতায়।
যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং
প্রোবাচ তাং তত্ত্বতো ব্রহ্মবিদ্যাম্॥ ১-২-১৩॥

স বিদ্বান্ ব্রহ্মনিষ্ঠো গুরুঃ সম্যক্প্রশান্তচিত্তায়, 'শমান্বিতায়' শমঃ বাহ্যেন্দ্রিয়নিগ্রহঃ তদন্বিতায়, 'উপসন্নায়' উপগতায় তস্মৈ, যেন জনঃ তৎ পূর্ব্বোক্তং সত্যং 'পুরুষং' পুরুষপদবাচ্যং অক্ষরং 'বেদ' জানাতি, তাং ব্রহ্মবিদ্যাং তত্ত্বতঃ প্রোবাচ॥ ৮॥

সেই বিদ্বান্ (গুরু) সম্যক্প্রশান্তচিত্ত ও শান্ত হইয়া উপস্থিত ঐ ব্যক্তিকে যথাযথরূপে সেই ব্রহ্মবিদ্যা বলিয়াছিলেন—যাহা দ্বারা পুরুষশব্দবাচ্য সত্য অক্ষরকে জানিতে পারা যায়॥ ৮॥

৯

তদেৎ সত্যং—
যথা সুদীপ্তাৎ পাবকাদ্বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।

তথাক্ষরাদ্বিবিধাঃ সোম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি ॥ ২-২-১ ॥

যথা সুদীপ্তাৎ 'পাবকাৎ' অগ্নেঃ 'সরূপাঃ' তস্য সমান-রূপাঃ বিস্ফুলিঙ্গাঃ 'সহস্রশঃ' অনেকশঃ 'প্রভবন্তে' নির্গচ্ছন্তি, হে সোম্য, তথা বিবিধা 'ভাবাঃ' পদার্থাঃ অক্ষরাৎ প্রজায়ন্তে, অপিচ তত্রৈব 'যন্তি' বিলীয়ন্তে ॥৯॥

ইহা সত্য—

যেমন সুদীপ্ত অগ্নি হইতে তৎসমান-রূপ-বিশিষ্ট সহস্র-সহস্র স্ফুলিঙ্গ নির্গত হয়, হে সোম্য, সেইরূপ অক্ষর হইতে বিবিধ পদার্থ জাত হয়, এবং তাহাতেই বিলীন হয় ॥ ৯ ॥

১০

এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী ॥
২-১-৩ ॥

স্পষ্টম্ ॥১০॥

ইঁহা হইতে প্রাণ, মন ও সমস্ত ইন্দ্রিয় উৎপন্ন হইয়াছে, এবং ইঁহা হইতেই আকাশ,

বায়ু, অগ্নি, জল ও বিশ্বধাত্রী পৃথিবী উৎপন্ন হইয়াছে ॥১০॥

১১

অগ্নির্মূর্দ্ধা চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ
দিশঃ শ্রোত্রে বাগ্ বিবৃতাশ্চ বেদাঃ।
বায়ুঃ প্রাণো হৃদয়ং বিশ্বমস্য
পদ্ভ্যাং পৃথিবী হ্যেষ সর্ব্বভূতান্তরাত্মা ॥ ২-১-৪ ॥

অস্য অক্ষরাখ্যস্য পুরুষস্য 'মূর্দ্ধা' শিরঃ 'অগ্নিঃ' দ্যুলোকঃ, চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ, 'শ্রোত্রে' কর্ণৌ দিশঃ, 'বাক্' বাক্যং 'বিবৃতাঃ' উদ্ঘাটিতাঃ প্রসিদ্ধা বেদাঃ,প্রাণো বায়ুঃ, হৃদয়ং বিশ্বম্, 'পদ্ভ্যাং' চরণাভ্যাং তদ্রূপেণেতি ভাবঃ পৃথিবী, এষ হি 'সর্ব্বভূতান্তরাত্মা' সর্ব্বেষাং ভূতানাম্ অন্তরাত্মা ॥ ১১ ॥

অগ্নি (দ্যুলোক) ইহার মস্তক, চন্দ্র ও সূর্য্য ইহার চক্ষু, দিক্‌সমূহ ইহার শ্রোত্র, উদ্ঘাটিত বেদসমূহ ইহার বাক্য, বায়ু ইহার প্রাণ, বিশ্ব ইহার হৃদয়, এবং পৃথিবী ইহার চরণ ; ইনি সমস্ত ভূতের অন্তরাত্মা ॥১১॥

১২

তস্মাচ্চ দেবা বহুধা সম্প্রসূতাঃ
সাধ্যা মনুষ্যাঃ পশবো বয়াংসি।
প্রাণাপানৌ ব্রীহিযবৌ তপশ্চ
শ্রদ্ধা সত্যং ব্রহ্মচর্য্যং বিধিশ্চ ॥ ২-১-৮ ॥

তস্মাচ্চ পুরুষাৎ 'বহুধা' বহুপ্রকারেণ, দেবাঃ 'সম্প্রসূতাঃ', সম্প্রসূতাশ্চ 'সাধ্যাঃ' দেববিশেষাঃ, মনুষ্যাঃ, পশবঃ, 'বয়াংসি' বিহঙ্গাঃ, 'প্রাণাপানৌ জীবানাং জীবনরূপৌ প্রসিদ্ধৌ বায়ু, 'ব্রীহিযবৌ হবির্থৌ', তপশ্চ, শ্রদ্ধা, সত্যং, ব্রহ্মচর্য্যং বিধিশ্চ ॥১২॥

তাঁহা হইতেই বিবিধরূপে দেবগণ সাধ্যগণ, মনুষ্যগণ, পশুগণ ও বিহঙ্গগণ সম্প্রসূত হইয়াছে; তাঁহা হইতেই প্রাণ অপান, ব্রীহি-যব, তপঃ-শ্রদ্ধা, সত্য-ব্রহ্মচর্য্য ও বিধি সম্প্রসূত হইয়াছে ॥১২॥

১৩

অতঃ সমুদ্রা গিরয়শ্চ সর্ব্বে-
ঽস্মাৎ স্যন্দন্তে সিন্ধবঃ সর্ব্বরূপাঃ।

অতশ্চ সর্ব্বা ওষধয়ো রসশ্চ
যেনৈষ ভূতৈস্তিষ্ঠতে হ্যন্তরাত্মা ॥ ২-১-৯ ॥

'অতঃ' অস্মাৎ পুরুষাৎ সর্ব্বে সমুদ্রা গিরয়শ্চ উৎপন্নাঃ, অস্মাৎ 'সর্বরূপাঃ' বিবিধাঃ 'সিন্ধবঃ' নদ্যঃ 'স্যন্দন্তে' প্রবহন্তি, অস্মাদেব চ সর্ব্বা ওষধয়ঃ রসশ্চ উৎপদ্যন্তে ; যেন 'ভূতৈঃ' পঞ্চভিঃ সহ এষ অন্তরাত্মা 'তিষ্ঠতে' তিষ্ঠতি ॥ ১৩ ॥

ইঁহা হইতে সমস্ত সমুদ্র ও পর্ব্বত উৎপন্ন হইয়াছে, ইঁহা হইতে বহুপ্রকার নদীসমূহ প্রবাহিত হইতেছে, এবং ইঁহা হইতেই ওষধি-সমূহ ও (তাহাদের) রস উৎপন্ন হইয়াছে ; —যাহাতে এই অন্তরাত্মা ভূতগণের সহিত বর্ত্তমান রহিয়াছেন ॥১৩॥

১৪

পুরুষ এবেদং বিশ্বং কর্ম্ম
তপো ব্রহ্ম পরামৃতং
এতদ্ যো বেদ নিহিতং গুহায়াং
সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সোম্য ॥ ২-১-১০ ॥

ইদং বিশ্বং পুরুষ এব। কিং তদ্ বিশ্বমিত্যত আহ 'কর্ম্ম তপ' ইতি, কর্ম্মাত্মকং 'তপঃ' জ্ঞানং জ্ঞানাত্মকঞ্চেতি, ইদং কর্ম্মজ্ঞানাত্মকং বিশ্বং পুরুষ এবেত্যর্থঃ। এতৎ পরম্ অমৃতং ব্রহ্ম চ। যো জনঃ এতৎ ব্রহ্ম 'গুহায়াং' হৃদয়ে নিহিতং 'বেদ' জানাতি, হে 'সোম্য' প্রিয়দর্শন, স ইহ সংসারে অবিদ্যাগ্রন্থিং 'বিকিরতি' বিক্ষিপতি নাশয়তি ॥১৪॥

কর্ম্ম ও জ্ঞান-আত্মক এই বিশ্ব পুরুষই; এই পরম অমৃত ও ব্রহ্মস্বরূপ যে ব্যক্তি ইঁহাকে হৃদয়-নিহিত জানিতে পারেন, হে সোম্য, তিনি এখানে অবিদ্যাগ্রন্থিকে বিনাশ করিয়া থাকেন ॥১৪॥

১৫

যদর্চ্চিমদ্ যদণুভ্যোঽণু চ
যস্মিঁল্লোকা নিহিতা লোকিনশ্চ।
তদেতদক্ষরং ব্রহ্ম স প্রাণস্তদু বাঙ্মনঃ
তদেতৎ সত্যং তদমৃতং
তদ্বেদ্ধব্যং সোম্য বিদ্ধি ॥ ২-২-২ ॥

যদ্ 'অর্চ্চিমৎ' দীপ্তিমৎ, যৎ অণুভ্যোঽপি 'অণু'

সূক্ষ্মম্, যস্মিন্ 'লোকাঃ' ভূরাদয়ঃ, 'লোকিনশ্চ' লোক-নিবাসিনশ্চ মনুষ্যাদয়ঃ 'নিহিতাঃ' স্থিতাঃ, তদেতৎ অক্ষরং ব্রহ্ম, স প্রাণঃ, তদেব চ বাক্ চ মনশ্চ, তৎপ্রভাবাদেব বাগাদীনাম্ ইন্দ্রিয়াণাং তত্তৎকার্য্যকারিত্বমিতি ভাবঃ। তদেতৎ সত্যং, তদমৃতং, হে 'সোম্য' প্রিয়দর্শন, তদ্ 'বেদ্ধব্যং' বেধনীয়ং ত্বং 'বিদ্ধি' জানীহি; তস্মিন্ চিত্তং সমাধেয়ং, অতএব ত্বং তত্র চিত্তং সমাধৎস্ব ইতি ভাবঃ॥ ১৫॥

যিনি দীপ্তিশালী, যিনি অণু হইতেও অণু, এবং যাঁহাতে লোকসমূহ ও লোকবাসিসমূহ অবস্থিত রহিয়াছে, তিনিই এই অক্ষর ব্রহ্ম, তিনি প্রাণ, এবং তিনিই বাক্য ও মন; তিনি সত্য, তিনি অমৃত; হে সোম্য, তাঁহাকে বিদ্ধ করিতে হইবে বলিয়া তুমি জান (অর্থাৎ তাঁহাতে চিত্ত সমাহিত করিতে হইবে বলিয়া তুমি জান)॥ ১৫॥

১৬

ধনুর্গৃহীত্বৌপনিষদং মহাস্ত্রং
শরং হ্যুপাসানিশিতং সন্ধয়ীত।

আযম্য তদ্ভাবগতেন চেতসা
লক্ষ্যং তদেবাক্ষরং সোম্য বিদ্ধি ॥ ২-২-৩ ॥

'ঔপনিষদং' উপনিষৎসু ভবং প্রসিদ্ধং মহাস্ত্রং ধনুঃ গৃহীত্বা, তস্মিন্ হি 'উপাসানিশিতং' সন্ততমভিধ্যানং উপাসা উপাসনা তয়া নিশিতং তীক্ষ্ণীকৃতং শরং 'সন্ধয়ীত' সন্ধানং যোজনং কুর্য্যাৎ। অথ 'আযম্য' আকৃষ্য তদ্ ধনুঃ, 'তদ্ভাবগতেন' তস্মিন্ অক্ষরে ব্রহ্মণি যো ভাবঃ ভাবনা, তং গতেন তদ্ভাবনানিরতেন 'চেতসা' চিত্তেন হে সোম্য, তদেব অক্ষরং লক্ষ্যং 'বিদ্ধি' জানীহি ॥১৬॥

উপনিষৎ-উৎপন্ন মহাস্ত্র ধনু গ্রহণ করিয়া তাহাতে উপাসনা দ্বারা শাণিত শর যোজন করিবে; এবং হে সোম্য, তাহা আকর্ষণ করিয়া তদ্ভাবগত চিত্তে সেই অক্ষরকেই লক্ষ্য বলিয়া জানিবে ॥১৬॥

১৭

প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবৎ তন্ময়ো ভবেৎ ॥
২-২-৪ ॥

'প্রণবঃ' ওঙ্কারঃ ধনুঃ, আত্মা শরঃ, তদ্ ব্রহ্ম চ লক্ষ্যম্ উচ্যতে। তৎ 'অপ্রমত্তেন' অবহিতেন একাগ্রচিত্তেন সতা বেদ্ধব্যং, শরবচ্চ তন্ময়ো ভবেৎ, শরো যথা লক্ষ্যৈকতানো ভবতি, সাধকোঽপি তদ্বৎ লক্ষ্যভূতে ব্রহ্মণি তন্ময়ঃ একাগ্রচিত্তো ভবেদিতি ভাবঃ ॥১৭॥

প্রণব (ওঙ্কার) ধনু, আত্মা শর, এবং সেই ব্রহ্মকে লক্ষ্য বলা হয়; অপ্রমত্ত হইয়া তাহা বিদ্ধ করিতে হইবে, এবং শরের ন্যায় তন্ময় হইতে হইবে ॥১৭॥

১৮

যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরিক্ষ-
মোতং মনঃ সহ প্রাণৈশ্চ সর্ব্বৈঃ।
তমেবৈকং জানথ আত্মান-
মন্যা বাচো বিমুঞ্চথামৃতস্যৈষ সেতুঃ ॥ ২-২-৫ ॥

যস্মিন্ 'দ্যৌঃ' দ্যুলোকঃ গ্রহস্থানং, 'অন্তরিক্ষং' বায়ুমণ্ডলং, পৃথিবী চ সর্ব্বৈঃ 'প্রাণৈঃ' করণেন্দ্রিয়ৈঃ সহ মনশ্চ 'ওতং' সমর্পিতং, তমেব একং আত্মানং 'জানথ' জানীথ জানীত হে শিষ্যাঃ, অন্যাঃ 'বাচঃ' বাক্যানি 'বিমুঞ্চথ' পরিত্যজত, এষ আত্মা অমৃতস্য সেতুঃ ॥১৮॥

যাঁহাতে দ্যুলোক, অন্তরিক্ষ ও পৃথিবী এবং সমস্ত প্রাণের সহিত মন সমর্পিত হইয়া রহিয়াছে, সেই এক আত্মাকেই তোমরা জান, অপর বাক্যসমূহ পরিত্যাগ কর, ইনি অমৃতের সেতু ॥১৮॥

১৯

যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্যৈষ মহিমা ভুবি ।
দিব্যে ব্রহ্মপুরে হ্যেষ ব্যোম্নি আত্মা প্রতিষ্ঠিতঃ ॥
মনোময়ঃ প্রাণশরীর নেতা
প্রতিষ্ঠিতোঽন্নে হৃদয়ং সন্নিধায় ॥
তদ্বিজ্ঞানেন পরিপশ্যন্তি ধীরা
আনন্দরূপমমৃতং যদ্বিভাতি ॥ ২-২-৭ ॥

যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ, যস্য চৈষ মহিমা 'ভুবি' পৃথিব্যাং বিরাজতে, এষ আত্মা 'দিব্যে' দ্যুতিমতি 'ব্রহ্মপুরে' ব্রহ্মণোঽত্র চৈতন্যস্বরূপেন নিত্যাভিব্যক্তত্বাৎ ব্রহ্মণঃ পুরং হৃদয়পুণ্ডরীকং, তস্মিন্, 'ব্যোম্নি' আকাশে হৃদয়-পুণ্ডরীকমধ্যস্থে আকাশে প্রতিষ্ঠিতঃ। স হ্যাত্মা তত্র 'মনোময়ঃ' মনোবৃত্তিভিরেব বিভাব্যত ইতি তাদৃশঃ, 'প্রাণশরীরনেতা' প্রাণানাং শরীরস্য চ নেতা, অপিচ

'অন্নে' ভুজ্যমানস্য অন্নস্য পরিণামভূতে দেহে প্রতি-ষ্ঠিতঃ। 'ধীরাঃ' বিবেকিনঃ হৃদয়ং 'সন্নিধায়' সমবস্থাপ্য 'বিজ্ঞানেন' বিশিষ্টেন বিজ্ঞানেন 'তৎ' আত্মতত্ত্বং পরি-পশ্যন্তি যৎ খলু অমৃতং আনন্দরূপং 'বিভাতি' বিশেষণ প্রকাশতে ॥১৯॥

যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ, যাঁহার এই মহিমা পৃথিবীতে (বিরাজ করিতেছে), সেই-এই আত্মা উজ্জ্বল ব্রহ্মপুরের (অর্থাৎ হৃদয়-পুণ্ডরীকের) আকাশে প্রতিষ্ঠিত রহিয়াছেন। ইনি মনোময়, প্রাণ ও শরীরের নেতা, এবং দেহে প্রতিষ্ঠিত। যে আনন্দরূপ অমৃত বিশেষরূপে প্রকাশিত হইতেছে, বিবেকিগণ হৃদয় সমাহিত করিয়া বিজ্ঞানের দ্বারা তাহা পরিদর্শন করিয়া থাকেন ॥ ১৯ ॥

২০

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পারাবরে ॥
২-২-৮ ॥

তস্মিন্ 'পরাবরে' সর্ব্বস্য কারণাত্মনা পরে শ্রেষ্ঠে,

কার্য্যাত্মনা চ অবরে অশ্রেষ্ঠে, দৃষ্টে সতি অস্ত অবিদ্যা-গ্রন্থিঃ ভিদ্যতে, সর্ব্বে সংশয়াঃ ছিদ্যন্তে, কর্ম্মাণি চ ক্ষীয়ন্তে ॥২০॥

সেই পরাপরকে দর্শন করিলে অবিদ্যা-গ্রন্থি বিনষ্ট হইয়া যায়, সমস্ত সংশয় ছিন্ন হইয়া যায় এবং ইহার (সাধকের) কর্ম্মসমূহ ক্ষীণ হইয়া পড়ে ॥২০॥

২১

ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাদ্
ব্রহ্ম পশ্চাদ্ ব্রহ্ম দক্ষিণতশ্চোত্তরেণ।
অধশ্চোর্দ্ধঞ্চ প্রসৃতং ব্রহ্মৈবেং বিশ্বমিদং
বরিষ্ঠম্ ॥ ২-২-১১ ॥

ইদং যৎ 'পুরস্তাৎ' অগ্রে তদ্ অমৃতং ব্রহ্মৈব, ব্রহ্ম পশ্চাৎ, ব্রহ্ম দক্ষিণতশ্চ উত্তরেণ চ, ইদমেব চ অধশ্চ ঊর্দ্ধং চ 'প্রসৃতং' প্রসৃত্য স্থিতং ব্যাপ্তম্, ব্রহ্মৈবেদং বিশ্বম্, ততশ্চেদং বরিষ্ঠম্ ॥২১॥

অগ্রে এই অমৃত ব্রহ্মই, পশ্চাতে ব্রহ্ম, এবং দক্ষিণ ও উত্তরেও ব্রহ্ম; ইনি অধঃ ও ঊর্দ্ধে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন;—এই বিশ্ব ব্রহ্মই, এবং ইনিই বরিষ্ঠ ॥২১॥

২২

দ্বা সুপর্ণা সযুজা সখায়া
সমানং বৃক্ষং পরিষস্বজাতে ।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য-
নশ্নন্নন্যো অভিচাকশীতি ॥ ৩-১-১ ॥

'দ্বা' দ্বৌ, 'সযুজা' সযুজৌ সহৈব সর্ব্বদা যুক্তৌ, 'সখায়া' সখায়ৌ 'সুপর্ণা' সুপর্ণৌ পক্ষিণৌ 'সমানং' অভিন্নম্ একমেব বৃক্ষং 'পরিষস্বজাতে' পরিষক্তবন্তৌ পরিষজ্য সমাশ্রিষ্য স্থিতৌ, তয়োর্মধ্যে 'অন্যঃ' একঃ স্বাদু 'পিপ্পলং' ফলং 'অত্তি' ভুংক্তে, 'অন্যঃ' অপরঃ পুনঃ 'অনশ্নন্' অভক্ষয়ন্ 'অভিচাকশীতি' পশ্যতি ॥২২॥

সর্ব্বদা একসঙ্গযুক্ত ও পরস্পর সখ্যভাব-প্রাপ্ত দুইটি পক্ষী একই বৃক্ষকে আলিঙ্গন করিয়া রহিয়াছে; তাহাদের মধ্যে একটি স্বাদু ফল ভক্ষণ করে, অপরটি ভোজন না করিয়া দর্শন করে ॥ ২২ ॥

২৩

সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নো-
ঽনীশয়া শোচতি মুহ্যমানঃ ।

জুষ্টং যদা পশ্যত্যন্যমীশ-
মস্য মহিমানমিতি বীতশোক ॥ ৩-১ ২ ॥

'পুরুষঃ' জীবঃ 'সমানে' একস্মিন্নেব 'বৃক্ষে' শরীর-রূপে ইতি ভাবঃ, নিমগ্নঃ দেহাত্মভাবমাপন্নঃ দেহমেব আত্মানং মন্যমানঃ, 'অনীশয়া' অনৈশ্বর্য্যেণ দীনভাবেন দৈন্যেন মুহ্যমানঃ সন্ শোচতি; অথ যদা অনেকৈঃ সাধকৈঃ 'জুষ্টং' সেবিতং 'অন্যং' স্বস্মাৎ বিলক্ষণং শোক-দুঃখাদ্যতীতমিতিভাবঃ ঈশং, 'অস্য' ঈশস্য 'মহিমানং' বিভূতিং চ পশ্যতি, তদা 'ইতি' অনেন প্রকারেণ অনেনৈব কারণেন বা বীতশোকো ভবতি ॥২৩॥

মানব একই (শরীররূপ) বৃক্ষে নিমগ্ন হইয়া দৈন্যবশত মুহ্যমান হয় ও শোক করে; কিন্তু সে যখন (আপনা হইতে) ভিন্ন (অর্থাৎ শোকদুঃখাদির অতীত) ঈশ্বরকে ও তাঁহার মহিমাকে দর্শন করে, তখন ইহাতেই বিগতশোক হয় ॥২৩॥

২৪

যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং
কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্ম যোনিং।

তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয়
নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি ॥ ১-৩-৩ ॥

যদা 'পশ্যঃ' পশ্যতীতি পশ্যঃ দ্রষ্টা বিদ্বান্ সাধকঃ, 'রুক্মবর্ণং' সুবর্ণবর্ণং স্বয়ংজ্যোতিঃস্বভাবং, সর্ব্বস্য জগতঃ 'কর্ত্তারং' উৎপাদকং, 'যোনিং' সর্ব্বেষাং উদ্ভবস্থানং, 'ব্রহ্ম' তন্নামপ্রসিদ্ধং পুরুষং ঈশং 'পশ্যতে' পশ্যতি, তদা স বিদ্বান্ পুণ্যপাপে 'বিধূয়' নিরস্য 'নিরঞ্জনঃ' নির্লেপঃ সন্ পরমং সাম্যং 'এতি' প্রতিপদ্যতে ॥২৪॥

দর্শক যখন (সমস্ত জগতের) কর্ত্তা ও উদ্ভবস্থান, সুবর্ণবর্ণ (জ্যোতির্ম্ময়) ও ব্রহ্মস্বরূপ ঈশ্বর-পুরুষকে দর্শন করেন, তখন সেই বিদ্বান্ পুণ্য ও পাপ উভয়কেই ঝড়িয়া ফেলিয়া নির্লিপ্ত হইয়া পরম সাম্য প্রাপ্ত হন ॥২৪॥

২৫

সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
সম্যগ্‌জ্ঞানেনন ব্রহ্মচর্য্যেণ নিত্যং।
অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্রো
যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ॥ ৩-১-৫ ॥

যো হি জ্যোতির্ম্ময়ঃ 'শুভ্রঃ' বিশুদ্ধঃ আত্মা 'অন্তঃ-শরীরে' শরীরস্য মধ্যে পুণ্ডরীকাকাশে বিদ্যতে, যং চ 'ক্ষীণদোষাঃ' ক্ষীণাঃ ক্রোধাদিচিত্তমলরূপাঃ দোষাঃ যেষাং তে, যতয়ঃ পশ্যন্তি, এষ হি আত্মা সত্যেন তপসা সম্যগ্‌জ্ঞানেন নিত্যং ব্রহ্মচর্য্যেণ চ লভ্যঃ, অথবা নিত্যং সত্যেনেত্যাদিরূপেণ সর্ব্বত্র নিত্যশব্দস্যান্বয়ঃ ॥ ২৫ ॥

যে জ্যোতির্ম্ময় শুদ্ধ আত্মা শরীরের অভ্যন্তরে বর্ত্তমান,ও যাঁহাকে ক্ষীণদোষ যতিগণ দর্শন করিয়া থাকেন, সেই আত্মাকে সত্যের দ্বারা তপের দ্বারা সম্যগ্‌জ্ঞানের দ্বারা ও নিত্য ব্রহ্মচর্য্যের দ্বারা লাভ করিতে পারা যায় ॥২৫॥

২৬

সত্যমেব জয়তে নানৃতং
সত্যেন পন্থা বিততো দেবযানঃ।
যেনাক্রমন্ত্যৃষয়ো হ্যাপ্তকামা
যত্র তৎ সত্যস্য পরমং নিধানম্ ॥ ৩-১-৬ ॥

যেন হি দেবযানেন পথা 'আপ্তকামাঃ' পূর্ণকামাঃ বীততৃষ্ণা ঋষয়ঃ তৎ স্থানং 'আক্রমন্তি' ব্রজন্তি, 'যত্র যস্মিন্ স্থানে সত্যস্য সম্বন্ধি সত্যসাধ্যমিতিভাবঃ পরং

নিধানং 'তৎ' পরমাত্মতত্ত্বং বিদ্যতে। অন্যৎ স্পষ্টম্ ॥ ২৬ ॥

সত্যই জয়যুক্ত হয়, অনৃত নহে; দেবযান-নামক পথ সত্য দ্বারা বিস্তীর্ণ হইয়া রহিয়াছে; আপ্তকাম ঋষিগণ ইহার (পথের) দ্বারা সেই স্থানে গমন করিতে পারেন,—যেখানে পরম-নিধানস্বরূপ ও সত্যলভ্য সেই (পরমাত্মতত্ত্ব) রহিয়াছে ॥২৬॥

২৭

ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা
নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা।
জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্ব-
স্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ ॥ ৩-১-৮ ॥

স আত্মা চক্ষুষা ন গৃহ্যতে, নাপি বাচা, ন চ 'অন্যৈঃ' অপরৈঃ শ্রবণাদিভিঃ 'দেবৈঃ' ইন্দ্রিয়ৈঃ, তপসা, কর্ম্মণা বা গৃহ্যতে। অপিতু 'জ্ঞানপ্রসাদেন' জ্ঞানস্য প্রসাদেন নির্ম্মলতয়া 'বিশুদ্ধসত্ত্বঃ' বিশুদ্ধান্তরণঃ সন্ জনঃ, 'ততঃ' তেনৈব জ্ঞানপ্রসাদেন নিষ্কলং নিরবয়বং তং আত্মানং [illegible]য়মানঃ পশ্যতি ॥১৩॥

চক্ষুর দ্বারা তাঁহাকে গ্রহণ করিতে পারা যায় না, বাক্যের দ্বারাও তাঁহাকে গ্রহণ করিতে পারা যায় না, এবং অপর সমস্ত ইন্দ্রিয়, তপস্যা, বা কর্ম্মের দ্বারাও তাঁহাকে গ্রহণ করিতে পারা যায় না। লোকে জ্ঞানের নির্ম্মলতায় বিশুদ্ধচিত্ত হইয়া তাহারই দ্বারা সেই নিরবয়বকে ধ্যান করিতে করিতে দর্শন করিয়া থাকেন ॥১৩॥

২৮

এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো
যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ।
প্রাণৈশ্চিত্তং সর্ব্বমোতং প্রজানাং
যস্মিন্ বিশুদ্ধে বিভবত্যেষ আত্মা ॥ ৩-১-৯ ॥

যস্মিন্ শরীরে 'প্রাণঃ' বায়ুঃ পঞ্চধা প্রাণাপানাদিভিঃ পঞ্চভিঃ প্রকারৈঃ 'সংবিবেশ' সংপ্রবিষ্টঃ, তস্মিন্ এষঃ 'অণুঃ' সূক্ষ্মঃ আত্মা 'চেতসা' চিত্তেন 'বেদিতব্যঃ' জ্ঞেয়ঃ, 'প্রজানাং' প্রাণিনাং সর্ব্বং চিত্তং 'প্রাণৈঃ' ইন্দ্রিয়ৈঃ 'ওতং' ব্যাপ্তং, যস্মিন্ চিত্তে বিশুদ্ধে সতি এষ আত্মা 'বিভবতি' প্রকাশতে ॥১৪॥

যেখানে প্রাণ বায়ু (প্রাণ-অপান-প্রভৃতি ভেদে) পঞ্চ প্রকারে প্রবিষ্ট হইয়াছে, (সেই শরীরে) এই সূক্ষ্ম আত্মাকে চিত্তের দ্বারা জানিতে হইবে; প্রাণিসমূহের সমগ্র চিত্ত ইন্দ্রিয়গণের দ্বারা ব্যাপ্ত, ইহা বিশুদ্ধ হইলে এই আত্মা প্রকাশিত হইয়া থাকেন ॥২৯॥

২৯

নায়মাত্মা বলহীনেন লভ্যো
ন চ প্রমাদাৎ তপসো বাপ্যলিঙ্গাৎ।
এতৈরুপায়ৈর্যততে যস্তু বিদ্বাং-
স্তস্যৈষ আত্মা বিশতে ব্রহ্মধাম ॥ ৩-২-৪ ॥

অয়মাত্মা 'বলহীনেন' বীর্য্যরহিতেন জনেন ন লভ্যঃ, ন চ 'প্রমাদাৎ' অনবধানতায়াঃ, ন বা 'অলিঙ্গাৎ' লিঙ্গং লক্ষণং নাস্তি যস্য তৎ অলিঙ্গং তস্মাৎ লক্ষণ-রহিতাৎ যথাবিধি অননুষ্ঠিতাদ্ ইতি ভাবঃ, 'অলিঙ্গাৎ' সন্ন্যাসরহিতাদ্ ইতি বহবঃ, তপসঃ অয়মাত্মা লভ্যঃ। যঃ পুনর্বিদ্বান্ এতৈরুপায়ৈঃ তং অধিগন্তুং যততে, তস্য 'ব্রহ্মধাম' ব্রহ্মণোঽভিব্যক্তিস্থানং হৃদয়মিত্যর্থঃ, এষ আত্মা 'বিশতে' প্রবিশতি তত্র প্রকাশতে ইতি ভাবঃ। তস্যেতি আত্মেত্যনেন সম্বধ্যত ইতি বহবঃ ॥ ২৯ ॥

এই আত্মাকে বীর্য্যহীন লোকে লাভ করিতে পারে না; অনবধানতায় বা লক্ষণ-রহিত (যথাবিধি অননুষ্ঠিত) তপস্যার দ্বারাও ইঁহাকে লাভ করা যায় না। কিন্তু যে জ্ঞানী ব্যক্তি এই সকল (পূর্ব্বোক্ত) উপায়ের দ্বারা চেষ্টা করেন, এই আত্মা তাঁহার ব্রহ্মধামে (অর্থাৎ ব্রহ্মের অভিব্যক্তিস্থানরূপ হৃদয়ে) প্রবেশ করেন (প্রকাশিত হন) ॥২০॥

৩০

বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ
সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ।
তে ব্রহ্মলোকেষু পরান্তকালে
পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে ॥ ৩-২-৬ ॥

যে খলু যতয়ঃ 'বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ' বেদান্তবিজ্ঞানেন সুনিশ্চিতঃ সম্যগধারিতঃ অর্থঃ পরমাত্মা যৈঃ তে তথোক্তাঃ, সন্ন্যাসযোগাৎ 'শুদ্ধসত্ত্বাঃ' শুদ্ধান্তঃকরণাশ্চ, তে সর্ব্বে 'পরান্তকালে' দেহত্যাগসময়ে 'পরামৃতাঃ' পরমামৃতস্বরূপাঃ সন্তঃ ব্রহ্মলোকেষু 'পরিমুচ্যন্তি' সম্যগ্-রূপেণ মুক্তা ভবন্তি ॥৩০॥

বেদান্তবিজ্ঞানের দ্বারা যাঁহারা (পরমাত্ম-রূপ) অর্থকে সুনিশ্চিত করিয়াছেন ও যাঁহারা সংন্যাসযোগের দ্বারা বিশুদ্ধচিত্ত হইয়াছেন, সেই সমস্ত যতিগণ দেহত্যাগসময়ে পরম অমৃত-স্বরূপ হইয়া ব্রহ্মলোকসমূহে সম্যগ্‌রূপে মুক্ত হইয়া থাকেন ॥৩০॥

৩১

যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রে-
ঽস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়।
তথা বিদ্বান্ নামরূপাদ্ বিমুক্তঃ
পরাৎ পরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥ ৩-২-৮ ॥

যথা স্যন্দমানা নদ্যঃ নামরূপে বিহায় সমুদ্রে অস্তং গচ্ছন্তি, বিদ্বানপি তথা নামরূপাদ্ বিমুক্তঃ সন্ পরাৎ পরং দিব্যং পুরুষং 'উপৈতি' উপগচ্ছতি ॥৩১॥

প্রবহমান নদীসমূহ যেমন নাম ও রূপ পরিত্যাগ করিয়া সমুদ্রে অস্তগত হয়, জ্ঞানী ব্যক্তিও সেইরূপ নাম-রূপ হইতে বিমুক্ত হইয়া পরাৎপর দিব্য পুরুষের নিকট গমন করেন ॥৩১॥

৩২

স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি, নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি। তরতি শোকং তরতি পাপ্মানং, গুহাগ্রন্থিভ্যো বিমুক্তোঽমৃতো ভবতি ॥ ৩-২-৯ ॥

'যো হ বৈ' যঃ কশ্চিদেব জনঃ তৎ পরমং ব্রহ্ম 'বেদ' জানাতি, স ব্রহ্মৈব ভবতি; অস্য 'কুলে' বংশে অব্রহ্মবিৎ কোঽপি ন ভবতি; স শোকং তরতি, পাপ্মানং তরতি, 'গুহাগ্রন্থিভ্যঃ' হৃদয়স্থিতাবিদ্যাগ্রন্থিভ্যঃ বিমুক্তশ্চ সন্ অমৃতো ভবতি ॥৩২॥

যে-কেহ সেই পরম ব্রহ্মকে জানেন, তিনি ব্রহ্মই হইয়া থাকেন, তাঁহার বংশে কেহ অব্রহ্ম-বিৎ হয় না, তিনি শোক হইতে উত্তীর্ণ হন, পাপ হইতে উত্তীর্ণ হন, এবং হৃদয়গ্রন্থিসমূহ হইতে বিমুক্ত হন ॥৩২॥

ওঁ শান্তিঃ।

বাক্যসূচী

অ

ভ

ম

য

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্যের

অন্যান্য পুস্তক

শতপথব্রাহ্মণ, বঙ্গানুবাদ, বঙ্গীয়-সাহিত্যপরিষৎ হইতে প্রকাশিত, প্রথম খণ্ড, মূল্য ৩৲ টাকা। বেদ দুই ভাগে বিভক্ত, মন্ত্র ও ব্রাহ্মণ। মন্ত্রসমূহের সর্ব্বপ্রাচীন ভাষ্য বা ব্যাখ্যাগ্রন্থই ব্রাহ্মণ। অন্যান্য সমস্ত ব্রাহ্মণ অপেক্ষা শতপথব্রাহ্মণ উৎকৃষ্ট ও বৃহৎ। ইহাতে পুরাকালের বিবিধ জ্ঞাতব্য বিষয়সমূহ রহিয়াছে, অনেক ঐতিহাসিক তত্ত্ব ও আখ্যায়িকা আছে; তাহা ছাড়া প্রাচীন

দর্শ ও পূর্ণমাস-প্রভৃতি যাগের বিবরণ ত আছেই। বৃহদারণ্যক-উপনিষৎ এই শতপথব্রাহ্মণেরই মধ্যে। দ্বিতীয় খণ্ড যন্ত্রস্থ।

বিবাহমঙ্গল, বিহের মন্ত্র, বর-বধূর আশীর্ব্বাদ ও উপদেশপূর্ণ কথাগুলি অতি সরল বঙ্গানুবাদের সহিত বেদ, ব্রাহ্মণ, উপনিষৎ প্রভৃতি হইতে সংগ্রহ করা হইয়াছে। আর্য্যগণের বিবাহের আদর্শ কি মহান্ ও পবিত্র এই পুস্তিকায় তাহা অনায়াসে বুঝা যাইবে। শেষে রবিবাবুর কয়েকটি গান সংগৃহীত হইয়াছে। অতিসুন্দররূপে মুদ্রিত। বিবাহে উপহার দিবার সামগ্রী। মূল্য ।৵৹।

মিলিন্দপ্রশ্ন (মিলিন্দপঞ্‌হো), মূল পালি ও সটীক বঙ্গানুবাদ, প্রথম ভাগ, প্রথম খণ্ড, বঙ্গীয়সাহিত্যপরিষৎ হইতে প্রকাশিত। বৌদ্ধ সাহিত্যে ত্রিপিটক বা বিশুদ্ধিমার্গের পরেই মিলিন্দপ্রশ্নের স্থান। ইহাতে উত্তর-প্রত্যুত্তরে দৃষ্টান্ত-উপমা দ্বারা অতিসরলভাবে

বৌদ্ধ ধর্ম্ম ও দার্শনিক তত্ত্ব বর্ণিত হইয়াছে। পালিশিক্ষার্থীরা এই পুস্তকে অনেক সাহায্য পাইবেন। মূল মিলিন্দপ্রশ্নসম্বন্ধে প্রসিদ্ধ পালিবৎ T. W. Rhys Davids বলেন—"I venture to think that the 'Questions of Milinda' is undoubtedly the master-piece of Indian prose; and indeed is the best book of its class, from a literary point of view, that had been produced in any country." প্রথম ভাগ, প্রথম খণ্ড, মূল্য ১।০। দ্বিতীয় খণ্ড যন্ত্রস্থ।

পালিপ্রকাশ, বঙ্গভাষায় সম্পূর্ণ পালিব্যাকরণ, মূল পালি ও ইংরাজিতে লিখিত বহু ব্যাকরণ আলোচনা করিয়া সঙ্কলিত, পরিশেষে অনেক পাঠাবলী ও শব্দকোষ (glossary) দেওয়া হইয়াছে। পালি-

শিক্ষার্থীরা ইহা দ্বারা সহজে পালি শিখিতে পারিবেন। অতিসত্বরেই প্রকাশিত হইবে।

ভিক্ষুপ্রাতিমোক্ষ (ভিক্‌খুপাতি-মোক্‌খ), মূল পালি ও সটীক বঙ্গানুবাদ, বিনয়পিটকের প্রথম গ্রন্থ, ভিক্ষুগণের অবশ্য প্রতিপালনীয় নিয়মপূর্ণ, যন্ত্রস্থ।

শান্তিনিকেতন

উপনিষৎ সংগ্রহ

অর্থাৎ

প্রধান প্রধান উপনিষৎ হইতে সংগৃহীত

মহাবাক্যনিচয়

মূল সংস্কৃতের সহিত

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য

বিরচিত

সরল সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গানুবাদ

দ্বিতীয় খণ্ড

আশ্বিন, ১৩১৮

 [মূল্য ছয় আনা

প্রকাশক

শ্রীপাঁচকড়ি মিত্র
ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস্
২২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা

কান্তিক প্রেস
২০, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা
শ্রীহরিচরণ মান্না দ্বারা মুদ্রিত

পরমারাধ্য

পিতৃদেব

শ্রীত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য

ও

মাতৃদেবী

শ্রীবরদাসুন্দরী দেবীর

শ্রীশ্রীচরণকমলে

অনুক্রমণিকা

অথর্ববেদীয়

মাণ্ডূক্যোপনিষৎ

মাণ্ডূক্যোপনিষৎ

১

ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং, তস্যোপ-ব্যাখ্যানং ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব; যচ্চান্যৎ ত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব ॥ ১ ॥

ইদং সর্ব্বং যৎ কিঞ্চিৎ দৃশ্যতে তৎ সর্ব্বম্ 'ওমিত্যেতৎ' ওঁ ইতি প্রসিদ্ধমেতৎ অক্ষরমেব। 'তস্য' ওমিতি প্রসিদ্ধস্য অক্ষরস্য 'উপব্যাখ্যানং' বিস্পষ্টং ব্যাখ্যানম্ ইদমেব যৎ, যৎ কিঞ্চিৎ 'ভূতং' অতীতং, 'ভবৎ' বর্ত্তমানং, ভবিষ্যৎ চ, তৎ সর্ব্বম্ ওঙ্কারঃ। যচ্চান্যৎ কিমপি 'ত্রিকালাতীতং' কালত্রয়াতীতং (কার্য্য-মাত্রাধিগম্যং অব্যক্তং প্রকৃত্যাদি) স্যাৎ, তদপ্যোঙ্কার এব ॥ ১ ॥

এই সমুদয় 'ওঁ' এই অক্ষরই; তাহার (অর্থাৎ ওঙ্কার-নামে প্রসিদ্ধের) স্পষ্ট ব্যাখ্যা এই যে, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত

ওঙ্কারই ; এবং আর যাহা কিছু এই কালত্রয়ের অতীত, তাহাও ওঙ্কারই ॥ ১ ॥

২

সর্ব্বং হ্যেতদ্ ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা চতুষ্পাৎ ॥ ২ ॥

'চতুষ্পাৎ' চত্বারঃ পাদাঃ বক্ষ্যমাণাঃ অবস্থা-বিশেষা যস্য স তথোক্তঃ। অন্যৎ স্পষ্টম্ ॥ ২ ॥

,এই সমস্তই ব্রহ্ম, এই আত্মা ব্রহ্ম, সেই-এই আত্মা পাদচতুষ্টয়যুক্ত (অর্থাৎ বক্ষ্যমাণ অবস্থাচতুষ্টয়যুক্ত) ॥ ২ ॥

৩

জাগরিতস্থানো বহিষ্প্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুগ্ বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ ॥ ৩॥

'জাগরিতস্থানঃ' জাগরিতং জাগ্রদবস্থা স্থানং যস্য সঃ, 'বহিষ্প্রজ্ঞঃ' বহির্বিষয়ে প্রজ্ঞা যস্য সঃ, বহির্বিষয়াব-ভাসক ইত্যর্থঃ, 'সপ্তাঙ্গঃ' সপ্তানি অঙ্গানি যস্য সঃ, তানি সপ্তাঙ্গানি যথা—মূর্দ্ধা দ্যুলোকঃ, চক্ষুঃ সূর্য্যঃ, প্রাণো

বায়ুঃ, দেহমধ্যভাগঃ আকাশঃ, উদরং অন্নজলে, পাদৌ চ পৃথিবী ; 'একোনবিংশতিমুখঃ' একোনবিংশতিঃ মুখানি যস্য স তথোক্তঃ, একোনবিংশতির্মুখানি যথা—পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি, পঞ্চ প্রাণাপানাদি-বায়বঃ, মনো বুদ্ধিরহঙ্কারশ্চিত্তম্ ইতি চ চত্বারি, তেষাং সমষ্টিঃ একোনবিংশতিঃ। 'স্থূলভুক্' স্থূলান্ বিষয়ান্ শব্দাদীন্ ভুঙ্‌ক্তে ইতি তথোক্তঃ, 'বৈশ্বানরঃ' বিশ্বশ্চাসৌ নরশ্চেতি বিশ্বানরঃ, বিশ্বানর এব বৈশ্বানরঃ, বিশ্বনর-স্বরূপঃ বিরাট্ ইত্যর্থঃ, প্রথমঃ পাদঃ তস্য আত্মনঃ ॥ ৩ ॥

(সেই আত্মার) প্রথম পাদ বৈশ্বানর (বিশ্বনরস্বরূপ, বিরাট্); ইহার স্থান জাগ্রৎ-অবস্থা, ইহার প্রজ্ঞা বহির্বিষয়ে, ইহার অঙ্গ সাতটি, (যথা—মস্তক দ্যুলোক, চক্ষু সূর্য্য, প্রাণ বায়ু, দেহের মধ্যভাগ আকাশ, উদর অন্ন-জল, ও পদদ্বয় পৃথিবী), এবং মুখ অর্থাৎ জ্ঞানের সাধন উনিশটি, (যথা—পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণাদি বায়ু, মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত); ইনি স্থূল বিষয়সমূহকে ভোগ করেন ॥ ৩ ॥

৪

স্বপ্নস্থানোঽন্তঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোন-
বিংশতিমুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়ঃ
পাদঃ ॥ ৪ ॥

'স্বপ্নস্থানঃ' স্বপ্নঃ স্থানং যস্য স তথোক্তঃ, 'অন্তঃ-
প্রজ্ঞঃ' অন্তর্বিষয়ে প্রজ্ঞা যস্য সঃ, সপ্তাঙ্গঃ পূর্ব্ববৎ
সপ্তানি অঙ্গানি যস্য সঃ, 'একোনবিংশতিমুখঃ' পূর্ব্ববৎ
একোনবিংশতিমুখানি যস্য সঃ, 'প্রবিবিক্তভুক্' প্রবি-
বিক্তান্ স্থূলতঃ পৃথগ্ভূতান্ সূক্ষ্মান্ ইত্যর্থঃ, বিষয়ান্
ভুঙ্ক্তে ইতি তথোক্তঃ, তৈজসঃ দ্বিতীয়ঃ পাদঃ ॥ ৪ ॥

দ্বিতীয় পাদ তৈজস ; ইঁহার স্থান স্বপ্ন,
ইঁহার প্রজ্ঞা অন্তর্বিষয়ে, ইঁহার অঙ্গ সপ্ত ও
মুখ (অর্থাৎ জ্ঞানসাধন) একোনবিংশতি ;
ইনি সূক্ষ্ম বিষয়কে ভোগ করিয়া থাকেন ॥৪॥

৫

যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন
কঞ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থান
একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্
চেতোমুখ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ ॥ ৫ ॥

'যত্র' যস্যাম্ অবস্থায়াং সুপ্তঃ সন্ জীবো ন কমপি কামং কাময়তে, ন কমপি স্বপ্নং পশ্যতি, তৎ স্থানং সুষুপ্তমিত্যুচ্যতে; তৎ সুষুপ্তমেব স্থানং যস্য স 'সুষুপ্তস্থানঃ,' 'একীভূতঃ' জাগ্রদবস্থায়াং স্বপ্নাবস্থায়াঞ্চ প্রবিভক্তং দ্বৈতজাতং যস্মিন্ একীভবতি, স পূর্ব্বং অনেকঃ সন্ পশ্চাদ্ একো ভবতীতি একীভূত ইত্যুচ্যতে, 'প্রজ্ঞানঘন এব' জাগ্রৎস্বপ্নাবস্থয়োঃ মনঃস্পন্দনানি প্রজ্ঞানানি যস্মিন্ ঘনীভূতানীব জায়ন্তে, স প্রজ্ঞানঘন ইত্যুচ্যতে, স চ তাদৃশ এব ভবতি নত্বন্যাদৃশ ইত্যেবকারঃ; 'আনন্দময়ো হি' আনন্দপ্রায়ো হি, নত্বানন্দ এব, আনন্দভুক্, 'চেতোমুখঃ' চেতো বোধো মুখং দ্বারমস্য সঃ, তাদৃশঃ প্রাজ্ঞঃ তৃতীয়ঃ পাদঃ। ৫।

তৃতীয় পাদ প্রাজ্ঞ। ইহার স্থান সুষুপ্ত; যখন জীব সুপ্ত হইয়া কোন স্বপ্ন দর্শন করে না, কোন কামনা প্রার্থনা করে না, সেই অবস্থার নাম সুষুপ্ত; ইনি তখন একীভূত, প্রজ্ঞানঘন, আনন্দময়, ও আনন্দভুক্, এবং বোধ তাঁহার (অনুভবের) দ্বার ॥ ৫ ॥

৬

এষ সর্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য, প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্ ॥৬॥

এষ সর্বেশ্বরঃ, এষ সর্বজ্ঞঃ, এষ অন্তর্যামী, এষ সর্ব্বস্য 'যোনিঃ' কারণং, এষ এব চ ভূতানাং 'প্রভবাপ্যয়ৌ' প্রভবত্যস্মাদিতি প্রভবঃ, অপ্যেতি অপিগচ্ছতি বিলীয়তেঽস্মিন্নিত্যপ্যয়ঃ, তৌ; অস্মাদেব সর্ব্বাণি ভূতানি প্রভবন্তি, অস্মিন্নেব চ তানি বিলীয়ন্তে ইতি ভাবঃ ॥ ৭ ॥

ইনি সকলের ঈশ্বর, ইনি সর্ব্বজ্ঞ, ইনি অন্তর্যামী, ইনি সকলের কারণ, এবং ইহা হইতে ভূতসমূহ উৎপন্ন হয়, ও ইহাতেই তাহারা লীন হয় ॥ ৬ ॥

৭

নান্তঃপ্রজ্ঞং, ন বহিষ্প্রজ্ঞং, নোভয়তঃ-প্রজ্ঞং, ন প্রজ্ঞানঘনং, ন প্রজ্ঞং, নাপ্রজ্ঞং। অদৃষ্টম্, অব্যবহার্য্যম্, অগ্রাহ্যম্, অলক্ষণম্, অচিন্ত্যম্, অব্যপদেশ্যম্, একাত্মপ্রত্যয়সারম্, প্রপঞ্চোপশমং, শান্তং, শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে। স আত্মা স বিজ্ঞেয়ঃ ॥৭॥

'ন অন্তঃপ্রজ্ঞং' অনেন তৈজসপ্রতিষেধঃ, 'ন বহিষ্প্রজ্ঞং' অনেন বিশ্বপ্রতিষেধঃ), 'ন উভয়তঃ-প্রজ্ঞং' অনেন জাগ্রৎস্বপ্নয়োরন্তরালাবস্থাপ্রতিষেধঃ, 'ন প্রজ্ঞানঘনং' অনেন সুষুপ্তাবস্থাপ্রতিষেধঃ, 'ন প্রজ্ঞং'

যুগপৎ সর্ব্ববিষয়জ্ঞাতৃত্বম্ দ্বৈতবিষয়কজ্ঞানশালিত্বং চ প্রতিষিধ্যতেঽনেন,'ন অপ্রজ্ঞং' অনেন অচৈতন্যপ্রতিষেধঃ, অতএব 'অদৃষ্টং',অতএব 'অব্যবহার্য্যং', অতএব 'অগ্রাহ্যং' কর্ম্মেন্দ্রিয়ৈঃ, অতএব 'অলক্ষণং', অতএব 'অচিন্ত্যং, অতএব 'অব্যপদেশ্যং' শব্দৈঃ, 'একাত্মপ্রত্যয়সারং' জাগ্রদাদিষু অবস্থাসু একোঽয়মাত্মা ইত্যব্যভিচারী যঃ প্রত্যয়ঃ তেন অনুসরণীয়ম্, অথবা একঃ আত্মপ্রত্যয়ঃ স্বপ্রত্যয় এব সারং প্রমাণং যস্য স তথোক্তঃ, তম্, 'প্রপঞ্চোপশমং' প্রপঞ্চস্য জগতঃ উপশমো বিরামো যত্র তং, অতএব শান্তং শিবম্ অদ্বৈতম্ চতুর্থং পাদং মন্যন্তে জ্ঞানিনঃ, স আত্মা, স বিজ্ঞেয়ঃ ॥ ৭ ॥

যিনি অন্তঃপ্রজ্ঞ নহেন, বহিষ্প্রজ্ঞ নহেন,এবং উভয়তপ্রজ্ঞও নহেন (অর্থাৎ জাগ্রৎ ও স্বপ্ন দুই অবস্থার মধ্যবর্ত্তী অবস্থাও যাঁহার নাই); যিনি প্রজ্ঞানঘন নহেন, প্রজ্ঞ নহেন, এবং অপ্রজ্ঞও নহেন; যিনি অদৃষ্ট, অব্যবহার্য্য, অগ্রাহ্য, অলক্ষণ, অচিন্ত্য ও অব্যপদেশ্য; যিনি একাত্মপ্রত্যয়সার (অর্থাৎ 'এক আত্মা আছেন' এই অব্যভিচারী প্রত্যয়ের দ্বারা যাঁহাকে অনুসরণ করিতে পারা যায়, অথবা

একমাত্র নিজের প্রত্যয়ই যাঁহাতে প্রমাণ হইয়া থাকে), ও যাঁহাতে প্রপঞ্চের উপশম হইয়াছে, যিনি শান্ত, শিব ও অদ্বৈত, (জ্ঞানিগণ) তাঁহাকে চতুর্থ (পাদ) বলিয়া জানেন। তিনি আত্মা, তিনি জ্ঞাতব্য ॥ ৭ ॥

কৃষ্ণযজুর্ব্বেদীয়

তৈত্তিরীয়োপনিষৎ

তৈত্তিরীয়োপনিষৎ

১

বেদমনূচ্যাচার্য্যোঽন্তেবাসিনমনুশাস্তি—

সত্যং বদ। ধর্ম্মং চর। স্বাধ্যায়ান্মা প্রমদঃ। আচার্য্যায় প্রিয়ং ধনমাহৃত্য প্রজা-তন্তুং মা ব্যবচ্ছেৎসীঃ। সত্যান্ন প্রমদিতব্যং। ধর্ম্মান্ন প্রমদিতব্যং। কুশলান্ন প্রমদিতব্যং। ভূত্যৈ ন প্রমদিতব্যং। স্বাধ্যায়-প্রবচনাভ্যাং ন প্রমদিতব্যম্। দেবপিতৃকার্য্যাভ্যাং ন প্রমদিতব্যং ॥ ১-১১ ॥

আচার্য্যঃ বেদম্ 'অনূচ্য' অধ্যাপ্য অন্তেবাসিনং বক্ষ্য-মাণম্ 'অনুশাস্তি' উপদিশতীত্যর্থঃ।

'মা প্রমদঃ' প্রমাদং মা কার্ষীঃ, প্রমাদো নাম অনধাবনতা, 'প্রিয়ং' ইষ্টং অভিলষিতং, 'প্রজাসন্ততিং' সুতসন্ততিং, 'মা ব্যবচ্ছেৎসীঃ' বিচ্ছেদং মা কার্ষীঃ, 'ভূত্যৈ' ভূতির্বিভূতিঃ তস্যৈ, মঙ্গলাবাহাৎ কর্ম্মণ ইত্যর্থঃ,

'স্বাধ্যায়-প্রবচনাভ্যাং' স্বাধ্যায়ঃ অধ্যয়নং, প্রবচনং অধ্যাপনং, তাভ্যাং। অন্যৎ স্পষ্টম্॥ ১॥

আচার্য্য অন্তেবাসীকে বেদ অধ্যয়ন করাইয়া উপদেশ দিতেছেন—

সত্য বলিও। ধর্ম্ম আচরণ করিও। স্বাধ্যায়ে প্রমত্ত (অনবধান) হইও না। আচার্য্যের জন্য তাঁহার প্রিয় ধন আহরণ করিয়া (দারপরিগ্রহপূর্ব্বক) সুত-সন্ততির বিচ্ছেদ সাধন করিও না। সত্যে প্রমত্ত হইও না। ধর্ম্মে প্রমত্ত হইও না। কুশলে প্রমত্ত হইও না। সমৃদ্ধির জন্য যে কর্ম্ম, তাহাতে প্রমত্ত হইত না। অধ্যয়ন ও অধ্যাপনে প্রমত্ত হইও না। দেবকার্য্য ও পিতৃকার্য্যে প্রমত্ত হইও না॥ ১॥

২

মাতৃদেবো ভব। পিতৃদেবো ভব। আচার্য্য-দেবো ভব। অতিথিদেবো ভব। যান্যনবদ্যানি কর্ম্মাণি তানি সেবিতব্যানি, নো ইতরাণি।

যান্যস্মাকং সুচরিতানি তানি ত্বয়োপাস্যানি, নো ইতরাণি ॥

'মাতৃদেবঃ' মাতা দেবো যস্য সঃ, দেববৎ মাতা উপাস্যেতি ভাবঃ, এবমন্যত্র। 'অনবদ্যানি' অনিন্দ্যানি। 'সুচরিতানি' শোভনানি আচরণানি। অন্যৎ সর্ব্বং সুগমম্ ॥

মাতৃদেব হও (মাতাকে দেবতার ন্যায় পূজা করিবে)। পিতৃদেব হও। আচার্য্যদেব হও। অতিথিদেব হও। যে সমস্ত কর্ম্ম অনিন্দনীয়, তাহাই সেবন করিবে; অপর কর্ম্ম সেবন করিবে না। আমাদের যে সকল আচরণ উত্তম, তাহারই তুমি উপাসনা করিবে, অপর সমস্তের নহে ॥ ২ ॥

৩

যে কেচাস্মচ্ছ্রেয়াংসো ব্রাহ্মণাঃ, তেষাং ত্বয়াসনেন প্রশ্বসিতব্যং। শ্রদ্ধয়া দেয়ং। অশ্রদ্ধয়াঽদেয়ং। শ্রিয়া দেয়ং। হ্রিয়া দেয়ং। ভিয়া দেয়ং। সংবিদা দেয়ম্ ॥

যে কে চ ব্রাহ্মণাঃ 'অস্মচ্ছ্রেয়াংসঃ' অস্মত্তঃ

শ্রেয়াংসঃ প্রশস্ততরাঃ, তেষাং 'আসনেন' আসন-প্রদানেন 'প্রশ্বসিতব্যং' প্রশ্বসনং প্রশ্বাসঃ শ্রমাপনয়ঃ, স তেষাং শ্রমাপনয়ঃ ত্বয়া কর্ত্তব্যঃ। 'শ্রিয়া' শ্রীঃ বিভূতিঃ তয়া, স্ববিভূত্যনুসারেণেতি ভাবঃ। 'হ্রিয়া' হ্রীঃ লজ্জা তয়া, স্বাপেক্ষয়া হীনধনেষু পুরুষেষু দানং দৃষ্ট্বা লজ্জয়েতি ভাবঃ। 'সংবিদা' সংবিৎ মৈত্রী তয়া॥

যে-কোন ব্রাহ্মণেরা আমাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ, তুমি আসন প্রদান করিয়া তাঁহাদের শ্রমাপনয়ন করিবে। শ্রদ্ধার সহিত দান করিও। অশ্রদ্ধার সহিত দান করিও না। (নিজের) বিভূতি-অনুসারে দান করিও। লজ্জায় দান করিও। ভয়ে দান করিও। এবং মৈত্রী-ভাবে দান করিও॥ ৩॥

৪

অথ যদি তে, কর্ম্মবিচিকিৎসা বা বৃত্তি-বিচিকিৎসা বা স্যাৎ, যে তত্র ব্রাহ্মণাঃ সংমর্শিনঃ যুক্তা আযুক্তা অলূক্ষা ধর্ম্মকামাঃ স্যুঃ, যথা তে তত্র বর্ত্তেরন্, তথা তত্র বর্ত্তেথাঃ। অথাভ্যাখ্যাতেষু যে তত্র ব্রাহ্মণাঃ সংমর্শিনো

যুক্তা আযুক্তা অলূক্ষা ধর্ম্মকামাঃ স্যুঃ, যথা তে তত্র বর্ত্তেরন্, তথা তেষু বর্ত্তেথাঃ ॥

'অথ' এবং বর্ত্তমানস্যেতি ভাবঃ যদি তব 'কর্ম্ম-বিচিকিৎসা' শ্রৌতস্মার্ত্তেষু কর্ম্মসু বিচিকিৎসা সংশয়ঃ, 'বৃত্তিবিচিকিৎসা' বৃত্তে আচারে ব্যবহারে বিচিকিৎসা সংশয়ঃ, 'সংমর্শিনঃ' বিচারক্ষমাঃ, 'যুক্তাঃ' অভিযুক্তাঃ কর্ম্মবৃত্তানুষ্ঠাননিরতা ইত্যর্থঃ, 'আযুক্তাঃ' স্বাধীনাঃ স্বতন্ত্রাঃ, 'অলূক্ষাঃ' অরূক্ষা ঋজব ইত্যর্থঃ, 'ধর্ম্মকামাঃ' যে ধর্ম্মং কাময়ন্তে, যে কামবর্জ্জিতা ইতি ভাবঃ। 'অভ্যাখ্যাতেষু' শঙ্কিতদোষেষু বিষয়েষু। অন্যৎ স্পষ্টম্ ॥ ৪ ॥

আর যদি তোমার কোন কর্ম্ম বা আচরণ-সম্বন্ধে সংশয় উপস্থিত হয়, তাহা হইলে, সেখানে যে সকল বিচারক্ষম, ক্রিয়ানিরত, স্বতন্ত্র, অরূক্ষ ও ধর্ম্মকাম ব্রাহ্মণ থাকেন, তাঁহারা যেরূপ ভাবে চলেন, তুমিও সেখানে সেইরূপ চলিবে। আর যদি কোন বিষয়ে কোন দোষশঙ্কা (উপস্থিত বা উপস্থাপিত) হয়, তবে, সেখানে যে সকল বিচারক্ষম, ক্রিয়া-নিরত, স্বতন্ত্র, অরূক্ষ ও ধর্ম্মকাম ব্রাহ্মণ

থাকেন, তাঁহারা যেরূপ চলেন, তুমিও সেইরূপ চলিবে ॥৪॥

৫

এষ আদেশঃ। এষ উপদেশঃ। এষা বেদোপনিষৎ। এতদনুশাসনম্। এবমুপাসিতব্যম্। এবমু চৈতদুপাস্যম্॥

'আদেশঃ' বিধিঃ, 'উপদেশঃ' পুত্রাদিভ্যঃ পিত্রাদীনাং, 'বেদোপনিষৎ' সর্ব্বেষাং বেদানাং রহস্যম্, 'অনুশাসনং' ঈশ্বরবচনম্। অন্যৎ সুগমম্।

ইহা আদেশ, ইহা উপদেশ, ইহা বেদ-উপনিষৎ (বেদ-রহস্য), এবং ইহা অনুশাসন। ইহা এইরূপে উপাসনা করিবে, ইহা এইরূপে উপাসনা করিবে ॥ ৫ ॥

৬

ওঁ ব্রহ্মবিদাপ্নোতি পরম্। তদেষাভ্যুক্তা—সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোমন্। সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতেতি ॥২-১॥

ব্রহ্মবিৎ 'পরং' পরমং ব্রহ্ম আপ্নোতি। 'তৎ' তত্র তস্মিন্ বিষয়ে 'এষা' বক্ষ্যমাণা ঋক্ অভ্যুক্তা। যো

জনঃ সত্যং জ্ঞানম্ অনন্তং ব্রহ্ম 'পরমে' প্রকৃষ্টে 'ব্যোমন্' ব্যোমনি আকাশে হৃদয়াকাশে ইত্যর্থঃ 'গুহায়াং' বুদ্ধৌ নিহিতং 'বেদ' জানাতি, স 'বিপশ্চিতা' সর্ব্বজ্ঞেন 'ব্রহ্মণা' সহ (সর্ব্বজ্ঞব্রহ্মাত্মস্বরূপেণেতি অদ্বৈতিনঃ) সর্ব্বান্ 'কামান্' ভোগান্ 'সহ' যুগপদেব 'অশ্নুতে' ভুঙ্‌ক্তে ॥ ৬ ॥

ব্রহ্মবিৎ পরম (ব্রহ্ম) প্রাপ্ত হন। তদ্বিষয়ে এই (ঋক্) উক্ত হইয়াছে—"যিনি সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও অনন্তস্বরূপ ব্রহ্মকে (হৃদয়স্থিত) পরম আকাশে বুদ্ধিতে অবস্থিত জানেন, তিনি সর্ব্বজ্ঞ ব্রহ্মের সহিত যুগপৎ সমস্ত কাম্য বস্তু ভোগ করিতে পারেন" ॥ ৬ ॥

৭

তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ। আকাশাদ্ বায়ুঃ। বায়োরগ্নিঃ। অগ্নেরাপঃ। অদ্ভ্যঃ পৃথিবী। পৃথিব্যা ওষধয়ঃ। ওষধীভ্যোঽন্নং। অন্নাৎ পুরুষঃ। স বা এষ পুরুষোঽন্নরসময়ঃ ॥২-১॥

'তস্মাদ্ বৈ এতস্মাৎ' ব্রহ্মরূপাদ্ আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ, আকাশাদ্ বায়ুঃ সম্ভূতঃ, এবমন্যত্রাপি। অন্নাদ্ রেতোরূপেণ পরিণতাৎ পুরুষঃ শিরঃপাণ্যাদ্যাকৃতিমান্ সম্ভূতঃ। স বৈ এষ পুরুষঃ 'অন্নরসময়ঃ' অন্নরস-বিকাররূপঃ ॥ ৬ ॥

সেই এই (ব্রহ্মরূপ) আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, পৃথিবী হইতে ওষধিসমূহ, ওষধিসমূহ হইতে অন্ন, এবং (রেতরূপে পরিণত) অন্ন হইতে পুরুষ সম্ভূত হইয়াছে। সেই এই পুরুষ অন্নরসময় (অন্নরসের বিকারস্বরূপ) ॥ ৬ ॥

৮

তস্মাদ্ বা এতস্মাদন্নরসময়াদন্যোঽন্তর আত্মা প্রাণময়ঃ ॥ ২-২ ॥

তস্মাদ্ বৈ এতস্মাৎ পূর্ব্বোক্তাদ্ অন্নরসময়াৎ পিণ্ড-রূপাদ্ আত্মনঃ 'অন্যঃ' ব্যতিরিক্তঃ, 'অন্তরঃ' অভ্যন্তরঃ আত্মা 'প্রাণময়ঃ' প্রাণো বায়ুঃ, তন্ময়ঃ তৎপ্রায়ঃ ॥ ৮ ॥

সেই এই অন্নরসময় আত্মা হইতে অন্য অভ্যন্তরবর্ত্তী আত্মা প্রাণময় ॥ ৮ ॥

৯

তস্মাদ্বা এতস্মাৎ প্রাণময়াৎ অন্যোঽন্তর আত্মা মনোময়ঃ ॥ ২-৩ ॥

তস্মাদ্ বৈ এতস্মাৎ পূর্ব্বোক্তাৎ প্রাণময়াদ্ আত্মনঃ 'অন্যঃ' ব্যতিরিক্তঃ, 'অন্তরঃ' অভ্যন্তরঃ আত্মা মনোময়ঃ অস্তি ॥ ৯ ॥

সেই এই প্রাণময় আত্মা হইতে অন্য অভ্যন্তরবর্ত্তী আত্মা মনোময় ॥ ৮ ॥

১০

তস্মাদ্বা এতস্মান্মনোময়াৎ অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ ॥ ২-৪ ॥

তস্মাদ্ বৈ এতস্মাৎ পূর্ব্বোক্তাৎ মনোময়াদ্ আত্মনঃ অন্যঃ অভ্যন্তরো বিজ্ঞানময় আত্মাস্তি ॥ ১০ ॥

সেই এই মনোময় আত্মা হইতে অন্য অভ্যন্তরবর্ত্তী আত্মা বিজ্ঞানময় ॥ ১০ ॥

১১

তস্মাদ্বা এতস্মাদ্ বিজ্ঞানময়াৎ অন্যোঽন্তর আত্মানন্দময়ঃ। তদপ্যেষ শ্লোকো ভবতি—

অসন্নেব স ভবতি অসদ্ ব্রহ্মেতি বেদ চেৎ।
অস্তি ব্রহ্মেতি চেদ্বেদ সন্তমেনং ততো বিদুঃ॥
॥ ২-৬ ॥

তস্মাদ্ বৈ এতস্মাৎ পূর্ব্বোক্তাদ্ বিজ্ঞানময়াদ্ অন্যঃ অন্তর আত্মা আনন্দময়োঽস্তি। তস্মিন্নেব বিষয়ে অয়ং বক্ষ্যমাণঃ শ্লোকঃ—

স জনঃ 'অসন্ এব' ভবতি, যথা অসন্ অবিদ্যমানো জনো ন পুরুষার্থসম্বন্ধী ভবতি, সোঽপি তথৈব ;—যদি স ব্রহ্ম অসদিতি 'বেদ' জানাতি। ব্রহ্ম অস্তি ইতি চেৎ এষঃ 'বেদ' জানাতি, তর্হি ব্রহ্মবিদঃ এনং সন্তং 'বিদুঃ' জানন্তি ॥ ১১ ॥

সেই এই বিজ্ঞানময় হইতে অতিরিক্ত অভ্যন্তরবর্ত্তী আত্মা আনন্দময়। সেই বিষয়েই এই শ্লোকটি (উক্ত) হয়—

যদি কোন ব্যক্তি ব্রহ্মকে অসৎ (সত্তাহীন) বলিয়া জানেন, তবে তিনি অসৎই হন ; আর যদি তিনি জানেন যে, ব্রহ্ম আছেন, তবে (ব্রহ্মবিদ্‌গণ) তাঁহাকে সৎ বলিয়া জানেন ॥১১॥

১২

সোঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়েতি। স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চ। তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ ॥ ২-৬ ॥

সঃ 'অকাময়ত' ঐচ্ছৎ 'বহু' প্রভূতং 'স্যাং' ভবেয়ং, 'প্রজায়েয়' প্রভূততয়া উৎপদ্যেয় ইতি। স তপঃ 'অতপ্যত,' তপ্তবান্ সৃজ্যমানজগদ্রচনাদিবিষয়াম্ আলোচনাং কৃতবান্ ইত্যর্থঃ। স তপস্তপ্ত্বা ইদং দৃশ্যমানং সর্ব্বং 'অসৃজত' সৃষ্টবান্। ইদং সর্ব্বং কিমিত্যত আহ—যদিদং কিঞ্চেতি' যদ্ ইদং কিঞ্চিৎ পরিদৃশ্যত ইতি ভাবঃ। স তৎ ইদং সর্ব্বং সৃষ্ট্বা 'তদেব অনুপ্রাবিশৎ' তস্মিন্নেব প্রবিষ্ট ইত্যর্থঃ॥ ১২ ॥

তিনি কামনা করিলেন, 'আমি বহু হইব, আমি (প্রভূতভাবে) উৎপন্ন হইব!' (অনন্তর) তিনি তপস্যা করিলেন (অর্থাৎ সৃজ্যমান জগতের রচনাদি বিষয়ে আলোচনা করিলেন)। তিনি তপস্যা করিয়া এই যাহা কিছু রহিয়াছে তৎসমুদয় সৃষ্টি করিলেন; এবং তাহা সৃষ্টি করিয়া তাহাতেই অনুপ্রবিষ্ট হইলেন ॥ ১২ ॥

১৩

তদনুপ্রবিশ্য সচ্চ ত্যচ্চাভবৎ। নিরুক্তং চানিরুক্তং চ। নিলয়নং চানিলয়নঞ্চ। বিজ্ঞানং চাবিজ্ঞানং চ। সত্যং চানৃতঞ্চ। সত্যমভবৎ যদিদং কিঞ্চ। তৎ সত্যমিত্যাচক্ষতে। তদপ্যেষ শ্লোকো ভবতি—॥২-৬॥

স তৎ অনুপ্রবিশ্য 'সচ্চ': মূর্ত্তং চ 'ত্যচ্চ' অমূর্ত্তং চ, 'নিরুক্তং চ' নির্দ্দিষ্টং চ 'অনিরুক্তং চ' অনির্দ্দিষ্টং চ, 'নিলয়নং চ' আশ্রয়শ্চ 'অনিলয়নং চ' অনাশ্রয়শ্চ,বিজ্ঞানং চ' চেতনং চ 'অবিজ্ঞানং চ' অচেতনঞ্চ, সত্যঞ্চ অনৃতঞ্চ অভবৎ। যদ্ ইদং 'কিঞ্চ' কিঞ্চিৎ বিদ্যতে তৎ সত্যং (কর্ত্তৃপদং) অভবৎ, যতঃ ব্রহ্মবিদঃ তৎ সত্যম্ ইতি 'আচক্ষতে' ব্রুবন্তি। 'তদপি' তস্মিন্নেব বিষয়ে এষ বক্ষ্যমাণঃ শ্লোকো ভবতি ॥ ১৩ ॥

তিনি তাহাতে অনুপ্রবিষ্ট হইয়া মূর্ত্ত-অমূর্ত্ত, নির্দ্দিষ্ট-অনির্দ্দিষ্ট, আশ্রয়-অনাশ্রয়, চেতন-অচেতন, ও সত্য-অনৃত্য হইলেন। এই যাহা কিছু রহিয়াছে তাহা সত্য (কর্ত্তৃপদ) হইয়াছিলেন; কেননা, (ব্রহ্মবিদ্‌গণ) তাঁহাকে

সত্য বলিয়া থাকেন। সেই বিষয়েই এই শ্লোক উক্ত হয়—॥ ১৩ ॥

১৪

অসদ্বা ইদমগ্র আসীৎ ততো বৈ সদজায়ত। তদাত্মানং স্বয়মকুরুত, তস্মাৎ তৎ সুকৃতমুচ্যত ইতি ॥ ২-৭ ॥

'অগ্রে' সৃষ্টেঃ পূর্ব্বং 'ইদং' নামরূপাভ্যাং পরিদৃশ্যমানং জগৎ 'অসৎ' প্রকটিতনামরূপবিশেষবিপরীতম্ আসীৎ, তাদৃশব্রহ্মাত্মনা আসীদ্ ইতি ভাবঃ। 'ততঃ' তদনন্তরং ইদং 'সৎ' প্রকটিতনামরূপবিশেষং 'অজায়ত' উদপদ্যত। 'তৎ' ব্যাকৃতনামরূপবিশেষবিপরীতরূপং অসচ্ছব্দবাচ্যং ব্রহ্ম 'আত্মানং' স্বং স্বয়মেব অকুরুত, স্বয়মেবাত্মানং ব্যাকৃতবদিত্যর্থঃ। যস্মাদেবং তস্মাৎ তৎ 'সুকৃতং' স্বকর্তৃ স্বয়ংকর্তৃ বা ইত্যুচ্যতে ॥ ১৪॥

(সৃষ্টির) পূর্ব্বে ইহা অসৎ ছিল, তাহার পর সৎ-রূপে উৎপন্ন হয়। তিনি নিজেকে স্বয়ং (প্রকটিত) করিয়াছিলেন, সেইজন্য তাঁহাকে 'সুকৃত' (অর্থাৎ স্বকর্ত্তা, অথবা স্বয়ংকর্ত্তা) বলা হয় ॥ ১৪ ॥

১৫

যদ্বৈ তৎ সুকৃতম্, রসো বৈ সঃ। রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি। কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ; এষ হ্যেবানন্দয়াতি ॥২-৭॥

যদ্ বৈ তৎ প্রাগুক্তং সুকৃতং, রসো বৈ সঃ, স খলু রস আনন্দপ্রবঃ, রসো নাম তৃপ্তিহেতুরানন্দকরঃ প্রসিদ্ধো লোকে, সোঽপি তাদৃশ এবেতি বিবৃণোতি রসমিত্যাদি, 'অয়ং' জীবঃ রসমেব লব্ধ্বা 'আনন্দী' আনন্দবান্ ভবতি, 'যদ্' যদি এষ আনন্দঃ 'আকাশে' পরমে ব্যোম্নি গুহায়াং হৃদয়াকাশে ইত্যর্থঃ 'ন স্যাৎ' ন ভবেৎ, তর্হি কঃ 'অন্যাৎ' অপানবায়ুচেষ্টাং কুর্যাৎ? কঃ 'প্রাণ্যাৎ' প্রাণবায়ুচেষ্টাং কুর্য্যাৎ? কো নাম শ্বাসক্রিয়য়া জীবিতুং শক্নুয়াদিতি সকলার্থঃ, ন কোঽপীতি ভাবঃ। 'হি' যত এষ এব আনন্দরূপঃ স রসঃ 'আনন্দয়াতি' আনন্দয়তি লোকম্ ॥ ১৫ ॥

যিনি সেই সুকৃত, তিনিই রস। এই (জীব) রসকেই লাভ করিয়া আনন্দবান্ হয়। এই আনন্দ যদি (হৃদয়-) আকাশে না

থাকেন, তবে কোন ব্যক্তি অপান-বায়ুর চেষ্টা করিবে, এবং কোন ব্যক্তি প্রাণ-বায়ুর চেষ্টা করিবে ? (অর্থাৎ কেহই তাহা হইলে প্রাণাপান বায়ুর কার্য্য নিশ্বাস-প্রশ্বাস করিতে পারে না)। কেননা, ইনিই (সকলকে) আনন্দিত করেন ॥১৫॥

১৬

যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽ-নিলয়নেঽভয়ং প্রতিষ্ঠাং বিন্দতে, অথ সোঽভয়ং গতো ভবতি ॥২-৭॥

যদা হি এব এষ সাধকঃ এতস্মিন্ পূর্ব্বোক্তে অদৃশ্যে 'অনাত্ম্যে' অশরীরে, 'অনিরুক্তে' অনির্দ্দিষ্টে নির্বিশেষে, 'অনিলয়নে' অনাধারে 'অভয়ং' নির্ভয়ং যথা স্যাৎ তথা 'প্রতিষ্ঠাং' স্থিতিং 'বিন্দতে' লভতে প্রতিষ্ঠিতো ভবতী-ত্যর্থঃ, 'অথ' অনন্তরং সঃ অভয়ং 'গতঃ' প্রাপ্তো ভবতি॥১৬॥

ইনি (সাধক) যখনই এই অদৃশ্য, অশরীর, অবিশেষ ও অনাধারে নির্ভয়ভাবে

প্রতিষ্ঠা লাভ করেন, তখনই অভয় প্রাপ্ত হন ॥১৬॥

১৭

যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতে, অথ তস্য ভয়ং ভবতি। তত্ত্বেব ভয়ং বিদুষোঽমন্বানস্য। তদপ্যেষ শ্লোকো ভবতি ॥২-৭॥

যদা হি এব এষ সাধকঃ এতস্মিন্ 'উৎ' অপি অরম্' অল্পম্, 'উদরম্' অল্পমপীত্যর্থঃ 'অন্তরং' ভেদং ভেদদর্শনমিতি ভাবঃ কুরুতে 'অথ' তদা তস্য ভয়ং ভবতি, 'তৎ তু এব' তদেব তু প্রাগুক্তং ব্রহ্ম 'অমন্বানস্য' অবিচারয়তঃ বিদুষঃ ভয়ং ভবতি। তস্মিন্নেব বিষয়ে এষ বক্ষ্যমাণঃ শ্লোকঃ ॥১৭॥

ইনি (সাধক') যখনই ইঁহাতে স্বল্পমাত্রও ভেদদর্শন করেন, তখনই তাঁহার ভয় হয়। অবিচারী বিদ্বানের পক্ষে তিনিই ভয় হইয়া থাকেন্। সেই বিষয়েই এই (বক্ষ্যমাণ) শ্লোক (উক্ত) হইয়া থাকে॥১৭॥

১৮

ভীষাস্মাদ্ বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ।
ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥
ইতি ॥২-৮॥

অস্মাদ্ 'ভীষা' ভয়েন বাতঃ 'পবতে' প্রবহতি, অস্মাদ্ 'ভীষা' ভয়েন সূর্য্য উদেতি, অস্মাদ্ ভীষা অগ্নিশ্চ ইন্দ্রশ্চ এষাং বাতাদীনাং পঞ্চমো মৃত্যুশ্চ 'ধাবতি' স্বস্বকর্ম্মসু প্রবর্ত্ততে ॥১৮॥

ইঁহার ভয়ে বায়ু প্রবাহিত হইতেছে, ইঁহার ভয়ে সূর্য্য উদিত হইতেছে, এবং ইঁহার ভয়ে অগ্নি, ইন্দ্র ও (ইঁহাদের) পঞ্চম মৃত্যু ধাবিত হইতেছে (অর্থাৎ স্বস্ব কার্য্যে প্রবৃত্ত হইতেছে) ॥১৮॥

১৯

যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।
আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন॥
ইতি ॥২-৯॥

মনসা সহ বাচঃ যৎ অপ্রাপ্য যতঃ নিবর্ত্তন্তে, তস্য ব্রহ্মণ আনন্দং 'বিদ্বান্' জানন্ সাধকঃ 'কুতশ্চন' কুতোঽপি ন বিভেতি ॥১৯॥

মনের সহিত বাক্যসমূহ (যাঁহাকে) প্রাপ্ত না হইয়া যাঁহা হইতে প্রতিনিবৃত্ত হয়, (সাধক সেই) ব্রহ্মের আনন্দকে জানিয়া কোথা হইতেও ভয় প্রাপ্ত হন না ॥১৯॥

২০

এতং হ বাব ন তপতি—কিমহং সাধু নাকরবম্, কিমহং পাপমকরবমিতি ॥২-৯॥

যো ব্রহ্মণ আনন্দং বেত্তি 'এতং হ বাব' এতমেব ইদম্ অনুশোচনং ন 'তপতি' সন্তাপয়তি; কিং তদনুশোচনমিত্যাহ কিমহমিত্যাদি। অহং'কিং' কিং নিমিত্তং 'সাধু' শোভনং কর্ম্ম ন 'অকরবম্' কৃতবান্; কিং নিমিত্তং চ অহং পাপম্ অকরবম্ ইতি ॥২০॥

'কেন আমি সাধু করি নাই, কেন আমি পাপ করিয়াছি'—এই (অনুশোচনা) ইঁহাকেই (যিনি ব্রহ্মানন্দকে জানেন) সন্তপ্ত করে না ॥২০

২১

ভৃগুর্বৈ বারুণিঃ বরুণং পিতরমুপসসার অধীহি ভগবো ব্রহ্মেতি।

তং হোবাচ—যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি, তদ্বিজিজ্ঞাসস্ব, তদ্ ব্রহ্মেতি ॥৩-১॥

বরুণস্যাপত্যং বারুণিঃ ভৃগুর্নাম 'বৈ' প্রসিদ্ধার্থস্মারকো নিপাতঃ, পিতরং বরুণনামানং 'উপসসার' উপগতবান—হে ভগবন্ ব্রহ্ম 'অধীহি' পঠ উচ্চারয়, কিং তদ ব্রহ্মেতি মামুপদিশেতি ভাবঃ ইতি কথয়ন্। তং হ পিতা উবাচ ইমানি ব্রহ্মাদীনি স্তম্বপর্য্যন্তানি ভূতানি 'যতো বৈ' যস্মাদ্ বৈ জায়ন্তে, জাতানি যেন জীবন্তি, বিনাশকালে চ 'প্রয়ন্তি' প্রতিগচ্ছন্তি সন্তি যৎ 'অভিসংবিশন্তি' আভিমুখ্যেন প্রবিশ্য লীয়ন্তে ইতি ভাবঃ, তদ্ 'বিজিজ্ঞাসস্ব' বিশেষেণ জ্ঞাতুম্ ইচ্ছ, তদ্ ব্রহ্ম ভবতি ॥২১॥

বরুণের পুত্র ভৃগু পিতা বরুণের নিকট উপস্থিত হইয়া বলিলেন—"হে ভগবন্, ব্রহ্ম কি

তাহা পাঠ করুন (অর্থাৎ ব্রহ্ম কি আমাকে তাহা উপদেশ করুন)।"

তিনি বলিলেন—"এই ভূতসমূহ যাঁহা হইতে জাত হইয়াছে, জাত হইয়া যাঁহা দ্বারা জীবিত রহিয়াছে, এবং (অন্তকালে) যাহাতে প্রয়াণ করিয়া প্রবিষ্ট হইয়া থাকে, তুমি তাঁহাকে বিশেষরূপে জানিতে ইচ্ছা কর, তিনি ব্রহ্ম ॥২১॥

২২

স তপোঽতপ্যত। স তপস্তপ্ত্বা আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি ॥৩-৬॥

স ভৃগুঃ ব্রহ্মবিজ্ঞানার্থং তপঃ 'অতপ্যত' তপ্ত্বা স তপস্তপ্ত্বা আনন্দো ব্রহ্ম ইতি 'ব্যজানাৎ' বিজ্ঞাতবান্ 'হি' যতঃ, আনন্দাদেবেত্যাদি পূর্ব্ববৎ ॥২২॥

তিনি তপস্যা করিয়াছিলেন, এবং তপ করিয়া জানিয়াছিলেন যে, আনন্দ ব্রহ্ম

কেননা, এই ভূতসমূহ আনন্দ হইতেই জাত হয়, জাত হইয়া আনন্দের দ্বারা জীবিত থাকে, এবং (অন্তকালে) আনন্দে প্রয়াণ করিয়া প্রবিষ্ট হয় ॥২২॥

২৩

সৈষা ভার্গবী বারুণী বিদ্যা পরমে ব্যোমন্ প্রতিষ্ঠিতা। স য এবং বেদ প্রতিতিষ্ঠতি ॥৩-৬॥

সা এষা 'ভার্গবী' ভৃগুণা বিদিতা, 'বারুণী' বরুণ-প্রোক্তা বিদ্যা ব্যোমন্ ব্যোম্নি হৃদয়াকাশে 'পরমে' আনন্দে ব্রহ্মণি প্রতিষ্ঠিতা ভবতি। য এবং 'বেদ' জানাতি, স 'প্রতিতিষ্ঠতি' প্রতিষ্ঠিতো ভবতি পরমে আনন্দে ॥২৩॥

এই বরুণপ্রোক্ত ও ভৃগুবিদিত বিদ্যা হৃদয়াকাশস্থিত পরমে (অর্থাৎ আনন্দ ব্রহ্মে) প্রতিষ্ঠিত। যিনি ইহা এইরূপ জানেন, তিনি (আনন্দ ব্রহ্মে) প্রতিষ্ঠিত হন ॥২৩॥

ঋগ্বেদীয়

ঐতরেয়োপনিষৎ

ঐতরেয়োপনিষৎ

১

আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ। নান্যৎ কিঞ্চন মিষৎ। স ঈক্ষত লোকান্ নু সৃজা ইতি। স ইমাল্লোঁকানসৃজত ॥১-১॥

'অগ্রে' সৃষ্টেঃ প্রাক্ 'ইদং' প্রত্যক্ষতো দৃশ্যমানং জগৎ 'বৈ' প্রসিদ্ধার্থে, আত্মৈব এক আসীৎ। 'অন্যৎ' তস্মাদ্ আত্মনঃ অপরং 'কিঞ্চিৎ' কিমপি ন 'মিষৎ' ব্যাপারযুক্তং আসীৎ। স আত্মা 'ঈক্ষত' ঐক্ষত পর্য্যালোচয়ৎ—লোকান্ 'সৃজৈ' সৃজানি 'নু' বিতর্কে ইতি। অথ স ইমান্ লোকান্ 'অসৃজত' সৃষ্টবান্ ॥১॥

অগ্রে ইহা এক আত্মাই ছিল; ব্যাপার-বিশিষ্ট অপর কিছুই ছিল না। তিনি আলোচনা করিলেন—'আমি কি লোকসমূহ সৃষ্টি করিব?' (অনন্তর) তিনি এই সমস্ত লোককে সৃষ্টি করিলেন ॥১॥

২

কোঽয়মাত্মেতি বয়মুপাস্মহে ? কতরঃ স আত্মা ?—যেন বা পশ্যতি, যেন বা শৃণোতি, যেন বা গন্ধানাজিঘ্রতি, যেন বা বাচং ব্যাকরোতি, যেন বা স্বাদু চাস্বাদু চ বিজানাতি ? ॥৩-১॥

আত্মা ইতি যং বয়ম্ উপাস্মহে অয়ং কঃ ? 'কতরঃ' কতমঃ স আত্মা ? লোকো যেন বা পশ্যতি স কিমাত্মা ? এবং সর্ব্বত্র। 'ব্যাকরোতি' ব্যাহরতি কথযতীত্যর্থঃ। অন্যৎ স্পষ্টম্।

আত্মা বলিয়া আমরা (যাঁহার) উপাসনা করি, ইনি কে ? কে সেই আত্মা ?—লোকে যাহা দ্বারা দর্শন করে, বা যাহা দ্বারা শ্রবণ করে, বা যাহা দ্বারা গন্ধ আঘ্রাণ করে, বা যাহা দ্বারা বাক্য উচ্চারণ করে, বা যাহা দ্বারা স্বাদু ও অস্বাদু জানিতে পারে ? (ইহাদের মধ্যে আত্মা কে ?)।

৩

যদেতদ্ধৃদয়ং মনশ্চৈতৎ সংজ্ঞানমাজ্ঞানং বিজ্ঞানং প্রজ্ঞানং মেধা দৃষ্টির্ধৃতির্মতির্মনীষা জূতিঃ স্মৃতিঃ সঙ্কল্পঃ ক্রতুরসুঃ কামো বশ ইতি। সর্ব্বাণ্যেবৈতানি প্রজ্ঞানস্য নামধেয়ানি ভবন্তি ॥৩-১॥

এতৎ যৎ 'হৃদয়ং' হৃদয়শব্দেনেহ বুদ্ধিগ্রাহ্যা, অস্তি, স কিম্ আত্মা? যচ্চৈতৎ মনঃ স কিম্ আত্মা? যচ্চৈতৎ সংজ্ঞানাদিকং স কিম্ আত্মা? এবং সর্ব্বত্র যোজনীয়ম্। সংজ্ঞানাদিকং মনসো বৃত্তিবিশেষস্বরূপং। 'সংজ্ঞানং' চেতনভাবঃ, সম্যগিদং বস্ত্বিতি জ্ঞপ্তিঃ, 'আজ্ঞানং' আজ্ঞাপনং ঈশ্বরভাবঃ কর্তৃভাবঃ, 'বিজ্ঞানং' ইদমস্মাদ্ ভিন্নমিত্যেবমাদিবিবেকঃ, 'প্রজ্ঞানং' গ্রন্থার্থাদাবুন্মেষঃ, 'মেধা' গ্রন্থতদর্থধারণা, 'দৃষ্টিঃ' চক্ষুর্দ্বারা রূপোপলব্ধিহেতুর্মনোবৃত্তিঃ, 'ধৃতিঃ' ধৈর্য্যং প্রাপ্তায়ামপ্যাপদি তদ্বিশেষগণনারাহিত্যং, 'মতিঃ' মননং, বিচারণা আলোচনং, 'মনীষা' স্বাতন্ত্র্যেণ মননং, 'জূতিঃ' রোগাদিজনিতং চেতসো দুঃখিত্বং, অথবা জবঃ প্রাপ্তকার্য্যেষু ব্যগ্রতা, 'স্মৃতিঃ' স্মরণং, 'সঙ্কল্পঃ' সামান্যেন

জ্ঞাতানাং রূপাদীনাং শুক্লাদিরূপেণ সম্যক্কল্পনং, 'অসুঃ' জীবনপ্রযত্নঃ, 'কামঃ' অসন্নিহিতবিষয়াকাঙ্ক্ষা তৃষ্ণা, 'বশঃ' স্ত্রীসম্পর্কাদ্যভিলাষঃ। সর্ব্বাণ্যেবৈতানি "যেন বা পশ্যতি" ইত্যাদিনা "কামো বশঃ" ইত্যন্তেন গ্রন্থেন পূর্ব্বমুক্তানি 'প্রজ্ঞানস্য' প্রকৃষ্টং জ্ঞানং প্রজ্ঞানং শুদ্ধচৈতন্যং আত্মা ; তস্য হি স্বতো নির্ম্মলত্বাৎ প্রকৃষ্টস্যৈব সতঃ অধমোপাধিসংসর্গাদ্ অপকর্ষঃ প্রতীয়তে, অথ যদা বিবিচ্যতে তদা নিত্যসিদ্ধঃ প্রকর্ষ এব পরিশিষ্যতে, তথাচ এতাদৃশস্য প্রজ্ঞানস্য নামধেয়ানি নামানি ভবন্তি ॥৩॥

এই যে হৃদয় (বুদ্ধি) ও মন (ইহারাই কি সেই আত্মা)? (অথবা এই যে মনের বক্ষ্যমাণ প্রবৃত্তিসমূহ রহিয়াছে, তাহারাই কি আত্মা? ঐ বৃত্তিসমূহ যথা—) সংজ্ঞান (চৈতন্যভাব), আজ্ঞান (কর্ত্তৃত্বভাব), বিজ্ঞান (বিবেকজ্ঞান), প্রজ্ঞান (গ্রন্থার্থ-প্রভৃতিতে স্ফুরণ), মেধা (গ্রন্থার্থধারণা), দৃষ্টি (চক্ষু দ্বারা রূপগ্রহণে উপযুক্ত বৃত্তি), ধৃতি (ধৈর্য্য), মতি (বিচারণা), মনীষা

(স্বাধীন বিচার), জূতি (সমাগত কার্য্যে ব্যগ্রতা, অথবা রোগাদি জনিত দুঃখিত ভাব), স্মৃতি (স্মরণ), সঙ্কল্প (সামান্যত জ্ঞাত বস্তুর বিশেষরূপে জ্ঞান), ক্রতু (জীবনপ্রযত্ন), কাম (অসন্নিহিত বিষয়ের আকাঙ্ক্ষা তৃষ্ণা), ও বশ (স্ত্রীসম্পর্কাদির অভিলাষ) এই সমস্তই প্রজ্ঞানের নাম ॥৩॥

৪

এষ ব্রহ্মৈষ ইন্দ্র এষ প্রজাপতিরেতে সর্ব্বে দেবে ইমানি চ পঞ্চ মহাভূতানি পৃথিবী বায়ুবাকাশ আপো জ্যোতীংষীত্যেতানীমানি চ ক্ষুদ্রমিশ্রাণীব বীজানীতরাণি চেতরাণি চাণ্ডজানি চ জারুজানি চ স্বেদজানি চোদ্ভিজ্জানি চাশ্বা গাবঃ পুরুষা হস্তিনো যৎকিঞ্চেদং প্রাণি জঙ্গমং চ পতত্রি চ যচ্চ স্থাবরং সর্ব্বং তৎ প্রজ্ঞানেত্রং প্রজ্ঞানে প্রতিষ্ঠিতং, প্রজ্ঞানেত্রো লোকঃ, প্রজ্ঞা প্রতিষ্ঠা প্রজ্ঞানং ব্রহ্ম ॥৩-১॥

এষ ব্রহ্মা, এষ ইন্দ্রঃ, এষ প্রজাপতিঃ, এতে সর্ব্বে দেবাঃ, ইমানি চ পঞ্চ মহাভূতানি—পৃথিবী বায়ুঃ আকাশঃ 'আপঃ', জলং জ্যোতীংষি চেতি, ইমানি চ 'ক্ষুদ্রমিশ্রাণীব' ক্ষুদ্রৈঃ অল্পকৈঃ মশকপিপীলিকাদিভিঃ মিশ্রাণি, ইব-শব্দোঽনর্থকো নিপাতঃ, 'বীজানি' কারণানি। মনুষ্যপিপীলিকাদিদেহা সর্ব্ব এব স্বয়ং পঞ্চভূতকার্য্যাঃ সন্তঃ সজাতীয়দেহান্তরহেতুতয়া বীজ-শব্দাভিধেয়াঃ। 'ইতরাণি চ ইতরাণি চ' ভিন্নানি ভিন্নানি চ, তানি যথা—'অণ্ডজানি' পক্ষিসর্পাদীনি চ, 'জারুজানি' জরায়ুজানি মনুষ্যগবাদীনি চ, 'স্বেদজানি' কৃমিদংশাদীনি চ, 'উদ্ভিজ্জানি চ' উদ্ভিজ্জানি তরুগুল্মাদীনি চ, অশ্বা গাবঃ পুরুষা হস্তিনঃ, অন্যচ্চ যৎ কিঞ্চ ইদং 'প্রাণি' জীবজাতমিত্যর্থঃ; কিং তৎ? 'জঙ্গমং' যচ্চলতি পদ্ভ্যাং গচ্ছতি, 'যচ্চ পতত্রি' আকাশেন পতনশীলং খেচরম্ ইত্যর্থঃ, 'যচ্চ স্থাবরং' অচলং, সর্ব্বং তৎ 'প্রজ্ঞানেত্রং' প্রজ্ঞা নেত্রং যস্য তৎ; নীয়তে সত্তাবৎ ক্রিয়তে সত্তাং নীয়তে সত্তাং প্রাপ্যতে যেন অথবা নীয়তে পরিচাল্যতে স্বস্বব্যাপারেষু প্রবর্ত্ত্যতে যেন তৎ নেত্রং। 'প্রজ্ঞাচক্ষুরিত্যেব বার্থঃ। প্রজ্ঞানে ব্রহ্মণি 'প্রতিষ্ঠিতং' আশ্রিতং, লোকঃ প্রজ্ঞানেত্রঃ পূর্ব্ববৎ, প্রজ্ঞা প্রতিষ্ঠা সর্ব্বস্য জগতঃ, তস্মাৎ প্রজ্ঞানং ব্রহ্ম॥৩॥

এই ব্রহ্মা এই ইন্দ্র, এই প্রজাপতি, এই সমস্ত দেবগণ এই পৃথিবী-জল-বায়ু-আকাশ ও তেজঃস্বরূপ পঞ্চমহাভূত, এই ক্ষুদ্র ক্ষুদ্র (প্রাণী) দ্বারা মিশ্রিত বীজসমূহ (অর্থাৎ মনুষ্যাদি-দেহ), এই বিভিন্ন বিভিন্ন অণ্ডজ, জরায়ুজ, স্বেদজ ও উদ্ভিজ্জ-সমূহ অশ্বসমূহ, গোসমূহ পুরুষসমূহ, হস্তিসমূহ, এই যাহা কিছু জঙ্গম ও খেচর, এবং যাহা (কিছু) স্থাবর রহিয়াছে, তৎসমস্তই প্রজ্ঞানেত্র (অর্থাৎ প্রজ্ঞা দ্বারাই ইহারা পরিচালিত, অথবা প্রজ্ঞা দ্বারাই ইহাদের সত্তা, অথবা প্রজ্ঞা ইহাদেব চক্ষু), এবং প্রজ্ঞানে প্রতিষ্ঠিত। লোক প্রজ্ঞানেত্র, প্রজ্ঞা (সমস্ত জগতের) প্রতিষ্ঠা, (অতএব) প্রজ্ঞান ব্রহ্ম।

৫

স এতেন প্রজ্ঞেনাত্মনা অস্মাল্লোকা-দুৎক্রম্য অমুষ্মিন্ স্বর্গে লোকে সর্ব্বান্ কামানাপ্ত্বা অমৃতঃ সমভবৎ সমভবৎ ॥৩-১॥

স এতেন 'প্রজ্ঞেন' চৈতন্যস্বরূপেণ আত্মনা অস্মাৎ লোকাৎ পৃথিবীত ইত্যর্থঃ উৎক্রম্য অমুষ্মিন্ স্বর্গে লোকে সর্ব্বান্ কামান্ আপ্ত্বা অমৃতঃ সমভবৎ। দ্বিরুক্তিরধ্যায়-সমাপ্তিং সূচয়তি ॥৫॥

তিনি এই প্রজ্ঞ (চৈতন্যময়) আত্মা দ্বারা এই লোক হইতে উৎক্রমণ করিয়া ঐ স্বর্গ-লোকে কাম্য বস্তুসমূহ লাভ করিয়া অমৃত হইয়াছিলেন, (অমৃত) হইয়াছিলেন।

সামবেদীয়

ছান্দোগ্যোপনিষৎ

ছান্দোগ্যোপনিষৎ

১

ত্রয়ো ধর্ম্মস্কন্ধাঃ, যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমঃ, তপ এব দ্বিতীয়ঃ, ব্রহ্মচার্য্যাচার্য্যকুলবাসী তৃতীয়োঽত্যন্তমাত্মানম্ আচার্য্যকুলেঽবসাদয়ন্; সর্ব্ব এতে পুণ্যলোকা ভবন্তি। ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি ॥ ২-২৩-১ ॥

'ধর্ম্মস্কন্ধাঃ ধর্ম্মস্য স্কন্ধাঃ প্রবিভাগাঃ ত্রয়ঃ,যথা—যজ্ঞঃ অধ্যয়নং দানঞ্চেতি 'প্রথম' একো ধর্ম্মস্কন্ধঃ; তপঃ এব দ্বিতীয়ো ধর্ম্মস্কন্ধঃ; আচার্য্যস্য কুলে গৃহে বস্তুং শীলমস্য ইত্যাচার্য্যকুলবাসী ব্রহ্মচারী নৈষ্ঠিক ইতি ভাবঃ, আচার্য্যকুলে 'অত্যন্তং' যাবজ্জীবনমিতি ভাবঃ, 'আত্মানং' দেহং 'অবসাদন্' ক্ষপয়ন্ ভবতি ইতি যৎ এব তৃতীয়ো ধর্ম্মস্কন্ধঃ; সর্ব্বে এতে পূর্ব্বোক্তা আশ্রমিণঃ 'পুণ্যলোকাঃ' পুণ্যঃ লোকঃ যেষাং তে তথোক্তা ভবন্তি। 'ব্রহ্মসংস্থঃ' ব্রহ্মণি সম্যক্ স্থিতঃ পুনঃ অমৃতত্বং 'এতি' প্রাপ্নোতি ॥১॥

ধর্ম্মের বিভাগ তিনটি; যজ্ঞ, অধ্যয়ন ও দান প্রথম; তপস্যা দ্বিতীয়; এবং ব্রহ্মচারী হইয়া গুরুগৃহে বাস করিয়া শেষ পর্য্যন্ত নিজের শরীরকে ক্ষয় করা তৃতীয়। ইঁহারা সকলেই পুণ্যলোক প্রাপ্ত হন (কিন্তু) ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি অমৃতত্ব প্রাপ্ত হইয়া থাকেন ॥১॥

২

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত। অথ খলু ক্রতুময়ঃ পুরুষো, যথা ক্রতুরস্মিল্লোঁকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি, স ক্রতুং কুর্ব্বীত ॥৩-১৪-১ ॥

সর্ব্বং খলু ইদং পরিদৃশ্যমানং ব্রহ্ম। কুতঃ? ইত্যা আহ তজ্জলানিতি, যতঃ ইদং তজ্জং, তল্লং, তদন্ (যত ইদং তজ্জং তস্মাদ্ ব্রহ্মণো জায়তে, যত ইদং ত তস্মিন্নেব লীয়তে, যত ইদং তদন্ চ তস্মিন্নেব অনি প্রাণিতি চ; 'ইতি' অস্মাদ্ হেতোঃ' শান্তঃ সংয সন্, যৎ তৎ ব্রহ্ম, তৎ উপাসীত। 'অথ খলু' ই হেত্বর্থে. যতঃ 'পুরুষঃ' জীবঃ 'ক্রতুময়ঃ, 'ক্রতুঃ নিশ্চ

অধ্যবসায়ঃ,—এবমেব নান্যথেত্যবিচলঃ প্রত্যয়ঃ, তন্ময়ঃ তদাত্মকঃ তৎপ্রায়ো বা, নিশ্চয়প্রধান ইত্যর্থঃ; এষ পুরুষঃ অস্মিন্ লোকে 'যথাক্রতুঃ' যাদৃশনিশ্চয়যুক্তঃ ভবতি, 'ইতঃ' অস্মাৎ লোকাৎ প্রেত্য 'তথা' তাদৃশঃ ভবতি। অতঃ স 'ক্রতুং' নিশ্চয়ং বক্ষ্যমাণং কুর্ব্বীত ॥২॥

এই সমস্তই ব্রহ্ম, কেননা, ইহা তাঁহা হইতেই জাত হয়, তাঁহাতেই লীন হয় ও তাঁহাতেই প্রাণ ধারণ করে। অতএব শান্ত হইয়া (সেই ব্রহ্মকে বক্ষ্যমাণ গুণে) উপাসনা করিবে। যেহেতু জীব নিশ্চয়াত্মক, এবং সে এই লোকে যাদৃশ নিশ্চয় করে এখান হইতে মৃত হইয়া সেইরূপই হইয়া থাকে, সেইজন্য তাঁহাকে (বক্ষ্যমাণ) নিশ্চয় করিতে হইবে ॥২॥

৩

মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ সত্যসঙ্কল্প আকাশাত্মা সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽবাকানাদরঃ ॥৩-১৪-২॥

যদ্ ব্রহ্ম তৎ উপাসীতেতি পূর্ব্বমুক্তং, কথং তদুপাসিত ব্যমিত্যপেক্ষায়াং মনোময়ত্বাদিগুণৈরুপাসিতব্যম্

ইত্যাহ মনোময় ইত্যাদি। 'মনোময়ঃ' মনঃপ্রায়ঃ, মন্যতে অনেনেতি মনঃ তৎ স্ববৃত্ত্যা বিষয়েষু প্রবর্ত্ততে, তেন মনসা তন্ময়ঃ তৎপ্রায়ঃ তৎপ্রচুরঃ, প্রাণঃ এব শরীরং যস্য সঃ, 'ভরূপঃ' জ্যোতিঃস্বরূপঃ, 'সত্যসঙ্কল্পঃ' সত্যাঃ সঙ্কল্পাঃ যস্য সঃ, 'আকাশাত্মা' আকাশ ইব আকাশ এব বা আত্মা যস্য সঃ, 'সর্ব্বকর্ম্মা' সর্ব্বং বিশ্বমনেন ক্রিয়ত ইতি সর্ব্বং জগৎ কর্ম্ম অস্যেতি সর্ব্বকর্ম্মা, 'সর্ব্বকামঃ' সর্ব্বে কামাঃ দোষরহিতা অস্যেতি সর্ব্বকামঃ, 'সর্ব্বগন্ধঃ' সর্ব্বে গন্ধাঃ সুখকরা অস্য ইতি সর্ব্বগন্ধঃ, 'সর্ব্বরসঃ' সর্ব্বে রসাঃ সুখকরা অস্যেতি সর্ব্বরসঃ। সর্ব্বম্ ইদং জগৎ 'অভ্যাত্তঃ' অভিব্যাপ্তঃ, 'অবাকী' বাকঃ বাক্যং বাগিন্দ্রিয়ং বা যস্য নাস্তি সঃ অবাকী, 'অনাদরঃ' যস্য আদরো নাস্তি, অপ্রাপ্তস্য বস্তুনঃ প্রাপ্তৌ হি আদরো ভবতি, তস্য তু নিত্যতৃপ্তত্বাৎ ন সোঽস্তি ॥৩॥

তিনি মনোময়, প্রাণশরীর, তেজোরূপ সত্যসঙ্কল্প, আকাশস্বরূপ, সর্ব্বকর্ম্মা, সর্ব্বকাম সর্ব্বগন্ধ, সর্ব্বরস, সর্ব্বব্যাপী, বাগ্‌হীন

৪

এষ ম আত্মান্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্বা যবাদ্বা সর্ষপাদ্ বা শ্যামাকাদ্ বা শ্যামাকতণ্ডুলাদ্ বা; এষ ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ান্ অন্তরিক্ষাজ্ জ্যায়ান্ দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ ॥৩-১৪-৩॥

এষঃ পূর্ব্বোক্তঃ আত্মা 'মে' মম 'অন্তর্হৃদয়ে' হৃদয়-মধ্যে ব্রীহের্বা, যবাদ্ বা, সর্ষপাদ্ বা, 'শ্যামাকাৎ' তন্নাম-প্রসিদ্ধাৎ শস্যবিশেষাদ্ বা, শ্যামাকতণ্ডুলাদ্ বা. 'অণীয়ান্' অণুতরঃ; এষ আত্মা মে অন্তর্হৃদয়ে 'পৃথিব্যা' পৃথিব্যপেক্ষয়া জ্যাযান্ .বৃহত্তর ইত্যর্থঃ। অন্যৎ সুগমম্ ॥৪॥

আমার হৃদয়মধ্যবর্ত্তী এই আত্মা ব্রীহি, বা যব, বা সর্ষপ, বা শ্যামাক, বা শ্যামাকতণ্ডুল অপেক্ষা অণুতর; আমার হৃদয়মধ্যবর্ত্তী এই আত্মা পৃথিবী হইতে বৃহত্তর, অন্তরিক্ষ হইতে বৃহত্তর, দ্যো হইতে বৃহত্তর, এবং এই সমস্ত লোক হইতে বৃহত্তর ॥ ৪ ॥

৫

সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদর এষ ম আত্মান্তর্হৃদয় এতদ্ ব্রহ্মৈতমিতঃ প্রেত্যাভিসম্ভবিতাস্মীতি যস্য স্যাদদ্ধা ন বিচিকিৎসাস্তীতি হ স্মাহ শাণ্ডিল্যঃ শাণ্ডিল্যঃ ॥ ৩-১৪-৪ ॥

এষ মে অন্তর্হৃদয়ে সর্ব্বকর্ম্মেত্যাদি ব্যাখ্যাতম্। এতৎ ব্রহ্ম 'ইতঃ' অস্মাৎ স্থানাৎ 'প্রেত্য' প্রস্থায় মৃত্বেত্যর্থঃ এতং ব্রহ্মরূপম্ আত্মানং 'অভিসম্ভবিতাস্মি' প্রতিপত্তা লব্ধাস্মি—'ইতি' এবংরূপা যস্য বুদ্ধিঃ স্যাৎ, 'অদ্ধা' সত্যম্ এব স তথা ভবতি, অস্মিন্ বিষয়ে 'বিচিকিৎসা' সন্দেহঃ ন অস্তি: ইতি শাণ্ডিল্যঃ 'আহ স্ম' উক্তবান্। দ্বিরভ্যাস আদরার্থঃ ॥৫॥

আমার হৃদয়মধ্যবর্ত্তী এই আত্মা সর্ব্বকর্ম্মা, সর্ব্বকাম, সর্ব্বগন্ধ, সর্ব্বরস, সর্ব্বব্যাপী বাগ্‌হীন ও আদরহীন। ইনি ব্রহ্ম। এস্থান হইতে প্রস্থান করিয়া (মৃত হইয়া) আমি ইঁহাকে লাভ করিব।—যাঁহার এই বুদ্ধি হয়, সত্যই (তিনি সেইরূপ হইয়া থাকেন), ইহাতে

সংশয় নাই। শাণ্ডিল্য—শাণ্ডিল্য ইহা বলিয়াছেন ॥৫॥

৬

সত্যকামো হ জাবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে ব্রহ্মচর্য্যং ভবতি বিবৎস্যামি, কিংগোত্রো ন্বহমস্মীতি ॥ ৪-৪-১ ॥

নাম্না সত্যকামঃ 'হ' কিল 'জাবালঃ' জবালায়া অপত্যং, জবালাং স্বাং মাতরং 'আমন্ত্রয়াঞ্চক্রে' আমন্ত্রিতবান্ সম্বোধ্য কথিতবান্ ইত্যর্থঃ। 'ভবতি' হে মাতঃ, ব্রহ্মচর্য্যং উদ্দিশ্য অহং 'বিবৎস্যামি' বিদেশবাসং করিষ্যামি আচার্য্যকুলে, 'কিংগোত্রো নু অহমস্মি' মম কিং গোত্রম্ ইতি ॥৬॥

জবালাপুত্র সত্যকাম মাতা জবালাকে সম্বোধন করিয়া বলিলেন—'মাতঃ, আমি ব্রহ্মচর্যের জন্য বিদেশবাস করিব। আমার গোত্র কি ॥' ৬ ॥

৭

সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ তাত যদ্গোত্রস্ত্বমসি, বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে,

সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি, সত্যকামো নাম ত্বমসি। স সত্যকাম এব জাবালো ব্রুবীথা ইতি ॥৪-৪ ২ ॥

সা 'হ' কিল জবালা এনং সত্যকামং উবাচ—হে 'তাত' বৎস, ত্বং যদ্গোত্রোঽসি, এতৎ অহং ন 'বেদ' জানামি। যৌবনে অহং ভর্তৃগৃহে 'বহু' প্রভূতং কর্ম্মজাতং 'চরন্তী' কুর্ব্বতী 'পরিচারিণী' পরিচর্য্যাশীলা ত্বাং 'অলভে' লব্ধবতী, পরিচর্য্যাবদ্ধ-চিত্ততয়া গোত্রাদিস্মরণে মম মনো নাভূদিতি ভাবঃ। সা এতাদৃশী অহং, ত্বং যদ্গোত্রোঽসি এতৎ ন বেদ। অহং 'তু' পুনঃ জবালা নামাস্মি, ত্বং সত্যকামো নামাসি। স ত্বং সত্যকামঃ জাবাল এবাস্মীতি 'ব্রুবীথাঃ' কথয়েঃ যদি পৃচ্ছেৎ ত্বামাচার্য্য ইতি ভাবঃ ॥৭॥

তিনি তাঁহাকে বলিলেন—'বৎস, তোমার কি গোত্র তাহা আমি জানি না। যৌবনে আমি প্রভূত কার্য্য করিতাম, আমি পরিচারিণী ছিলাম, এবং সেই সময়ে আমি তোমাকে লাভ করিয়াছিলাম। সেইজন্য আমি জানি না যে, তোমার গোত্র কি ; কিন্তু আমার নাম

জবালা, এবং তোমার নাম সত্যকাম। তুমি জবালাপুত্র সত্যকাম, ইহাই বলিবে ॥'৭॥

৮

স হ হারিদ্রুমতং গৌতমমেত্যোবাচ ব্রহ্মচর্য্যং ভগবতি বৎস্যাম্যুপেয়াং ভগবন্তমিতি ॥৪ ৪-৩॥

স হ সত্যকামঃ 'হারিদ্রুমতং' হরিদ্রুমতোঽপত্যং গৌতমং 'এত্য' আগত্য উবাচ—'ভগবতি' পূজ্যে ভবতি পূজ্যস্থ ভবতঃ সমীপ ইত্যর্থঃ, 'ব্রহ্মচর্য্যং' উদ্দিশ্য ব্রহ্মচর্য্যার্থমিতি ভাবঃ 'বৎস্যামি' বাসং করিষ্যামি, অহং ভগবন্তং 'উপেয়াং' উপগচ্ছেয়ং উপনীতো ভবিষ্যামি শিষ্যতয়েতি ভাবঃ ॥১২॥

তিনি হরিদ্রুমতের পুত্র গৌতমের নিকট আগমন করিয়া কহিলেন—'ভগবন্, আমি আপনার নিকটে ব্রহ্মচর্য্যবাস করিব, আমি ভগবানের নিকটে উপনীত হইব ॥'৮॥

৯

তং হোবাচ কিংগোত্রো নু সোম্যাসীতি। স হোবাচ নাহমেতদ্ বেদ ভো যদ্গোত্রোঽহমস্মি,

চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসীতি সোঽহং সত্যকামো জাবালোঽস্মি ভো ইতি ॥ ৪-৪-৪ ॥

গৌতমঃ তং সত্যকামং উবাচ 'হ' কিল—সোম্য ত্ব কিংগোত্রো 'নু' পৃচ্ছায়াম্ অসীতি। স হোবাচেত্যা ব্যাখ্যাতম্। অন্যৎ স্পষ্টম্ ॥৯॥

তিনি (গৌতম) তাঁহাকে জিজ্ঞা করিলেন—'সোম্য, তোমার গোত্র কি তিনি (সত্যকাম) বলিলেন—'হে (ভগবন্ আমার কি গোত্র, তাহা আমি জানি ন আমি ইহা মাতাকে জিজ্ঞাসা করিয়াছিলা তিনি প্রত্যুত্তর দিলেন—"যৌবনে আমি প্র কার্য্য করিতাম, আমি পরিচারিণী ছিল এবং সেই সময়ে আমি তোমাকে লাভ করি ছিলাম, এই জন্য আমি জানি না যে, তো গোত্র কি; কিন্তু আমার নাম জবালা, তোমার সত্যকাম।" অতএব আমি জবা

১০

তং হোবাচ নৈতদব্রাহ্মণো বিবক্তুমর্হতি, সমিধং সোম্যাহর উপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি। তমুপনীয় কৃশানামবলানাং চতুঃশতা গা নিরাকৃত্যোবাচ—ইমাঃ সোম্যানুব্রজেতি। তা অভিপ্রস্থাপয়ন্নুবাচ নাসহস্রেণাবর্ত্তেয়েতি। স হ বর্ষগণং প্রোবাস, তা যদা সহস্রং সম্পেদুঃ— ॥৪-৪-৫॥

স হ গৌতমঃ তং সত্যকামং উবাচ—অব্রাহ্মণো জনঃ। এতৎ পূর্ব্বোক্তং সারল্যযুক্তং বচনং 'বিবক্তুং' বিশেষেণ বক্তুং ন অর্হতি, ব্রাহ্মণ এব ত্বমসীতি ভাবঃ। হে সোম্য, ত্বং সমিধম্ আহর, অহং ত্বাং 'উপনেষ্যে' উপনীতং করিষ্যামি, ত্বং খলু সত্যাৎ ন 'অগাঃ' অপগতবানসীতি। অথ স তমুপনীয় কৃশানাম্ অবলানাং 'চতুঃশতা গাঃ' গবাং চত্বারি শতানি 'নিরাকৃত্য' গোযূথাৎ পৃথক্‌কৃত্য উবাচ—হে সোম্য, ইমা গাঃ 'অনুব্রজ' অনুগচ্ছ চারয়েতি ভাবঃ। ইত্যুক্তঃ সত্যকামঃ তাঃ গাঃ অরণ্যং প্রতি অভিপ্রস্থাপয়ন্ উবাচ—'অসহস্রেণ' অপূর্ণেন গবাং সহস্রেণ ন 'আবর্ত্তেয়' ন প্রত্যাগচ্ছেয়ং ইতি। স হ সত্যকাম এবং গা অভিপ্রস্থাপয়ন্

'বর্ষগণং' বহুবর্ষং 'প্রোবাস' প্রোষিতবান্। অথ যদা তা গাবঃ 'সহস্রং' সহস্রসংখ্যাঃ 'সম্পেতুঃ' সম্পন্নাঃ অথেতি পরেণান্বয়ঃ ॥১০॥

তিনি বলিলেন—'অব্রাহ্মণ ব্যক্তি ইহা বলিতে পারে না। সোম্য, তুমি সমিদ্ আহরণ কর, আমি তোমাকে উপনীত করিব ; তুমি সত্য হইতে ভ্রষ্ট হও নাই ?' এই বলিয়া তিনি তাঁহাকে উপনীত করিলেন, এবং (গোযূথ হইতে) কৃশ ও বলহীন চারি শত গো পৃথক্ করিয়া বলিলেন—'সোম্য, তুমি ইহাদের অনুগমন কর।' তিনি (সত্যকাম) তাহা দিগকে (অরণ্যের দিকে) অভিপ্রস্থাপিত করিয়া বলিলেন যে, 'ইহারা সহস্রসংখ্যক না হইলে আমি প্রত্যাগত হইব না।' তিনি বহু বৎসর প্রবাস করিয়াছিলেন। এবং তাহারা যখন সহস্রসংখ্যক হইয়া উঠিয়াছিল— ॥১০॥

১১

অথ হৈনমৃষভোঽভ্যুবাদ সত্যকাম৩ইতি

ভগব ইতি হ প্রতিশুশ্রাব। প্রাপ্তাঃ সোম্য সহস্রং স্মঃ,প্রাপয় ন আচার্য্যকুলম্ ॥৪-৫-১॥

'অথ' অনন্তরং 'ঋষভঃ' বলীবর্দ্দঃ (দিক্‌সম্বন্ধী বায়ুঃ) এনং সত্যকামম্ 'সত্যকাম' ইতি 'অভ্যুবাদ' সম্বোধ্য উক্তবান্। স চ সত্যকামঃ 'ভগব' ইতি ভগবন্নিতি 'প্রতি শুশ্রাব' প্রতিবচনং দদৌ। কিমাহ ঋষভ ইত্যাহ —সোম্য, 'সহস্রং' সহস্রসঙ্খ্যাঃ বয়ং প্রাপ্তাঃ 'স্মঃ' ভবামঃ, পূর্ণাস্মাকং সহস্রসঙ্খ্যা, তৎ অস্মান্ 'আচার্য্যকুলং' আচার্য্যগৃহং 'নয়' প্রাপয় ॥১১॥

তখন একটি বৃষভ (বায়ু) 'সত্যকাম' বলিয়া তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন, এবং তিনিও 'ভগবন্' বলিয়া উত্তর প্রদান করিলেন। (বৃষভ কহিল—) 'সোম্য, আমরা এক সহস্র হইয়াছি, আমাদিগকে আচার্য্য-গৃহে লইয়া চল ॥'১১॥

১২

ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হোবাচ—প্রাচী দিক্ কলা, প্রতীচী দিক্ কলা, দক্ষিণা দিক্ কলা,

উদীচী দিক্ কলা, এষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম ॥৪ ৫-২॥

ইদঞ্চাহ স ঋষভঃ—'তে' তুভ্যং ব্রহ্মণশ্চ 'পাদং' চতুর্ণাং ভাগানামেকং ভাগং 'ব্রবাণি' কথয়ানি ইতি। স চৈবম্ উক্তঃ সত্যকাম আহ—ভগবান্ ভবান্ 'মে' মহ্যং কথয়তু ইতি। অথ ঋষভঃ 'তস্মৈ' সত্যকামায় বক্ষ্যমাণম্ উবাচ 'হ' কিল—'প্রাচী' পূর্ব্বা দিক্ 'কলা' ব্রহ্মণঃ পাদস্য চতুর্থো ভাগঃ, তথা 'প্রতীচী' পশ্চিমা দিক্ কলা, দক্ষিণা দিক্ কলা, 'উদীচী' উত্তরা দিক্ কলা। হে সোম্য এষ বৈ ব্রহ্মণঃ 'চতুষ্কলঃ' চতস্রঃ কলা অবয়বা যস্য সোঽয়ং চতুষ্কলঃ পাদঃ 'প্রকাশবান্ নাম' নাম্না প্রকাশবান্ ইতি ॥১২॥

(সেই ঋষভ আরও বলিল)—'আমি তোমাকে ব্রহ্মের এক পাদ বলিব।' তিনি বলিলেন—'ভগবান্ আমাকে তাহা বলুন!' বৃষভ তাঁহাকে বলিল—'পূর্ব্বদিক এক কলা, পশ্চিম দিক্ এক কলা, দক্ষিণ দিক্ এক কলা, ও উত্তর দিক্ এক কলা। হে সোম্য, ব্রহ্মের কলাচতুষ্টয়বিশিষ্ট এই পাদের নাম প্রকাশবান্ ॥'১২॥

১৩

তমগ্নিরভ্যুবাদ সত্যকাম ৩ ইতি। ভগব ইতি হ প্রতিশুশ্রাব। ব্রহ্মণস্তে পাদং ব্রবাণীতি। ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হোবাচ—পৃথিবী কলান্তরিক্ষং কলা দ্যৌঃ কলা সমুদ্রাঃ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণোঽনন্তবান্নাম ॥ ৪-৬-২-৩ ॥

তং সত্যকামং অগ্নিঃ সত্যকাম ইতি 'অভ্যুবাদ' অভ্যুক্তবান্। সত্যকামোঽপি 'ভগবঃ' ভগবন্ ইতি হ 'প্রতিশুশ্রাব' প্রতিবচনং দদৌ। অথ তস্মৈ সত্যকামায় অগ্নিরুবাচ হ—পৃথিবীত্যাদি। 'অন্তরিক্ষং' ভূলোকদ্যুলোকয়োর্মধ্যস্থানং বায়ুমণ্ডলং, অন্যৎ পূর্ব্ববৎ ॥১৩॥

অগ্নি তাঁহাকে 'সত্যকাম' বলিয়া সম্বোধন করিলেন, এবং তিনিও 'ভগবন্' বলিয়া প্রত্যুত্তর দিলেন। অগ্নি বলিলেন—'সোম্য, আমি তোমাকে ব্রহ্মের এক পাদ বলিব।' তিনি বলিলেন—'ভগবান্ আমাকে বলুন।' অগ্নি তাঁহাকে বলিলেন—'পৃথিবী এক কলা,

অন্তরিক্ষ এক কলা, দ্যৌ এক কলা, ও সমুদ্র এক কলা ; হে সোম্য, ব্রহ্মের এই কলাচতুষ্টয়-বিশিষ্ট পাদের নাম অনন্তবান্ ॥'১৭॥

১৪

তং হংস উপনিপত্যাভ্যুবাদ সত্যকাম ৩ ইতি। ভগব ইতি হ প্রতিশুশ্রাব ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি, ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হোবাচাগ্নিঃ কলা সূর্য্যঃ কলা চন্দ্রঃ কলা বিদ্যুৎ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণো জ্যোতিষ্মান্ নাম ॥ ৪-৭-১—৩ ॥

তং সত্যকামং হংসঃ (আদিত্যঃ) উপনিপত্য উপরিদেশাৎ সমীপমাগত্য সত্যকাম।ইতি অভ্যুবাদে-ত্যাদি পূর্ব্ববৎ। হংসঃ হ তস্মৈ সত্যকামায় উবাচ, অগ্নিরিত্যাদি স্পষ্টম্ ॥১৪॥

তাঁহার নিকটে একটি হংস (আদিত্য) নিপতিত হইয়া 'সত্যকাম্' বলিয়া সম্বোধন করিল, এবং তিনিও 'ভগবন্' বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন। হংস বলিল—'সোম্য, আমি

তোমাকে ব্রহ্মের এক পাদ বলিব। তিনি বলিলেন—'ভগবান্ আমাকে বলুন।' হংস বলিল—'অগ্নি এক কলা, সূর্য্য এক কলা, চন্দ্র এক কলা, ও বিদ্যুৎ এক কলা। হে সোম্য, ব্রহ্মের এই কলাচতুষ্টয়বিশিষ্ট পাদের নাম জ্যোতিষ্মান্॥' ১৪ ॥

১৫

তং মদ্গুরুপনিপত্যাভ্যুবাদ সত্যকাম৩ ইতি। ভগব ইতি প্রতিশুশ্রাব। ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি। ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হোবাচ প্রাণঃ কলা চক্ষুঃ কলা শ্রোত্রং কলা মনঃ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণ আয়তনবান্ নাম ॥৪-৮-২—৩॥

'মদ্গুঃ' জলচরবিহঙ্গবিশেষঃ পানকৌড়ি ইতি বঙ্গেষু প্রসিদ্ধঃ, (প্রাণঃ)। 'আয়তনবান্ নাম' নাম্না আয়তনবান্ ইতি। সর্ব্বৈরিন্দ্রিয়ৈরুপহৃতানাং ভোগানাং মন এব আয়তনম্ ইতি মন আয়তনমিত্যুচ্যতে। তৎ আয়তনং যস্মিন্ পাদে বিদ্যতে স পাদ আয়তনবান্। অন্যৎ পূর্ব্ববৎ স্পষ্টঞ্চ ॥১৫॥

একটি মদ্‌গু (প্রাণ) সমীপে নিপতিত হইয়া 'সত্যকাম' বলিয়া তাঁহাকে সম্বোধন করিল, এবং তিনিও 'ভগবন্' বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন। মদ্‌গু বলিল—'হে সোম্য, আমি তোমাকে ব্রহ্মের এক পাদ বলিব।' তিনি কহিলেন—'ভগবান্ আমাকে বলুন।' মদ্‌গু তাঁহাকে বলিল—প্রাণ এককলা, চক্ষু এক কলা, কর্ণ এক কলা, ও মন এক কলা ; হে সোম্য ব্রহ্মের এই কলাচতুষ্টয়বিশিষ্ট পাদের নাম আয়তনবান্॥' ১৫॥

১৬

প্রাপ হাচার্য্যকুলং তমাচার্য্যোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি। ভগব ইতি হ প্রতিশুশ্রাব। ব্রহ্মবিদিব বৈ সোম্য ভাসি, কো নু ত্বানুশশাসেতি। অন্যে মনুষ্যেভ্য ইতি হ প্রতিজজ্ঞে, ভগবাংস্ত্বেব মে কামে ব্রূয়াৎ। শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্য আচার্য্যাদ্ধৈব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং প্রাপতীতি। তস্মৈ হৈতদেবোবাচাত্র ন কিঞ্চন বীয়ায় বীয়ায়েতি॥ ৪-৯-১—৩॥

অথ সত্যকামঃ আচার্য্যকুলং 'প্রাপ' জগাম 'হি' কিল। তমিত্যাদি পূর্ব্ববৎ। 'অনুশশাস' অনুশিষ্টবান্। স সত্যকামঃ প্রতিজ্ঞাতবান্ যদ্ মনুষ্যেভ্যঃ 'অন্যে' ভিন্নাঃ কেচন মামনুশিষ্টবন্ত ইতি, ইদঞ্চোবাচ—'তু' কিন্তু ভগবান্ ভবান্ এব 'মম' মম 'কামে' ইচ্ছায়াং, অহমিচ্ছামীতি ভাবঃ, ব্রূয়াৎ; 'হি' যতঃ, 'ভগবদ্দৃশেভ্যঃ' ভগবৎসমেভ্যঃ ভবাদৃশেভ্যঃ শ্রুতমেব যৎ আচার্য্যাদ্ এব হি বিদিতা বিদ্যা 'সাধিষ্ঠং' সাধুতমত্বং 'প্রাপতি' প্রাপ্নোতি ইতি। এবমুক্ত আচার্য্য তস্মৈ 'এতদেব' যৎ পূর্ব্বম্ ঋষভাদিভিরুক্তং তদেব উবাচ; 'অত্র হ' অস্মিন্ কিল পূর্ব্বোক্তে তত্ত্বে ষোড়শকলবিদ্যায়াঃ 'কিঞ্চন' কিমপি ন 'বীয়ায়' বিগতম্ আসীৎ। দ্বিরুক্তি-র্বিদ্যাপরিসমাপ্ত্যর্থা ॥১৬॥

তিনি (সত্যকাম) আচার্য্যগৃহে গমন করিলেন। আচার্য্য তাঁহাকে 'সত্যকাম' বলিয়া সম্বোধন করিলেন, এবং তিনিও 'ভগবন্' বলিয়া প্রত্যুত্তর প্রদান করিলেন। (আচার্য্য বলিলেন)—'সোম্য, তোমাকে ব্রহ্মবিদের ন্যায় দেখাইতেছে, কে তোমাকে উপদেশ করিলেন?' তিনি প্রতিজ্ঞা করিলেন—'(যাঁহারা আমাকে

উপদেশ করিয়াছেন, তাঁহারা) মনুষ্য হইতে ভিন্ন; কিন্তু আমার ইচ্ছা যে, ভগবানই (আপনিই, আমাকে) বলিবেন; কেননা, ভগবানের ন্যায় ব্যক্তিগণের নিকট হইতে শুনিয়াছি যে, আচার্য্যেরই নিকট হইতে বিদিত বিদ্যা সাধুতম হইয়া থাকে।' তিনি (আচার্য্য) তাঁহাকে তাহাই বলিলেন, তাহাতে কিছুই বাদ যায় নাই ॥ ১৬ ॥

১৭

অহং তু তে তদ্ বক্ষ্যামি, যথা পুষ্কর-পলাশ আপো ন শ্লিষ্যন্ত এবমেবংবিদি পাপং কর্ম্ম ন শ্লিষ্যত ইতি। ব্রবীতু মে ভগবানিতি। তস্মৈ হোবাচ—॥ ৪-১৪-৩ ॥

আচার্য্য উপকোশলং নাম শিষ্যমাহ—অহং 'তু' পুনঃ 'তে' তুভ্যং 'তৎ' বক্ষ্যমাণং ব্রহ্ম 'বক্ষ্যামি' কথয়িষ্যামি। যথা 'পুষ্করপলাশে' পদ্মপত্রে 'আপঃ' জলং ন 'শ্লিষ্যন্তে' সম্বধ্যন্তে সংসৃজ্যন্তে, 'এবম্' ইত্থং 'এবংবিদি' এবং বক্ষ্যমাণরূপং ব্রহ্ম বেত্তি জানাতীতি তথোক্তে জনে পাপং কর্ম্ম ন শ্লিষ্যতে ইতি। শিষ্য আহ

ব্রবীতু মে ভগবান্ তদ্ ব্রহ্মেতি। আচার্য্যস্তস্মৈ তৎ বক্ষ্যমাণং উবাচ হ ॥১৭॥

(আচার্য্য উপকোশল-নামক শিষ্যকে বলিলেন—) আমি কিন্তু তোমাকে তাহা (ব্রহ্ম) বলিব ; যেমন পদ্মপত্রে জল সংশ্লিষ্ট হয় না, সেইরূপ, এই (বক্ষ্যমাণ) প্রকারে যে ব্যক্তি তাহা জানেন, তাঁহাতেও পাপ কর্ম্ম সংশ্লিষ্ট হয় না। (শিষ্য বলিলেন)—'ভগবন্ আপনি তাহা বলুন। আচার্য্য বলিলেন— ॥১৮॥

১৮

য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যত এষ আত্মেতি হোবাচ এতদমৃতমভয়ম্ এতদ্ ব্রহ্মেতি। তদ্ যদ্যপ্যস্মিন্ সর্পির্বোদকং বা সিঞ্চতি বর্ত্মনী এব গচ্ছতি ॥

এতং সংযদ্বাম ইত্যাচক্ষতে, এতং হি সর্ব্বাণি বামান্যভিসংযন্তি ॥

এষ উ এব বামনীরেষ হি সর্ব্বাণি বামানি নয়তি ॥

এষ উ এব ভামনীরেষ হি সর্ব্বেষু লোকেষু ভাতি। সর্ব্বেষু লোকেষু ভাতি য এবং বেদ ॥ ৪-১৫-২—৪ ॥

উবাচ কিল স আচার্য্যঃ—'অক্ষিণি' নয়নে য এষঃ পুরুষো দৃশ্যতে, সংযতেন্দ্রিয়াঃ বিবেকিনো জনাঃ চক্ষুষি যং খলু পুরুষং চক্ষুষোঽপি চক্ষুরিতি পশ্যন্তীতি ভাবঃ, এষ আত্মা ইতি; এতদ্ অমৃতম্ অভয়ম্, এতদ্ ব্রহ্ম ইতি। শৃণু চাস্য ব্রহ্মণোঽক্ষিপুরুষস্য মাহাত্ম্যং—'তৎ' তত্র অস্মিন্ স্থানে অক্ষিণি যদ্যপি কশ্চিৎ 'সর্পিঃ' ঘৃতং বা 'উদকং' জলং বা সিঞ্চতি, তর্হি তৎ 'বর্ত্মনী' পক্ষ্মকপোপস্থানৌ এব গচ্ছতি, পদ্মপত্রেণোদকমিব তৎ চক্ষুষা ন সম্বধ্যতে। স্থানস্যাপ্যেতন্মাহাত্ম্যং, কিং পুনঃ স্থানিনোঽক্ষিপুরুষস্য নিরঞ্জনত্বমিত্যভিপ্রায়ঃ॥

এতং যথোক্তং পুরুষং 'সংযদ্বাম ইতি' সর্ব্বেষাং রমণীয়ানাং সঙ্গমস্থানং সম্মিলনভূমিরিতিভাবঃ 'আচক্ষতে' কথয়ন্তি ব্রহ্মবিদঃ। কস্মাৎ? 'হি' যতঃ, সর্ব্বাণি 'বামানি' শোভনানি রমণীয়ানি এতং পুরুষং 'অভিসংযন্তি' অভিসঙ্গচ্ছন্তি॥ যৎ কিঞ্চিদ্ রমণীয়ং, তৎ সর্ব্বম্ অস্মিন্নেব বিদ্যত ইতি ভাবঃ॥

এষঃ পূর্ব্বোক্তঃ পুরুষঃ, 'উ' অনর্থকো নিপাতঃ, এব

'বামনীঃ' ইত্যুচ্যতে। কস্মাৎ? 'হি' যতঃ এষ সর্ব্বাণি 'বামানি' শোভনানি বস্তূনি 'নয়তি' প্রাপয়তি প্রাণিভ্যঃ ॥

এষ উ এব 'ভামনীঃ' ভামানাং ভাসাং দীপ্তীনাং দীপ্তিমতাং বা আদিত্যাদীনাং নেতা; কুতঃ? যতঃ এষ 'হি' এব সর্ব্বেষু লোকেষু 'ভাতি' দীপ্যতে; "তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি" শ্রুতিরত্রানুসন্ধেয়া। যো জনঃ এতং পুরুষং এবং 'বেদ' জানাতি, সোঽপি সর্ব্বেষু লোকেষু ভাতি ॥১৮॥

(তিনি বলিলেন)—চক্ষুতে এই যে পুরুষ, দৃষ্ট হইতেছেন, ইনি আত্মা, ইনি অমৃত অভয়, ইনি ব্রহ্ম। এই (সেই পুরুষের অভিব্যক্তির) স্থলে (চক্ষুতে) যদি কেহ ঘৃত বা জল সেচন করে, তবে তাহা (পক্ষদ্বয়-রূপ) পথেই যায়।

(ব্রহ্মবিদ্‌গণ) ইঁহাকে 'সংযদ্বাম' (সমস্ত শোভন বস্তুর সম্মিলনস্থল) বলেন, কেন না সমস্ত শোভনই ইঁহার দিকে সম্মিলিত ভাবে গমন করে ॥*

---

* অর্থাৎ চক্ষুর সহিত সংশ্লিষ্ট হয় না, সেই পুরুষ

ইনি 'বামনী'; কেননা ইনি সমস্ত বাম অর্থাৎ রমণীয় পদার্থের নেতা।

ইনিই 'ভামনী' (সমস্ত দীপ্তি বা দীপ্তিমৎ পদার্থের নেতা); কেননা ইনিই সমস্ত লোকে দীপ্ত হইতেছেন। যে ব্যক্তি ইঁহাকে এইপরূ জানেন, তিনিও সমস্ত লোকে দীপ্ত হন।

১৯

যো হ বৈ জ্যেষ্ঠং চ শ্রেষ্ঠং চ বেদ, জ্যেষ্ঠশ্চ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি, প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ॥ ৫-১-১ ॥

'যো হ বৈ' যঃ খলু কশ্চিৎ 'জ্যেষ্ঠং' বয়সা প্রথমং চ, 'শ্রেষ্ঠং' গুণৈরভ্যধিকং চ 'বেদ' জানাতি, স 'বৈ' খলু জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ভবতি। কোঽয়ং জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠ

যে স্থলে অভিব্যক্ত হন, সেই স্থলেরই যখন এরূপ মাহাত্ম্য, তখন স্বয়ং যে তিনি নিরঞ্জন, তদ্বিষয়ে আর কি বলা যাইবে।

শ্চেত্যাহ—প্রাণো 'বাব' এব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ। গর্ভস্থে হি পুরুষে বাক্‌প্রভৃতিভ্যঃ পূর্ব্বং প্রাণবায়ুরেব প্রবর্ত্ততে, পরতশ্চ বাক্‌প্রভৃতয়ঃ, অতঃ প্রাণো জ্যেষ্ঠঃ। শ্রেষ্ঠত্বঞ্চাস্য স্বয়ং শ্রুতিরেব অনুপদং বিবৃণোতি ॥১০॥

যিনি জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠকে জানেন, তিনি জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠই হন। প্রাণই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ ১৯॥

২০

অথ হ প্রাণা অহংশ্রেয়সে ব্যূদিরে—অহং শ্রেয়ানস্মি, অহং শ্রেয়ানস্মীতি॥

তে হ প্রাণাঃ প্রজাপতিং পিতরমেত্যোচুঃ—ভগবন্ কো নঃ শ্রেষ্ঠ ইতি। তান্ হোবাচ—যস্মিন ব উৎক্রান্তে শরীরং পাপিষ্ঠতরমিব দৃশ্যেত স বঃ শ্রেষ্ঠ ইতি॥

৫-১-৬—৭ ॥

অথ 'হ' কিল 'প্রাণাঃ' মুখ্যঃ প্রাণঃ, অন্যানি চ বাক্‌প্রভৃতীনি ইন্দ্রিয়াণি, মুখ্যগৌণরূপেণ সর্ব্বেষামে বৈতেষাং প্রাণ ইতি সাধারণং নাম। তে প্রাণাঃ

'অহংশ্রেয়সি' অহং শ্রেয়ান্ ইত্যেতস্মিন্ বিষয়ে আত্মনঃ শ্রেয়স্ত্ববিষয়ে ইত্যর্থঃ অহং 'শ্রেয়ান্' প্রশস্ততরোঽস্মি, অহং শ্রেয়ান্ অস্মীতি বাদেন 'ব্যূদিরে' বিবিধং বিরুদ্ধঞ্চ উক্তবন্তঃ বিবাদং কৃতবন্ত ইত্যর্থঃ ॥

তে হ তথা বিবদমানাঃ প্রাণাঃ স্বয়ং নির্ণয়মপশ্যন্তঃ পিতরং প্রজাপতিং 'এত্য' আগত্য উচুঃ' উক্তবন্ত :— হে ভগবন্ 'নঃ' অস্মাকং মধ্যে কঃ শ্রেষ্ঠঃ। তান্ হ প্রাণান্ প্রজাপতিরুবাচ—'বঃ' যুষ্মাকং মধ্যে যস্মিন্ উৎক্রান্তে' শরীরাদ্ উদ্‌গতে সতি শরীরং 'পাপিষ্ঠতরম্ ইব' অধিকতরং পাপিষ্ঠমিব অতিজঘন্যতরমিবেত্যর্থঃ দৃশ্যেত সঃ 'বঃ' যুষ্মাকং মধ্যে শ্রেষ্ঠ ইতি ॥২৫॥

প্রাণসমূহ নিজের শ্রেষ্ঠত্ববিষয় 'আমি শ্রেষ্ঠ! আমি শ্রেষ্ঠ!' এই বলিয়া বিবাদ (আরম্ভ) করিয়াছিল।

তাহারা পিতা প্রজাপতির নিকট আগমন করিয়া বলিল—'ভগবন, আমাদের মধ্যে শ্রেষ্ঠ কে?' তিনি বলিলেন 'তোমাদের মধ্যে যে (এই শরীর হইতে) উঠিয়া চলিয়া গেলে শরীর অধিকতর পাপিষ্ঠের ন্যায় দেখাইবে, সেই তোমাদের মধ্যে শ্রেষ্ঠ।' ২০ ॥

২১

সা হ বাগুচ্চক্রাম। সা সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্যোবাচ—কথমশকতর্ত্তে মজ্জীবিতুমিতি। যথা কলা অবদন্তঃ প্রাণন্তঃ প্রাণেন, পশ্যন্তশ্চক্ষুষা, শৃণ্বন্তঃ শ্রোত্রেণ, ধ্যায়ন্তো মনসা, এবমিতি। প্রবিবেশ হ বাক্ ॥

চক্ষুর্হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্য প্রবিবেশ হ··· ॥

শ্রোত্রং হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্য···প্রবিবেশ হ··· ॥

মনো হোচ্চক্রাম, তৎ সংবৎসরং প্রোষ্য পর্য্যেত্য···প্রবিবেশ হ··· ॥ ৫-১-৮-১১ ॥

সা হ বাক্ শরীরাদ্ 'উচ্চক্রাম' উৎক্রান্তবতী উদ্গাতবতী। সা বাক্ সংবৎসরং কালং ব্যাপ্য 'প্রোষ্য' প্রবাসং কৃত্বা 'পর্য্যেত্য' প্রত্যাবৃত্য ইতরান্ প্রাণান্ উবাচ—কথমৃত যূয়ং 'মৎ ঋতে' মাং বিনা যূয়ং 'কথং' কেন প্রকারেণ 'জীবিতুং' প্রাণান্ ধারয়িতুং 'অশকত' শক্তবন্তঃ, সমর্থা অভবতেত্যর্থঃ। তে প্রত্যুক্তবন্তঃ—যথা 'কলাঃ' মূকা 'অবদন্তঃ' বাচা কিঞ্চিদ্ অকথয়ন্তঃ, কিন্তু প্রাণেন

'প্রাণন্তঃ' প্রাণনং কুর্ব্বন্তঃ প্রাণস্থ বায়োর্ব্যাপারং সম্পাদয়ন্ত ইত্যর্থঃ, চক্ষুষা 'পশ্যন্তঃ' অবলোকয়ন্তো দ্রষ্টব্যং,'শ্রোত্রেণ' কর্ণেন 'শৃণ্বন্তঃ' আকর্ণয়ন্তঃ শব্দং, মনসা চ মননীয়ং বিষয়ং 'ধ্যায়ন্তঃ' চিন্তয়ন্তো জীবন্তি, 'এবং' ইত্থম্ এব বাচা ত্বয়া বিরহিতা বয়ম্ অজীবামেতি। ইদং শ্রুত্বা সা চ বাক্ পুনঃ শরীরং 'প্রবিবেশ' প্রবিষ্টা।

অনয়ৈব রীত্যা ক্রমেণ চক্ষুঃ, শ্রোত্রং মনশ্চ শরীরাদ উৎক্রম্য সংবৎসরং চ ব্যাপ্য প্রবাসং কৃত্বা প্রত্যাবৃত্তা অন্যান্ প্রাণান্ কথং যূয়ং মাং বিনা অজীবতেতি পপ্রচ্ছুঃ, তেঽপি তথৈব প্রত্যুক্তবন্তো যৎ যথা বিনাপি চক্ষুষা অন্ধাঃ, বিনাপি শ্রোত্রেণ বধিরাঃ, বিনাপি চ মনসা মূঢা জনাঃ অন্যৈরিন্দ্রিয়ৈঃ জীবন্তি, বয়মপি তথৈব অজীবামেতি। ততশ্চ তাদৃশং প্রতিবচনং শ্রুত্বা চক্ষুরা-দীনি পুনঃ শরীরং প্রবিষ্টানি। বাহুল্যভিয়া নোদ্ধৃতা সম্পূর্ণা শ্রুতিঃ ॥২১॥

(অনন্তর) সেই বাক্ (বাগিন্দ্রিয়, শরীর হইতে) উৎক্রান্ত হইল, এবং সংবৎসর প্রবাস করিয়া প্রত্যাবর্ত্তনপূর্ব্বক (অপর সকলকে জিজ্ঞাসা করিল)—'তোমরা আমার অভাবে কিরূপে জীবিত ছিলে?' (তাহারা বলিল)—

মূকেরা যেমন (বাগিন্দ্রিয় দ্বারা) কথা না বলিয়াও, প্রাণের দ্বারা প্রাণকার্য্য করিয়া, চক্ষুর দ্বারা দর্শন করিয়া, শ্রোত্র দ্বারা শ্রবণ করিয়া ও মনের দ্বারা ধ্যান করিয়া (জীবিত থাকে, আমরাও) এইরূপ (জীবিত ছিলাম।' (ইহা শুনিয়া) বাক্ (আবার শরীরে) প্রবেশ করিল।

(এই প্রকার ক্রমে) চক্ষু, শ্রোত্র ও মনও উৎক্রান্ত হইল, এবং সংবৎসর পর্য্যন্ত প্রবাস করিয়া প্রত্যাবর্ত্তনপূর্ব্বক (তাহাদের অভাবে অন্যেরা কিরূপে জীবিত ছিল, এই প্রশ্ন করিল, এবং অন্ধ, বধির ও মূঢ়েরা যেমন থাকে সেই-রূপই তাহারা ছিল, এই উত্তর পাইয়া আবার শরীরে) প্রবেশ করিল ॥ ২১ ॥

২২

অথ হ প্রাণ উচ্চিক্রমিষন্ স যথা সুহয়ঃ পড়ীশশঙ্কূন্ সংখিদেদ্ এবমিতরান্ প্রাণান্

সমখিদৎ। তং হাভিসমেত্যোচুর্ভগবন্নেধি ত্বং নঃ শ্রেষ্ঠোঽসি মোৎক্রমীরিতি ॥ ৫-১-১২ ॥

অথ হ স মুখ্যঃ প্রাণঃ 'উচ্চিক্রমিষন্' উৎক্রমিতুমিচ্ছন্, যথা 'সুহয়ঃ' শোভনোঽশ্বঃ পরীক্ষণায় কশাহতঃ সন্ 'পড্‌বীশশঙ্কূন্' পাদবন্ধনকীলান্ 'সংখিদেৎ' পরিপীড়য়েৎ সমুৎপাটয়েদিতি ভাবঃ, এবং 'ইতরান্' বাগাদীন্ অন্যান্ প্রাণান্ 'সমখিদৎ' পর্য্যপীড়য়ৎ সমুদ্ধৃতবান্ ইতি ভাবঃ। অথ তে প্রাণাঃ তং হ মুখ্যং প্রাণং 'অভিসমেত্য' অভিসমাগত্য বক্ষ্যমাণং 'উচুঃ' অবদন্—হে ভগবন্, ত্বম্ অস্মাকং 'এধি' ভব স্বামীতি ভাবঃ, যতঃ 'নঃ' অস্মাকং মধ্যে ত্বং শ্রেষ্ঠোঽসি, অতঃ মা ত্বং 'উৎক্রমীঃ' উৎক্রান্তো ভবেত্যর্থঃ ॥২২॥

অনন্তর (মুখ্য) প্রাণ উৎক্রান্ত হইতে ইচ্ছুক হইয়া, উত্তম অশ্ব যেমন (কশাহত হইয়া) পদবন্ধনের খুঁটীকে পরিপীড়িত করে, সেইরূপ অপর :প্রাণসমূহকে পরিপীড়িত করিলেন। তাহারা তাঁহার সম্মুখে সমাগত হইয়া বলিল—'ভগবন্, আপনি আমাদের (স্বামী) হউন! আপনি আমাদের শ্রেষ্ঠ! আপনি উৎক্রান্ত হইবেন না।' ॥ ২৭ ॥

২৩

অথ হৈনং বাগ্ উবাচ যদহং বসিষ্ঠোঽস্মি ত্বং তদ্ বসিষ্ঠোঽসি। অথ হৈনং চক্ষুরুবাচ যদহং প্রতিষ্ঠাস্মি, ত্বং তৎ প্রতিষ্ঠাসি ॥

অথ হৈনং শ্রোত্রমুবাচ যদহং সম্পদস্মি, ত্বং তৎ সম্পদসি। অথ হৈনং মন উবাচ যদহম্ আয়তনমস্মি, ত্বং তদ্ আয়তনমসীতি ॥

৫-১-১৩—১৪ ॥

মুখ্যস্যৈব প্রাণস্য শক্ত্যা বাগাদীনাং শক্তিঃ, তস্যৈব চ গুণেন এষাং গুণবত্ত্বম্ ইতি স্বয়ম্ অববুধ্য বাগাদয়ঃ মুখ্যস্য প্রাণস্য সমীপে তদ্ অঙ্গীকুর্ব্বন্তীতীদানীং প্রতিপাদ্যতে অথেত্যাদিনা। মূলশ্রুতৌ পূর্ব্বং (৫-১-২—৫) উক্তং (নেদং বিস্তরভিয়া সংগ্রহেঽস্মিন্ গৃহীতং) যদ্ যো হি বসিষ্ঠপ্রভৃতিং জানাতি স বসিষ্ঠপ্রভৃতির্ভবতি, তত্র চ বাগাদয় এব বসিষ্ঠপ্রভৃতয় ইত্যপ্যুক্তং। তদেতদ্ ইহ চিন্তনীয়ং। অথ হ বাক্ এনং মুখ্যং প্রাণম্ উবাচ, যদহং 'বসিষ্ঠঃ' নিবাসকর্ত্তৃতমঃ (বস্ নিবাসে), নিবাসকর্ত্তৃতমো নাম যঃ স্বগুণসম্পত্ত্যা বহুষু জনেষু প্রধানতয়া নিবসতি;

যদ্বা আচ্ছাদয়িতৃতমঃ (বস্ আচ্ছাদনে), আচ্ছাদয়িতৃ-তমো নামঃ যঃ সর্ব্বেভ্যোঽতিশয়িতেন স্বশক্তিপ্রভাবেণ পরান্ আচ্ছাদয়তি অভিভবতি; যদ্বা বসুমত্তমঃ, ধনবত্তম ইত্যর্থ; 'অস্মি' ভবামি, বিধেয়প্রাধান্যাদেহ লিঙ্গপরিবর্ত্তনং, তৎ ত্বং বসিষ্ঠোঽসি; যেন খলু বসিষ্ঠত্বগুণেন অহং বসিষ্ঠঃ, তেন বসিষ্ঠত্বগুণেন বস্তুতস্ত্বমেব বসিষ্ঠোঽসীতি ভাবঃ। এবম্ অন্যত্রাপি বোধ্যম্। প্রতিষ্ঠা স্থিতির্বা আশ্রয়স্থানং বা। আয়তনং আশ্রয়ঃ। অন্যৎ সুগমম্ ॥২৩॥

অনন্তর বাক্ ইঁহাকে (মুখ্য প্রাণকে) বলিল 'আমি যে বসিষ্ঠ (শ্রেষ্ঠ নিবাসী, বা শ্রেষ্ঠ অভিভবকারী, অথবা শ্রেষ্ঠ ধনশালী) সেই বসিষ্ঠ আপনিই (অর্থাৎ যে বসিষ্ঠত্বগুণে আমি বসিষ্ঠ হইয়াছি, তাহা আপনারই; আপনিই তাহা দ্বারা মূলত বসিষ্ঠ)!' অনন্তর চক্ষু ইঁহাকে বলিল—'আমি যে প্রতিষ্ঠা সেই প্রতিষ্ঠা আপনিই!'

অনন্তর শ্রোত্র ইঁহাকে বলিল—'আমি যে সম্পৎ, সে সম্পৎ আপনিই!' এবং তাহার

পর মন ইঁহাকে বলিল—'আমি যে আয়তন (আশ্রয়), সে আয়তন আপনিই!' ॥ ২৩ ॥

২৪

ন বৈ বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে, প্রাণা ইত্যেবাচক্ষতে, প্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি ভবতি ॥ ৫-১-১৫ ॥

যুক্তমেবেদং বাগাদিভিঃ মুখ্যং প্রাণং প্রত্যভিহিতম্, যতঃ আগমজ্ঞা ব্রহ্মবাদিনঃ এতানি বাক্‌প্রভৃতীনি করণানি ন বাচ ইতি, ন চক্ষূংষি ইতি, ন শ্রোত্রাণি ইতি, ন চ মনাংসি ইতি 'আচক্ষতে' ব্রুবন্তি, অপিতু তানি করণানি প্রাণা ইত্যেব আচক্ষতে। যদি নাম সর্ব্বাণি করণানি বাচো বা, চক্ষুষো বা, শ্রোত্রস্য বা, মনসো বা অধীনানি স্যুঃ, তর্হি ব্রহ্মবাদিনঃ তানি করণানি বাক্‌প্রভৃতিশব্দৈনৈব ব্রূয়ুঃ, নতু তথা ব্রুবন্তি; ব্রুবন্তি তু প্রাণশব্দেনৈবেতি ভাবঃ। যুক্তঞ্চৈতৎ, 'হি' যতঃ এতানি সর্ব্বাণি প্রাণ এব ভবতি ॥২৪॥

(ব্রহ্মবাদিগণ ইন্দ্রিয়গণকে) বাক্‌সমূহ বলেন না, চক্ষুঃসমূহ বলেন না, শ্রোত্রসমূহ বলেন না, (অথবা) মনঃসমূহ বলেন না;

তাঁহারা (তাহাদিগকে) 'প্রাণসমূহ' ইহাই বলিয়া থাকেন; কেননা, এই সমস্তই (ইন্দ্রিয়) প্রাণ ॥ ২৪ ॥

২৫

শ্বেতকেতুর্হারুণেয়ঃ পঞ্চালানাং সমিতিমেয়ায়। তং হ প্রবাহণো জৈবলিরুবাচ—কুমারানুশিষৎ ত্বা পিতেতি। অনু হি ভগব ইতি ॥ ৫-৩-১ ॥

'আরুণেয়ঃ' অরুণস্যাপত্যম্ আরুণিঃ, তস্যাপত্যম্ আরুণেয়ঃ শ্বেতকেতুর্নাম 'হ' ঐতিহ্যার্থো নিপাতঃ, 'পঞ্চালানাং' পঞ্চালনাম্না প্রসিদ্ধস্য জনপদস্য 'সমিতিং' সভাং 'এয়ায়' আজগাম। 'জৈবলিঃ' জীবলস্যাপত্যং প্রবাহণো নাম 'তং' শ্বেতকেতুং বক্ষ্যমাণম্ উবাচ 'হ' কিল—হে কুমার শ্বেতকেতো, 'পিতা' তব জনকঃ 'ত্বা' ত্বাং 'অন্বশিষৎ' অনুশিষ্টবান্ উপদিষ্টবান্ কিম্ ইতি। শ্বেতকেতুরাহ—হে 'ভগবঃ' ভগবন্ 'অনু হি' অনুশিষ্টবান্ এব মাং পিতেতি ॥২৫॥

আরুণেয় শ্বেতকেতু পঞ্চাল-জনপদের সভায় আগমন করিয়াছিলেন, এবং জৈবলি প্রবাহণ তাঁহাকে বলিয়াছিলেন—'কুমার, আপনার

পিতা কি আপনাকে উপদেশ দিয়াছেন ?' (তিনি উত্তর করিলেন) 'হাঁ ভগবন্; উপদেশ দিয়াছেন ॥'২৫॥

২৬

বেত্থ যদিতোঽধি প্রজাঃ প্রয়ন্তীতি ; ন ভগব ইতি। বেত্থ যথা পুনরাবর্ত্তন্ত ইতি, ন ভগব ইতি। বেত্থ পথোর্দেবযানস্য পিতৃযাণস্য চ ব্যাবর্ত্তনা ইতি ; ন ভগব ইতি ॥

বেত্থ যথাসৌ লোকো ন সম্পূর্য্যত ইতি ; ন ভগব ইতি। বেত্থ যথা পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি; নৈব ভগব ইতি ॥

৫-৩-২-৩ ॥

তং হ প্রবাহণ উবাচ—'প্রজাঃ' লোকাঃ 'ইতঃ' অস্মাৎ লোকাৎ 'অধি' উর্দ্ধং যৎ স্থানং 'প্রয়ন্তি' গচ্ছন্তি, ত্বং তৎ 'বেত্থ' বেৎসি জানীষে কিম্ ইতি। শ্বেতকেতুরাহ—ন 'ভগবঃ' ভগবন্ ইতি, নাহং জানে যৎ ত্বং পৃচ্ছসীত্যর্থঃ, এবমন্যত্রাপি। ইতি প্রথমঃ প্রশ্নঃ। অথ দ্বিতীয়ং প্রশ্নমাহ প্রবাহণঃ—প্রজাঃ 'যথা' যেন প্রকারেণ 'পুনঃ' ভূয়ঃ 'আবর্ত্তন্তে' সংসারমাগচ্ছন্তি,

তৎ ত্বং বেথ কিম্ ইতি। শ্বেতকেতুরাহ—ন ভগব ইতি। অথ তৃতীয়ঃ প্রশ্নঃ—'দেবযানস্য' তন্নাম্না প্রসিদ্ধস্য 'পিতৃযাণস্য' চ তন্নাম্না খ্যাতস্য 'পথোঃ' মার্গয়োঃ 'ব্যাবর্ত্তনা' ব্যাবর্ত্তনং ইতরেতরবিয়োগস্থানং বেথ কিম্? সহ গচ্ছন্ত এব কেচিৎ দেবযানেন, কেচিচ্চ পিতৃযাণেন পথা গচ্ছন্তি, কস্মিন্ নু খলু স্থানে ইত্থং সহ গচ্ছতাং তেষাং পরস্পরং বিয়োগো ভবতীত্যর্থ ইতি। অথ চতুর্থঃ প্রশ্নঃ—'অসৌ লোকঃ' মৃতা যস্মিন্ গচ্ছন্তি, সোঽসৌ লোকঃ বহুভিরপি গচ্ছদ্ভিঃ 'যথা' যেন কারণেন ন সম্পূর্য্যতে, কিং ত্বং তদ্ বেথ ইতি। শ্বেতকেতুরাহ—ন ভগব ইতি। অথ পঞ্চমঃ প্রশ্নঃ—পঞ্চম্যাং বক্ষ্যমাণায়াম্ আহুতৌ হুতায়াং সত্যাং তস্যা আহুতেঃ 'আপঃ' জলং 'যথা' যেন ক্রমেণ 'পুরুষবচসঃ' পুরুষ ইত্যেবং বচঃ অভিধানং যাসাং তাঃ তথোক্তাঃ ভবন্তি (দ্রঃ—২৯শ, ৩০শ টীকা) পুরুষ ইতি নাম্না প্রসিদ্ধা ভবন্তীত্যর্থঃ, কিং ত্বং তদ্ বেথ ইতি। শ্বেতুকেতরাহ—ন ভগব ইতি ॥২৬॥

(প্রবাহণ বলিলেন) 'লোকেরা এই (পৃথিবীর) পর যেথানে গমন করে, আপনি কি তাহা জানেন ?' (তিনি বলিলেন)—'না

ভগবন্।' 'আপনি জানেন কি তাহারা যে প্রকারে পুনর্ব্বার আবর্ত্তন (আগমন) করে ?' 'না ভগবন্।' 'আপনি কি জানেন, দেবযান ও পিতৃযাণ এই পথদ্বয়ের মধ্যে (পরস্পর) বিচ্ছেদ (কোথায়) ?' 'না ভগবন্।'

'জানেন কি ঐ (পর) লোক যে কারণে (মৃতগণের দ্বারা) পরিপূর্ণ হয় না ?' 'না ভগবন্।' 'জানেন কি (বক্ষ্যমাণ) পঞ্চম আহুতি (হোম করা) হইলে জল যে ক্রমে পুরুষ বলিয়া উক্ত হয় ?' 'না ভগবন্।'

২৭

অথা নু কিমনুশিষ্টোঽবোচথা, যো হীমানি ন বিদ্যাৎ, কথং সোঽনুশিষ্টো ব্রুবীতেতি। স হায়স্তঃ পিতুরর্দ্ধমেয়ায়, তং হোবাচ অননুশিষ্য বাব কিল মা ভগবান্ অব্রবীদ্ অনু ত্বাশিষমিতি ॥

পঞ্চ মা রাজন্যবন্ধুঃ প্রশ্নানপ্রাক্ষীৎ, তেষাং নৈকঞ্চনাশকং বিবক্তুমিতি। স হোবাচ যথা

মা ত্বং তদৈতানবদো যথাহমেষাং নৈকঞ্চন বেদ, যদ্যহমিমান্ অবেদিষ্যং কথং তে নাবক্ষ্য-মিতি ॥ ৫-৩-৪ ॥

প্রবাহণ আহ—অথ এবং অজ্ঞস্ত্বং 'কিম্ অনু' কিমুদ্দিশ্য কস্মাৎ অনুশিষ্টঃ অস্মীতি 'অবোচথাঃ' উক্তবান্? যো হি জনঃ ইমানি পূর্ব্বোক্তানি তত্ত্বানি ন 'বিদ্যাৎ' জানীয়াৎ, কথং স 'ব্রুবীত' কথয়েৎ যদ্ অহং অনুশিষ্টঃ অস্মীতি। স হ শ্বেতকেতুঃ ইথং স্বয়ং 'আয়স্তঃ' খিন্নঃ, রাজ্ঞা বা অধাসিতঃ খেদিতঃ সন্ পিতুঃ 'অর্দ্ধং' স্থানং 'এয়ায়' আগতবান্, আগত্য চ 'তং' পিতরং বক্ষ্যমাণং উবাচ হ—'অননুশিষ্য বাব' অনুপদিশ্যৈব 'মা' মাং কিল ভগবান্ অব্রবীৎ যদ অহং 'ত্বা' ত্বাম্ 'অন্বশিষম্' অনুশিষ্টবান্ অস্মীতি।

'রাজন্যবন্ধুঃ' রাজন্যাঃ ক্ষত্রিয়া বন্ধবোঽস্য, ন স্বয়ং রাজন্য ইতি তথোক্তঃ, স্বয়ং দুর্বৃত্ত ইতি ভাবঃ, প্রবাহণঃ 'মা' মাং পঞ্চ প্রশ্নান্ 'অপ্রাক্ষীৎ' পৃষ্টবান্। অহন্তু 'তেষাং' প্রশ্নানাং মধ্যে 'একঞ্চন' একমপি 'বিবক্তুং' বিশেষেণ বক্তুং উত্তরয়িতুং অর্থতো নির্ণেতুমিত্যর্থঃ ন 'অশকং' অপারয়ম্ ইতি। স হ পিতা উবাচ—ত্বং বৎস, 'তদা' আগতমাত্র এব 'এতান্' প্রশ্নান্ 'যথা'

যেন প্রকারেণ "নৈকঞ্চনাশকং বিবক্তুম্"—ইত্যনেন রূপেণেতি ভাবঃ, 'অবদঃ' অকথয়ঃ, মামপি তথা বিজানীহি, বিজানীহি ত্বং যথা অহং এষাং প্রশ্নানাং 'একঞ্চন' একমপি ন 'বেদ' জানামীতি, অহমপ্যেষাং প্রশ্নানাম্ একমপি বিবক্তুং ন শক্নোমীতি ভাবঃ। যদ্যহম্ 'ইমান্' প্রশ্নান্ 'অবেদিষ্যং' অজ্ঞাস্যং কথং 'তে' তুভ্যং ন 'অবক্ষ্যম্' অকথয়িষ্যম্, যদ্যহমিদং অজ্ঞাস্যম্, অবশ্যং তুভ্যম্ অকথয়িষ্যমিতি ভাবঃ ॥২৭॥

(প্রবাহণ বলিলেন)—'তবে কিজন্য বলিতেছেন যে, "আমি উপদিষ্ট হইয়াছি ?" যিনি এই সমস্ত জানেন না, কিরূপে তিনি বলিতে পারেন যে, "আমি উপদিষ্ট হইয়াছি !"' তিনি (শ্বেতকেতু) খেদপ্রাপ্ত হইয়া পিতার স্থানে আগমন করিলেন, এবং বলিলেন— 'ভগবন্, আপনি আমাকে উপদেশ না দিয়াই বলিয়াছেন যে, "আমি তোমাকে উপদেশ দিয়াছি !"

'দুর্বৃত্ত ক্ষত্রিয় (প্রবাহণ) আমাকে পাঁচটি

প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন, কিন্তু আমি একটিরও উত্তর দিতে পারি নাই!' তিনি (পিতা) বলিলেন—'তুমি তখন (আসিয়াই) এই প্রশ্ন সমূহকে যেরূপে (অর্থাৎ আমি উত্তর দিতে পারি নাই এইরূপে) বলিলে, (আমাকেও সেইরূপে জান),—আমিও তাহাদের একটিরও উত্তর জানি না। যদি জানিতাম, তবে আমি কি জন্য তোমাকে বলিতাম না?'॥২৭॥

২৮

স হ গৌতমো রাজ্ঞোঽর্দ্ধমেয়ায়। তস্মৈ হ প্রাপ্তায়ার্হাং চকার। স হ প্রাতঃ সভাগ উদেয়ায়। তং হোবাচ মানুষস্য ভগবন্ গৌতম বিত্তস্য বরং বৃণীথা ইতি। স হোবাচ তবৈব রাজন্ মানুষং বিত্তং, যামেব কুমারস্যান্তে বাচমভাষথাঃ, তামেব মে ব্রূহীতি। স হ কৃচ্ছ্রীবভূব॥

তং হ চিরং বসেত্যাজ্ঞাপয়াঞ্চকার, তং হোবাচ যথা মা ত্বং গৌতমাবদো যথেয়ং ন

প্রাক্ ত্বত্তঃ পুরা বিদ্যা ব্রাহ্মণান্ গচ্ছতি, তস্মাদ্ উ সর্ব্বেষু লোকেষু ক্ষত্রস্যৈব প্রশাসনমভূদিতি তস্মৈ হোবাচ ॥ ৫-৩-৬—৭ ॥

স হ পিতা গৌতমঃ রাজ্ঞঃ প্রবাহণস্য 'অর্দ্ধং' স্থানং 'এয়ায়' আজগাম। স চ রাজা 'প্রাপ্তায়' উপস্থিতায় তস্মৈ গৌতমায় 'অর্হাং' পূজাং চকার। অথ স কৃতাতিথ্যঃ গৌতমঃ পরেদ্যুঃ 'প্রাতঃ' প্রাতঃকালে রাজ্ঞি 'সভাগে' সভাং গতে সতি তস্য সমীপং 'উদেয়ায়' উত্থায় আজগাম। তং হ রাজা উবাচ—হে ভগবন্ গৌতম, 'মানুষস্য' মনুষ্যসম্বন্ধিনো 'বিত্তস্য' ধনস্য 'বরং' বরণীয়ং কামং মৎসকাশাদ্ 'বৃণীথাঃ' প্রার্থয়েথাঃ ইতি। স হ গৌতম উবাচ—'হে রাজন্, মানুষং বিত্তং তবৈব অস্তু তিষ্ঠতু। কিন্তু 'কুমারস্য' মম পুত্রস্য 'অন্তে' সমীপে যাং বাচম্ 'অভাষথাঃ' অকথয়ঃ, তামেব বাচং 'মে' মহ্যং ব্রূহি কথয়েতি। ইদমাকর্ণ্য স হ রাজা কথং নু ক্ষত্রিয়োঽহং ব্রাহ্মণমুপদিশেয়মিতি চিন্তয়িত্বা 'কৃচ্ছ্রীবভূব' দুঃখী বভূব ॥

স খলু কৃচ্ছ্রীভূতো রাজা ব্রাহ্মণং অপ্রত্যাখ্যেয়ং মন্যমানো ন্যায়েন বিদ্যা বক্তব্যেতি বিচিন্ত্য তং হ গৌতমং 'চিরং' দীর্ঘকালং বস ব্রহ্মচর্য্যেণেতি ভাবঃ

ইতি 'আজ্ঞাপয়াঞ্চকার' আদিদেশ, অনন্তরঞ্চ তং হ উবাচ—হে গৌতম, যথা যেন প্রকারেণ তামেব বিদ্যারূপাং বাচং মে ক্রহীত্যজ্ঞানেনেতি ভাবঃ, 'মা' মাং ত্বম্ 'অবদঃ' অকথয়ঃ, তেন প্রতীয়তে, বিজানীহি বা, পুরা কিল ত্বত্তঃ 'প্রাক্' পূর্ব্বং অতি-প্রাচীনাৎ কালাদ্ আরভ্য ত্বৎপূর্ব্ববর্ত্তিনং কালং যাবদ ইত্যর্থঃ 'ইয়ং' বক্ষ্যমাণা বিদ্যা ব্রাহ্মণান্ ন 'গচ্ছতি' গতবতী। তস্মাৎ 'উ' পদপূরণোঽনর্থকো নিপাতঃ, সর্ব্বেষু লোকেষু 'ক্ষত্রস্য' ক্ষত্রিয়জাতেঃ এব অনয়া বিদ্যয়া 'প্রশাসনং' উপাদেশদানং 'অভূৎ' বভূব, ইতি, ক্ষত্রিয়া এব অনয়া বিদ্যয়া শিষ্যান্ উপদিষ্টবন্তঃ ন তু ব্রাহ্মণাঃ ইতি ভাবঃ। অথায়ং 'তস্মৈ' গৌতমায় বক্ষ্যমাণম্ উবাচ ॥ ২৮ ॥

সেই গৌতম রাজার স্থানে আগমন করি-লেন, এবং তিনি সমাগত হইলে (রাজা) তাঁহার অর্চ্চনা করিলেন। (অনন্তর রাজা) প্রাতঃকালে সভাস্থিত হইলে তিনি (তাঁহার নিকট) আগমন করিলেন। (রাজা) তাঁহাকে বলিলেন—'ভগবন্ গৌতম, মনুষ্যসম্বন্ধী বিত্ত-

সম্বন্ধে আপনার প্রার্থনীয় বস্তু (বর) প্রার্থনা করুন।' তিনি বলিলেন—'রাজন্, মনুষ্য-সম্বন্ধী বিত্ত আপনারই (থাকুক)। আপনি (আমার) কুমারের নিকট যে বাক্য বলিয়াছিলেন, তাহাই আমাকে বলুন।' তিনি (ইহাতে) দুঃখিত হইলেন।

তিনি তাঁহাকে দীর্ঘকাল (এখানে ব্রহ্মচর্য্যে) বাস করুন' এই আজ্ঞা করিলেন, এবং বলিলেন—'হে গৌতম, আপনি যেরূপ আমাকে বলিলেন, (তাহাতে বোধ হয়, অথবা আপনি জানুন যে,) পুরাকাল হইতে আপনার পূর্ব্ব পর্য্যন্ত এই বিদ্যা ব্রাহ্মণগণের নিকট গমন করে নাই। সেই জন্য সমস্ত লোকের মধ্যে ক্ষত্রিয় জাতিরই (এই বিদ্যায়) উপদেশ-দাতৃত্ব রহিয়াছে। (অনন্তর) তিনি তাঁহাকে (বক্ষ্যমাণ বিষয়) বলিলেন ॥ ৩৩ ॥

২৯

অসৌ বাব লোকো গৌতমাগ্নিঃ, তস্যাদিত্য

এব সমিদ্, রশ্ময়ো ধূমঃ, অহরর্চ্চিঃ, চন্দ্রমা অঙ্গারাঃ, নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ ॥ তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি, তস্যা আহুতেঃ সোমো রাজা সম্ভবতি ॥ ৫-৪-১—২ ॥

অন্তিমস্য প্রশ্নস্যোত্তরেণ অন্যেষাং প্রশ্নানামুত্তরং সুগমং ভবিষ্যতীতি তস্যৈবোত্তরং প্রথমমুচ্যতে। হে গৌতম, 'অসৌ বাব লোকঃ' অসৌ খলু দ্যুলোকঃ 'অগ্নিঃ' অগ্নিস্বরূপঃ, তস্য দ্যুলোকরূপস্য অগ্নেঃ 'আদিত্যঃ' সূর্য্য এব 'সমিৎ' ইন্ধনং, সমিধ্যতে সন্দীপ্যতে হি দ্যুলোকঃ সূর্য্যেণ অগ্নিরিব সমিধা দারুণেতি দ্যুলোকরূপস্যাগ্নেঃ আদিত্যঃ সমিৎ; আদিত্যাদ্ উত্থিতা রশ্ময়ঃ তস্যাগ্নেঃ ধূমঃ, সমিধো হি ধূম উত্তিষ্ঠতি; 'অহঃ' দিনং তস্য অগ্নেঃ 'অর্চ্চিঃ' শিখা, প্রকাশরূপাৎ সাদৃশ্যাৎ আদিত্যকার্য্যত্বাচ্চ; চন্দ্রমাঃ তস্যাগ্নেঃ অঙ্গারাঃ, অহন্যুপশান্তে তস্যাভিব্যক্তেঃ, অর্চ্চিষামুপশম এব অঙ্গারা অভিব্যজ্যন্তে; নক্ষত্রাণি চ তস্যাগ্নেঃ বিস্ফুলিঙ্গাঃ চন্দ্রমসোঽবয়বা ইব বিপ্রকীর্ণত্বসামান্যাৎ ॥ তস্মিন্ এতস্মিন্ দ্যুলোকরূপে অগ্নৌ 'দেবাঃ' অধ্যাত্মং যজমানপ্রাণাঃ ইন্দ্রিয়াণি, অধিদৈবতন্তু অগ্ন্যাদিরূপাঃ 'শ্রদ্ধাং' শ্রদ্ধাশব্দবাচ্যং অগ্নিহোত্রাহুতিপরিণামরূপং

দ্রব্যান্তরসহিতং উদকং 'জুহ্বতি' হোমং কুর্ব্বন্তি, তস্যাঃ আহুতেঃ হুতায়াঃ 'রাজা' রাজমানঃ সোমঃ 'সম্ভবতি' উৎপদ্যতে। সা হি অগ্নিহোত্রাহুতিঃ সূক্ষ্মরূপা ভূতসূক্ষ্মৈঃ যজমানস্য প্রাণৈশ্চ দ্যুলোকং গচ্ছতি, দ্যুলোকাচ্চ চন্দ্রত্বং প্রাপ্নোতি। মৃতো যজমানো দ্যুলোকং গচ্ছতি, ততশ্চ চন্দ্রমণ্ডলে তদুচিতদেহং ধারয়তীতি স্থূলোঽর্থঃ ॥ ২৯ ॥

হে গৌতম, ঐ (দ্যু-) লোক অগ্নি (-স্বরূপ), এবং আদিত্যই তাহার সমিৎ, রশ্মিসমূহ ধূম, দিন শিখা, চন্দ্রমা অঙ্গারসমূহ, এবং নক্ষত্রসমূহ বিস্ফুলিঙ্গ।

এই (দ্যুলোকরূপ) অগ্নিতে দেবগণ শ্রদ্ধাকে হোম করেন, এবং সেই আহুতি হইতে রাজা সোম জাত হয় ॥ ২৯ ॥ *

* জীব এই লোক হইতে কি প্রকারে পরলোকে গমন করে, এবং কি প্রকারেই বা এই লোকে পুনর্ব্বার আবর্ত্তন করে, তাহাই এই প্রকরণে প্রতিপাদিত হইতেছে। অগ্নিহোত্রে সায়ং ও প্রাতঃকালে যে আহুতি প্রদত্ত হয়, সেই আহুতি হইতেই ক্রমশ এই জগৎ হইয়াছে ইহা বাজসনেয়ব্রাহ্মণে অগ্নিহোত্র-প্রকরণে বিবৃত হইয়াছে। এখানেও ঐ অগ্নিহোত্রের

আহুতিদ্বয় দ্বারা জীব যে ক্রমশ পুরুষরূপে জন্মগ্রহণ করে, তাহাই দেখান হইতেছে। যজমানের মৃত্যুর পর অগ্নিহোত্রের আহুতিদ্বয় এখান হইতে উৎক্রান্ত হয়। আহুতিদ্বয়ের যে সমস্ত সাধন ছিল,—যথা আহবনীয় অগ্নি, সমিৎ, ধূম, অঙ্গার, স্ফুলিঙ্গ ও আহুতি দ্রব্য,—এই সমুদয় লইয়াই সেই আহুতিদ্বয় এই লোক হইতে পরলোকে উৎক্রমণ করে। সৃষ্টির পূর্ব্বে অব্যক্ত-অবস্থায় যেমন সমস্ত পদার্থই স্ব স্ব বিশেষত্বের সহিত অব্যাকৃত-রূপে সূক্ষ্মভাবে অবস্থান করে, সাধনসমূহের সহিত অগ্নিহোত্র-আহুতিদ্বয়ও এইরূপ থাকে। ইহারা যখন এই ভূর্লোক ও ভুবর্লোক বা বায়ুলোক উৎক্রমণ করিয়া দ্যুলোকে উপস্থিত হয়, তখন সেখানে কি পরিবর্ত্তন প্রাপ্ত হয়, তাহাই প্রথমে উক্ত হইতেছে যে, সেই সময়ে দ্যুলোক অগ্নিহোত্রের আহবনীয়-নামক অগ্নি, আদিত্যই তাহার সমিৎ, ইত্যাদি। এইরূপে অগ্নিহোত্রের অগ্নি, সমিৎ-প্রভৃতি সমস্ত সাধনের নির্দ্দেশ করিয়া তদনন্তর সেই অগ্নিতে হোমকর্ত্তা ও হোমীয় দ্রব্যের উল্লেখে বলা হইয়াছে যে, দেবগণ সেই অগ্নিতে শ্রদ্ধা হোম করেন। উৎক্রমণের সময় যজমানের প্রাণ বা ইন্দ্রিয়সমূহও উৎক্রমণ করে। আধ্যাত্মিকভাবে এই ইন্দ্রিয়সমূহকে প্রাণ বলা হয়, এবং আধিদৈবিকভাবে তাহা-

দিগকেই এখানে দেবশব্দে নির্দ্দেশ করা হইয়াছে। শ্রদ্ধা-শব্দে অগ্নিহোত্রের সূক্ষ্মভূত আহুতিদ্বয় অর্থাৎ সূক্ষ্মপৃথিব্যাদি ভূতপঞ্চক; বক্ষ্যমাণ সোম, বৃষ্টি-প্রভৃতি আহুতি আপ্‌বা জল-প্রচুর বলিয়া ইহাই আপ্‌-শব্দে, এবং শ্রদ্ধার হেতু বলিয়া শ্রদ্ধা-শব্দে উক্ত হয়। এই আহুতি হইতে সোম অর্থাৎ চন্দ্র উৎপন্ন হয়। ইহার স্থূল তাৎপর্য্য এই যে, ঐ আহুতি প্রাণাদির সহিত দ্যুলোকে উপস্থিত হইয়া সেখান হইতে চন্দ্রত্ব প্রাপ্ত হয়; অর্থাৎ মৃত্যুর পর জীব দ্যুলোকে গিয়া সেখান হইতে চন্দ্রমণ্ডলে উপস্থিত হয়। অগ্নিহোত্রে আহুতি-দানের ইহাই ফল।

৩০

পর্জন্যো বাব গৌতমাগ্নিঃ, তস্য বায়ুরেব সমিদ্, অভ্রং ধূমো, বিদ্যুদর্চ্চিরশনিরঙ্গারাঃ, হ্রাদনয়ো বিস্ফুলিঙ্গাঃ ॥

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমং রাজানং জুহ্বতি। তস্যা আহুতের্বর্ষং সম্ভবতি ॥

৫·৫·১—২ ॥

'পর্জন্যঃ' পর্জন্যো নাম বৃষ্ট্যুপকরণাভিমানী দেবতা-বিশেষঃ, 'বাব' খলু হে গৌতম অগ্নিঃ। 'তস্য' পর্জন্যরূপস্যাগ্নেঃ বায়ুরেব সমিৎ, বায়ুনা হি পর্জন্যো সমিধ্যতে সন্দীপ্যতে, পুরোবাতাদিপ্রাবল্যে বৃষ্টিদর্শনাৎ। 'অভ্রং' মেঘঃ তস্য ধূমঃ, ধূমোৎপন্নত্বাৎ ধূমবদ্দর্শনাচ্চ মেঘস্য; বিদ্যুৎ তস্য অর্চিঃ শিখা, প্রকাশসামান্যাৎ; 'অশনিঃ' বজ্রং তস্য অঙ্গারাঃ কাঠিন্যাৎ বিদ্যুৎসম্বন্ধাদ্‌ বা; 'হ্রাদনয়ঃ' গর্জ্জনশব্দাঃ তস্য বিস্ফুলিঙ্গাঃ বিপ্রকীর্ণত্ব-সাদৃশ্যাৎ॥

তস্মিন্ এতস্মিন্ পর্জ্জন্যরূপে অগ্নৌ দেবাঃ ব্যাখাত-পূর্ব্বাঃ সোমং রাজানং জুহ্বতি, ততঃ 'বর্ষং' বৃষ্টিঃ সম্ভবতি জায়তে। সোমত্বপ্রাপ্ত্যনন্তরং বর্ষরূপেণ তস্যা আহুতেঃ পরিণামো ভবতীতি ভাবঃ॥ ৩৫॥

হে গৌতম, পর্জন্যই অগ্নি, এবং বায়ু তাহার সমিৎ, মেঘ ধূম, বিদ্যুৎ শিখা, বজ্র অঙ্গার, এবং গর্জ্জনশব্দসমূহ বিস্ফুলিঙ্গ।

সেই এই অগ্নিতে দেবগণ রাজা সোমকে আহুতি প্রদান করেন, এবং সেই আহুতি হইতে বৃষ্টি হয়॥ ৩০॥

৩১

পৃথিবী বাব গৌতমাগ্নিস্তস্যাঃ সংবৎসর এব সমিদ্, আকাশো ধূমো, রাত্রিরর্চ্চির্দিশো-ঽঙ্গারাঃ, অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাঃ ॥

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বর্ষং জুহ্বতি। তস্যা আহুতেরন্নং সম্ভবতি ॥ ৫-৬-১-২ ॥

পৃথিবীত্যাদি পূর্ব্ববৎ, 'তস্যাঃ' পৃথিবীরূপস্য অগ্নেঃ সংবৎসর এব সমিৎ, যথা সমিধা অগ্নির্দীপ্যতে তদ্বৎ সংবৎসরপরিমিতেন কালেন পৃথিবী ব্রীহ্যাদিনিষ্পত্তয়ে সমিদ্ধা সন্দীপ্তা ভবতীতি সংবৎসরঃ সমিদ্‌রূপঃ। আকাশো ধূমঃ, যথা অগ্নের্ধূম উত্থিতঃ সন্ উপর্য্যেব তিষ্ঠতি, এবং আকাশোঽপি পৃথিব্যা উত্থিতো দৃশ্যতে ইতি তথোক্তিঃ। 'রাত্রিঃ অর্চ্চিঃ,' অগ্নেরনুরূপা হি শিখা ভবতি, উজ্জ্বলস্যাগ্নেঃ শিখাপ্যুজ্জ্বলা, ইহ তু পৃথিবীরূপো-ঽগ্নিঃ অপ্রকাশস্বরূপ ইতি তমোরূপা রাত্রিস্তস্যাগ্নে-রনুরূপৈব শিখা। দিশঃ অঙ্গারাঃ উপশান্তত্বসাদৃশ্যাৎ, অবান্তরদিশশ্চ ঐশান্যাদয়ঃ বিস্ফুলিঙ্গাঃ ক্ষুদ্রত্ব-সাদৃশ্যাৎ ॥

তস্মিন্নিত্যাদি পূর্ব্ববৎ, 'অন্নং' ব্রীহিযবাদি সম্ভবতি ॥ ৩৬ ॥

হে গৌতম, এই পৃথিবীই অগ্নি, এবং সংবৎসর তাহার সমিৎ, আকাশ ধূম, রাত্রি শিখা, দিক্‌সমূহ অঙ্গার, ও অবান্তর দিক্‌-সমূহ (ঐশানী-প্রভৃতি) বিস্ফুলিঙ্গ ॥ .

সেই এই অগ্নিতে দেবগণ বৃষ্টিকে হোম-করেন, এবং সেই আহুতি হইতে অন্ন (ব্রীহিযবাদি) হয় ॥ ৩১ ॥

৩২

পুরুষো বাব গৌতমাগ্নিঃ, তস্য বাগেব সমিৎ, প্রাণো ধূমো, জিহ্বার্চ্চিশ্চক্ষুরঙ্গারাঃ, শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ ॥

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি। তস্যা আহুতে রেতঃ সম্ভবতি ॥ ৫-৭ ১—২ ॥

পুরুষ ইত্যাদি সমানম্। 'বাক্' বাচ আধারভূতং মুখমিতি ভাবঃ এব সমিৎ; বাচা হি পুরুষঃ সমিধ্যতে সন্দীপ্যতে, নতু মূক ইতি তথোক্তিঃ। 'প্রাণঃ' তদাখ্যো বায়ুঃ ধূমঃ, যথা ধূমঃ সমিধো নির্গচ্ছতি, এবং বাচ আধারান্মুখাৎ প্রাণো নির্গচ্ছতীতি তথোক্তিঃ। জিহ্বা অর্চ্চিঃ লোহিতত্বাৎ লোলত্বাচ্চ। চক্ষুঃ অঙ্গারাঃ

ভাস আশ্রয়ত্বাৎ। শ্রোত্রঞ্চ বিস্ফুলিঙ্গাঃ, যথা বিস্ফুলিঙ্গা বিকীর্য্যন্তে শ্রোত্রদ্বয়মপি তথৈব বিকীর্ণমিব বিদ্যত ইতি তথোক্তিঃ॥

রেতঃ পুরুষস্ত প্রসিদ্ধম্। অন্যৎ স্পষ্টম্॥ ৩২॥

হে গৌতম, পুরুষই অগ্নি, এবং বাক্ (অর্থাৎ তদাধার মুখ) তাহার সমিৎ, প্রাণ (বায়ু) ধূম, জিহ্বা শিখা, চক্ষু অঙ্গার, এবং শ্রোত্র বিস্ফুলিঙ্গ॥

সেই এই অগ্নিতে দেবগণ অন্নকে হোম করেন, এবং সেই আহুতি হইতে রেত হয়॥ ৩২॥

৩৩

যোষা বাব গৌতমাগ্নিস্তস্যা উপস্থ এব সমিদ্, যদুপমন্ত্রয়তে স ধূমো, যোনিরর্চ্চির্যদন্তঃ করোতি তে অঙ্গারাঃ, অভিনন্দাঃ বিস্ফুলিঙ্গাঃ।

তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি। তস্যা আহুতের্গর্ভঃ সম্ভবতি॥ ৫-৮ ১ —২॥

'যোষা' স্ত্রী। বাবেত্যাদি পূর্ব্ববৎ। তস্যাঃ 'উপস্থঃ' অঙ্গদেশ এবং সমিৎ, তেন হি সা পুত্রাদ্যুৎ-

পাদনায় দীপ্যতে; যৎ 'উপমন্ত্রয়তে' উপচ্ছন্দয়তে পুরুষং প্রলোভয়তীত্যর্থঃ, স ধূমঃ, প্রলোভনং হি স্ত্রীসম্ভবং; অথবা যথা ধূমঃ পাদার্থান্ আবৃণোতি, স্ত্রীকৃতং প্রলোভনমপি তথৈব পুরুষবুদ্ধিমাবৃণোতীতি তথোক্তিঃ; যোনিঃ অর্চ্চিঃ লোহিতত্বাৎ, যৎ অন্তঃ করোতি সঙ্গচ্ছত ইতি ভাবঃ, তে অঙ্গারাঃ, যথা অঙ্গারা অগ্নিসম্বন্ধাঃ সঙ্গমোঽপি তথা স্ত্রীসম্বন্ধ ইতি স্ত্রীরূপস্যাগ্নেঃ সঙ্গমরূপা অঙ্গারাঃ; 'অভিনন্দাঃ' সুখ-কণিকাশ্চ বিস্ফুলিঙ্গাঃ ক্ষুদ্রত্বসামান্যাৎ॥

তস্মিন্নিত্যাদি সমানং সুগমঞ্চ ॥ ৩৩ ॥ *

---

* এবং শ্রদ্ধাসোমবর্ষান্নরেতোরূপেণ আহুতি-পঞ্চকেন আপো গর্ভীভূতা ভবন্তি, রেতস আহুতির্হি পঞ্চমীতি পূর্ব্বং (৩১ শে বাক্যে) "পঞ্চম্যামাহুতৌ" ইত্যুক্তম্। তত্র ন কেবলম্ আপ এব তাদৃশেন ক্রমেণ গর্ভরূপা জায়ন্তে, অপি তু সম্মিলিতানি সর্ব্বাণ্যেব ভূতানি। অপো বাহুল্যাৎ পুনস্তানি সর্ব্বাণি প্রশ্নে ("আপঃ পুরুষবচসো ভবন্তি" ইত্যত্র, ৩১ শে) আপ ইত্যুচ্যন্তে, দৃশ্যতে হি সোমবৃষ্ট্যন্নরেতোদেহেষু দ্রববাহুল্যম্। শ্রদ্ধাহেতুত্বাচ্চ তা এব শ্রদ্ধাপি।

হে গৌতম, স্ত্রীই অগ্নি, এবং তাহার অঙ্ক সমিৎ, এবং সে যে (পুরুষকে) প্রলোভিত করে, তাহা ধূম, যোনি তাহার শিখা, সে যে সঙ্গম করে তাহা তাহার অঙ্গার-সমূহ, এবং সুখকণিকাসমূহ তাহার বিস্ফুলিঙ্গ ॥

সেই অগ্নিতে দেবগণ রেতকে হোম করেন, এবং সেই আহুতি হইতে গর্ভ হয় ॥ ৩৩ ॥

৩৪

ইতি তু পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি। স উল্বাবৃতো গর্ভো দশ বা নব বা মাসানন্তঃ শয়িত্বা যাবদ্বাথ জায়তে ॥

স জাতো যাবদায়ুষং জীবতি, তং প্রেতং দিষ্টমিতোঽগ্নয় এব হরন্তি, যত এবেতো যতঃ সম্ভূতো ভবতি ॥ ৫-৯-১—২ ॥

'ইতি তু' এবং তু পঞ্চম্যাম্ আহুতৌ আপঃ পুরুষবচসো ভবন্তীতি ব্যাখ্যাত একঃ প্রশ্নঃ। উক্তং কিল প্রথমে প্রশ্নে (৩১শে) "বেত্থ যদিতোঽধি

প্রজাঃ প্রয়ন্তীতি", তদেবেদানীম্ উত্তরত্র নিরূপয়িষ্যতে, ইহ তু তস্যৈবোপক্রমঃ। 'সঃ' আহুতিকর্ম্মসমবায়িনীনাং শ্রদ্ধাশব্দবাচ্যানাম্ অপাং পরিণামবিশেষো গর্ভঃ, 'উল্বেন' জরায়ুণা 'আবৃতঃ' বেষ্টিতঃ নব বা দশ বা মাসান্ ব্যাপ্য 'যাবদ্ বা' উক্তান্ ন্যূনমতিরিক্তং বা কালং ব্যাপ্যেত্যর্থঃ অন্তঃ অভ্যন্তরে মাতুঃ কুক্ষৌ শয়িত্বা 'অথ' অনন্তরং জায়তে॥

এবং জাতঃ স 'যাবদায়ুষং' যাবৎ কর্ম্মোপাত্তম্ আয়ুর্ব্বর্ত্ততে তাবদ্ ইত্যর্থঃ জীবতি। ততশ্চ ক্ষীণায়ুষং 'প্রেতং' মৃতং 'দিষ্টং' নির্দ্দিষ্টং পরলোকং প্রতি, কর্ম্মণা নির্দ্দিষ্টং পরলোকমিত্যর্থঃ, তং বান্ধবা ঋত্বিজো বা 'ইতঃ' অস্মাৎ গ্রামপ্রভৃতিতঃ 'অগ্নয়ে' অগ্ন্যর্থং 'হরন্তি' নয়ন্তি,—'যতঃ' যস্মাদ্ অগ্নেঃ সকাশাদ্ এব স 'এতঃ' আগতঃ শ্রদ্ধাদ্যাহুতিক্রমেণ, অথবা 'ইতঃ' অস্মিন্ লোকে আগত ইতি; 'যতঃ' যস্মাৎ চ অগ্নেঃ স সম্ভূতঃ জাতঃ। অথবা 'যতঃ' যস্মিন্ লোকে স সম্ভূতঃ 'ইতঃ' অস্মিন্ লোকে স 'যতঃ' যস্মাদ্ অগ্নেঃ, সকাশাদ্ 'এতঃ' আগতঃ, তস্মৈ অগ্নয়ে হরন্তীতি দ্রষ্টব্যম্॥৩৪॥

এইরূপে পঞ্চম আহুতি (হোম করা) হইলে জল পুরুষ বলিয়া উক্ত হয়। সেই

(উৎপন্ন) গর্ভ দশ বা নয় মাস, অথবা যে পরিমাণ (কাল হউক), মাতার (কুক্ষির) মধ্যে শয়ন করিয়া জাত (ভূমিষ্ঠ) হয়।

সে জাত হইয়া যে পরিমাণ আয়ু থাকে বাঁচিয়া থাকে, (তদনন্তর) মৃত হয়, এবং কর্ম্মের দ্বারা (তাহার পরলোক) নির্দ্দিষ্ট হইয়া যায়। (তখন তদুদ্দেশে) বান্ধব বা ঋত্বিগ্‌গণ তাঁহাকে এই (গ্রামাদি) স্থান হইতে অগ্নির জন্য লইয়া যান—যাহার (যে অগ্নির) নিকট হইতে (শ্রদ্ধাদি-আহুতিক্রমে) সে আসিয়াছে; (অথবা—যাহার নিকট হইতে সে, এই যে স্থানে সম্ভূত হইয়াছে, সেই স্থানে আগত হইয়াছে) ॥ ৩৪ ॥

৩৫

তদ্ য ইত্থং বিদুঃ, যে চারণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে, তেঽর্চ্চিষমভিসম্ভবন্তি, অর্চ্চিষো-ঽহঃ, অহ্ন আপূর্য্যমাণপক্ষম্, আপূর্য্যমাণ-পক্ষাদ্ যান্ ষড়্ উদঙ্ঙেতি মাসাংস্তান্,

মাসেভ্যঃ সংবৎসরং, সংবৎসরাদাদিত্যম্, আদিত্যাচ্চন্দ্রমসং, চন্দ্রমসো বিদ্যুতং, তৎ পুরুষোঽমানবঃ, স এনান্ ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি ॥ ৫-১০-১—২ ॥

"বেথ যদিতোঽধি প্রজাঃ প্রয়ন্তীতি" প্রথমস্য প্রশ্নস্যেদানীম্ প্রতিবচনং প্রদীয়তে, ভাগতশ্চ তৃতীয়স্যাপি। 'তৎ' তত্র লোকং প্রত্যুত্থিতানাং অধিকৃতানাং গৃহস্থানাং মধ্য ইতি ভাবঃ, যে জনাঃ 'ইত্থং' এবং যথোক্তং পঞ্চাগ্নিদর্শনং 'বিদুঃ' জানন্তি,—এবং বয়ং দ্যুলোকাদ্যগ্নিভ্যঃ ক্রমেণ জাতা ইতি বিজানন্তি, যে চ 'ইমে' অরণ্যে বানপ্রস্থাঃ পরিব্রাজকাঃ নৈষ্ঠিক-ব্রহ্মচারিণশ্চ 'শ্রদ্ধা তপ ইতি' স্বয়ং শ্রদ্ধাঞ্চ তপশ্চেতি ভাবঃ, 'উপাসতে' সেবন্তে ভজন্তে, শ্রদ্দধানাস্তপস্বিনো ভবন্তীতি স্পষ্টার্থঃ, তে মরণোত্তরং 'অর্চ্চিষম্' অভি-সম্ভবন্তীতি সর্ব্বং ব্যাখ্যাতপূর্ব্বম্ ॥ ৩৫ ॥

সেখানে যাঁহারা (পূর্ব্বোক্ত পঞ্চাগ্নি বিদ্যাকে) এইরূপে জানেন, এবং এই যাঁহারা অরণ্যে শ্রদ্ধা ও তপস্যা উপাসনা করেন, তাঁহারা (মরণের পর) অর্চ্চিঃ প্রাপ্ত হন, অর্চ্চিঃ হইতে দিবা, দিবা হইতে আপূর্য্যমাণ

(অর্থাৎ শুক্ল) পক্ষ, আপূর্য্যমাণ পক্ষ হইতে সেই ছয় মাসকে—যে (ছয় মাস সূর্য্য) উত্তর দিকে গমন করেন, (সেই) মাসসমূহ হইতে সংবৎসর, সংবৎসর হইতে আদিত্য, আদিত্য হইতে চন্দ্রমাঃ, এবং চন্দ্রমাঃ হইতে বিদ্যুৎকে প্রাপ্ত হন। সেখানে এক অমানব পুরুষ (আছেন), তিনি ইঁহাদিগকে ব্রহ্মের নিকট গমন করান। ইহা দেবযান পথ ॥ ৩৫ ॥

৩৬

অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যু-পাসতে, তে ধূমমভিসম্ভবন্তি, ধূমাদ্ রাত্রিং, রাত্রেরপরপক্ষম্, অপরপক্ষাদ্ যান্ ষড় দক্ষিণৈতি মাসাংস্তান্, নৈতে সংবৎসরমভি-প্রাপ্নুবন্তি ॥

মাসেভ্যঃ পিতৃলোকং, পিতৃলোকাদাকাশম্, আকাশাচ্চন্দ্রমসম্, এষ সোমো রাজা তদ্ দেবানামন্নং, তং দেবা ভক্ষয়ন্তি ॥ ৫-১০-৩—৪॥

'অথ' অর্থান্তরপ্রস্তাবনার্থো নিপাতঃ, যে ইমে গ্রামে বর্ত্তমানাঃ গৃহস্থা ইতি ভাবঃ 'ইষ্টাপূর্ত্তে' ইষ্টং চ পূর্ত্তং চ, ইষ্টম্ অগ্নিহোত্রাদি বৈদিকং কর্ম্ম, পূর্ত্তং বাপীকূপতড়াগারামাদিকরণং, 'দত্তং' দানং যোগ্যেভ্যঃ পাত্রেভ্যঃ দ্রব্যবিতরণং, 'ইতি' এতৎ ত্রয়ম্, অথবা 'ইতি' এবংবিধম্ অন্যৎ পরিচরণপরিত্রাণাদিকঞ্চ 'উপাসতে' সেবন্তে, তে মরণোত্তরং ধূমম্ অভিসম্ভবন্তি প্রাপ্নুবন্তি, ধূমাদ্ রাত্রিম্ অভিসম্ভবন্তীতি সর্ব্বত্রান্বয়ঃ, 'অপরপক্ষং' কৃষ্ণপক্ষং, যান্ ষট্ মাসান্ আদিত্যঃ 'দক্ষিণৈ' দক্ষিণাং দিশং 'এতি' গচ্ছতি, আদিত্যো দক্ষিণায়নগতো ভবতীত্যর্থঃ, তান্ ষট্ মাসান্ অভি-সম্ভবন্তি। পূর্ব্বোক্তা আরণ্যা ইব 'এতে' প্রকৃতাঃ গ্রাম্যাঃ কর্ম্মিণঃ সংবৎসরং ন অভিপ্রাপ্নুবন্তি।

অতস্তে পূর্ব্বোক্তেভ্যঃ ষড়্ভ্যো মাসেভ্যঃ পিতৃলোকং, পিতৃলোকাদ্ আকাশং, আকাশাচ্চ চন্দ্রমসম্ অভি-সম্ভবন্তি। কোঽসৌ চন্দ্রমাঃ যমেতে অভিসম্ভবন্তীত্যাহ 'এষ' ইতি। এষ 'রাজা' রাজমানো দীপ্যমানঃ সোমঃ। তং খলু দেবতানাম্ অমৃতম্ অন্নরূপং চন্দ্রমসং দেবা ভক্ষয়ন্তি। তে হি কর্ম্মিণো ধূমাদিমার্গেণ গত্বা চন্দ্র-ভূতাঃ সন্তো দেবৈর্ভক্ষ্যন্তে ইতি ভাবঃ। অত্র অন্ন-শব্দ উপকরণবাচী, ন খলু বস্তুত এব দেবাস্তান্

কবলোৎক্ষেপেণ ভক্ষয়ন্তি, অপিতু যথা দেবানাং সুখসাধনমন্যৎ নন্দনবনাদিকম্ উপকরণমস্তি তেঽপি তেষাং তথৈব ভবন্তি। দৃষ্টশ্চান্নশব্দ উপকরণেষু, যথা স্ত্রিয়োঽন্নং, পশবোঽন্নং, বিশোঽন্নং রাজ্ঞাম্ ইত্যাদি। স্ত্র্যাদয়শ্চ পুরুষাদীনাম্ উপকরণভূতা উপভোগ্যা। অপি যথা স্বয়মপি উপভোগং লভন্ত এব, তেঽপি কর্ম্মিণস্তথৈব দেবানাম্ উপকরণভূতাঃ সন্তঃ সুখিনস্তৈঃ ক্রীড়ন্তীতি ভাবার্থঃ ॥ ৩৬ ॥

আর এই যাঁহারা গ্রামে ইষ্ট (অগ্নিহোত্রাদি বৈদিক কর্ম্ম), পূর্ত্ত (বাপী-কূপ-আরামাদির নির্ম্মাণ), ও দান, এবং এতাদৃশ (অপর কর্ম্ম) অনুষ্ঠান করেন, তাঁহারা (মরণের পর) ধূম প্রাপ্ত হন, ধুম হইতে রাত্রি, রাত্রি হইতে অপর (অর্থাৎ কৃষ্ণ) পক্ষ, এবং অপর পক্ষ হইতে, যে ছয় মাস (আদিত্য) দক্ষিণ দিকে গমন করেন, সেই (ছয়) মাসকে প্রাপ্ত হন। ইহারা (ইহার পর পূর্ব্ববর্ণিত ব্যক্তিগণের ন্যায়) সংবৎসর প্রাপ্ত হন না।

(অনন্তর সেই ছয়) মাস হইতে পিতৃলোক,

পিতৃলোক হইতে আকাশ, এবং আকাশ হইতে চন্দ্রমাকে; ইনি রাজা সোম, ইনি দেবগণের অন্ন, এবং দেবগণ ইঁহাকে ভক্ষণ করেন ॥ ৩৬ ॥

৩৭

তস্মিন্ যাবৎসম্পাতমুষিত্বা অথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেতম্ আকাশাদ্ বায়ুং, বায়ুর্ভূত্বা ধূমো ভবতি, ধূমো ভূত্বাভ্রং ভবতি।

অভ্রং ভূত্বা মেঘো ভবতি, মেঘো ভূত্বা প্রবর্ষতি, ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাসা ইতি জায়ন্তে, অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরং, যো যো হ্যন্নমত্তি, যো রেতঃ সিঞ্চতি তদ্ভূয় এব ভবতি ॥ ৫-১০-৫—৬ ॥

'তস্মিন্' চন্দ্রমণ্ডলে 'যাবৎ সম্পাতম্' সংপতন্তি তস্মাৎ স্থানাৎ চ্যবন্তে যেন স সম্পাতঃ কর্ম্মণঃ ক্ষয় ইতি ভাবঃ, তং যাবৎ, যাবতা কালেন কর্ম্মক্ষয়ো ভবতি তাবন্তং কালম্, 'উষিত্বা' বাসং কৃত্বা 'অথ' অনন্তরম্ 'এতম্' বক্ষ্যমাণম্ 'অধ্বানং' মার্গং প্রতি পুনঃ নিবর্ত্তন্তে' 'যথেতং' যথাগতং

যেন ক্রমেণ গতং তদ্বিপরীতেন ক্রমেণৈতীতি ভাবার্থঃ। বস্তুতস্তু অত্র তাদৃশে ক্রমে ন নিয়মঃ, অপিতু পুনর্নিবৃত্তি-মাত্রে। পুনঃশব্দপ্রয়োগাৎ পূর্ব্বমপ্যসকৃৎ চন্দ্র-মণ্ডলং গত্বা নিবৃত্তাশ্চেতি গম্যতে। তমেব অধ্বানমাহ আকাশাদ্ ইতি। আকাশাদ্ বায়ুং প্রতি নিবর্ত্তন্তে, আকাশাৎ খলু তেষাং পরিণামো বায়ুরূপো ভবতি, ততশ্চ বায়ুর্ভূত্বা ধূমো ভবতি, ধূমো ভূত্বা অভ্রং ভবতি, অভ্রং ভূত্বা মেঘো ভবতি, মেঘশ্চ ভূত্বা প্রবর্ষতি বর্ষধারারূপেণ পততীতি ভাব। অয়মত্র ভাবঃ—ক্ষীণকর্ম্মাণো জীবাস্তাবৎ চন্দ্রমণ্ডলাৎ পরিভ্রশ্য ভৌতিকমাকাশং প্রতিপদ্যন্তে। যা পুনস্তেষাং তত্র শরীরারম্ভিকা ভূতান্তরসংসৃষ্টা আপ আসন্, তাস্তত্র আকাশে অগ্নিসংযোগাদ্ ঘৃতমিব বিলীয়ন্তে। বিলীনাশ্চ তা অন্তরিক্ষস্থা আকাশভূতা ইব সূক্ষ্মা ভবন্তি, অন্তরিক্ষাদ্ বায়ু র্ভবন্তি—বায়ুপ্রতিষ্ঠা বায়ুভূতা শ্চেতশ্চ ততশ্চ বিচরন্তি। তাভিঃ সহ ক্ষীণকর্ম্মা পুরুষো বায়ুভূতো ভবতীতি ভাবঃ, বায়ুর্ভূত্বা তাভিঃ সহৈব ধূমো ভবতীত্যাদি স্পষ্টম্। ততশ্চ 'তে' ক্ষীণকর্ম্মাণঃ জীবা ইহ লোকে ব্রীহিযবা ওষধি-বনস্পতয়ঃ তিলমাসাঃ 'ইতি' এবম্ এবম্প্রকারা জায়ন্তে। ক্ষীণকর্ম্মণাং পুরুষাণাম্ অনেকত্বাৎ 'ত ইহ'

ইত্যত্র বহুবচননির্দ্দেশঃ' মেঘাদিষু পুনঃ পূর্ব্বেষু তেষামেকরূপত্বাদ্ একবচননির্দ্দেশঃ। 'অতঃ' অস্মাৎ পরং ব্রীহিযবাদিভাবপ্রাপ্ত্যন্তরং, 'বৈ খলু' নিশ্চযে, 'দুর্নিষ্প্রপতরং' দুনিষ্প্রপততরং দুর্নির্গমতরং দুনিঃ-সরণতরম্; ব্রীহিযবাদিভাবাদেব দুঃখেন নির্গন্তুং শক্যতে, ততঃ পরং রেতঃসেক্তৃদেহসম্বন্ধাৎ তু অতিতরাং দুঃখেনেতি ভাবঃ। কথং তদিত্যাহ 'যো য' ইতি। যো যো হি জনঃ পূর্ব্বোক্তং 'অন্নম্' ব্রীহিযবাদিরূপম্ 'অত্তি' ভুঙ্‌ক্তে, ভুক্তান্নাশ্চ 'যো' রেতঃসেক্তা ঋতুকালে যোষিতি রেতঃ সিঞ্চতি, 'তদ্‌ভূয় এব' ভূয়সা তস্য রেতঃসেক্তুঃ অবয়বাকৃতিবিশিষ্ট এবেতি ভাবঃ, তাদৃশো ভবতি রেতোরূপেণ যোষিতো গর্ভাশয়ে প্রবিষ্টঃ প্রাগুক্তো জীবঃ॥ ৩৭॥

তাঁহারা সম্পাত (কর্ম্মক্ষয়) পর্য্যন্ত সেই স্থানে বাস করিয়া, তাহার পর যেরূপে গিয়াছিলেন সেইরূপে পুনর্ব্বার এই পথেরই দিকে ফিরিয়া আসেন; (যথা, সেখান হইতে) আকাশ, ও আকাশ হইতে বায়ুর দিকে (নিবৃত্ত হন, এবং সেখানে) বায়ু হইয়া ধূম হন, এবং ধূম হইয়া

ভ্র হন, অভ্র হইয়া মেঘ হন, ও মেঘ হইয়া
ষ্টিরূপে পরিণত হন; (তখন) তাঁহারা
থানে ব্রীহি-যব, ওষধি-বনস্পতি ও তিল-
ষ ইত্যাদি প্রকারে জাত হন। ইহার পর
তাঁহারা) বড় দুঃখে নির্গত হইতে পারেন।
নি যিনি (সেই ব্রীহিপ্রভৃতিরূপ) অন্ন
ভাজন করেন এবং যিনি (সেই ভুক্ত অন্ন
ইতে উৎপন্ন) রেতকে (স্ত্রীর গর্ভাশয়ে)
াচন করেন, তিনি (রেতরূপে গর্ভাশয়ে
বিষ্ট জীব) অধিকাংশভাবে তাঁহারই
আকৃতিবিশিষ্ট) হইয়া থাকেন ॥ ৩৭ ॥

৩৮

তদ্ য ইহ রমণীয়চরণা অভ্যাশো হ যৎ তে
ণীয়াং যোনিমাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা
ত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বা। অথ য ইহ
পূয়চরণা অভ্যাশো হ যৎ তে কপূয়াং যোনি-
পদ্যেরন্ শ্বযোনিং বা সূকরযোনিং বা
ণ্ডালযোনিং বা ॥ ৫-১০-৭ ॥

'তৎ' তত্র তেষু পূর্ব্বোক্তেষু জীবেষু মধ্যে 'যে' জীবাঃ 'ইহ' অস্মিন্ লোকে 'রমণীয়চরণাঃ' রমণীয়ং শোভনং চরণং শীলং যেষাং তে তথোক্তা ভবন্তি তে 'অভ্যাশো হ যৎ' ক্ষিপ্রমিতি যৎ, ক্রিয়াবিশেষণমিদং ক্ষিপ্রমেবেতি ভাবঃ, রমণীয়াং যোনিং উৎপত্তিস্থানম্ আপদ্যেরন্ প্রাপ্নুয়ুঃ; কা সা রমণীয়া যোনিরিতি যথাকর্ম্ম নির্দ্দিশতি—'ব্রাহ্মণযোনিম্' ইত্যাদি। 'অথ' পুনঃ যে জীবা ইহ 'কপূয়চরণাঃ' কপূয়ং হীনং নিকৃষ্টং জুগুপ্সিতং চরণং শীলং যেষাং তে। অন্যৎ স্পষ্টম্ ॥৩৮॥

তাঁহাদিগের মধ্যে যাঁহারা এখানে (ইহ লোকে) রমণীয় আচরণ করেন, তাঁহারা শীঘ্রই রমণীয় যোনি প্রাপ্ত হন, যথা, ব্রাহ্মণযোনি বা ক্ষত্রিয়যোনি, বা বৈশ্যযোনি। আর যাহারা নিকৃষ্ট আচরণ করেন, তাঁহারা শীঘ্রই নিকৃষ্ট যোনি প্রাপ্ত হন, যথা, কুক্কুরযোনি, বা শূকরযোনি, বা চণ্ডালযোনি ॥ ৩৮ ॥

৩৯

অথৈতয়োঃ পথোর্ন কতরেণচন তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি

জায়স্ব ম্রিয়স্বেত্যেতৎ তৃতীয়ং স্থানং, তেনাসৌ লোকো ন সম্পূর্য্যতে, তস্মাজ্ জুগুপ্সেত। তদেষ শ্লোকঃ॥ ৫-১০-৮॥

অথ যে জনাঃ 'এতয়োঃ' পূর্ব্বোক্তয়োঃ অর্চ্চিরাদি-ধূমাদি-লক্ষণয়োঃ 'পথোঃ' অধ্বনোঃ 'কতরেণচন' কতরেণাপি একেনাপি ন যন্তি গচ্ছন্তি; যে খলু জনাঃ ন বিদ্যাসেবিনঃ, অতএব চ ন অর্চ্চিরাদিমার্গেণ গচ্ছন্তি; নাপি কর্ম্মসেবিনঃ, অতএব চ ন ধূমাদি-মার্গেণাপি গচ্ছন্তীতি ভাবঃ। কিং তেষামিত্যাহ তানীত্যাদি। 'তানি' বিধেয়প্রাধান্যাৎ ক্লীবলিঙ্গনির্দ্দেশঃ; তে হি জনা ইতি ভাবঃ, 'ইমানি' দৃশ্যমানানি 'অসকৃৎ' পুনঃ পুনঃ 'আবর্ত্তীনি' আবর্ত্তনশীলানি ক্ষুদ্রাণি ভূতানি দংশমশককীটাদিরূপাণি ভবন্তি। তে হি উভয়মার্গ-পরিভ্রষ্টা অসকৃদেবেহ জায়ন্তে চ ম্রিয়ন্তে চেতি ভাবঃ। তেষাং জননমরণপ্রবাহস্যানুকরণম্ উচ্যতে—জায়স্বেতি। 'জায়স্ব' জন্ম গৃহাণ, ম্রিয়স্ব মৃত্যুং গচ্ছেতি। জনন-মরণাভ্যামেব তৈঃ কালো নীয়ত ইতি ভাবঃ। সংসারিণাম্ ক্ষুদ্রজন্তুরূপজন্মগ্রহণলক্ষণং এতৎ তৃতীয়ং স্থানং পূর্ব্বোক্তৌ দ্বৌ পন্থানাবপেক্ষ্য। যস্মাৎ ধূমাদিমার্গগামি-নোঽপি পুনরাগচ্ছন্তি, যস্মাচ্চ জ্ঞানকর্ম্মানধিকৃতানাং গমনমেব ন ভবতি, 'তস্মাৎ' হেতোঃ 'অসৌ' দ্যৌঃ

লোকঃ ন 'পূর্য্যতে' পূর্ণো ভবতীতি প্রত্যুক্তশ্চতুর্থঃ প্রশ্নঃ। পঞ্চমঃ প্রশ্নঃ পঞ্চাগ্নিবিদ্যয়া ব্যাখ্যাতঃ। প্রথমোঽপি দক্ষিণোত্তরমার্গকথনেনৈব প্রত্যুত্তরিতঃ। মৃতানাম্ অগ্নৌ প্রক্ষেপানন্তরম্ একে ধূমাদিনা, অন্যেতু অর্চ্চিরাদিনা মার্গেণ গচ্ছন্তীত্যাদিরূপেণ তৃতীয়োঽপি প্রশ্নো ব্যাখ্যাতো দ্রষ্টব্যঃ। উক্তসম্বন্ধমেবাহ "তস্মাদিতি"। যস্মাৎ সংসারগতিরেবং কষ্টা, তস্মাৎ' হেতোঃ 'জুগুপ্সেত' জুগুপ্সাং ঘৃণাং কুর্য্যাৎ। 'তৎ' তস্মিন্ এতস্মিন্ অর্থে 'এষঃ' বক্ষ্যমাণঃ শ্লোক উচ্যতে ॥৩৯॥

আর যাঁহারা এই দুই পথের কোনটির দ্বারাও (গমন করেন) না, তাঁহারা "জন্ম গ্রহণ কর ও মৃত হও" এই ভাবে পুনঃ পুনঃ আবর্ত্তনশীল এই সমস্ত (দংশমশকাদি-রূপ) ক্ষুদ্র জীব হইয়া থাকেন। ইহাই (সংসারিগণের) তৃতীয় স্থান। সেইজন্য ঐ (দ্যু-) লোক সম্পূর্ণ হয় না। অতএব (এই সংসারগতিতে) জুগুপ্সা করিবে। এবং তদ্বিষয়েই এই (বক্ষ্যমাণ) শ্লোকটি (উক্ত) হয় ॥ ৩৯ ॥

৪০

স্তেনো হিরণ্যস্য সুরাং পিবংশ্চ
গুরোস্তল্পমাবসন্ ব্রহ্মহা চ।
এতে পতন্তি চত্বারঃ
পঞ্চমশ্চাচরংস্তৈরিতি ॥৫-১০-৯॥

'হিরণ্যস্য' স্বর্ণস্য 'স্তেনঃ' চৌরঃ, 'সুরাং' মদ্যং পিবন্ চ, গুরোঃ 'তল্পং' দারানিতি ভাবঃ 'আবসন্' অধিতিষ্ঠন্ সেবমানঃ, 'ব্রহ্মহা' ব্রাহ্মণস্য হন্তা, এতে চত্বারঃ পতন্তি, 'তৈঃ পূর্ব্বোক্তৈঃ হিরণ্যস্তেনাদিভিঃ সহ 'আচরন্' ব্যবহরন্ চ তেষাং পঞ্চমঃ পততীতি ॥৪০॥

স্বর্ণাপহারী, সুরাপায়ী, গুরুদারসেবী ও ব্রহ্মঘাতী এই চারিজন পতিত হয়; এবং তাহাদের সহিত যে আচরণ করে, সেই পঞ্চম ব্যক্তিও পতিত হইয়া থাকে ॥৪০॥

৪১

অথ হ য এতানেবং পঞ্চাগ্নীন্ বেদ, ন সহ তৈরপ্যাচরন্ পাপ্মনা লিপ্যতে; শুদ্ধঃ পূতঃ পুণ্যলোকো ভবতি, য এবং বেদ, য এবং বেদ ॥ ৫-১০ ১০ ॥

'অথ' পুনঃ 'হ' খলু যো জন এতান্ পূর্ব্বোক্তান্ পঞ্চ অগ্নীন্ 'এবম্' ইত্থং 'বেদ' জানাতি তৈঃ হিরণ্য-স্তেনাদিভিঃ মহাপাতকিভিঃ সহ 'আচরন্' ব্যবহরন্ অপি 'পাপ্মনা' পাপেন ন 'লিপ্যতে' সংসৃজ্যতে ; অপিতু স শুদ্ধঃ পূতঃ 'পুণ্যলোকঃ' পুণ্যঃ লোকো যস্য সঃ ভবতি—যঃ খলু এবং পঞ্চাগ্নীন্ বেদ। দ্বিরুক্তিঃ প্রতিপাদিতার্থদৃঢ়ত্বসূচনার্থা নিখিলপ্রশ্ননির্ণয়-প্রদর্শনার্থা বা ॥৪১॥

আর যিনি এই (পূর্ব্বোক্ত) পঞ্চ অগ্নিকে (যথোক্ত) রূপে জানেন, তিনি তাহাদিগের সহিত আচরণ করিয়াও পাপ দ্বারা লিপ্ত হন না ; যিনি এইরূপ জানেন, যিনি এইরূপ জানেন, তিনি শুদ্ধ, পূত ও পুণ্যলোক হইয়া থাকেন ॥ ৪১ ॥

৪২

শ্বেতকেতুর্হারুণেয় আস। তং হ পিতোবাচ—শ্বেতকেতো বস ব্রহ্মচর্য্যং, ন বৈ সোম্যাস্মৎকুলীনোঽননূচ্য ব্রহ্মবন্ধুরিব ভবতীতি।

স হ দ্বাদশবর্ষ উপেত্য চতুর্বিংশতিবর্ষঃ সর্ব্বান্ বেদানধীত্য মহামনা অনূচানমানী স্তব্ধ এয়ায়। তং হ পিতোবাচ—শ্বেতকেতো যন্নু সোম্যেদং মহামনা অনূচানমানী স্তব্ধোহসি, উত তমাদেশমপ্রাক্ষ্যঃ—যেনাশ্রুতং শ্রুতং ভবতি, অমতং মতম্, অবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি। কথং নু ভগবঃ স আদেশো ভবতীতি ॥ ৬-১-১—৩ ॥

শ্বেতকেতুর্নাম 'হ' কিল 'আরুণেয়ঃ' অরুণস্য পৌত্র 'আস' বভূব। তং হ পুত্রং পিতা আরুণিঃ উবাচ—হে শ্বেতকেতো, ব্রহ্মচর্য্যং গৃহীত্বা গুরুকুলে বস; হে সোম্য 'অস্মৎকুলীনঃ' অস্মাকং কুলে উৎপন্নঃ কশ্চিদপি 'অননূচ্য' অনধীত্য বেদান্ 'ব্রহ্মবন্ধুরিব' যো ব্রাহ্মণান্ বন্ধূন্ ব্যপদিশতি নতু স্বয়ং ব্রাহ্মণবৃত্তঃ স ব্রহ্মবন্ধুঃ, স ইব ন 'বৈ' খলু ভবতীতি। স হ দ্বাদশবর্ষঃ শ্বেতকেতুঃ 'উপেত্য' আচার্য্যমুপগম্য যাবৎ চতুর্বিংশতিবর্ষো বভূব তাবৎ সর্ব্বান্ বেদান্ অধীত্য 'মহামনাঃ' মহদ্ গম্ভীরং মনো যস্য সঃ, 'অনূচানমানী' অনূচানং সরহস্যবেদবিদং আত্মানং মন্যতে ইত্যেবংশীলঃ,'স্তব্ধঃ' অপ্রণতস্বভাবঃ উদ্ধত ইবেতি ভাবঃ,

'এয়ায়' আজগাম গৃহম্। তং হ পিতোবাচেত্যাদি স্পষ্টং পূর্ব্ববচ্চ। 'উত' অপি তম্ 'আদেশং' আদিশ্যতে ইতি আদেশং উপদেশগম্যং ব্রহ্মেত্যর্থঃ 'অপ্রাক্ষ্যঃ' পৃষ্টবান্ কিম্ আচার্য্যম্? যেন আদেশেন অশ্রুতং শ্রুতং ভবতি 'অমতং' অতর্কিতং 'মতং' তর্কিতং ভবতি, 'অবিজ্ঞাতং' অনিশ্চিতং 'বিজ্ঞাতং' নিশ্চিতং ভবতি। 'ভগবঃ' ভগবন্ ॥৪২॥

শ্বেতকেতু নামে আরুণির এক পুত্র ছিলেন। পিতা তাঁহাকে বলিয়াছিলেন শ্বেতকেতু, ব্রহ্মচর্য্য (অবলম্বন করিয়া গুরু-গৃহে) বাস কর; হে সোম্য, আমাদের বংশে উৎপন্ন কোনো ব্যক্তি সাঙ্গবেদ অধ্যয়ন না করিয়া ব্রহ্মবন্ধুর ন্যায় (নিকৃষ্ট ব্রাহ্মণের ন্যায়) থাকে না। তিনি দ্বাদশ বৎসরের সময় (আচার্য্যের) নিকট গমন করিয়া চতুর্বিংশ বৎসরের সময় সমস্ত বেদ অধ্যয়ন করেন, এবং অতিগম্ভীরচিত্ত, সাঙ্গবেদজ্ঞাভিমানী ও অনম্রস্বভাব হইয়া (গৃহে) আগমন করেন। পিতা তাঁহাকে বলিলেন—শ্বেতকেতু,

সৌম্য, তুমি যে (এইরূপ) অতিগম্ভীর-চিত্ত, সাঙ্গবেদজ্ঞাভিমানী ও অনম্রস্বভাব হইয়া রহিয়াছ! তুমি কি সেই আদেশকে (অর্থাৎ উপদেশগম্য ব্রহ্মকে) আচার্য্যের নিকট জিজ্ঞাসা করিয়াছিলে—যাহা দ্বারা অশ্রুত শ্রুত হয়, অতর্কিত তর্কিত হয়, এবং অবিজ্ঞাত বিজ্ঞাত হয়? (শ্বেতকেতু বলিলেন) —ভগবন্ সেউপদেশ কিরূপ? ॥ ৪২ ॥

৪৩

যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্, বাচারম্ভণং বিকারো নামধেয়ং, মৃত্তিকেত্যেব সত্যম্; যথা সোম্যৈকেন লোহমণিনা সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং স্যাদ্, বাচারম্ভণং বিকারো নামধেয়ং, লোহমিত্যেব সত্যম্; যথা সোম্যৈকেন নখনিকৃন্তনেন সর্ব্বং কার্ষ্ণায়সং বিজ্ঞাতং স্যাদ্, বাচারম্ভণং বিকারো নামধেয়ং, কার্ষ্ণায়সমিত্যেব সত্যম্; এবং সোম্য স আদেশো ভবতীতি ॥ ৬-১-৪-৬॥

হে সোম্য, যথা একেন কুম্ভাদিকারণভূতেন মৃৎপিণ্ডেন সর্ব্বং 'মৃন্ময়ং' মৃদ্বিকারজাতং কুম্ভাদিকং বিজ্ঞাতং ভবতি; 'বিকারো 'বাচারম্ভণং' বাগালম্বনং নামধেয়ম্, বিকারো নাম ন কিমপি বস্তু বিদ্যতে, অপিতু বাচঃ বাক্যস্য আলম্বনং আশ্রয়ভূতং নামধেয়ং নামৈব কেবলং, পরমার্থতঃ মৃত্তিকা ইত্যেব সত্যম্, যো হ্যয়ং ঘটাদিরূপো মৃত্তিকায়া বিকারো দৃশ্যতে বা কথ্যতে বা, নায়ং বস্তুতঃ মৃত্তিকাতো ভিন্নঃ; অয়ং ঘটাদিরূপো বিকারঃ অস্মাকং বাক্যস্য আলম্বনভূতং নামধেয়মেব; মৃত্তিকা ইত্যেব হি তত্র সত্যম্, বিকারস্তু ন সত্যঃ, মৃত্তিকামেব হি বয়ং ঘটাদিরূপেণ নামধেয়েন ব্যবহরামঃ। অন্যত্রাপ্যেবম্। 'লোহমণিনা' উৎকৃষ্টসুবর্ণপিণ্ডেন 'লোহময়ং' সুবর্ণবিকারজাতং কটকমুকুট.কয়ুরাদি, 'নখনিকৃন্তনেন' নখচ্ছেদনাস্ত্রেণ তদুপাদানভূতেন কৃষ্ণায়সপিণ্ডেনেতি ভাবঃ, 'কার্ষ্ণায়সং' 'কৃষ্ণায়সবিকারজাতং'। অন্যৎ সমানম্। হে সোম্য, স আদেশঃ 'এবং' ঈদৃশো ভবতীতি ॥৪৩॥

হে সোম্য, যেমন এক মৃৎপিণ্ডের দ্বারা সমস্ত মৃদ্বিকার (ঘটকুম্ভপ্রভৃতি) বিজ্ঞাত হয়, (কেননা), বিকার বাক্যের আলম্বনভূত নামমাত্র, (তাহা কিছু পৃথক্ পদার্থ নহে,

সেখানে পরমার্থত) 'মৃত্তিকা' এই মাত্র সত্য; হে সোম্য, যেমন এক লোহমণি (অর্থাৎ উৎকৃষ্ট সুবর্ণ পিণ্ডের) দ্বারা সমস্ত লৌহমণি (তদ্বিকার কটক-মুকুটাদি) বিজ্ঞাত হয়, (কেননা), বিকার বাক্যের আলম্বনভূত নামমাত্র, (তাহা কিছু পৃথক্ পদার্থ নহে, সেখানে পরমার্থত) 'লোহ' (সুবর্ণ) এই মাত্র সত্য; হে সোম্য, যেমন এক (কৃষ্ণায়সনির্ম্মিত) নখনিকৃন্তনের (নরুণের) দ্বারা সমস্ত কৃষ্ণায়সবিকার (লৌহনির্ম্মিত বস্তু খড়্গাদি) বিজ্ঞাত হয়, (কেননা), বিকার বাক্যের আলম্বনভূত নামমাত্র, (তাহা কিছু পৃথক্ পদার্থ নহে, সেখানে পরমার্থত) 'কৃষ্ণায়স' এই মাত্র সত্য; হে সোম্য, সেই আদেশ এই প্রকারই হইয়া থাকে ॥ ৪৩ ॥

৪৪

ন বৈ নূনং ভগবন্তস্ত এতদবেদিষুঃ, যদ্ধ্যেতদবেদিষ্যন্ কথং মে নাবক্ষ্যন্নিতি।

ভগবাংস্তেব মে তদ্ ব্রবীত্বিতি। তথা সোম্যেতি হোবাচ ॥৬-১-৭॥

শ্বেতকেতুরুবাচ—নূনং তে 'ভগবন্তঃ পূজাবন্তঃ পূজনীয়া মম গুরবঃ এতৎ ন 'বৈ' এব 'অবেদিষুঃ' বিদিতবন্তঃ, 'যৎ' যদি তে এতৎ 'অবেদিষ্যন্' অজ্ঞাস্যন্ কথং 'মে' মহ্যং ন 'অবক্ষ্যন্' অকথয়িষ্যন্ ইতি। তেনাহং মন্যে তে এতদ্ ন বিদিতবন্তঃ। কিন্তু ইদানীং ভগবান্ ভবান্ এব মে তদ্ 'ব্রবীতু' কথয়তু। পিতা হে সৌম্য, তথা ভবত্বিতি উবাচ হ ॥৪৪॥

(শ্বেতকেতু বলিলেন—আমার) সেই পূজনীয় (গুরুগণ) নিশ্চয়ই ইহা জানিতেন না, যদি তাঁহারা ইহা জানিতেন, তবে কেন আমাকে না বলিতেন। আপনিই কিন্তু আমাকে তাহা বলুন। পিতা বলিলেন —হে সোম্য, তাহাই হউক ॥৪৩॥

৪৫

সদেব সোম্যেদমগ্র আসীদ্ একমেবাদ্বিতীয়ম্। তদ্ধৈক আহুরসদেবেদমগ্র আসীদ্ একমেবাদ্বিতীয়ম্, তস্মাদসতঃ সজ্জায়ত ॥ ৬-২-১॥

হে সৌম্য, ইদং দৃশ্যমানং স্থূলং জগৎ 'অগ্রে' উৎপত্তেঃ প্রাক্ সৎ এব আসীৎ। ইদানীং হি ইদং স্থূলং জগৎ সৎ চ, নামরূপবিশিষ্টং চ; সৃষ্টেঃ পূর্ব্বং তু নৈবম্ আসীৎ, তদানীং নামরূপাভাবাৎ অতিসূক্ষ্মং অস্তীতিবুদ্ধিগ্রাহ্যং সন্মাত্রমেব কিমপি আসীৎ যথা অঙ্কুরাদিকং সর্ব্বং উৎপত্তেঃ প্রাগ্ বীজে। যথা বা পূর্ব্বাহ্নে ঘটাদি সিসৃক্ষুণা কুলালেন প্রসারিতং মৃৎপিণ্ডং দৃষ্ট্বা কশ্চিদ্ গ্রামান্তরং গচ্ছতি, ততশ্চাপরাহ্নে প্রত্যাগত্য তত্রৈব ঘটশরাবাদি বহুভেদভিন্নং কার্য্যম্ উপগত্য কথয়তি যৎ এতদ্ ঘটশারবাদি পূর্ব্বাহ্নে মৃদেব আসীদিতি, ইহাপি তথৈবোচ্যতে সদেবেদমগ্র আসীদিতি। তচ্চ একমেব 'অদ্বিতীয়ং' দ্বিতীয়শূন্যং, যথা ঘটশরাবাদেঃ মৃদ্ব্যতিরেকেণ কুলালাদি নিমিত্ত-কারণং দৃষ্টং, অস্য তু ন তথেতি ভাবঃ। 'তৎ' তত্র বিষয়ে 'হ' কিল 'একে' কেচিৎ 'আহুঃ' কথয়ন্তি যৎ অগ্রে ইদং একমেব অদ্বিতীয়ম্ 'অসৎ' সদভাবঃ এব আসীৎ, তস্মাৎ অসতঃ সর্ব্বাভাবরূপাৎ সৎ 'জায়ত' অজায়ত ইতি ॥৪৫॥

হে সৌম্য, অগ্রে ইহা (এই জগৎ) একই অদ্বিতীয় সৎই ছিল। তদ্বিষয়ে কেহ কেহ বলেন, যে, অগ্রে ইহা একই

অদ্বিতীয় অসৎই ছিল, সেই অসৎ হইতে সৎ জাত গিয়াছে ॥ ৪৫ ॥

৪৬

কুতস্তু খলু সোম্যৈবং স্যাদিতি হোবাচ কথমসতঃ সজ্জায়েতেতি। সৎ ত্বেব সোম্যেদমগ্র আসীদ্ একমেবাদ্বিতীয়ম্ ॥৬-২-২॥

অসতঃ সদ্ অজায়তেতি মতং দূষয়তি। পিতা উবাচ 'হ' কিল—হে সোম্য, 'কুতঃ কস্মাৎ তু খলু প্রমাণাৎ এবং স্যাৎ ইতি, কথং অসতঃ সৎ 'জায়েত' উৎপদ্যেত ইতি। ন কথমপি অসতঃ সৎ জায়ত ইতি ভাবঃ। অন্যৎ স্পষ্টং পূর্ব্ববচ্চ ॥৪৬॥

(পিতা) বলিলেন—হে সোম্য, কি (প্রমাণে) এইরূপ হইতে পারে? কেমন করিয়া অসৎ হইতে সৎ জাত হইবে? কিন্তু হে সোম্য, অগ্রে ইহা একই অদ্বিতীয় সৎই ছিল ॥ ৪৬ ॥

৪৭

তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি, তৎ তেজোঽসৃজত, তৎ তেজ ঐক্ষত বহু স্যাং

প্রজায়েয়েতি, তদপোঽসৃজত, তস্মাদ্ যত্র ক্ব চ শোচতি স্বেদতে বা পুরুষস্তেজস এব তদধ্যাপো জায়ন্তে ॥৬-১-৩॥

তৎ সৎ 'ঐক্ষত' ঈক্ষাং দর্শনং কৃতবৎ আলোচিতবৎ ইত্যর্থঃ। কথমৈক্ষতেত্যাহ—'বহু' প্রভূতং 'স্যাং' ভবেয়ং, 'প্রজায়েয়' প্রকর্ষেণ উৎপদ্যেয় ইতি। এবম্ ঈক্ষিত্বা তৎ সৎ 'তেজঃ' লোকে প্রসিদ্ধং অসৃজত সৃষ্টবৎ। 'তৎ' সৎসৃষ্টং তেজঃ ঐক্ষত, তেজোরূপসংস্থিতং সৎ ঐক্ষতেতি ভাবঃ, বহু স্যাম্ ইত্যাদি পূর্ব্ববৎ, তৎ 'অপঃ' জলং অসৃজৎ। যস্মাৎ তেজসঃ কার্য্যভূতা আপঃ, তস্মাৎ যত্র 'ক্ব' কস্মিন্ চ দেশে কালে বা পুরুষঃ 'শোচতি' সন্তপ্যতে, 'স্বেদতে' প্রস্বিদ্যতে বা 'তত্র' দেশে কালে বা তেজস এব আপঃ অধিজায়ন্তে ॥৪৭॥

তাহা দর্শন (আলোচনা) করিল—আমি বহু হইব, ভালরূপে জাত হইব। (এইরূপ দর্শন করিয়া) তাহা তেজ সৃষ্টি করিল। (আবার) সেই তেজ দর্শন করিল—আমি বহু হইব, ভালরূপে জাত হইব। (এইরূপ দর্শন করিয়া) তাহা জল সৃষ্টি করিল।

সেই জন্যই লোক যখন শোক করে (সন্তপ্ত হয়), বা স্বেদযুক্ত হয়, তখন তেজ হইতেই জল জাত হইয়া থাকে ॥৪৭॥

৪৮

তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম প্রজায়েমহীতি, তা অন্নমসৃজন্ত ; তস্মাদ্ যত্র ক্ব চ বর্ষতি তদেব ভূয়িষ্ঠমন্নং ভবতি, অদ্ভ্য এব তদধ্যন্নাদ্যং জায়তে ॥৬-২-৪॥

'তা আপঃ' ইত্যাদি পূর্ব্ববৎ। তা 'অন্নং' পৃথিবীলক্ষণং, পার্থিবং হি অন্নং ভবতীতি, 'অসৃজন্ত' সৃষ্টবত্যঃ। যস্মাৎ অপ্‌কার্য্যম্ অন্নম্, তস্মাৎ যত্র ক্ব চ দেবো বর্ষতি, 'তৎ' তত্রৈব ভূয়িষ্ঠম্ অন্নং ভবতি, অদ্ভ্য এব হি 'তৎ' তত্র 'অন্নাদ্যং' অন্নং চ তদ্ আদ্যং চ ইতি অন্নাদ্যং ব্রীহিযবাদিকম্ অধিজায়তে ॥৪৮॥

সেই জল দর্শন করিয়াছিল যে, আমি বহু হইব, ভালরূপে জাত হইব। তাহা অন্ন (অর্থাৎ, ক্ষিতিকে) সৃষ্টি করিয়াছিল। সেই জন্যই যে-কোন স্থানে বৃষ্টি হয়,

সেইখানেই প্রভূততম অন্নাদি হইয়া থাকে, কেননা, জল হইতেই অন্নাদি হয় ॥৪৮॥

৪৯

তেষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্তি—আণ্ডজং জীবজম্ উদ্ভিজ্জমিতি ॥২-৩-১॥

'তেষাং' প্রসিদ্ধানাং খলু 'এষাং' দৃশ্যমানানাং পক্ষি-প্রভৃতীনাং 'ভূতানাং' জীবানাং 'ত্রীণি এব' নত্বধিকানি 'বীজানি' কারণানি ভবন্তি। কানি তানীত্যুচ্যতে—'আণ্ডজম্' অণ্ডাৎ জায়ত ইতি অণ্ডজম্ তদেব আণ্ডজম্ পক্ষিসর্পাদি, পক্ষিসর্পাদিভ্যোহি পক্ষিসর্পাদয়ো জায়মানা দৃশ্যন্তে, তেন পক্ষী পক্ষিণাং বীজং, সর্পশ্চ সর্পাণাম্, এবমন্যদপি। তথা 'জীবজম্' জীবাৎ জাতমিতি জরায়ুজম্ পুরুষপশ্বাদি উচ্যতে। এবং উদ্ভিজ্জং লতাগুল্মাদি ॥৪৯॥

সেই এই সমস্ত ভূতের বীজ (কারণ) তিনটি মাত্র, (যথা), অণ্ডজ, জীবজ (জরায়ুজ) ও উদ্ভিজ্জ ॥৪৯॥

৫০

সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে

ব্যাকরবাণীতি, তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং, করবাণীতি। সেয়ং দেবতা ইমাস্তিস্রো দেবতা অনেনৈব জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ ॥৬-৩-২—৩॥

সা ইয়ং তেজসঃ অপাম্ অন্নস্য চ যোনিভূতা সদ্‌রূপা দেবতা 'ঐক্ষত' আলোচিতবতী—'হন্ত' অহো অহম্ 'ইমাঃ' যথোক্তাঃ তেজঃপ্রভৃতীঃ দেবতা অনেন 'জীবেন' প্রাণধারণকারিণা 'আত্মনা' স্বেনৈবেতি ভাবঃ অনুপ্রবিশ্য 'নামরূপে' নামং চ রূপং চ 'ব্যাকরবাণি' বিস্পষ্টম্ আকরবাণি—অসৌ নাম অয়ম্ ইদংরূপ ইতি ব্যাকরবাণি ইতি, তাসাং চ তিসৃণাং দেবতানাং তেজঃপ্রভৃতীনাম একৈকাং একামেকাং ত্রিবৃতং ত্রিরাবৃত্তাং ত্রিগুণাম ইতি ভাবঃ, করবাণি ইতি ঐক্ষতেতি অন্বয়ঃ তেজঃ, আপঃ, অন্নোপলক্ষিতা পৃথিবী চেতি এয়ঃ পদার্থা উদ্দিষ্টাঃ, এষাং ত্রিবৃৎকরণং নাম একৈকং পদার্থং প্রথমং দ্বিধা বিভজ্য পুন রেকৈকমর্দ্ধং দ্বিধা বিভাজ্যম্, ততশ্চৈকৈকেনে অর্দ্ধেন বিজাতীয়াভ্যাম্ অর্দ্ধার্দ্ধাভ্যাং সংমিশ্রণম্; যথা তেজঃপ্রভৃতীনাং প্রথমং দ্বিধাকৃতানাং ষট্ অর্দ্ধানি জাতানি, এষাং ত্রীণি অর্দ্ধানি একতঃ স্থাপয়িত্বা অন্যানি ত্রীণি প্রত্যেকং পুনর্দ্বিধা ক্রিয়ন্তাম্,

তেন ষট্ অর্দ্ধার্দ্ধানি ভবিষ্যন্তি। ততঃ তেজসঃ প্রাক্ পৃথক্স্থাপিতেন একেনার্দ্ধেন অপাং পৃথিব্যাশ্চ প্রত্যেকং একৈকস্য অর্দ্ধার্দ্ধস্য সম্মিশ্রণং কর্ত্তব্যম্, এবমন্যয়োরপীতি বোদ্ধব্যম্। সেয়ং দেবতা ইমাঃ তিস্রো দেবতা অনেনৈব জীবেন আত্মনা অনুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ ॥৫০॥

সেই এই (সৎ) দেবতা দেখিলেন যে, অহো! আমি (তেজঃপ্রভৃতি) এই তিন দেবতাতে এই জীবরূপ আত্মা দ্বারা অনুপ্রবিষ্ট হইয়া নাম ও রূপকে প্রকাশিত করিব, এবং তাহাদের এক-একটিকে ত্রিগুণ-ত্রিগুণ করিব। (অনন্তর) সেই-এই (সৎ) দেবতা এই তিন দেবতায় এই জীবরূপ আত্মা দ্বারা অনুপ্রবিষ্ট হইয়া নাম ও রূপকে প্রকাশিত করিলেন ॥৫০॥

৫১

তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকামকরোৎ। যথা তু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাস্ত্রিবৃৎ ত্রিবৃদ্ একৈকা ভবতি, তন্মে বিজানীহি ॥৬-৩-৪॥

'তাসাম্' ইত্যাদি পূর্ব্ববৎ। 'তু' কিন্তু হে সোম্য, যথা খলু ইমাস্তিস্রো দেবতা একৈকা 'ত্রিবৃৎ ত্রিবৃৎ' ত্রিগুণা ত্রিগুণা ভবতি, তৎ 'মে' মম নিগদতঃ 'বিজানীহি' বিশেষেণ বুধ্যস্ব ইতি ॥৫১॥

তিনি তাহাদিগের এক-একটিকে ত্রিগুণ-ত্রিগুণ করিলেন। কিন্তু হে সোম্য, সেই সকল দেবতা প্রত্যেকে কিরূপে ত্রিগুণ-ত্রিগুণ হইল, তাহা তুমি আমার নিকটে বিশেষরূপে জান ॥৫১॥

৫২

যদগ্নে রোহিতং রূপং তেজসস্তদ্রূপং, যচ্ছুক্লং তদপাং, যৎ কৃষ্ণং তদন্নস্য। অপাগাদগ্নেরগ্নিত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং, ত্রীণি রূপাণীত্যেব সত্যম্॥ যদাদিত্যস্য রোহিতং রূপং তেজসস্তদ্ রূপং, যচ্ছুক্লং তদপাং, যৎ কৃষ্ণং তদন্নস্য। অপাগাদাদিত্যাদ্ আদিত্যত্বং, বাচারম্ভণং বিকারো নামধেয়ং, ত্রীণি রূপাণীত্যেব সত্যম্ ॥৬-৪-১ —২॥

ত্রিবৃৎকৃতস্য অগ্নেঃ যদ্ 'রোহিতং' লোহিতং রূপং লোকে প্রসিদ্ধং, তৎ অত্রিবৃৎকৃতস্য তেজসঃ রূপং ভবতীতি বিদ্ধি; যৎ তাদৃশস্য অগ্নেঃ শুক্লং রূপং, তৎ অত্রিবৃৎকৃতানাম্ 'অপাম্' জলস্য রূপং, ভবতীতি বিদ্ধি, যৎ পুনঃ তাদৃশস্য অগ্নেঃ কৃষ্ণং রূপং., তৎ খলু অত্রিবৃৎ-কৃতস্য 'অন্নস্য' অন্নোপলক্ষিতায়াঃ পৃথিব্যাঃ রূপং ভবতীতি বিদ্ধি। এবং সর্ব্বত্র যোজনীয়ম্। তত্রৈবং সতি রূপত্রয়ব্যতিরেকেণ অগ্নিরয়ম্ ইতি যৎ মন্যসে তস্য অগ্নেঃ অগ্নিত্বম্ 'ইদানীং' রূপত্রয়বিবেকবিজ্ঞান-সময়ে 'অপাগাৎ' অপগতম্। রূপত্রয়বিবেকবিজ্ঞানাৎ প্রাক্ যা তে অগ্নিরিতি পৃথক্ কশ্চিৎ পদার্থোঽস্তীতি বুদ্ধিরাসীৎ সেয়ম্ অগ্নিবুদ্ধিঃ অগ্নিশব্দশ্চেদানীম্ অপগতাবিতি ভাবঃ। তত্র হেতুমাহ—অগ্নিরিতি যো বিকারঃ তদ্ 'বাচারম্ভণং' বাচঃ আলম্বনভূতং নামধেয়ম্ নামমাত্রং, রোহিতাদীনি ত্রীণি রূপাণি সন্তি ইত্যেব হি তত্র সত্যম্ ন তু তদ্ব্যতিরিক্তম্ অণুমাত্রমপি। এবমেব পরত্রাপি ॥৫২॥

(ত্রিবৃৎ অর্থাৎ ত্রিগুণ কৃত) অগ্নির যে রূপ লোহিত, তাহা তেজের রূপ; যাহা শুক্ল (রূপ), তাহা জলের; এবং যাহা কৃষ্ণ, তাহা অন্নের (পৃথিবীর)। (অতএব এই

তিনটি রূপ. জানিবার পূর্ব্বে তোমার যে 'ইহা অগ্নি' এই জ্ঞান ছিল, এবং 'ইহা অগ্নি' এই বলিয়া যে 'অগ্নি' শব্দ প্রয়োগ করিতে, তাহা অপগত হইল,—) অগ্নির অগ্নিত্ব অপগত হইল, (কেননা, 'অগ্নি' এই যে) বিকার, (ইহা) বাক্যের অবলম্বনভূত নামমাত্র; (এখানে যে পূর্ব্বোক্ত) তিনটি রূপ, ইহাই সত্য, (তদ্ব্যতিরিক্ত আর কিছুই নহে)। (এই প্রকার) আদিত্যের যে রূপ লোহিত, তাহা তেজের রূপ; যাহা শুক্ল, তাহা জলের; এবং যাহা কৃষ্ণ, তাহা অন্নের। (অতএব) আদিত্যের আদিত্যত্ব অপগত হইল, (কেননা, 'আদিত্য' এই যে) বিকার, (ইহা) বাক্যের অবলম্বনভূত নামমাত্র, (এখানে যে পূর্ব্বোক্ত) তিনটি রূপ, ইহাই সত্য, (তদ্ব্যতিরিক্ত আর কিছুই নহে)॥৫২॥

৫৩

এতদ্ধস্ম বৈ তদ্ বিদ্বাংস আহুঃ পূর্ব্বে মহাশালা মহাশ্রোত্রিয়া ন নোঽদ্য কশ্চনাশ্রুতম্

অমতম্ অবিজ্ঞাতম্ উদাহরিষ্যতীতি হেভ্যো বিদাঞ্চক্রুঃ॥ যদু রোহিতমিবাভূদ্ ইতি তেজসস্তদ্ রূপমিতি তদ্ বিদাঞ্চক্রুঃ, যদু শুক্লমিবাভূদিতি অপাং রূপমিতি তদ্ বিদাঞ্চক্রুঃ, যদু কৃষ্ণমিবাভূদ্ ইতি অন্নস্য রূপমিতি তদ্ বিদাঞ্চক্রুঃ ॥৬-৪-৫—৬॥

তৎ এতৎ 'হ' এব 'বৈ' কিল 'বিদ্বাংসঃ' বিদিতবন্তঃ পূর্ব্বে 'মহাশালা' মহাগৃহস্থাঃ মহাশ্রোত্রিয়া 'আহুঃ স্ম' উক্তবন্তঃ—'অদ্য' ইদানীং 'নঃ' অস্মাকং সমীপে কশ্চন জনঃ অশ্রুতম্ অমতং অবিজ্ঞাতং বস্তু ন উদাহরিষ্যতি, সর্ব্বং খল্বস্মাভিঃ শ্রুতং চ মতং চ বিজ্ঞাতঞ্চেতি ভাবঃ ইতি। তে হি এভ্য এব দৃষ্টান্তেভ্যো বিজ্ঞাতেভ্যঃ সর্বমন্যদ্ 'বিদাঞ্চক্রুঃ' বিজ্ঞাতবন্তঃ। কথং বিজ্ঞাতবন্ত ইত্যাহ যদিত্যাদি। যৎ 'উ' তু শুক্লমিত্যাদি স্পষ্টম্ ॥৫৩॥

পূর্ব্ববর্ত্তী মহাগৃহস্থ মহাশ্রোত্রিয়গণ এই তাহাই জানিয়া বলিয়াছিলেন যে, আমাদের নিকটে এখন কেহ (কোন) অশ্রুত, অমত ও অবিজ্ঞাত (বস্তু) উদাহৃত করিতে পারিবে

না। তাঁহারা এই সকল (দৃষ্টান্ত) হইতেই (তাহা) জানিয়াছিলেন; যাহা লোহিতের ন্যায় ছিল, তাহাকে তাঁহারা 'ইহা তেজের রূপ' বলিয়া জানিয়াছিলেন; যাহা শুক্লের ন্যায় ছিল, তাহাকে তাঁহারা 'ইহা জলের রূপ' বলিয়া জানিয়াছিলেন; এবং যাহা কৃষ্ণের ন্যায় ছিল, তাহাকে তাঁহারা 'ইহা অন্নের রূপ' বলিয়া জানিয়াছিলেন ॥৫৩॥

৫৪

যদ্ববিজ্ঞাতমিবাভূদ্ ইত্যেতাসামেব দেবতনাং সমাস ইতি তদ্ বিদাঞ্চক্রুঃ। যথা খলু নু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃৎ ত্রিবৃদ্ একৈকা ভবতি তন্মে বিজানীহীতি ॥৬-৪-৭॥

যৎ 'উ' অপি 'অবিজ্ঞাতমিব' বিশেষতোঽগৃহ্যমাণম্ ইব অভূৎ ইতি তদপি এতাসাম্ এব পূর্ব্বোক্তানাং তিসৃণাং তেজ-আদীনাং দেবতানাং 'সমাসঃ' সমুদায়ঃ সম্মেলনমিতি ভাবঃ ইতি তৎ তে 'বিদাঞ্চক্রুঃ' জ্ঞাতবন্তঃ। হে সোম্য, যথা নু খলু ইমাঃ তিস্রো দেবতাঃ 'পুরুষং'

শিরঃপাণ্যাদিলক্ষণং কার্য্যকারণসঙ্ঘাতং 'প্রাপ্য' অধিগম্য একৈকা 'ত্রিবৃৎ ত্রিবৃৎ' ত্রিগুণা ত্রিগুণা ভবতি তৎ কথয়তঃ মে 'বিজানীহি' বিদ্ধি॥ ৫৪ ॥

যাহা তাঁহাদিগের নিকটে বিশেষরূপে অজ্ঞাতের ন্যায় (বোধ হইয়াছিল), তাহাও তাঁহারা জানিয়াছিলেন যে, ইহা (তেজঃ-প্রভৃতি) এই সমস্ত দেবতারই সম্মিশ্রণ। হে সোম্য, এই তিন দেবতা প্রত্যেকে কি প্রকারে মানবে ত্রিগুণ-ত্রিগুণ হয়, তাহা তুমি আমার নিকটে অবগত হও ॥৫৪॥

৫৫

অন্নমশিতং ত্রেধা বিধীয়তে, তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তৎ পুরীষং ভবতি, যো মধ্যমস্তন্মাংসং, যোঽণিষ্ঠস্তন্মনঃ ॥৬-৫-১॥

'অশিতং' ভুক্তং অন্নং জাঠরেণ অগ্নিনা ত্রেধা 'বিধীয়তে' বিভজ্যতে, তথা বিধীয়মানস্য অন্নস্য যঃ 'স্থবিষ্ঠঃ' স্থূলতমঃ 'ধাতুঃ' বস্তু স্থূলতমোঽংশ ইতি ভাবঃ, তৎ পুরীষং ভবতি; যো মধ্যমঃ ধাতুঃ তৎ মাংসং ভবতি; যঃ 'অণিষ্ঠঃ' অণুতমঃ ধাতুঃ তৎ মনো ভবতি ॥ ৫৫ ॥

অন্ন ভুক্ত হইয়া তিন ভাগে বিহিত (বিভক্ত) হয়; তাহার যে স্থূলতম বস্তু (অংশ), তাহা পুরীষ হয়; যাহা মধ্যম, তাহা মাংস হয়; এবং যাহা অণুতম (সূক্ষ্মতম), তাহা মন হইয়া থাকে ॥৫৫॥

৫৬

আপঃ পীতাস্ত্রিধা বিধীয়ন্তে, তাসাং যঃ স্থবিষ্ঠো ধাধুস্তন্মূত্রং ভবতি, যো মধ্যম স্তল্লোহিতং, যোঽণিষ্ঠঃ স প্রাণঃ ॥৬-৫-২ ॥

আপো জলম্। অন্যৎ পূর্ব্ববৎ স্পষ্টঞ্চ ॥ ৫৬ ॥

জল পীত হইয়া তিন ভাগে বিহিত হয়; তাহার যাহা স্থূলতম বস্তু (অংশ), তাহা মূত্র হয়; যাহা মধ্যম, তাহা রক্ত হয়; এবং যাহা অণুতম, তাহা প্রাণ হইয়া থাকে ॥৫৬॥

৫৭

তেজোঽশিতং ত্রেধা বিধীয়তে, তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তদস্থি, যো মধ্যমঃ স মজ্জা, যোঽণিষ্ঠঃ সা বাক্ ॥৬-৫-৩॥

অশিতং 'তেজঃ' তৈলঘৃতাদি। মজ্জা অস্থ্যন্তর্গতঃ স্নেহঃ। তৈলঘৃতাদিভক্ষণাদ্ হি বাগ্ বিশদা সতী ভাষণসমর্থা ভবতীতি প্রসিদ্ধং লোকে। অন্যৎ পূর্ব্ববৎ ॥ ৫৭ ॥

তেজ (তৈলঘৃতাদি) ভুক্ত হইয়া তিন ভাগে বিহিত হয়; তাহার যাহা স্থূলতম বস্তু, তাহা অস্থি হয়; যাহা মধ্যম, তাহা মজ্জা হয়; এবং যাহা অণুতম, তাহা বাক্ (বাগিন্দ্রিয়) হয় ॥৫৭॥

৫৮

অন্নময়ং হি সোম্য মনঃ, আপোময়ঃ প্রাণঃ, তেজোময়ী বাগ্ ইতি। ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি। তথা সোম্যেতি হোবাচ— ॥৬ ৫-৪॥

যত এবং, ততঃ হে সোম্য, মনঃ অন্নময়ং 'হি' খলু, প্রাণঃ 'আপোময়ঃ' জলময়ঃ, বাক্ চ তেজোময়ী ইতি। শ্বেতকেতুরাহ—'ভূয়ঃ' পুনঃ এব 'মা' মাং ভগবান্ ভবান্ "অন্নময়ং হি সোম্য মনঃ" ইত্যাদিকং 'বিজ্ঞাপয়তু' দৃষ্টান্তেন বিশেষেণ অবগময়তু, নাদ্যাপ্যস্মিন্ অর্থে মম

নিশ্চয়ো জাত ইতি ভাবঃ। ইত্যুক্তঃ পিতা তথা সোম্য, ভবতু ইতি বক্ষ্যমাণং উবাচ 'হ' কিল ॥৫৮॥

(অতএব) হে সোম্য, মন অন্নময়, প্রাণ জলময়, এবং বাক্ তেজোময়। (শ্বেতকেতু বলিলেন)—ভগবন্, আবার আমাকে তাহা বুঝাইয়া দিন। হে সোম্য, তাহাই হউক এই বলিয়া তিনি বলিলেন— ॥৫৮॥

৫৯

দধ্নঃ সোম্য মথ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি তৎ সর্পির্ভবতি॥ এবমেব খলু সোম্যান্নস্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি তন্মনো ভবতি। অপাং সোম্য পীয়মানানাং যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি, স প্রাণো ভবতি। তেজসঃ সোম্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধঃ সমুদীষতি সা বাগ্ ভবতি। অন্নময়ং হি সোম্য মনঃ, আপোময়ঃ প্রাণঃ, তেজোময়ী বাগিতি॥ ভূয় এব মা ভগবান্

বিজ্ঞাপয়ত্বিতি। তথা সোম্যেতি হোবাচ
—॥ ৬-৬ ১—৫ ॥

হে সোম্য, মথ্যমানস্য দধ্নঃ যঃ 'অণিমা' অণুভাবঃ অতিসূক্ষ্মোঽংশ ইতি ভাবঃ, সঃ 'ঊর্দ্ধঃ সমুদীষতি' সম্ভূয় নবনীতভাবেন ঊর্দ্ধং গচ্ছতি, তৎ 'সর্পিঃ' ঘৃতং ভবতি, 'অশ্যমানস্য' ভুজ্যমানস্য। মন্থানদণ্ডেন দধীব ভুক্ত-মন্নাদিকং জাঠরেণাগ্নিনা মথ্যত ইতি বোধ্যম্। অন্যৎ স্পষ্টম্ ॥ ৫৯ ॥

হে সোম্য, দধিকে যখন মন্থন করা হয়, তখন তাহার যে সূক্ষ্ম অংশ, তাহা সম্মিলিত হইয়া (নবনীতরূপে) উপরে উত্থিত হয়, এবং তাহা ঘৃত হয়। হে সোম্য, এইরূপই ভুজ্যমান অন্নের যে সূক্ষ্ম অংশ, তাহা সম্মিলিত হইয়া ঊর্দ্ধে উত্থিত হয়, এবং তাহা মন হইয়া থাকে। হে সোম্য, পীয়মান জলের যে সূক্ষ্ম অংশ, তাহা সম্মিলিত হইয়া ঊর্দ্ধে উত্থিত হয়, এবং তাহা প্রাণ হয়। হে সোম্য, ভুজ্যমান (ঘৃতাদি) তেজের যে সূক্ষ্ম অংশ, তাহা সম্মিলিত হইয়া ঊর্দ্ধে উত্থিত হয়, এবং তাহা

বাক্ হয়। (অতএব) হে সোম্য, মন অন্নময়, প্রাণ জলময়, এবং বাক্ তেজোময়। (শ্বেতকেতু বলিলেন)—ভগবন্, আবার আমাকে বুঝাইয়া দিন। হে সোম্য, তাহাই হউক, এই বলিয়া তিনি বলিলেন—॥ ৫৯ ॥

৬০

ষোড়শকলঃ সোম্য পুরুষঃ, পঞ্চদশাহানি মাশীঃ, কামমপঃ পিব, আপোময়ঃ প্রাণো ন পিবতো বিচ্ছেৎস্যত ইতি॥ স পঞ্চদশাহানি নাশ, অথ হৈনমুপসসাদ কিং ব্রবীমি ভো ইতি। ঋচঃ সোম্য, যজূংষি সামানীতি। স হোবাচ ন বৈ মা প্রতিভান্তি ভো ইতি॥ ৬-৭-১---২॥

ভুক্তস্য অন্নস্য যোঽণিষ্ঠো ধাতুঃ স মনসি শক্তিমাদধাতি, সেয়ম্ অন্নোপচিতা মনসঃ শক্তিঃ ষোডশধা বিভজ্য পুরুষস্য কলাত্বেন নির্দ্দিশ্যতে, অনয়া খলু ষোড়শধা বিভক্তয়া অন্নোপচিতয়া শক্ত্যা সংযুক্তঃ পুরুষঃ ষোড়শকল ইত্যুচ্যত ইত্যাহ 'ষোডশকলঃ সোম্য পুরুষ' ইতি। অস্যাং হি শক্ত্যাং বিদ্যমানায়ামেব পুরুষো দ্রষ্টা শ্রোতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞাতা সর্ব্বক্রিয়া

সমর্থো ভবতি, হীয়মানায়াঞ্চ অস্যাং সামর্থ্যহানির্ভবতি। মানসেন হি বলেন সম্পন্না বলিনো দৃশ্যন্তে লোকে। অন্নং কিঞ্চিৎ অভুঞ্জানা অপি ধ্যানাহারাঃ কেচিজ্জীবন্তি, তচ্চ ধ্যানম্ অন্নপরম্পরানিষ্পন্নম্, অন্নমেব হি দেহাদি-রূপেণ পরিণমতে। অতোঽন্নকৃতং মানসং বীর্য্যং। তদ্বীর্য্যরূপা ষোড়শ কলাঃ যস্য স ষোড়শকলঃ পুরুষো ভবতি। এতদ্ যদি প্রত্যক্ষীকর্ত্তুমিচ্ছসি, তর্হি পঞ্চদশ 'অহানি' দিনানি 'মাশীঃ' অশনং ভোজনং মা কার্ষীঃ, 'অপঃ' জলং তু 'কামং' ইচ্ছাতঃ পিব, যতঃ জলং 'ন-পিবতঃ' পানমকুর্ব্বতঃ জলমপিবত ইত্যর্থঃ তব প্রাণঃ 'বিচ্ছেৎস্যতে' বিচ্ছেদমাপৎস্যতে বিচ্ছিন্নো ভবিষ্যতি, যতোঽয়ং প্রাণঃ 'আপোময়ঃ' জলময় ইতি পূর্ব্বমুক্তম্। স হ পরীক্ষিতুকামঃ শ্বেতকেতুঃ পঞ্চদশ অহানি ন 'আশ' ভক্ষয়ামাস, অথ ষোড়শে অহনি এনং পিতরম্ 'উপসসাদ' উপগতবান্, উপগম্য চ উবাচ—ভোঃ কিং ব্রবীমীতি। পিতোবাচ—হে সোম্য ঋচঃ, যজূংষি, সামানি চ ব্রূহীতি। পিত্রা এবমুক্তঃ স পুত্র উবাচ—ন বৈ 'মা' মাং প্রতি ঋগাদীনি প্রতি-ভান্তি, মম মনসি ন তানি স্ফুরন্তীতি ভাবঃ ॥ ৬০ ॥

হে সোম্য, পুরুষ ষোড়শকল (অর্থাৎ ষোড়শভাগবিশিষ্ট, তুমি যদি ইহা প্রত্যক্ষ

করিতে ইচ্ছা কর, তাহা হইলে) পঞ্চদশ দিবস তুমি (অন্ন) ভোজন করিও না, ইচ্ছা হইলে জল পান করিবে, কেননা, তাহা পান না করিলে তোমার প্রাণ বিচ্ছিন্ন হইবে, কারণ প্রাণ জলময়। তিনি পঞ্চদশ দিবস ভোজন করিলেন না, অনন্তর (ষোড়শ দিবসে) তাঁহার (পিতার) নিকট গেলেন ও বলিলেন— ভগবন্ আমি কি বলিব ? তিনি বলিলেন— বৎস; ঋক্, যজুঃ ও সামসমূহ (বল)। তিনি— (পুত্র) বলিলেন—ভগবন্, আমার নিকটে তাহারা প্রতিভাত হইতেছে না ॥ ৬০ ॥

৬১

তং হোবাচ যথা সোম্য, মহতোঽভ্যাহিত-স্যৈকোঽঙ্গারঃ খদ্যোতমাত্রঃ পরিশিষ্টঃ স্যাৎ, তেন ততোঽপি ন বহু দহেৎ, এবং সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টা স্যাৎ, তয়ৈতর্হি বেদান্ নানুভবসি, অশানাথ মে বিজ্ঞাস্যসীতি ॥ ৬-৭-৩ ॥

তং হ পিতা উবাচ—হে সোম্য, যথা 'অভ্যাহিতস্য' ইন্ধনৈঃ উপচিতস্য বর্দ্ধিতস্য 'মহতঃ' বিপুলস্য আগ্নেঃ 'খদ্যোতমাত্রঃ' খদ্যোতপরিমাণঃ একঃ অঙ্গারঃ 'পরিশিষ্টঃ' অবশিষ্টঃ স্যাৎ যদি, তর্হি সোঽগ্নিঃ তেন খদ্যোতপরিমাণেন 'ততোঽপি' তৎপরিমাণাৎ ঈষদপীতি ভাবঃ, 'বহু' অধিকং ন দহেৎ, এবম্ এব হে সোম্য, ষোড়শানাং কলানাং একা 'কলা' অবয়বঃ 'অতিশিষ্টা' অবশিষ্টা স্যাৎ তব, 'তয়া' তে খদ্যোতমাত্রাঙ্গারতুল্যয়া কলয়া 'এতর্হি' ইদানীং বেদান্ ন 'অনুভবসি' প্রতিপদ্যসে। অতত্ত্বমিদানীম্ 'অশান' ভুঙ্ক্ষ্ব, 'অথ' ভোজনানন্তরম্ 'মে' মম বাক্যং বিজ্ঞাস্যসীতি ॥৬১॥

(পিতা) তাঁহাকে বলিলেন—হে সোম্য, যেমন (কাষ্ঠদ্বারা) বর্দ্ধিত মহান্ অগ্নির যদি খদ্যোতপরিমাণমাত্র অঙ্গার (জ্বলন্ত কাষ্ঠ) অবশিষ্ট থাকে, তাহা হইলে (সেই অগ্নি) তাহার দ্বারা অধিক আর দগ্ধ করিতে পারে না, সেইরূপ হে সোম্য, (তোমার) ষোড়শ কলার মধ্যে একটিমাত্র কলা অবশিষ্ট হইয়া থাকিবে, এবং (সেই জন্যই) তাহা দ্বারা তুমি এখন বেদসমূহকে জানিতে

পারিতেছ না ; তুমি ভোজন কর, তাহার পরেই আমার (কথা) বুঝিতে পারিবে ॥ ৬১ ॥

৬২

স হাশ, অথ হৈনমুপসসাদ, তং হ যৎ কিঞ্চি পপ্রচ্ছ সর্ব্বং হ প্রতিপেদে ॥ ৬-৭-৪ ॥

স হ শ্বেতকেতুঃ 'আশ' বুভুজে, 'অথ' অনন্তরং 'এনং' পিতরম্ 'উপসসাদ' উপজগাম। পিতা চ তং হ যৎ কিঞ্চ পপ্রচ্ছ, সর্ব্বং তৎ স 'প্রতিপেদে' বুবুধে উচ্চারয়ামাস বা ॥৬২॥

তিনি (শ্বেতকেতু) ভোজন করিলেন, এবং তদনন্তর তাঁহার (পিতার) নিকট গমন করিলেন। (পিতা) তাঁহাকে যাহা কিছু জিজ্ঞাসা করিলেন, তিনি তৎসমুদয় বুঝিতে পারিলেন (বা উচ্চারণ কবিবেন) ॥৬২॥

৬৩

তং হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকমঙ্গারং খদ্যোতমাত্রং পরিশিষ্টং তং

তৃণৈরুপসমাধায় প্রাজ্বলয়েৎ, তেন ততোঽপি বহু দহেৎ, এবং সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টাভূৎ, সান্নেনোপ-সমাহিতা প্রাজ্বালী, তয়ৈতর্হি বেদাননুভবসি, অন্নময়ং হি সোম্য মনঃ, আপোময়ঃ প্রাণঃ, তেজোময়ী বাগিতি। তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি ॥ ৬·৭·৫-৬ ॥

তং হোবাচ পিতা—হে সোম্য, যথা অভ্যাহিতস্য মহতঃ অগ্নেঃ, খদ্যোতমাত্রং অবশিষ্টং তম্ একম্ অঙ্গারং তৃণৈঃ উপসমাধায়' তদুপরি তৃণানি সংনিধায়ে-ত্যর্থঃ 'প্রাজ্বলয়েৎ' প্রোদ্দীপয়েৎ যদি, তর্হি তেন ততোঽপি বহু অনেকং দহেৎ, এবং সোম্য, 'তে' তব ষোড়শানাং কলানাং একা কলা 'অতিশিষ্টা' অবশিষ্টা 'অভূৎ' আসীৎ, পঞ্চদশ অহানি অভুক্তবত একৈকেন অহ্না একৈকা কলা চন্দ্রমস ইব কৃষ্ণপক্ষে ক্ষীণা ইতি ভাবঃ; সা অতিশিষ্টা কলা ভুক্তেন অন্নেন 'উপ-সমাহিতা' বর্দ্ধিতা সতী প্রাজ্বালী প্রজ্বলিতা বৃদ্ধিং প্রাপ্তেত্যর্থঃ, তয়া বর্দ্ধিতয়া কলয়া 'এতর্হি' ইদানীং ময়া পৃচ্ছ্যমানান্ 'বেদান্ অনুভবসি' জানাসি, অতএব হে

সোম্য, মনঃ অন্নময়ম্ ইত্যাদি পূর্ব্ববৎ। তৎ হ 'অস্য' শ্বেতকেতোঃ পিতুঃ বচনং 'বিজজ্ঞৌ' বিজ্ঞাতবান্ শ্বেত-কেতুঃ। দ্বিরুক্তিস্ত্রিবৃৎকরণপ্রকরণসমাপ্তিং সূচয়তি ॥৬॥

(পিতা) তাঁহাকে বলিলেন—হে সোম্য, যেমন কাষ্ঠ দ্বারা বর্দ্ধিত মহান্ অগ্নির খদ্যোত-মাত্র অবশিষ্ট একটি অঙ্গারকে যদি তৃণসমূহ নিক্ষেপ করিয়া প্রজ্বলিত করা যায়, তাহা হইলে তাহা দ্বারা (সেই অগ্নি) তাহা অপেক্ষাও অধিক দগ্ধ করিতে পারে, সেইরূপ হে সোম্য, তোমার ষোড়শ কলার মধ্যে একটি মাত্র কলা অবশিষ্ট ছিল, এবং তাহা অন্নের দ্বারা বর্দ্ধিত হইয়া প্রজলিত হইয়াছে, তাহাতেই তুমি বেদসমূহ জানিতে পারিতেছ। অতএব হে সোম্য, মন অন্নময়, প্রাণ জলময়, এবং বাক্ তেজোময়। তিনি (শ্বেতকেতু) তাঁহার (পিতার) সেই (কথা) বিশেষরূপে জানিয়া ছিলেন, বিশেষরূপে জানিয়া ছিলেন ॥ ৬ ॥

৬৪

অস্য সোম্য মহতো বৃক্ষস্য যো মূলে-ঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেৎ, যো মধ্যেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেৎ, যোঽগ্রেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেৎ, স এষ জীবেনাত্মনানুপ্রভূতঃ পেপীয়-মানো মোদমানস্তিষ্ঠতি ॥ ৬-১১-১ ॥

হে সোম্য, 'অস্য' পুরতো দৃশ্যমানস্য 'মহতঃ' অনেকশাখাদিযুক্তস্য বৃক্ষস্য যঃ কশ্চিৎ জনঃ যদি 'মূলে' মূলদেশে পরশ্বাদিনা 'অভ্যাহন্যাৎ' আঘাতং কুর্য্যাৎ, তর্হি এষ বৃক্ষঃ জীবন্ এব ভবেৎ, রসশ্চাস্য 'স্রবেৎ' প্রক্ষরেৎ। এবং যঃ কশ্চিজ্জনো মধ্যে অগ্রে চেত্যাদি পূর্ব্ববৎ। স এষ বৃক্ষঃ তদানীং জীবেন আত্মনা 'অনুপ্রভূতঃ' অনুব্যাপ্তঃ উদকং ভৌমান্ রসাংশ্চ 'পেপীয়মানঃ' অত্যর্থং পিবন্ মোদমানঃ হর্ষং প্রাপ্নুবন্ 'তিষ্ঠতি' বিদ্যতে ॥ ৬৪ ॥

হে সোম্য, যদি কোন ব্যক্তি এই মহা-বৃক্ষের মূলভাগে আঘাত করে, তাহা হইলে ইহা জীবিতই থাকে, এবং ইহার রস ক্ষরিত হয়; যদি কেহ মধ্যভগে বা অগ্রভাগে

আঘাত করে, তাহা হইলেও তাহা জীবিতই থাকে, এবং তাহার রস ক্ষরিত হয়; ইহা তখন জীবাত্মার দ্বারা অনুব্যাপ্ত হইয়া (জল ও ভূমির রস) অতিশয় পান করিয়া করিয়া আনন্দে থাকে ॥ ৬৪ ॥

৬৫

অস্য যদেকাং শাখাং জীবো জহাত্যথ সা শুষ্যতি, দ্বিতীয়াং জহাত্যথ সা শুষ্যতি, তৃতীয়াং জহাত্যথ সা শুষ্যতি, সর্ব্বং জহাতি সর্ব্বং শুষ্যতি ॥৬-১১-২॥

'যৎ' যদা অস্য বৃক্ষস্য একাং আহতাং রোগগ্রস্তাং বা শাখাং জীবঃ 'জহাতি' পরিত্যজতি, 'অথ' অনন্তরম্ এব সা শাখা 'শুষ্যতি' শুষ্কা ভবতি। 'দ্বিতীয়াম্' ইত্যাদি পূর্ব্ববৎ স্পষ্টং ॥৬৫॥

জীব যখন ইহার একটি শাখাকে ত্যাগ করে, তখন তাহা শুষ্ক হইয়া যায়; যখন দ্বিতীয় শাখাকে ত্যাগ করে, তখন তাহা শুষ্ক হইয়া যায়; যখন তৃতীয় শাখাকে ত্যাগ করে, তখন তাহা শুষ্ক হইয়া যায়; এবং যখন সমস্ত

(বৃক্ষটিকেই) ত্যাগ করে, তখন তাহা সমস্তই শুষ্ক হইয়া যায় ॥৬৫॥

৬৬

এবমেব খলু সোম্য বিদ্ধীতি হোবাচ, জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়ত ইতি। স য এষোঽণিমা ঐতদাত্ম্যমিদং সর্ব্বং, তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি। ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি, তথা সোম্যেতি হোবাচ ॥৬-১১—৩॥

স হ পিতা উবাচ—যথাস্মিন্ বৃক্ষদৃষ্টান্তে দর্শিতং জীবেন যুক্তো বৃক্ষঃ অশুষ্কঃ রসপানাদিযুক্তো জীবতীতি উচ্যতে, তদপেতশ্চ ম্রিয়ত ইত্যুচ্যতে, এবমেব খলু হে সোম্য, 'বিদ্ধি' বিজানীহি, 'জীবাপেতং' জীববিযুক্তং বাব কিলেদং শরীরং ম্রিয়তে, ন জীবো ম্রিয়ত ইতি। স যঃ সদাখ্য এষঃ 'অণিমা' অণুভাবঃ অণুত্বম্ জগতো মূলম্, 'ঐতদাত্ম্যম্ ইদং সর্ব্বম্' ইদং সর্ব্বং 'ঐতদাত্ম্যম্' এতৎ সৎ ব্রহ্ম আত্মা যস্য তৎ এতদাত্ম, এতদাত্মনো ভাবঃ ঐতদাত্ম্যম্, ইদং সর্ব্বং জগৎ এতেন সদ্রূপেণ আত্মনা আত্মবৎ ইতি নিষ্কৃষ্টোঽর্থঃ, অস্য সর্ব্বস্য জগতঃ এতৎ সৎ এব আত্মেতি স্পষ্টোঽর্থঃ। যেন খলু

আত্মনা আত্মবৎ ইদং সর্ব্বং তৎ সদাখ্যং কারণং 'সত্যং' পরমার্থতঃ সত্যং, অতঃ স এব আত্মা জগতঃ, হে শ্বেতকেতো, ত্বং তৎ সৎ অসি ইতি। এবং বোধিতঃ পুত্রঃ আহ 'ভূয়ঃ' পুনঃ এব 'মা' মাং ভগবান্ ভবান্ বিজ্ঞাপয়তু বোধয়তু ইতি। তথেত্যাদি স্পষ্টম্ ॥৬৬॥

(পিতা) বলিলেন—'হে সোম্য, এই রূপই জান যে, জীববিযুক্ত হইয়া এই (শরীর) মৃত হয়, জীব মৃত হয় না। সেই যে এই অণুত্ব (সূক্ষ্মত্ব), ইহাই এই সকলের আত্মা। তাহাই সত্য এবং তাহাই আত্মা। হে শ্বেতকেতু, তুমি তাহা।' (পুত্র বলিল)—'ভগবন্, আবার আমাকে ইহা ভাল করিয়া বুঝাইয়া দিন।' 'হে সোম্য, তাহাই হউক' এই বলিয়া (পিতা) কহিলেন—॥৬৬॥

৬৭

ন্যগ্রোধফলমত আহরেতীদং ভগব ইতি ভিন্ধীতি, ভিন্নং ভগব ইতি। কিমত্র পশ্যসীতি, অণ্ব্য ইবেমা ধানা ভগব ইতি। আসামঙ্গৈকাং ভিন্ধীতি, ভিন্না ভগব ইতি। কিমত্র পশ্যসীতি, ন কিঞ্চন ভগব ইতি ॥৬ ১২·১॥

'অতঃ' অস্মাৎ মহতো ন্যগ্রোধবৃক্ষাৎ ন্যগ্রোধফলম্ 'আহর' আনয় ইতি পিত্রোক্তঃ পুত্রঃ ন্যগ্রোধফলম্ আহৃত্য ইদং 'ভগবঃ' ভগবন্ ইত্যাহ। 'ভিন্ধি' দ্বিধা কুরু ইতি পিত্রোক্তঃ ভিন্নং ভগব ইতি স প্রত্যাহ। কিম্ অত্র ফলে পশ্যসি ইতি পিতা। 'অণ্ব্যঃ' অণুতরা ইব ইমা 'ধানাঃ' বীজানি ভগবঃ পশ্যামীতি পুত্রঃ। 'অঙ্গ' হে বৎস, আসাং ধানানাং একাং ভিন্ধীতি পিতা। ভিন্না ইতি পুত্রঃ। কিমত্র পশ্যসীতি পিতা। ন কিঞ্চন ভগব ইতি পুত্রঃ। ন ॥৬৭॥

'(বৎস), এই (ন্যগ্রোধ বৃক্ষ হইতে) একটি ন্যগ্রোধ ফল আহরণ কর।' 'ভগবন্, এই (আহরণ করিয়াছি)।' 'ইহাকে বিদীর্ণ কর।' 'ভগবন্, বিদীর্ণ করিলাম।' 'ইহাতে কি দেখিতে পাইতেছ?' 'অতিসূক্ষ্ম বীজসমূহ।' 'আচ্ছা বৎস, ইহাদের মধ্যে একটিকে ভগ্ন কর।' 'ভগবন্ ভগ্ন করিলাম।' 'ইহাতে কি দেখিতেছ?' 'ভগবন্, কিছুই না॥'৬৭॥

৬৮

তং হোবাচ যং বৈ সোম্য, এতমণিমানং

ন নিভালয়স এতস্য বৈ সোম্য এষোঽণিম্ন এবং মহান্ ন্যগ্রোধস্তিষ্ঠতি, শ্রদ্ধৎস্ব সোম্যেতি ॥৬-১২-২॥

তং হ পুত্রং পিতা উবাচ 'হে সোম্য, যং বৈ এতম্ পূর্ব্বোক্তম্ অণিমানং ন 'নিভালয়সে' পশ্যসি, হে সোম্য, এতস্য বৈ 'অণিম্নঃ' সূক্ষ্মস্য কার্য্যভূতঃ স্থুল-শাখাপলাশাদিমান্ এষ দৃশ্যমানো, মহান্ ন্যগ্রোধঃ উৎপন্নঃ সন্ তিষ্ঠতি। অতঃ হে সোম্য, শ্রদ্ধৎস্ব শ্রদ্ধাং কুরু, যৎ সত এব অণিম্নঃ স্থূলং নামরূপাদিমৎ কার্য্যং জগদ্ উৎপন্নমিতি ॥ ৬৮ ॥

(পিতা) তাঁহাকে বলিলেন—'হে সোম্য, এই যে অণিমাকে দেখিতে পাইতেছ না, এই অণিমা হইতেই এইরূপ এই মহান্ ন্যগ্রোধ বৃক্ষ (উৎপন্ন) লইয়া দাঁড়াইয়া আছে। হে সোম্য, ইহাতে শ্রদ্ধা কর ॥৬৮॥

৬৯

স য এষোঽণিমা, ঐতদাত্ম্যমিদং সর্ব্বং, তৎ সত্যং স আত্মা তৎ ত্বমসি শ্বেতকেতো ইতি। ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি, তথা সোম্যেতি হোবাচ ॥৬-১২-৩॥

স য এষোঽণিমেত্যাদি পূর্ব্ববৎ ॥৬৯॥

'সেই যে অণিমা (সূক্ষ্মতা বা সূক্ষ্ম), ইহাই এই সকলের আত্মা, তাহাই আত্মা; হে শ্বেতকেতু, তুমি তাহা।' 'ভগবন্, আবার আমাকে ইহা ভালরূপে বুঝাইয়া দিন।' (তিনি) বলিলেন—'সোম্য, তাহাই হউক।'

৭০

লবণমেতদুদকেঽবধায়াথ মা প্রাতরুপসীদথা ইতি, স তথা চকার, তং হোবাচ যদ্দোষা লবণমুদকেঽবাধা, অঙ্গ তদাহরেতি। তদ্ধাবমৃশ্য ন বিবেদ ॥৬-১৩-১॥

লবণম্ 'উদকে' জলে 'অবধায়' প্রক্ষিপ্য প্রাতঃ-কালে 'মা' মাং 'উপসীদথাঃ' উপগচ্ছেঃ ইতি। স শ্বেতকেতুঃ তথা চকার। তং হোবাচ পিতা 'অঙ্গ' হে বৎস, দোষা রাত্রৌ যৎ লবণম্ উদকে 'অবাধাঃ' প্রাক্ষিপঃ তৎ লবণম্ 'আহর' আনয়েতি। স তু অবমৃশ্য বিচার্য্য তৎ ন 'বিবেদ' লেভে ॥৭০॥

(পিতা বলিলেন—) 'জলে লবণ নিক্ষেপ করিয়া প্রাতঃকালে আমার নিকট উপস্থিত

হইবে।' তিনি তাহাই করিলেন, এবং (পিতা) তাঁহাকে বলিলেন—'বৎস, তুমি রাত্রিতে জলে যে লবণ নিক্ষেপ করিয়াছিলে, তাহা আনয়ন কর।' তিনি কিন্তু বিচার করিয়া তাহা প্রাপ্ত হইলেন না ॥১০॥

৭১

যথা বিলীনমেবাঙ্গাস্যান্তাদাচামেতি, কথমিতি, লবণমিতি। মধ্যাদাচামেতি, কথমিতি, লবণমিতি। অন্তাদাচামেতি, কথমিতি, লবণমিতি। অভিপ্রাস্যৈতদথ মোপসীদথা ইতি। তদ্ধ তথা চকার। তচ্ছশ্বৎ সংবর্ত্ততে। তং হোবাচাত্র বাব কিল সৎ সোম্য ন নিভালয়সে অত্রৈব কিলেতি ॥ ৬-১৩-২॥

পিতোবাচ যথা লবণং তত্র বিলীনমেব বিদ্যতে 'অঙ্গ' হে পুত্র, পরীক্ষিতুং তাবদিদং ত্বং অস্য উদকস্য 'অন্তাৎ' উপরিভাগাৎ উপরিস্থিতমংশং গৃহীত্বা আচামেতি। স তথৈব চকার। অথ পিতা পপ্রচ্ছ 'কথম্ ইতি' কীদৃশোঽস্য স্বাদ ইতি। ইতর আহ

লবণমিতি। এবং মধ্যাদ্ অন্তাচ্চ গৃহীত্বা আস্বাদ্য চ তথৈব পুত্র উক্তবান্। অথাহ পিতা যদ্যেবং তর্হি এতদ্ লবণোদকং 'অভিপ্রাস্য' পরিত্যজ্য 'মা' মাং 'উপসীদথাঃ' উপগচ্ছেঃ ইতি। যথোক্তং পিত্রা পুত্রোঽপি তৎ তথা চকার, লবণোদকং পরিত্যজ্য পিতৃসমীপমাগচ্ছদিত্যর্থঃ। আগত্য চোবাচ যল্লবণং ময়া রাত্রৌ উদকে প্রক্ষিপ্তং তৎ ইহ 'শশ্বৎ' নিত্যমেব 'সংবর্ততে' সম্যগ্ বিদ্যতে। তং হ তথা উক্তবন্তং পুত্রং পিতা পুনরুবাচ—'অত্র' শরীরে বাব কিল সৎ তেজো-ঽবন্নাদিকারণং বটবীজাণিমবৎ বিদ্যমানমেব ন 'নিভালয়সে' পশ্যসি অত্রৈব কিল তদ্ বিদ্যতে ॥ ১১ ॥

(লবণ) যে তাহাতেই বিলীন হইয়া রহিয়াছে, (পিতা তাহা বলিয়া আবার বলিলেন)—'বৎস, ইহার উপর হইতে গ্রহণ করিয়া আচমন কর; ইহা কিরূপ (বোধ হইতেছে?)' 'লবণ।' 'মধ্য হইতে গ্রহণ করিয়া আচমন কর; কিরূপ?' 'লবণ।' 'শেষ হইতে গ্রহণ করিয়া আচমন কর; কিরূপ?' 'লবণ।' '(আচ্ছা), এখন তাহা পরিত্যাগ করিয়া

আমার নিকটে আগমন কর।' তিনি তাহাই করিলেন, (এবং বলিলেন—'আমি যে লবণ রাত্রিতে জলে নিক্ষেপ করিয়াছিলাম), তাহা নিত্যই ইহাতে সম্যগ্‌ভাব বিদ্যমান রহিয়াছে।' (পিতা বলিলেন)—'হে সোম্য, (এইরূপই) শরীরে এই সৎকে দেখিতে পাইতেছ না, (ইহা) ইহাতেই রহিয়াছে ॥৭১॥

৭২

স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্ব্বং তৎ সত্যং স আত্মা তৎ ত্বমসি শ্বেতকেতো ইতি। ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি। তথা সোম্যেতি হোবাচ ॥ ৬-১৩-৪॥

স য ইত্যাদি ব্যাখ্যাতপূর্ব্বম্ ॥ ৭২ ॥

'সেই যে এই অণিমা, ইহাই এই সকলের আত্মা, তাহা সৎ এবং তাহাই আত্মা; হে শ্বেতকেতু, তুমি তাহা।' (শ্বেতকেতু বলিলেন—) 'ভগবন্, আবার আমাকে তাহা ভাল করিয়া বুঝাইয়া দিন।' 'হে সোম্য, তাহাই

হউক' বলিয়া তিনি (আবার) বলিতে লাগিলেন ॥৭২॥

৭৩

যদা বৈ সুখং লভতে অথ করোতি, নাসুখং লব্ধ্বা করোতি, সুখমেব লব্ধ্বা করোতি, সুখম্বেব বিজিজ্ঞাসিতব্যম্ ইতি। সুখং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥৭-২২-১॥

যদা বৈ জীবঃ সুখং লভতে 'অথ' তদা করোতি চিত্তৈকাগ্রতাকারণম্ ইন্দ্রিয়সংযমম্, ন অসুখং লব্ধ্বা করোতি, অপিতু সুখমেব লব্ধ্বা করোতি। অতঃ সুখং তু এব বিজিজ্ঞাসিতব্যম্ ইতি কথিতঃ পুত্র আহ —হে ভগবন্, অহং সুখমেব 'বিজিজ্ঞাসে' জ্ঞাতুমিচ্ছামি ইতি ॥৭৩॥

'(জীব) যখন সুখ লাভ করে, তখনই (ইন্দ্রিয়সংযম) করে; অসুখ লাভ করিয়া করে না, সুখকেই লাভ করিয়া করে; অতএব সুখকেই জিজ্ঞাসা করা উচিত।' 'হে ভগবন্ আমি সুখকেই জানিতে ইচ্ছা করি ॥'৭৩॥

২৪

যো বৈ ভূমা তৎ সুখং নাল্পে সুখমস্তি, ভূমৈব সুখং। ভূমা ত্বেব বিজিজ্ঞাসিতব্য ইতি। ভূমানং ভগবো বিজিজ্ঞাস ইতি॥ ৭-২৩-১॥

যো বৈ 'ভূমা' মহান্ নিরতিশয়ঃ ইত্যর্থঃ, তৎ সুখম্; অল্পে সুখং নাস্তি, অতো সুখম্ ইত্যাদি স্পষ্টম্॥ ২৪॥

'যাহা ভূমা (অর্থাৎ মহৎ), তাহা সুখ; অল্পে সুখ নাই। (অতএব) ভূমাই সুখ; ভূমকাই জানিতে ইচ্ছা করা উচিত।' 'হে ভগবন্, আমি ভূমাকেই জানিতে ইচ্ছা করি॥'২৪॥

২৫

যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্ বিজানাতি স ভূমা। অথ যত্রান্যৎ পশ্যতি অন্যচ্ছৃণোতি অন্যদ্ বিজানতি তদল্পম্। যো বৈ ভূমা তদমৃতম্, অথ যদল্পং তন্মর্ত্ত্যং। স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি। স্বে মহিম্নি, যদি বা ন স্বে মহিম্নীতি॥৭-২৪-১॥

কিংলক্ষণোঽসৌ ভূমেত্যুচ্যতে। 'যত্র' যস্মিন্ ভূম্নি তত্ত্বে অনুভূতে দ্রষ্টা ন অন্যং দ্রষ্টব্যং পশ্যতি, ন অন্যং শ্রোতব্যং শৃণোতি, ন চান্যদ্ বিজ্ঞেয়ং বিজানাতি স ভূমা। অল্পলক্ষণমপ্যাহ—অথ 'যত্র' যস্মিন্ তত্ত্বে অনুভূতে সতি 'অন্যং' পশ্যতীত্যাদি তৎ অল্পং। যো বৈ ভূমা তৎ অমৃতং, অথ যৎ অল্পং তৎ 'মর্ত্ত্যং' বিনাশি। হে 'ভগবঃ' ভগবন্ সনৎকুমার, স উক্তলক্ষণো ভূমা কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি পৃষ্টঃ সনৎকুমারো নারদং প্রত্যাহ—'স্বে' স্বকীয়ে 'মহিম্নি' মাহাত্ম্যে বিভূতৌ প্রতিষ্ঠিতঃ যদি বা তস্য কচিৎ প্রতিষ্ঠামিচ্ছসি, তদৈবম্,; অথ যদি বা নারদ ত্বং পরমার্থতো গৃহ্লাসি, তর্হি ব্রবীমি ন স ভূমা মহিম্নি অপি স্বকীয়ে প্রতিষ্ঠিতঃ; অপ্রতিষ্ঠিতঃ অনাশ্রিতো ভূমা ইতি তাৎপর্য্যার্থঃ ॥৭৫॥

'যাহাতে (অর্থাৎ যাহা অনুভব করিলে, দর্শক) অন্য কিছু দর্শন করিতে পায় না, অন্য কিছু শ্রবণ করিতে পায় না, এবং অন্য কিছু জানিতে পায় না, তাহাই ভূমা; আর যাহাতে অন্য কিছু দেখিতে পায়, অন্য কিছু শুনিতে পায়, এবং অন্য কিছু জানিতে পায়, তাহা অল্প। যাহা ভূমা তাহা অমৃত, এবং যাহা অল্প

তাহা মর্ত্ত্য (বিনাশী)।' (নারদ বলিলেন) —'হে ভগবন্, তাহা (সেই ভূমা) কিসে প্রতিষ্ঠিত ?' (সনৎকুমার বলিলেন)— 'নিজের মহিমায়, অথবা (যদি পরমার্থত জিজ্ঞাসা কর, তবে) নিজের মহিমাতেও নহে ॥'৭৫॥

৭৬

গোঅশ্বমিহ মহিমেত্যাচক্ষতে হস্তিহিরণ্যং দাসভার্য্যং ক্ষেত্রাণ্যায়তনানীতি। নাহমেবং ব্রবীমি ব্রবীমীতি হোবাচ অন্যো হ্যন্যস্মিন্ প্রতিষ্ঠিত ইতি ॥৭-২৪-২॥

'ইহ' লোকে 'গো-অশ্বং' গাবশ্চ অশ্বাশ্চ দ্বন্দ্বৈক-বদ্ভাবঃ, অন্যত্রাপ্যেবম্, 'মহিমা' বিভূতিঃ ইতি জনাঃ 'আচক্ষতে' ব্রুবন্তি। এবং হস্তিহিরণ্যং, 'দাসভার্য্যং' দাসাশ্চ ভার্য্যাশ্চ, ক্ষেত্রাণি 'আয়তনানি' গৃহাণি মহিমা ইত্যাচক্ষতে। অহং তু ভূমবিষয়ে 'এবং' প্রসিদ্ধ' ঈদৃশং মহিমানং মহিমেতি ন 'ব্রবীমি' কথয়ামি। যথা কশ্চিৎ জনো গবাশ্বাদিরূপং মহিমানমাশ্রিতঃ তস্মিন্ প্রতিষ্ঠিতো ভবতি, তথাচ অন্যো জনঃ স্বস্মাৎ অন্যস্মিন্ কাপি প্রতিষ্ঠিতো ভবতি, ভূমবিষয়ে তু এবমহং

ন ব্রবীমি, নহি ভূমা স্বস্মাৎ অন্যস্মিন্ কাপি প্রতিতিষ্ঠ-তীতি। ব্রিরুক্তিরুক্তমর্থং দ্রঢ়য়তি ॥৭৬॥

এখানে গোবৃন্দ, অশ্ববৃন্দ, হস্তিবৃন্দ, হিরণ্যরাশি, দাসসমূহ, ভার্য্যাসমূহ, ক্ষেত্রসমূহ, ও গৃহসমূহকে মহিমা বলা হইয়া থাকে। কিন্তু (ভূমার সম্বন্ধে) আমি এরূপ বলিতেছি না যে, একজন (নিজের) অতিরিক্ত আর কাহাতেও প্রতিষ্ঠিত রহিয়াছে (অর্থাৎ ভূমা নিজের অতিরিক্ত আর কাহাতেও প্রতিষ্ঠিত নহে) ॥'৭৬॥

৭৭

স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ, স পশ্চাৎ, স পুরস্তাৎ, স দক্ষিণতঃ, স উত্তরতঃ, স এবেদং সর্ব্বমিতি ॥৭-২৫-১॥

স এব ভূমা অধস্তাৎ ইত্যাদি স্পষ্টম্, স এব ইদং সর্ব্বং দৃশ্যমানং জগৎ। অতো ন তদ্ব্যতিরেকেণ অন্যৎ কিঞ্চিৎ বিদ্যতে যত্রায়ং ভূমা প্রতিষ্ঠিতঃ স্যাৎ ॥৭৭॥

তিনিই নীচে, তিনিই উপরে, তিনিই পশ্চাতে (পশ্চিমে), তিনিই সম্মুখে (পূর্ব্বে),

তিনি দক্ষিণে, এবং তিনিই উত্তরে। এই সমস্ত তিনিই ॥৭৭॥

৭৮

স বা এষ এবং পশ্যন্নেবং মন্বানঃ এবং বিজানন্ আত্মরতিরাত্মক্রীড় আত্মমিথুন আত্মানন্দঃ; স স্বরাড্ ভবতি, তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি। অথ যেঽন্যথাতো বিদুরন্যরাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি, তেষাং সর্ব্বেষু লোকেষ্বকামচারো ভবতি ॥ ৭-২৫-২ ॥

স বৈ এষ বিদ্বান্ এবং পশ্যন্ এবং 'মন্বানঃ' বিচারয়ন্ এবং বিজানংশ্চ 'আত্মরতিঃ' আত্মন্যেব রতিঃ রমণং যস্য সঃ, 'আত্মক্রীড়ঃ' আত্মন্যেব ক্রীড়তীতি তথোক্তঃ, 'আত্মমিথুনঃ' আত্মনৈব মিথুনং দ্বন্দ্বজনিতং সুখং যস্য সঃ, ন হ্যস্য তৎসুখম্ অন্যাপেক্ষং, 'আত্মানন্দঃ' আত্মনিমিত্ত এব আনন্দো যস্য সঃ। দৈহিকভোগাদিনিমিত্তবাহ্যবস্তুনিরপেক্ষ ইতি নিষ্কৃষ্টোঽর্থঃ। স এবং লক্ষণো বিদ্বান্ জীবন্নেব 'স্বরাট্' স্বারাজ্যে অভিষিক্তো ভবতি, স্বয়মেব রাজা স্বামী ভবতীতি বা, যত এবং তত এব তস্য বিদুষঃ সুসর্ব্বেষু লোকে 'কামচারঃ' যথাকামং বিহারো ভবতি।

'অথ' পুনঃ যে 'অতঃ' অস্মাদ্ দর্শনাৎ 'অন্যথা' অন্যপ্রকারেণ 'বিদুঃ' জানন্তি, তে অন্যরাজানঃ অন্যঃ পরঃ রাজা স্বামী যেষাং তে তথোক্তাঃ, কিঞ্চ 'ক্ষয্যলোকাঃ' ক্ষয্যঃ ক্ষয়শীলঃ লোকো যেষাম্, অতএব সর্ব্বেষু লোকেষু তেষামকামচারো ভবতি ॥৭৮॥

এই প্রকার দেখিতে দেখিতে এই প্রকার বিচার করিতে করিতে এবং এই প্রকার সবিশেষ জানিতে জানিতে তাঁহার আত্মাতেই রতি হয়, আত্মারই সহিত তিনি ক্রীড়া করেন, আত্মারই দ্বারা তিনি দ্বন্দ্বজনিত সুখ অনুভব করেন, এবং আত্মানন্দ হইয়া থাকেন। তিনি (তখন) স্বারাজ্যে অভিষিক্ত হন (অথবা স্বয়ং নিজের রাজা বা স্বামী হইয়া থাকেন), এবং সমস্ত লোকেই তাঁহার স্বেচ্ছাবিহার হইয়া থাকে। আর যাঁহারা ইহা অন্যরূপ জানেন, তাঁহাদের রাজা অন্য ব্যক্তি হইয়া থাকে, এবং তাঁহারা যে লোকে অবস্থান করেন সেও নশ্বর; সমস্ত লোকেও তাঁহাদের স্বেচ্ছাবিহার হয় না ॥ ৭৮ ॥

৭৯

আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ,
স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ। ৭-২৬-২॥

'আহারশুদ্ধৌ' আহারস্ত ভোজনস্ত শুদ্ধৌ নৈর্ম্মল্যে. অথবা আহ্রিয়তে ভোক্তুর্ভোগায় ইত্যাহারঃ শব্দাদিবিষয়জ্ঞানং, তস্ত শুদ্ধৌ নৈর্ম্মল্যে, রাগদ্বেষ-মোহৈরসংসর্গে 'সত্ত্বশুদ্ধিঃ' সত্ত্বস্ত অন্তঃকরণস্ত শুদ্ধিঃ নৈর্ম্মল্যং ভবতি, সত্ত্বশুদ্ধৌ চ সত্যাং 'ধ্রুবা' স্থিরা অবিচ্ছিন্না 'স্মৃতিঃ' স্মরণং ধ্যানম্ ইত্যর্থঃ। 'স্মৃতিলম্ভে' স্মৃতেঃ লম্ভে প্রাপ্তৌ সতি 'সর্ব্বগ্রন্থীনাং' সর্ব্বেষাং গ্রন্থীনাং অবিদ্যাকৃতানর্থপাশানাং 'বিপ্রমোক্ষঃ' মুক্তিঃ বিনাশো ভবতীতি ভাবঃ॥৭৯॥

আহারের শুদ্ধিতে অন্তঃকরণের শুদ্ধি হয়, অন্তঃকরণের শুদ্ধি হইলে ধ্রুবা স্মৃতি হয়, এবং স্মৃতি প্রাপ্তি হইলে সমস্ত গ্রন্থির বিনাশ হয়॥ ৭৯॥

৮০

অথ যদ্ যজ্ঞ ইত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব তৎ, ব্রহ্মচর্য্যেণ হ্যেব যো জ্ঞাতা তং বিন্দতে, অথ

যদিষ্টমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদ্, ব্রহ্মচর্যেণ হ্যেবেষ্ট্বাত্মানমনুবিন্দতে ॥৮-৫-১॥

অথ যৎ যজ্ঞ ইতি 'আচক্ষতে' কথয়ন্তি শিষ্টাঃ, ব্রহ্মচর্যমেব তৎ। যজ্ঞস্য যৎ ফলং তৎ ব্রহ্মচর্যেণ লভ্যত ইতি ভাবঃ। কথং ব্রহ্মচর্যং যজ্ঞ ইত্যাহ ব্রহ্মচর্যেণৈব 'হি' যস্মাদ্ যো জনঃ জ্ঞাতা ভবতি, স তং ব্রহ্মলোকরূপম্ আত্মানং 'বিন্দতে' লভতে। অথ যদ্ 'ইষ্টম্' যাগঃ, পূজনং ইতি আচক্ষতে, তদ্ ব্রহ্মচর্যমেব, ব্রহ্মচর্যেণৈব হি ইষ্ট্বা পূজয়িত্বা আত্মানম্ অনুবিন্দতে ॥৮০॥

(শিষ্টগণ) যাহাকে যজ্ঞ বলিয়া থাকেন, তাহা ব্রহ্মচর্যই; ব্রহ্মচর্যেরই দ্বারা যে ব্যক্তি জ্ঞাতা হন, তিনিই তাঁহাকে (ব্রহ্মলোকরূপ আত্মাকে) লাভ করেন। আর (শিষ্টগণ) যাহাকে পূজা বলিয়া থাকেন, তাহা ব্রহ্মচর্যই। ব্রহ্মচর্যেরই দ্বারা পূজা করিয়া তাঁহারা আত্মাকে লাভ করিয়া থাকেন ॥৮০॥

ওঁ

শান্তিঃ, শান্তিঃ, শান্তি।

সম্পূর্ণ।

শ্রুতিসূচী

অ

দ

ল

ব

শ

ষ

স

গ্রন্থকারের অন্যান্য গ্রন্থ

পালিপ্রকাশ

(রঙ্গপুর-সাহিত্যপরিষদ্-গ্রন্থাবলীর অন্তর্গত)

ইহা বঙ্গভাষায় পালিভাষার সম্পূর্ণ ব্যাকরণ। মূল পালি ও ইংরাজীতে লিখিত বহু ব্যাকরণ আলোচনা করিয়া ইহা লিখিত হইয়াছে। যে প্রণালীতে ইহা রচিত হইয়াছে, তাহাতে শিক্ষার্থীরা সহজেই পালি ভাষায় প্রবিষ্ট হইতে পারিবেন। গ্রন্থের শেষে বহু পুস্তক হইতে সংগ্রহ করিয়া ৪৫ পৃষ্ঠাব্যাপী একটি পাঠাবলী ও তাহার একটি শব্দকোষ (glossary) দেওয়া হইয়াছে। ভাষাতত্ত্ববিদ্গণের সুবিধার জন্য এক সূচীপত্র করা হইয়াছে, ইহাতে পালিশব্দ সংস্কৃতে ও সংস্কৃতশব্দ পালিতে কিরূপ পরিবর্তন প্রাপ্ত হয়, তাহা সহজেই জানা

যাইবে। ১০৬ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় পালি, প্রাকৃত, গাথা ও সংস্কৃত ভাষা সম্বন্ধে বিবিধ তত্ত্ব আলোচিত হইয়াছে। এই একই গ্রন্থে পাঠকেরা পালিব্যাকরণ ও পালিপাঠ উভয়ই পাইবেন। আকার ডবল ক্রাউন ১৬ পেজী ৪৭৫ পৃষ্ঠা। মূল্য ২৸০, বাঁধান ৩৲।

মিলিন্দপ্রশ্ন

মূল পালি ও সটীক বঙ্গানুবাদ

প্রথম ভাগ, প্রথম খণ্ড

বঙ্গীয় সাহিত্যপরিষৎ হইতে প্রকাশিত

বৌদ্ধসাহিত্যে বিশুদ্ধিমার্গের পরেই ইহার স্থান। ইহাতে উত্তর-প্রত্যুত্তরে দৃষ্টান্ত উপমায় অতি সরলভাবে বৌদ্ধ ধর্ম্ম ও দার্শনিক তত্ত্বসমূহ বর্ণিত হইয়াছে। পালিশিক্ষার্থীরা ইহাতে অনেক সাহায্য পাইবেন। মূল্য ১৷৷০। দ্বিতীয় খণ্ড যন্ত্রস্থ।

ভিক্ষুপ্রাতিমোক্ষ

মূল পালি ও সটীক বঙ্গানুবাদ

ইহা বিনয়পিটকের অন্তর্গত, এবং ভিক্ষুগণের অবশ্য প্রতিপালনীয় নিয়মে পরিপূর্ণ। যন্ত্রস্থ।

শতপথব্রাহ্মণ

বঙ্গানুবাদ

প্রথম খণ্ড

বঙ্গীয় সাহিত্যপরিষৎ হইতে

প্রকাশিত

বেদ দুই ভাগে বিভক্ত, মন্ত্র ও ব্রাহ্মণ। মন্ত্রসমূহের সর্ব্বপ্রাচীন ভাষ্য ও ব্যাখ্যা গ্রন্থই ব্রাহ্মণ। অন্যান্য ব্রাহ্মণ অপেক্ষা শত-পথ ব্রাহ্মণ উৎকৃষ্ট ও বৃহৎ। ইহাতে পুরা-কালের বিবিধ জ্ঞাতব্য বিষয় রহিয়াছে, অনেক ঐতিহাসিক তত্ত্ব ও আখ্যায়িকা আছে। তাহা ছাড়া প্রাচীন দর্শ ও পূর্ণমাস প্রভৃতি যাগের

বিবরণ ত আছেই। বৃহদারণ্যক-উপনিষৎ এই শতপথেরই মধ্যে। মূল্য ৩৲ টাকা। দ্বিতীয় খণ্ড যন্ত্রস্থ, সত্বরেই প্রকাশিত হইবে।

বিবাহমঙ্গল

বিবাহের মন্ত্র, বর-বধুর আশীর্ব্বাদ ও উপদেশপূর্ণ কথাগুলি বেদ, ব্রাহ্মণ, উপনিষৎ ও সংহিতা হইতে সংগৃহীত করা হইয়াছে। আর্য্যগণের বিবাহের আদর্শ যে কি মহান্ ও পবিত্র এই পুস্তিকায় তাহা অনায়াসে বুঝা যাইবে। শেষে রবিবাবুর কয়েকটি সময়োপযোগী গান সংগৃহীত হইয়াছে। অতিসুন্দররূপে মুদ্রিত, বিবাহে উপহার দিবার সামগ্রী। মূল্য ।৵৹।

ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস্,
২২, কর্ণওয়ালিস্‌ষ্ট্রীট্, কলিকাতা।